THE

RISE AND PROGRESS

OF

RELIGION IN THE SOUL.

BY

DR. DODDRIDGE.

ABRIDGED AND ALTERED

ধর্ম্মের উৎপত্তি ও বৃদ্ধির বিবরণ।

CALCUTTA:

PRINTED AT THE BAPTIST MISSION PRESS, CIRCULAR ROAD.

1840.

THE

RISE AND PROGRESS

OF

Religion in the Soul.

ধর্ম্মের উৎপত্তি ও বৃদ্ধির বিবরণ।

প্রথম অধ্যায়।

নিশ্চিন্তিত পাপির প্রতি নিবেদন।

হে প্রিয় পাঠক, তুমি যে নিতান্ত অজ্ঞানরূপ অন্ধকারময় পথে জন্মান্ধের ন্যায় বেড়াইতেছ, তাহা দেখিয়া সরস অন্তঃকরণ পূর্ব্বক কোন প্রকারে তোমাকে দীপ্তিময় পরিত্রাণের পথ ধরাইয়া দি আমার এই একান্ত চেষ্টা। পরমেশ্বরের নিকটে আপনাকে নিতান্ত দোষী করিয়া জ্ঞান করা, ইহা যে জ্ঞান ও পরিত্রাণ প্রাপ্তির প্রথম উপক্রম, তাহা আমি বিশিষ্টরূপে জানিয়াছি। অতএব জ্ঞানদাতা পরমেশ্বরের কাছে আমি এই প্রার্থনা করি, যেন তিনি আমার এই চেষ্টা সফলা করেন, এবং নম্র হইয়া তোমার কাছেও এই নিবেদন করি, যে পশ্চাৎ লিখিত এতদ্বিষয়ের কথাতে তুমি মনোযোগ কর।

CHAP I.

AN ADDRESS TO THE CARELESS SINNER.

MY DEAR READER,—Perceiving that you are wandering like a man totally blind, in the dark and dangerous paths of ignorance, *I feel deeply concerned to lead you, if possible, into the way of* truth and salvation; and as the first step towards obtaining a knowledge of true religion, and the enjoyment of its fruits, is to know ourselves to be sinners against God: I humbly intreat Him from whom such knowledge proceeds, to bestow that blessing upon you, and beseech you to pay attention to the following remarks.

হে পাঠক, এই জগতের সৃষ্টি স্থিতি প্রতিপালন কর্ত্তা এ
পরমেশ্বর আছেন,এমন অনুমান তোমার অবশ্য হইয়া থাকিবে
যেমন একটা ঘট দেখিলে জানা যায় যে অবশ্য এটাকে কে
নির্ম্মাণ করিয়াছে,নতুবা আপনাহইতে কখন হয় নাই ; তেমনি
পৃথিবী ও জল ও অগ্নি ও আকাশ ও চন্দ্র সূর্য্য নক্ষত্রাদি
এবং স্ব ২ শরীর দেখিয়া ইহার সৃষ্টিকর্ত্তা অতুল্য পরাক্রমবি
শিষ্ট ঈশ্বর আছেন, ইহা অবশ্য জানা যায়। ঐ পরমেশ্ব
আত্মা স্বরূপ, তাঁহার আকার প্রকার কিছু মাত্র নাই, এব
আদিও নাই, অন্তও নাই ; তিনি সর্ব্বব্যাপী সর্ব্বশক্তিমান, এব
সর্ব্বজ্ঞ ও নির্ম্মল নিষ্পাপ শুদ্ধসত্ত্ব, কেবল চৈতন্য স্বরূপ, কাম
ক্রোধাদি রিপুদিগের সহিত তাঁহার কোন সম্পর্ক নাই ; এম
যে শুদ্ধ চৈতন্য পরমেশ্বর তাঁহারি হস্তনির্ম্মিত তুমি এব
এই জগৎস্থ সমুদয় লোক। অতএব তোমার নিশ্বাস প্রশ্বাসাদি
সকলি তাঁহার হস্তগত কেবল তাঁহারি ইচ্ছাতে তুমি প্রাণধার
করিতেছ। পিতা যেমন পুত্রকে জন্ম দিয়া তাহার প্রতিপালনাদি
করেন, তেমনি তিনি তোমার জন্মদাতা হওন প্রযুক্ত আজন্মা
বধি ভরণপোষণ করিয়া আসিতেছেন।

I need scarcely remind you that there is a God, the creator preserver, and benefactor of the world. When we look upon a earthen pitcher, we have no doubt of its having had a maker nor can we, when we survey the earth beneath our feet, or th heavens above our heads, or our own bodily frames; feel less assurance of the existence of an Almighty being, the maker of them all. Know then, that this glorious being is immaterial and without form; that he is without beginning and without end, omnipresent, omnipotent, and omniscient; and that he is a pure perfect, and holy Spirit, entirely free from every evil passion Now this spiritual and intelligent being is your creator, and the creator of all mankind. In his hands are your life and breath, and upon his will you are at all times dependent. Like a father who is daily mindful of his children, God has been mindful of you, and has taken care of you from your very birth.

তিনি এইরূপ অনির্ব্বচনীয় গুণশালী ও অদ্বিতীয় একাধিপতি হইয়া পরহস্তে কর্ত্তৃত্বের ভার কদাচ সমর্পণ করেন না। দেশাধিপতি রাজগণ স্ব২ সমুদয় দেশের কর্ত্তৃত্ব করেন বটে, কিন্তু আপনি সর্ব্বত্র থাকিয়া শাসন পালন করা দূরে থাকুক, দুই স্থানে থাকিতে পারেন না, একারণ নানা স্থানে নানা অধ্যক্ষ নিয়োগ করিয়া কর্ম্ম নির্ব্বাহ করেন; কিন্তু রাজাধিরাজ চক্রবর্ত্তী যে পরমেশ্বর,তিনি সর্ব্বব্যাপী প্রযুক্ত স্বয়ং সর্ব্বদা সর্ব্বত্র থাকিয়া সকল লোকদিগের শারীরিক ও বাচনিক ও মানসিক তাবৎ ক্রিয়ার প্রতি সর্ব্বদা নিরীক্ষণ পূর্ব্বক আপনি তাবতের উপরে কর্ত্তৃত্ব করিতেছেন। অতএব তাঁহার অনুমতি ব্যতিরেক একটা চটক পক্ষীও ভূমিতে পড়ে না।

কিন্তু রাজাদিগের যেমন দুষ্ট-দমন ও শিষ্ট-প্রতিপালন করা একটি ব্যবস্থা আছে; তেমনি স্বর্গমর্ত্ত্যের রাজা যে ঈশ্বর, তাঁহার এই একটি বিধি আছে। যে ব্যক্তি তাঁহাকে ভক্তি শ্রদ্ধা করে, তাহাকে তিনি ইহকালে সর্ব্বপ্রকারে রক্ষা করিয়া পরকালে স্বর্গে স্থান দেন; কিন্তু যে ব্যক্তি তাঁহার প্রতি ভক্তি শ্রদ্ধা না

Being the sovereign of the universe, and possessed of every divine perfection, God will not admit of a rival; and therefore he does not delegate his sovereignty and dominion to others. Earthly kings and potentates exercise only a general superintendence over their respective dominions; for not being omnipresent, they are necessitated to appoint subordinate officers in different places to carry their commands into effect: but God is every where present, and needs not the assistance of any, in superintending his vast concerns. He ever beholds all the affairs of his creatures, and exercises over them his personal control even to the minutest subjects; for a sparrow cannot fall to the ground without his permission.

As the governments of this world enact laws for the welfare of their obedient subjects, and the chastisement of evil doers; in like manner God has decreed, that whoever obeys his word and trusts in him, shall enjoy his favor, with all its attendant blessings, in this world, and be raised to the enjoyment of heaven in

করে, তাহারপ্রতি বিমুখ হইয়া অনন্ত নরক মধ্যে তাঁহাকে পরিত্যগা করেন। অতএব এমন যদি হইল, তবে সর্ব্বাগ্রে তাঁহাকে জ্ঞাত হওয়া এবং কায়মনোবাক্যে তাঁহার সেবা করা আবশ্যক কর্ম্ম, ইহা অবশ্য তোমার বোধগম্য হইতে পারে। কেননা তিনি সৃষ্টিকর্ত্তা, তুমি সৃষ্টবস্তু; এবং তিনি রাজা, তুমি প্রজা; এবং তিনি পিতা, তুমি সন্তান; অতএব প্রজা রাজাকে, এবং পুত্র পিতাকে, সমাদর করিয়া মানিবে, ইহা সকলেরি স্বীকার করিতে হইবে।

অতএব জিজ্ঞাসা করি, সেই সৃষ্টি-স্থিতি-প্রতিপালন-কর্ত্তা যে জগদীশ্বর তুমি তাঁহার সেবা করিয়া থাক কি না? ধর্ম্ম শাস্ত্রে লিখিত তাঁহার নিজ মুখের যে সকল আজ্ঞা তাহার মধ্যে প্রধান দশ আজ্ঞার প্রথম আজ্ঞা এই, তুমি আমা ব্যতিরেকে অন্য কাহাকেও ঈশ্বর বলিয়া মানিও না। ইহার ভাব এই, যিনি অদ্বিতীয় ঈশ্বর তাঁহাকে সম্পূর্ণ মন দিয়া প্রেম ও ভক্তিতে তাহারি আরধনা করা আমাদের কর্ত্তব্য কর্ম্ম। দ্বিতীয় এই, তুমি প্রতিমা পূজা করিও না। তৃতীয় এই, তুমি ঈশ্বরের নাম নিরর্থক লইও না। চতুর্থ এই, তুমি বিশ্রামবারকে পুণ্যরূপে পালন কর, অর্থাৎ রবিবারে বিষয় কর্ম্মহইতে বিরত

that which is to come; but if men heed not the word of God, he will be angry with them, and will banish them from his presence, and leave them to suffer in hell for ever. Hence arises the importance (whatever else be neglected) of seeking the knowledge of God, and of serving him with all your powers of body and of mind: besides which, consider that you stand to him in the relation of a creature, a subject, and a child; each, and all of which, demand your affection and obedience.

Now God has given to men his holy word of divine inspiration, in which we find, besides others, ten principal commandments: they are as follows.—Thou shalt have no other Gods besides me, &c. The meaning of this the first commandment is, that we must yield the supreme affection, and homage of our hearts, to none other than to him, who is the only true and living God. The second commandment is, Thou shalt not worship idols. The third is, Thou shalt not take the name of God in vain. The

হইয়া কেবল ধর্ম্মশাস্ত্র পাঠ ও শ্রবণ, এবং ঈশ্বরের আরাধনা ইত্যাদি করিয়া দিন যাপন কর। পঞ্চম এই, তোমার পিতামাতা-কে সমাদর কর। ষষ্ঠ এই, নরহত্যা করিও না। সপ্তম এই, তুমি পরস্ত্রীগমন করিও না। অষ্টম এই, চুরী করিও না। নবম এই, প্রতিবাসি লোকের প্রতি মিথ্যা সাক্ষ্য দিও না। দশম এই, তুমি পরদ্রব্যে লোভ করিও না। ইহা যে কেবল বাহ্য বিষয়ের উপর উক্ত তাহা নয়; কিন্তু মনে২ যদ্যপি আকাঙ্ক্ষা করা যায়, তথাপি ঈশ্বর দৃষ্টিতে পাপ হয়। এই যে উপরের লিখিত দশ আজ্ঞা, ইহা প্রত্যেকে পরস্পর তুল্যাতুল্য বটে, তথাচ তাহার মধ্যে সার আজ্ঞা এই, যে তুমি সম্পূর্ণ মন দিয়া ঈশ্বরকে প্রেম কর, এবং প্রতিবাসি লোককে আত্মতুল্য জ্ঞান কর।

এই সকল যে অবশ্য প্রতিপাল্য ঈশ্বরদত্ত আজ্ঞা ইহাও পালন করিয়া থাক কি না? যদ্যপি এই জিজ্ঞাসাবিষয়ে সত্যরূপ উত্তর কর, তবে তুমি যে সেই অদ্বিতীয় পরমেশ্বরের প্রতি একবার ও মন না দিয়া কেবল অসার সংসারে সম্পূর্ণ মন

---

fourth is, Thou shalt keep holy the sabbath day. The meaning of this commandment is, that on the Lord's day, or Sunday, we must abstain from worldly labour, and spend it in reading and hearing the word of God, and in worshipping him. The fifth commandment is, Honour thy father and thy mother. The sixth is, Thou shalt do no murder. The seventh is, Thou shalt not commit adultery. The eighth is, Thou shalt not steal. The ninth is, Thou shalt not bear false witness against thy neighbour. The tenth is, Thou shalt not covet thy neighbour's goods. Respecting these commandments observe, that they extend not only to outward actions, but also to the internal thoughts and motions of the heart; so that even the desire of them, as well as the actual breaking, is accounted sin in the sight of God. These ten commandments are of equal authority, and the sum of them is, to love God with all our hearts, and our neighbours as ourselves.

Such are the commandments which God your maker, preserver, and benefactor, has given you. Allow me to ask, therefore, do you live in obedience to these commandments, or not? If you answer faithfully, you will acknowledge that you have never given your

দিয়া আসিতেছ, এবং একবার তাঁহার নামও না করিয়া বরং নানা দেবদেবীর উপাসনা করিয়া আসিতেছ; ইহা প্রথম আজ্ঞাতেই তোমার স্বীকার করিতে হইবে। এবং দ্বিতীয় আজ্ঞাবিষয়েও সত্য কথা কহিতে গেলে তুমি যে বালককালাবধি দেবপ্রতিমা পূজা করিয়া আসিতেছ, ইহা অবশ্য মানিতে হইবে। এই প্রকারে এক ২ করিয়া দশ আজ্ঞা পর্য্যন্ত প্রত্যেকে জিজ্ঞাসা করিতে গেলে যদ্যপি তুমি যথার্থরূপে বল; তবে মনেতে কি বাহ্যেতে পালন করিয়াছ, এমন একটি আজ্ঞাও তাহার মধ্যে পাওয়া যাইবে না, কিন্তু সকলি পদে ২ লঙ্ঘন করিয়া আসিতেছ। অতএব ঐ দশ আজ্ঞা তোমার দোষাদোষ সকল সাক্ষী স্বরূপ হইয়া তুমি যে ঈশ্বরের কাছে নিতান্ত দোষী এই সাক্ষ্য দিতেছে।

আরও তুমি যে কেমন লোকের কাছে এত বড় দোষগ্রস্ত হইয়াছ, তাহা আপনি বিবেচনা করিয়া দেখ। এক জন সামান্য রাজার কাছে যদি কেহ অপরাধী হয়, তবে মনুষ্যের প্রাণদণ্ড পর্য্যন্ত দণ্ডের ঊর্দ্ধসংখ্যাপ্রযুক্ত মরণের পর সে ব্যক্তি এড়া-

---

heart to God, or even called on his name, but have been wholly engrossed with the things of this vain world; and that although you may not have been entirely negligent of religion, yet instead of worshipping the true God you have worshipped many false gods, and thus have broken the first commandment. In respect to the second commandment, if you are a Hindoo you must confess, that from your infancy you have been engaged in the worship of idols, and so are guilty of breaking it also. Thus if you are examined in regard to each of the others, and will confess the truth, it will be found that there is not one of these commandments which you have observed; but that through the whole of your life you have lived secretly and openly in sin; consequently these ten commandments are witnesses against you, of your guilt in the sight of God.

But consider further, who it is against whom you have sinned so grievously. If any one offends an earthly monarch, the utmost that can be done to him is to take away his life; and this is felt to be a very dreadful punishment, for how do criminals

হইতে পারে, কিন্তু সেও বড় ভয়ানক বিষয়; তাহাতে দেখা যাই-তেছে, যে রাজার কাছে কি বিচারাধ্যক্ষের কাছে যখন যাহার প্রাণ দণ্ডের আজ্ঞা হয়, তখন সে ব্যক্তি এমনি মর্ম্মান্তিক ভীত হয় যে থর ২ করিয়া কাঁপিতে থাকে। অতএব দেখ, ইহাতেই যদি এত ভয়, তবে তুমি যাঁহার কাছে অপরাধগ্রস্ত হইয়াছ তিনিতো তাহার মত মনুষ্য নন, রাজাদিগের রাজা ঈশ্বর; তিনি যে নানা যন্ত্রণা দিয়া প্রাণদণ্ড করিতে পারেন তাহা কেবল নয়, মৃত্যুর পরেতেও প্রাণ এবং শরীর উভয়কেই একেবারে নরক মধ্যে ডুবাইতে পারেন। ইহাও কিছু বড় নয়, তিনি যদি মনে করেন, তবে এখনি এক নিমিষের মধ্যে অনন্ত প্রজ্বলিত অগ্নিমধ্যে তোমাকে ফেলিতে পারেন। অতএব হায় ২ হে অভাগ্য মনুষ্য, তুমি পাপেতে হতবুদ্ধি হইয়া এ কি প্রকার আপনার সর্বনাশ আপনি ঘটাইয়াছ। যিনি বিশ্বাধিপতি সকলের সদসৎ কর্ম্মের প্রতিফল দাতা, তুমি পাপদ্বারা যে প্রকার তাঁহার অপমান ও ক্রোধ জন্মাইয়াছ, আমার বোধ হয়, যে লক্ষ ২ টাকা পাইলেও পৃথিবীস্থ একজন রাজার প্রতি এমন অপমান করিতে তুমি কদাচ সম্মত হইতা না।

ভাল ভাই, তিনিতো আপনি এ কথা কহিয়াছেন, আমাভিন্ন কেহ ঈশ্বর নাই, মনুষ্যদিগের কল্পিত দেবতা আমার ঘৃণিত

---

tremble from head to foot when the sentence of death is being passed upon them by the judge: but if the sentence of a judge (who is but a man) produces so much terror, consider that it is not a man against whom you have sinned, but God the sovereign judge, who has power not only to put you to death; but to do so in a moment, and cast you, both body and soul, into the eternal flames of hell. Alas, miserable man! how has sin infatuated you, that you should be rushing on to everlasting destruction. Had you been offered thousands of gold and silver, you would not have dared to offend an earthly king, as you have offended and dishonoured God the judge of all the earth, who will render to every one according to his deeds.

Moreover, consider that God has said, "Besides me there is no God, my glory I will not give to another. Idols the

বস্তু, অতএব আমার উপযুক্ত সম্ভ্রম অন্যেকে দিও না; এ কথা তিনি স্বয়ং কহিলেও তথাচ অনাদি অনন্ত স্বর্গ মর্ত্যের একাধিপতি যে তিনি, তাঁহার উপযুক্ত মর্য্যাদা অপহরণ করিয়া তুমি দেবতাদিগকে দিয়াছ। তদ্ভিন্ন যিনি নিত্য২ চন্দ্রসূর্য্য উদয়দ্বারা এবং মেঘবৃষ্টি প্রদান দ্বারা নানাবিধ শস্যোৎপন্ন করিতেছেন, তাঁহাকে সে সকল দ্রব্য কিছুমাত্র নিবেদন না করিয়া তুমি নৈবেদ্যাদি দ্বারা ষোড়শোপচারেতে সেই সকল দ্রব্য দেবতাদিগের ভোগ দিয়াছ; বিশেষতঃ তিনি তোমাকে অনুগ্রহ পূর্ব্বক যে সকল ধন দিয়াছেন, তাহা তাঁহার সেবাতে কিছুমাত্র ব্যয় না করিয়া দেবতাদিগের সেবাতে ঘটা-পূর্ব্বক খরচ করিয়াছ। যেমন কোন দুষ্টা স্ত্রী স্বামিহইতে প্রাপ্ত যে সকল ধন তাহা স্বামির সেবাতে খরচ না করিয়া উপপতির তুষ্টির নিমিত্তে তাহাকে সকলি প্রদান করে তেমনি। অতএব ভাই হে, তুমি যে কেমন কৃতঘ্ন তাহা আপনি বিবেচনা করিয়া দেখ।

আর যে২ হেতু সকল তোমার ঐ সকল পাপকে অতি গুরুতর বোধ করাইতেছে সে সকল কারণ গুলাও এক বার তোমার বিবেচনা করা কর্ত্তব্য। তাহার প্রথম এই একটা, দেখ তুমি

---

inventions of men are hateful in my sight;" yet notwithstanding this, you have robbed him of his glory, and given it to senseless images; for you have taken the fruits of the earth, upon which God had caused the sun to shine, and the rain to descend, to bring them to maturity for the service of man; and have most rebelliously presented them in offerings of various kinds to idols; while you have entirely forgotten to make any acknowledgment to God, to whom alone all the praise is due. In this you resemble a faithless and worthless woman, who spends the property given to her by her husband upon her paramour. Alas! how ungratefully have you acted.

There are also other circumstances by which your guilt has been greatly aggravated, that must be brought to your notice. The first of these is, you have sinned, knowing that you were

জ্ঞাতসারে ঐ সকল পাপ করিয়াছ; কেননা মানুষতো পশু নয়, পশুদিগেরই কোন জ্ঞান নাই; মনুষ্যদিগের তো ভালমন্দ কর্ত্তব্যাকর্ত্তব্য ও হিতাহিত বোধ আছে। অতএব চন্দ্রসূর্য্যাদি দেখিয়া ইহাতো জান, যিনি এই সকল সৃষ্টি করিয়াছেন, তিনি মনুষ্যের মত অবয়ব বিশিষ্ট, এবং কামক্রোধাদি যুক্ত নন; তাঁহার যে অসীম বল বুদ্ধি তাহা প্রত্যক্ষ প্রমাণ সিদ্ধ আছে, এবং পাপ তাঁহার ঘৃণিত বস্তু প্রযুক্ত তিনি সর্বদাই পাপির শাস্তি প্রদান করিতেছেন। ইহাতো প্রত্যক্ষ প্রমাণেই দেখিতেছ, যাহারা প্রচুর মদ্যপান ও বেশ্যাগমনাদি নানা প্রকার দুষ্কর্ম্ম করিতেছে, তাহারা এই পৃথিবীতেই তখনি২ সে সকল পাপের প্রতিফল ভোগ করিতেছে। তদ্ভিন্ন দেখ দুষ্ট লোকেরা পরপ্রবঞ্চনা ও মিথ্যা কথা কহিলে আপনারাই স্বীকার করে, যে হাঁ আমি পাপকর্ম্ম করিয়াছি। অতএব তুমি যে শুদ্ধ কেবল ইহা জানিয়া শুনিয়া পাপ করিয়াছ তাহা নয়, আমার বোধ হয়, যাহারা পাপেতে রত হইয়া প্রাণত্যাগ করে, তাহারা পরলোকে গিয়া ঈশ্বরহইতে দারুণ শাস্তিভোগ করিবে, এই যে শাস্ত্রীয় বচন, ইহা শুনিয়াও পাপ করিয়াছ। এই

---

doing wrong. Man is not an irrational animal; he possesses a mind capable of distinguishing between right and wrong; between what is proper, and what is improper; and between what is likely to do him good, and what may do him harm. Hence you were capable of understanding, from a consideration of the works of creation around you, that God is not a material being like an idol, possessed of bodily members, and subject to the dominion of evil passions; but that he is infinite in strength and wisdom, full of holiness, hating sin and punishing transgressors. In proof of this observe, that persons who indulge in intoxication, and other such vices, are often even in this world punished on account of them; of this wicked people themselves are frequently sensible, and confess their iniquities, saying, Alas! how have we sinned. I fear also, not only that you have sinned, knowing that you were doing wrong, but that you were likewise aware that God in his word has threatened to inflict

নিমিত্তে আমি কহিতেছি, ঈশ্বরের দৃষ্টিতে তুমি বড় অপরাধী হইয়াছ।

কিন্তু এই দোষ যে অতিভারিরূপ বোধ হয়, তাহার কারণ এই, তুমি যাহার কাছে অপরাধী হইয়াছ, তিনি অতি শুদ্ধসত্ত্ব সকলেরি মঙ্গলদাতা প্রযুক্ত আজন্মাবধি তোমারও মঙ্গল করিয়া আসিতেছেন। অতএব বিবেচনা কর, শত্রুর প্রতি কেহ যদি আত্যন্তিক শত্রুতা প্রকাশ করে, তথাচ তাহার বড় একটি দোষ গ্রাহ্য হয় না; কিন্তু আপনার হিতকারী পরম মিত্রের প্রতি যদি কেহ শত্রুতা করে, তবে লোকে তাহাকে কেমন দুষ্ট দুশ্চরিত্র করিয়া বলে। দেখ, যদি কোন প্রজা সুপ্রতিপালক রাজার বিরুদ্ধ চেষ্টা পায়, কিম্বা কোন চাকর যদি পরমদয়ালু নিজ প্রভুর কেবল ক্ষতি চেষ্টা করে, অথবা সন্তান যদি স্নেহকারি পিতার আজ্ঞানুসারে না চলে; তবে তাহারদিগের পর আর কৃতঘ্ন কে আছে? বল দেখি, তাহারা কি লোকের কাছে মুখ তুলিয়া কথা কহিতে পারে? অর্থাৎ কখনো পারে না। অতএব দেখ যিনি জগদীশ্বর, তিনি যে প্রবল প্রতাপান্বিত রাজাধিরাজ চক্রবর্ত্তী, তাহাতো কেবল নয়; অতি দয়াময় পরমহিতকারির প্রভু এবং স্নেহকারি পিতাও বটেন। কেননা পিতা যেমন পুত্রকে স্নেহ করিয়া লালন

---

eternal punishment on sinners in the world to come. If so, how great a sinner are you in the sight of God!

Another thing which enhances your guilt is, that he against whom you have transgressed is infinitely good, and has moreover been doing you good all the days of your life. If one return evil to his enemy, little is thought of it; but if a man injure his friend and benefactor, assuredly all will unite in reprobating his ungrateful conduct. Suppose a subject rebel against an upright and gracious sovereign, or a servant seek to injure a benevolent master, or a son disobey an affectionate parent: what is thought of such conduct? is it not considered the height of ingratitude? Could such persons, if they retained any sense of propriety, stand unabashed in the presence of those whom they had thus offended? Now the great and glorious God is a merciful governor, a tender parent. Like an affectionate father,

পালন করেন; তেমনি তিনিও তোমাদিগকে পুত্রবাৎসল্য করিয়া আজন্মাবধি কতো২ আপদ বিপদ হইতে সর্বদা রক্ষা করণ পূর্বক তোমার ভরণপোষণ করিতেছেন। তদ্ভিন্ন পিতা যেমন পুত্রের দোষ দেখিলে হিতের নিমিত্তে তাড়না করেন; তেমনি তিনিও যাহাতে তুমি পাপবিষয়ে চেতনা পাইয়া পাপ ও নরকের পথহইতে পরাঙ্মুখ হইয়া কোন প্রকারে তাঁহার প্রতি মন দেও, এই অভিপ্রায়েতে তিনি কায়িক মানসিক ক্লেশ দিতেছেন। কিন্তু হায় ২ হে মনুষ্য, এমন দয়াময় প্রেমকারি পরমেশ্বরের দুর্লভ অনুগ্রহ পাইয়াও তাহার তাৎপর্য্য না বুঝিয়া তুমি অনায়াসে হেয়জ্ঞান করিয়াছ। অতএব তোমার পর কৃতঘ্ন ও দোষী আর কে আছে? কেননা ধর্ম্মপুস্তকের বচনের দ্বারা তুমি সচেতন হও, তুমি সচেতন হও, এমন করিয়া বার ২ কহিলেও তথাচ তুমি একবার ও তাঁহার প্রতি ফিরিয়া দেখ নাই। ইহাতে পশুঅপেক্ষাও বরং তোমাকে অধম করিয়া মানিতে হইবে; কেননা গোগর্দ্দভাদি পশুরাও আপন প্রতিপালক প্রভুকে চিনিতে পারে, কিন্তু তোমার স্বামী যিনি অদ্বিতীয় জগদীশ্বর তিনি যে কেমন, তাহা তুমি কখন দেখ নাই, এবং চিনিতে ও ইচ্ছা কর না।

---

he has watched over you from your infancy, delivered you from a thousand dangers, and preserved you to the present time; and although at times he may have visited you with affliction, he did so that he might bring you to a sense of your sins, and cause you to return to him, and so reclaim you from the paths of sin and destruction. Such methods parents also adopt for the welfare of their children. In addition to his other mercies, he has again and again, in his holy word, called you to reflect and turn to him; yet you have been so obstinate and ungrateful, that you have never once paid the least attention to him. Alas! how wretched is your character! You have sunk lower than the brute creation; for the ox knoweth his owner, and the ass his master; but you are so ignorant and base, that you neither know God your maker, nor desire to know him.

হে পাঠক, তুমি এমন অবাধ্য দুষ্কর্ম্মকারী হইলেও তিনি যে তোমাকে জীবিত রাখিয়াছেন, ইহা কি তোমার আশ্চর্য্য বোধ হয় না? কেননা দেখ রাজার কাছে প্রজালোক যদি এমন বিরুদ্ধ দুষ্কর্ম্ম করে, তবে রাজা তখনি কি তাহার প্রাণদণ্ড করেন না? এবং মনিবের কাছে যদি চাকর এমত আচরণ করে, তবে সে প্রভু তখনি তাহাকে পরিত্যাগ করেন। অন্য কথা কি, পিতা যদি পুত্রের এমন কুচর্য্যা দেখেন, তবু অবশ্য তিনি তখনি তাহাকে ত্যজ্যপুত্র করেন। অতএব পরমেশ্বর তোমাকে নরককূপেতে না ডুবাইয়া এক্ষণে যে তাঁহার সূর্য্যের আলোক দ্বারা পৃথিবীতে গমনাগমন করিতে দিয়াছেন, ইহা অবশ্য আশ্চর্য্যের বিষয় করিয়া জ্ঞান করিতে হইবে। কেননা দেখ কত২ লোক তোমা অপেক্ষা অল্প২ পাপ করিলেও এক্ষণে অনন্ত নরকেতে মগ্ন হইয়া অসহ্য যাতনা পাইতেছে। অতএব হে মনুষ্য, আমি তোমাকে কহি, এখন ও তোমার এই উপায় আছে, তোমার জীবাত্মা দেহে থাকিতে২ তুমি নিজপ্রাণ রক্ষার নিমিত্তে অতি ত্বরায় সচৈতন্য হইয়া কোন প্রকারে ত্রাণ পাইতে পার, এমন প্রার্থনা কর।

Therefore, O reader, are you not filled with wonder, that God should permit such a wicked creature as you are to live? Would a sovereign bear with such conduct as yours from one of his subjects? would he not instantly have him put to death? Would a master permit such a servant to remain in his employ, or a parent endure the presence of so wicked a son under his roof? Assuredly they would not. Is it not, therefore, matter of wonder that God has endured your rebellious conduct so long, and has not long ere this cut you off from the land of the living, and plunged you into the depths of hell? for how many there are, whose guilt was less than yours, who are now suffering the awful, the endless punishments of that dreadful place. But now, as you are still in the land of the living, if you will listen to me, you may even escape. Awake then quickly from your sinful lethargy, and in words like the following, confess your sins, and call upon God to save you.

পাপ বিষয়ে কিঞ্চিৎ চেতনা প্রাপ্ত লোকের এই প্রার্থনা।

হে পরমেশ্বর, তুমি সর্ব্বজ্ঞ সর্বশক্তিমান, এবং স্বর্গমর্ত্ত্যের একাধিপতি প্রযুক্ত, সমস্ত লোকদিগের বিচার করিতেছ, একারণ তোমার নিকটে আমার উপরে দোষ আরোপণ করিয়া যে অপবাদ দেওয়া গিয়াছে, তদ্বিষয়ে তোমার সাক্ষাতে দাঁড়াইয়া এই উত্তর দিতেছি, আমি নির্দ্দোষী কিম্বা আমার সে সকল অপবাদ মিথ্যা, এমন অযথার্থ কথা মুখের অগ্রেতেও আনিতে আমার সাহস কুলায় না; কেননা আমার যত ২ দোষ আছে তাহার এক কাণক্রান্তিও তোমার অগোচর নাই। অতএব আমি মনে ২ এ ভাবি, যদি সে সকল দোষ অস্বীকার করি, তবে যে আরো অধিক দোষী হইব তাহা কেবল নয়; কিন্তু আমার উপরে এক্ষণে তাঁহার ক্রোধ যে প্রকার আছে, তাহা অপেক্ষাও দ্বিগুণ বাড়িয়া উঠিবে: কিম্বা আপনাকে যদি নির্দ্দোষী বলি, তবে আমার নিজ মুখ আপনার দোষের প্রতি সাক্ষী হইবে। অতএব হে পরমেশ্বর, আমি অতি অধর্ম্মকর্ম্ম করাতে এমনি অসংখ্য ২ দুঃখ

The Prayer of a sinner somewhat awakened to a sense of his guilt.

O God, who art all-seeing and almighty, the sovereign ruler of heaven and of earth; I stand accused in thy presence of disobedience, and am unable to deny the charge brought against me, for all things are known to thee. My conscience tells me, that if I deny my sins, I shall be yet more vile, and thine anger will burn against me with increased fury. If I say that I am innocent, my own mouth will condemn me. O God, my wickedness has brought upon me innumerable evils. My sins are more than the hairs of my head, so that I cannot look up. I am guilty in thy sight beyond what it is possible for others to conceive; my own heart, and thou only, who art greater than my heart, and knowest all things,

আমার উপরে চাপিয়াছে, যে তাহা মাথার চুল অপেক্ষাও অধিক প্রযুক্ত আমার মস্তক তুলিবার ক্ষমতা নাই। আমি যে পর্য্যন্ত অপরাধ করিয়াছি তাহা অন্যে জানিবে কি; আমার মনই জানে, এবং মনের অধিষ্ঠাতা যে তুমি, তুমিই তাবৎ জ্ঞাত আছ। অতএব আমি এত বড় অপরাধগ্রস্ত হইলেও তুমি আমাকে হঠাৎ নরকেতে না ডুবাইয়া ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক আজি পর্য্যন্ত জীবিত রাখিয়াছ, ইহার কারণ কেবল তোমার দয়া; নতুবা কোন মনুষ্যরাজার কাছে যদি এমত অপকর্ম্ম করিতাম, তবে সে কোন্ কালে আমাকে নষ্ট করিত। কিন্তু সে যাহা হউক, হে প্রভো, এমন পাপিষ্ঠ নরাধম যে আমি আমার পরিত্রাণের নিমিত্তে যদি কোন উপায় থাকে, তবে অনুগ্রহ পূর্ব্বক শাস্ত্রীয় বচনের দীপ্তিতে সে পথ আমাকে দেখাইয়া দেও। আর পরিত্রাণজনক প্রকৃত চেতনা পাইবার জন্যে যদি আরো অধিক দুঃখ ও ভয় পাইতে হয়, তবে যেন সে সকল অক্লেশে সহ্য করিতে সমর্থ হই; এবং আমার অন্তঃকরণ রোগগ্রস্ত থাকিলেও যেন তোমার অনুগ্রহেতে পশ্চাৎ আরোগ্য প্রাপ্ত হয়। খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

---

are acquainted with my guilt. O Lord, I am greatly astonished that thou hast had patience with me, and hast suffered me to live so long, and has not plunged me into the bottomless pit. It is because thou art a merciful God that I am spared. Had I offended an earthly sovereign as I have offended thee, vengeance would long ago have fallen on me. But now, O Lord, if there be any way of escape to so worthless a creature as I am, have compassion and reveal it to me. If the display of more terrors, or the infliction of greater pain, be necessary to awaken in me a more earnest desire after salvation; then make me willing to endure all thou mayest see fit to lay upon me and at last do thou heal, I beseech thee, my wounded heart; this I ask in the name of Jesus Christ. Amen.

২ অধ্যায়।

পাপি লোককে নিরুত্তর করণ।

হে পাঠক, তুমি পাপদ্বারা কত বড় দুর্দ্দশাগ্রস্ত তাহা পূর্ব্ব প্রকরণের লিপিদ্বারাই সুস্পষ্টরূপে বুঝিয়াছ। দেখ, কোন মতে তোমার নির্দ্দোষ হইবার পথ নাই; বরং ঈশ্বরের সাক্ষাতে নিতান্ত সাপরাধ হওয়াতে যথার্থ বিচারেতে পাপিদের প্রতি যে দণ্ড বর্ত্তে, এক্ষণে তোমার প্রতিও তাহাই আসিতে পারে, ইহার কোন সন্দেহ নাই। অতএব এখন আমি জিজ্ঞাসা করি, মনুষ্যদিগের নিকটে যেমন মিথ্যা ওজর কর, তেমন সে সর্ব্বজ্ঞ ঈশ্বরের সাক্ষাতে খাটিবে না; তবে যাহাতে সেরূপ দণ্ড না পাও, এমন কি উত্তর দিবা? বল দেখি।

যদ্যপি এমন উত্তর কর, সর্ব্বকর্ত্তা পরমেশ্বর আমাকে যেদিগে লওয়াইতেছেন, আমি সেইদিগে যাইতেছি, অতএব পাপ করি কি পুণ্য করি, সে সকলি তাঁহারি কর্ম্ম। যেমন কুম্ভকারের চাকাকে কুম্ভকার যেদিগে ফিরায়, সে সেইদিগেই

CHAP. II.

THE SINNER STRIPPED OF HIS VAIN PLEAS.

My dear Reader—In the preceding chapter, it has been shown that sin has brought you into the most lamentable circumstances; for your disobedience to God has been clearly proved, and consequently you, in common with other sinners, are exposed to the just indignation and righteous judgment of the Divine Being. Since then, the vain excuses for sin which men make to one another will not in the least avail before God, permit me to inquire on what grounds do you hope to justify yourself in his presence.

If in reply you alledge, (as many ignorant people do;) that whether good or evil, you have done nothing but what God has inclined you to do: that you have been only as clay in the hands of the potter, which receives whatever shape the maker chooses to

ফিরে, তেমনি। কিন্তু এমন কথা বলা অতি অনুচিত, কেননা বিবেচনা করিয়া দেখ, তুমি আমার আজ্ঞা মানিও না, পিতা কি কখনো পুত্রকে এমন কথা বলেন? এবং তুমি আমার সর্ব্বস্ব ক্ষতি কর, মনিব কি কখন চাকরকে এমন আজ্ঞা দেন? অথবা তুমি আমার রাজ্য নষ্ট কর, রাজা কি প্রজাকে এমন আজ্ঞা দিয়া থাকেন? অতএব এ সকল কথা বড় অসঙ্গত, যে হেতুক ঈশ্বর পাপকে ঘৃণা করিয়া সর্ব্বদা তাহার শাস্তি দিতেছেন; ইহা সুস্পষ্টরূপে দেখা যাইতেছে। আর পাপ ঈশ্বরহইতে হয়; এমন কথাও যুক্তিসিদ্ধ হইতে পারে না; কেননা যেমন সূর্য্য-হইতে অন্ধকারের উৎপত্তি হওয়া অসম্ভব, তেমনি ঈশ্বর-হইতে পাপ জন্মে, এ কথাও অগ্রাহ্য। তদ্ভিন্ন যদি বল, আমার পিতৃপিতামহাদি ক্রমে যে২ কর্ম্ম করিয়া আসিতেছেন তাহা করিলে পাপ হয় না; তবে বলি, ইহাও অতি যুক্তি বিরুদ্ধ কথা, কেননা আমার পিতৃপিতামহ চৌর্য্যব্যবসায় করিয়া ফাঁসিতে গিয়াছিলেন, ইহা বলিয়া কি আমিও সে রূপ করিয়া ফাঁসে যাইব, এমন কথা কি কেহ বলিতে পারে? কিম্বা এমন কথা যদি

---

give it; I must tell you that such a reason for sinning is most futile, and derogatory to the honor of God; and of this the least reflection cannot fail to convince you. Will a father bid his son disobey him; or a master, order his servants to destroy his goods; or a king, command his subjects to overthrow his government? Is it possible for the sun to produce darkness instead of light? As well might all this happen, yea, sooner than that God, who hates sin with a perfect hatred, and never fails to punish it, should *cause* his creatures to sin against him. But if yielding this point, you should further say, in attempting to justify yourself, I have done only what my fathers did before me, and surely there can be no evil in that; I must say again, that this reason is also as inconsistent as the former. Would a prisoner, in order to clear himself, plead before his judge that his ancestors had all been dishonest persons, and had suffered death for their crimes, and that he had only imitated their evil example, and ought not to be punished on that account? Assuredly not, such a confession would be the surest way to punishment. Moreover

বল, আমার কপালে যাহা আছে, তাহা কেহ অন্যথা করিতে পারিবে না, অতএব দশ জনে যাহা করে তাহাই কর্ত্তব্য; তবে বলি, এমন কথা কাহারো সাক্ষাতে কহিও না, কেননা আমি যে দোষ করিয়াছি, তাহা অনেকে করিয়াছে, এমন কথা কহিলে পরমেশ্বরের কাছে নির্দ্দোষী হওয়া দূরে থাকুক, মানুষের নিকটেও দূষ্য হইতে হইবে।

আর কি জানি যদ্যপি এমন কথা বল, আমি শুদ্ধ পাপ করি নাই, অনেক২ পুণ্যও করিয়াছি; ইহাতে আমি একটা কথা জিজ্ঞাসা করি, ভাল, তুমি যদি পাপকর্ম্ম করিলা, তবে তোমার সে পুণ্যেতে কি উপকার হইবে? কেননা একটি পাপেতেই সে সকল পুণ্য বিফল হয়; যেমন এক গাছি শৃঙ্খলের একটা কড়া ভাঙ্গিলেই সে সমুদায় কর্ম্মের অযোগ্য হয়; কিম্বা উত্তম পরিষ্কৃত ধৌত বস্ত্রেতে যদি একটা দাগ লাগে তবে যেমন তাহার তাবৎ সৌন্দর্য্যের হানি জন্মে, তেমনি পরমেশ্বরের অনেক২ বিধি ব্যবস্থাদি পালন করিলেও যদি তাহার একটি আজ্ঞা লঙ্ঘন করে, তথাচ সে ব্যক্তি নরকযোগ্য হয়, ইহার একটি উদাহরণ দেখ: কোন খুনি ব্যক্তিকে জিজ্ঞাসা করিলে সে যদি কহে, আমি এক জনের প্রাণ নষ্ট করিয়াছি বটে, কিন্তু

---

if you say, that your future destiny is fixed, and cannot be altered, but that for the present it is right to do as your neighbours do; I would advise you, never to make such a foolish statement in the presence of others again. Men would never accept such an excuse, much less will God accept it.

But perhaps you will yet say, I have sinned, it is true, but then I have also performed many righteous actions in the course of my life, and these will counterbalance the evil that I have committed. To this I reply, that your righteous actions will be of no avail, for even one sin is enough to render them inefficient. The breaking of a single link in a chain will render the whole chain useless, and one spot on a clean garment will despoil it of beauty; so also if a man break but one of God's commandments, notwithstanding he may have previously done many things that

অনেকের প্রাণ রক্ষাও করিয়াছি; রাজার সম্মুখে এমন কথা কহিলে রাজা তাহার প্রাণদণ্ড না করিয়া কি তাহাকে ছাড়িয়া দিবে? অর্থাৎ কখনো না। তেমনি তোমার যদি সহস্র ২ পুণ্য থাকে, তথাচ সে পুণ্যদ্বারা রক্ষা পাইবার পথ নাই। বাস্তবিক তোমার পুণ্যের লেশ মাত্রও নাই; কারণ ধর্ম্মপুস্তকে লিখিত আছে, আমাদের কৃত যে সকল পুণ্য-পরিচ্ছদাদি সে কেবল অবিকল গলিত মলিন বস্ত্রের ন্যায় শোভা পাইতেছে; ফলতঃ পতিত নরলোকের মধ্যে প্রকৃত পুণ্য কর্ম্ম করিতে কাহারো ক্ষমতা নাই, কেননা মনুষ্য মাত্রেরই মন আসলে অশুদ্ধ, সুতরাং তাহাদের সকল কর্ম্মই অশুদ্ধ হইয়া উঠে। যেমন মন্দ বৃক্ষেতে কখনো উত্তম ফল ধরে না, এবং মলিন কূপের জলেতে মিষ্টতা জন্মিতে পারে না, তেমনি। অতএব মনঃশুদ্ধি না হইলে প্রকৃত পুণ্যকর্ম্ম হইতে পারে না, এই নির্যাস কথা। ভাল, তবে তুমি এখন কি উত্তর করিবা কর, পরমেশ্বরের নিকটে তুমি নিতান্ত নরকযোগ্য দোষী, ইহা তোমার অবশ্য স্বীকার করিতে হইবে।

---

are good, he renders himself obnoxious to everlasting punishment. Take, for example, the case of a murderer, who on being examined shall say, I cannot deny that I have taken away the life of a fellow creature; but then let it be remembered in my favour, that I have also saved the lives of many others. Would such a plea induce his judge to forgive him, and set him at liberty? Certainly not. Neither will God forgive you, although you were to plead the performance of thousands of righteous actions. The truth, however, is, that you have no righteous actions to plead before God; for as the scriptures say, "All our righteousnesses are as filthy rags," that are neither fit to be worn, nor sufficient to hide our deformities. Fallen man has no ability to obey perfectly the law of God; his mind is corrupt, and consequently his actions are evil. A corrupt tree cannot bring forth good fruit, neither can a well that is foul yield sweet water; in like manner a sinful heart cannot produce actions acceptable to God. From all this, therefore, it is manifest that you have exposed yourself to eternal destruction; but I will hear what you have yet to advance.

আর আমি নিত্য২ কি খাইব, কি পরিব? ইত্যাদি নানা সাংসারিক কর্ম্মেতে ব্যস্তপ্রযুক্ত পূর্ব্বে এতদ্বিষয়ে মনোযোগ করিতে না পারাতে এক্ষণে দোষী ও নরকযোগ্য হইয়াছি, তাহা আপনা আপনিই দেখিতেছি, এবং স্বীকার ও করিতেছি। কিন্তু শেষে যে মহাবিপদ্ ঘটিবে, তাহা জানিতে পারি নাই, এমন কথা যদি বল; তবে আমি জিজ্ঞাসা করি, তাহাতে তোমার দোষের বৃদ্ধি হইবে, কি হ্রাস হইবে? পরমেশ্বর তোমারি মত কর্ণ থাকিতেও বধির, ও চক্ষু থাকিতেও অন্ধ, ইহা বোধ করিয়া কি তাঁহার আজ্ঞা লঙ্ঘন করিয়াছিলা? তিনি দেখিয়াও দেখিবেন না, অথবা কাহারো আশ্রয় লইয়া কিম্বা লুকাইয়া এড়াইতে পারিবা, ইহা ভাবিয়াছিলা? কি তাঁহার বাক্যশ্রবণে তোমার নিস্পৃহা প্রযুক্ত সে কথা কিছু অন্যথা হইবে, এমত বোধ করিয়াছিলা? ভাল, ইহা বোধ কর আর নাই বা কর, কিন্তু ঈশ্বরের যে কথা, সেই কার্য্য জানিবা। ভাল, বিবেচনা করিয়া দেখ, কাহারো গৃহে আগুন লাগিলে পর সে ব্যক্তি লোকের নিকটে সুমন্ত্রণা পাইলেও যদি তাহা নির্ব্বাণের নিমিত্তে উদ্যোগ না করিয়া গৃহের মধ্যে বসিয়া থাকে, তবে কি তাহার সে গৃহ দগ্ধ হইবে না? বরং

Perhaps you will now say, that you perceive you have done wrong, and are in danger of everlasting misery; but that you have been so engaged in providing for your temporal necessities, that you could not give attention to divine things; and moreover, that you were not aware that you exposed yourself to such imminent danger in neglecting them. But I would ask, how will this serve your case? When you transgressed the laws of God, did you think, that he had eyes but saw not, and ears but heard not, or that he was such a one as yourself? Did you suppose that he would not observe your sins, or that you could hide yourself from him and escape; or did you imagine that your unwillingness to obey his commands would release you from obligation to serve him? Be that as it may, remember that God will not be trifled with. His words and actions ever correspond. Whatever he threatens or promises, he

আপনি পর্য্যন্ত পুড়িয়া মরিবে। অতএব পাপবিষয়ে তোমার চেতনা জন্মাইতে অনেকে অনেক বার চেষ্টা পাই-লেও, এবং তোমার নিজ বুদ্ধিদ্বারা বার২ প্রবোধ পাইলেও, তুমি যে ভারি দুর্দ্দশার প্রতি একবারও দৃষ্টিপাত কর নাই, ইহাতে কাহার দোষ হইতে পারে; বরং তুমি সে সকল চিন্তাকে নিজ মনেতে স্থান দিতে বাঞ্ছিত ছিলা না, ইহাই নিশ্চিত প্রকাশ হইতেছে। আর আপন জীবাত্মা নরকগামী কি স্বর্গগামী হইবে? এ ভাবনা অপেক্ষা কি তোমার সাংসারিক বিষয় কর্ম্মের ভাবনা এমনি বড় ছিল, যে তাহার নিমিত্তে পরমেশ্বরের সেবা করিতে কিঞ্চিৎ কালও অবকাশ পাও নাই, এমন হইতে পারে না। তবে কি না, পাপ এবং শয়তানের সেবা পরিত্যাগ করিতে, এবং ধর্ম্মবিষয়ে মন দিতে আসলে তোমার ইচ্ছা ছিল না, এই সার কথা। ভাল, সে যাহা হউক, তুমি এখন মৃত্যুবিষয়ে ইচ্ছা কর, আর নাই বা কর, কিন্তু মৃত্যুর হাত ছাড়াইতে পারিবা না; এবং তুমি প্রস্তুত থাক কি নাই বা থাক, কিন্তু বিচার দিবসে পরমেশ্বরের সম্মুখে

---

will certainly perform. Take an example of your case. Suppose that the neighbours of some one should come and tell him that his house was on fire, and urge him to escape with all speed; but he, regardless of all they said, should remain in his house inactive and unconcerned: must not such a person perish beneath the ruins of his house? Now, like the man whose house was on fire, you have been warned again and again of the inevitable consequences of sin, by your conscience, and by the admonitions of others, and yet you would never attend to these warnings: you have therefore now none to blame but yourself. Alas! the truth is, whatever you may say to the contrary, that you have had no real desire to leave the ways of Satan, and walk in the ways of God: for it cannot be imagined that your temporal affairs were of so much importance, that you could not find a little time seriously to consider, if you had been minded so to do, whether you were in the way to heaven or hell. I now then seriously tell you, that whether

অবশ্য দাঁড়াইতে হইবে, এবং সে স্থানে তোমার ঐ সকল ওজর কোন প্রকারে গ্রাহ্য হইবে না, ইহাও সুস্পষ্টরূপে দেখা যাইতেছে।

অতএব হে পাঠক, এতদ্বিষয়ে পরমেশ্বর যে২ নিয়ম স্থির করিয়াছেন, তাহা তোমাকে ভাঙ্গিয়া কহিতে হইল, শ্রবণ কর। তাহাতে এই লিখিত আছে, পাপ করিলেই মৃত্যু-ভোগ করিতে হইবে; অর্থাৎ যাহারা পরমেশ্বরের বিচারেতে পাপিরূপে গণিত হইবে, তাহারা চিরকাল পর্যন্ত অসহ্য নরকাগ্নিতে দগ্ধ হইয়া পাপের প্রতিফল ভোগ করিবে। ইহার বিবরণ মথী লিখিত সুসমাচার নামক ধর্ম্মপুস্তকের ২৫ অধ. ৩১ পদে স্পষ্টরূপে লিখিত আছে। সমুদায় জগতের বিচার করিবার নিমিত্তে পরমেশ্বর যে দিন নিরূপণ করিয়াছেন, ঐ জগতের শেষদিনেতে তাঁহার আজ্ঞাদ্বারা আকাশ চন্দ্র সূর্য্য নক্ষত্রাদির লোপ, ও পৃথিবী এবং তন্মধ্যবর্ত্তি স্থাবরজঙ্গমাদি সমস্ত বস্তু একেবারে অগ্নিতে দগ্ধ হইবে; কিম্বা ঈশ্বর কর্ত্তৃক প্রেরিত এক জন দূত আসিয়া মহাঘোর শব্দেতে তূরীধ্বনি করিবে, অতএব ঐ শব্দ শুনিবামাত্রে

---

you wish to die or not, death will come; and whether you are ready for judgment or not, you must soon appear at the tribunal of Heaven, where the excuses you have now offered will be of no avail.

Let me set before you therefore what God has declared respecting the eternal condition of sinners. He has said, the wages of sin is death; or in other words, that sinners, after being condemned at the judgment, will be doomed to suffer the pains of hell for ever and ever, and so receive the just desert of their transgressions. In the 25th chapter of Matthew we have an account of the day of judgment. From that and other scriptures we learn, that at the last day, the day of judgment, at the command of God, the heavens, with the sun, moon and stars, will vanish away, and the earth, with all upon it, be burned up. Then will a mighty angel descend from heaven, at the sound of whose

পৃথিবীর পত্তনাবধি এবং শেষপর্য্যন্ত যত২ লোক মরিয়াছে, সকলে একেবারে স্ব২ শরীরে সজীব হইয়া প্রভু যীশু খ্রীষ্টের সিংহাসনসম্মুখে দণ্ডায়মান হইবে, তাহাতে তিনি প্রত্যেকের কর্ম্ম ধরিয়া সূক্ষ্মানুসূক্ষ্মরূপে বিচার করিলে পর যাহার যেমন কর্ম্ম, তাহাকে তদনুসারে ফল দিবেন। ফলতঃ যাহারা আজন্মাবধি পরমেশ্বরের সেবাদি করিয়া কালযাপন করিয়াছে, তাহাদিগকে অক্ষয় স্বর্গমধ্যে পরমেশ্বরের নিকটে বাসস্থান দিবেন; এবং যাহারা তাহা না করিয়া কেবল শয়তানের সেবাতে জীবন ক্ষয় করিয়াছে, তাহারা পাপের প্রতিফল স্বরূপ অনন্ত নরকাগ্নিতে শয়তানের প্রতিবাসী হইয়া ত্রাহি২ শব্দ এবং দন্তের কিড়িমিড়ি করিবে।

অতএব হে পাঠক, আদালতে যেমন তলপ চিটী পাইলে নিয়মিত দিনের মধ্যে উপস্থিত হইতে হয়; তেমনি পরমেশ্বরের তলপ চিটী স্বরূপ হইয়াছে শাস্ত্রীয় বচন, এবং মেয়াদি হইয়াছে মরণ দিন; অতএব সে তলপ চিটী পাইয়া পূর্ব্বে তুমি প্রস্তুত হইয়া থাক, কি নাই বা থাক, কিন্তু সে দিন উপস্থিত হইলে যিনি যেখানে থাকুন সকলকে উপস্থিত হইতে হইবে; তাহাতে ভীত হইয়া কেহ কোন স্থানে পলাইয়া কি লুকাইয়া থাকিবেন, এমন কাহার সাধ্য নাই।

---

trumpet the dead of all ages will awake, and will arise, and stand before the judgment seat of Christ. Then with the strictest scrutiny and justice will the conduct of every sinner be examined, and each will receive according to his works. Then will those who have served God on earth go to dwell with him in heaven; but those who have neglected him, and devoted their lives to the service of sin and Satan, will be driven to abide for ever with the devil and his angels, in that dreadful place where there is weeping and wailing and gnashing of teeth.

As judges issue their summonses for the appearance of accused persons at an appointed time before them; so the word of God is to be regarded as a summons, and the day of death the time

যেহেতুক তিনি সর্ব্বজ্ঞ, অতএব যিনি যেখানে পলাইয়া থা-কেন না কেন, সেই স্থানহইতেই তৎক্ষণাৎ তাহাকে ধরিয়া আনিবেন। অতএব হে পাঠক, এই রূপে যখন প্রভু যীশু খ্রীষ্ট অতুল্য ঐশ্বর্য্য বেষ্টিত ও সহস্র২ স্বর্গীয় দূতগণেতে আবৃত হইয়া উপস্থিতি পূর্ব্বক বিচারেতে তোমাকে দোষী করিয়া কহিবেন, ওরে শাপগ্রস্ত লোক, তুমি আমার নিকটহইতে দূর হইয়া প্রজ্বলিত অগ্নি মধ্যে প্রবেশ কর, এমন কথা শুনিয়া তুমি তখন কাহার মুখের দিগে তাকাইবা? কে তোমাকে রক্ষা করিবে? বরং তদবধি নরকান্ধ কূপেতে নিক্ষিপ্ত হইয়া হাহা-কার শব্দেতে চিরকাল বদ্ধ থাকিতে হইবে। যেমন কোন ঋণী ব্যক্তি কারাগৃহে বদ্ধ হইলে যে পর্য্যন্ত ঋণ পরিশোধ করিতে না পারে, তাবৎ মুক্ত হইতে পারে না, তেমনি পরমেশ্বরের কাছে তোমার অশেষ দেনা প্রযুক্ত কখনো পরিশোধ করিতে না পারাতে সুতরাং সর্ব্বথা ব্যথিত হইয়া চিরকাল বদ্ধ থাকিতে হইবে।

---

appointed for us to stand in his presence. Wherefore, O sinner, as thou hast received the summons, so, when death shall arrive, thou must also appear in the dread presence of God. Think not that it will then be possible for your trembling soul to escape or hide itself from the presence of the Almighty, who is every where present, and sees all things. He will certainly find you, and bring you forth, wherever you may be. If then the Lord Jesus Christ (when he shall come to judgment arrayed in indescribable glory, and attended with thousands and thousands of holy angels) should declare you guilty, and say to you," Depart from me, you cursed one, into everlasting fire;" to whom will you look for help? Who then will be able to save you? Alas! in that case your condition will be past remedy. Like the friendless debtor who has nothing to pay and is thrust into prison, you will inevitably be cast into the bottomless pit, and there remain for ever and ever.

আপনাকে শাপগ্রস্ত এবং সাপরাধরূপে যাহার বোধ হইয়াছে তাহারি কথা।

হায় ২ আমি কি বিপদ্গ্রস্ত হইয়াছি, অগ্রে না বুঝিয়া আপনার সর্বনাশ আপনি ঘটাইয়াছি। ধিক্২ আমাকে ধিক্ থাকুক। যিনি পদে২ আমাকে রক্ষা করিয়াছেন, এবং করিতেছেন, তাঁহার সেবা না করিয়া যাহাদের রক্ষা করিবার কোন শক্তি নাই, এমন অসার সংসার ও দেবদেবীর সেবা করিয়া কালক্ষেপণ করিয়াছি; হায় ২ কি কুকর্ম্ম করিয়াছি। এখন আমাকে কে রক্ষা করিবে? আমি কি করিব? কোথায় যাইব? আমি নিতান্ত দীনহীন নিরুপায় হইয়াছি। অতএব হে বন্ধু বান্ধব সকল, আমার এই দুর্গতি দেখিয়া তোমরা আমার প্রতি কিঞ্চিৎ দয়া কর। কিন্তু তোমাদের অনুগ্রহেতে আমার সম্পূর্ণ উপকার হইতে পারে না ইহা সত্য বটে, তথাচ নিবেদন করি, এই বিপদহইতে আমাকে রক্ষা করিতে পারে, এমন কেহ যদি ভূমণ্ডলের মধ্যে তোমাদের অনুসন্ধানে থাকে, তবে অনুগ্রহ পূর্ব্বক আমার হস্ত ধরিয়া তাঁহার নিকটে লইয়া যাও। হে ধর্ম্ম উপদেশক সকল, তোমরা পাপবিষয়ে

The Lamentation of a Sinner convinced of his sinful and miserable condition.

Alas! how deplorable is my condition! How have I foolishly destroyed myself! How do I deserve everlasting reproach! I have neglected and forsaken Him who has ever preserved me, and done me good, and have loved and served idols which are nothing and can do nothing! O what evil have I committed; What can I now do? Whither shall I go? Who can save so wretched a creature? I am undone for ever. O my friends, consider my distress, and have pity on me. Although you cannot save me yourselves, yet if you know of any one on earth who can, then in mercy lead me where I may find him. O ye ministers of righteousness, whose work it is to lead afflicted sinners

দুঃখিত প্রাণিদিগের সৎপথ দেখাইয়া দিয়া থাক, এই তোমাদের কর্ম্ম; অতএব এই মর্ম্মান্তিক দুঃখিত ব্যক্তিকে দেখিয়া দয়া কর। কিন্তু পরমেশ্বরের অনুগ্রহ ব্যতিরেকে তোমাদের হইতে কোন উপকার হইতে পারিবে না, ইহা আমি বুঝিতেছি।

অতএব হে জগদীশ্বর, আমি তোমার প্রতি চাতকের ন্যায় একদৃষ্টিতে চাহিয়া নরকগ্রস্ত লোকেরা যেমন যন্ত্রণাতে চীৎকার শব্দ করে, তেমনি উচ্চৈঃস্বরে তোমাকে ডাকিতেছি; কেননা তোমাব্যতিরেকে এমন দুর্গতি ব্যক্তিকে আর কেহ রক্ষা করিতে পারে না, ইহা আমি নিশ্চয় বুঝিয়াছি। কিন্তু হে প্রভো, আমি তোমার সাক্ষাতে তোমারি বিরুদ্ধে যেরূপ দুষ্কৃত কর্ম্ম করিয়াছি, তাহাতে তুমি যদি এখনি আমাকে অনন্ত নরক মধ্যে নিমগ্ন কর, তথাপি তুমি অন্যায় করিয়াছ, আমি এমন কথা বলিতে পারিব না, কেননা আমিতো তাহারি উপযুক্ত বটি; অতএব নরকব্যতিরেকে আমার যে আর কোন গতি নাই, ইহা সত্য। কিন্তু মনের মধ্যে যৎকিঞ্চিৎ এই ভরসা করি, তুমি দীনদয়াময় ঈশ্বর, দীনহীন ব্যক্তিদিগের এতাদৃশ দুর্দ্দশা দেখিলে রক্ষা করিতে সম্মত আছ। অতএব হে প্রভো, আমি অনন্যগতিক, এখন তুমি যদি

---

into the way of truth and peace, have pity on my distressed soul. Yet why do I look to man, for who can assist me, unless God have mercy on his offending creature?

O God of heaven and of earth, with earnest longings and deep distress I lift my eyes to thee, and call upon thy name. Besides thee, my pained, my miserable soul has no helper. But O Lord, shouldest thou reject my prayer and plunge me into hell because of my iniquity, thou wouldest be just in so doing. I am indeed deserving of thy everlasting displeasure. Yet I would fain indulge the hope, that thou who art the fountain of mercy, and the saviour of the helpless, wilt look on my distress and save me. From thee alone my hopes arise, if thou interpose not I must perish. But, O Lord, high as the

রক্ষা কর, তবেই রক্ষা পাইতে পারি, নতুবা আর কোন উপায় নাই। পৃথিবীহইতে আকাশ যেমন উচ্চ তেমনি আমাদের বিবেচনা হইতে তোমার বিবেচনা উচ্চ; অতএব হে প্রভো, আপন মহদ্বিবেচনানুসারে আমার প্রতি করুণাবলোকন করিয়া আমার এই সকল অপরাধ মার্জ্জনা কর, এবং যাহাতে তোমার আশ্রয় পাই, এমন সৎপথ দেখাইয়া দেও, এবং যে সকল শাস্ত্রীয় বচন আমি শুনিয়াছি, তাহার প্রকৃতার্থ আমাকে বুঝাইয়া দেয়, এমন এক জন লোক প্রেরিত কর। যীশু খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই আশীর্বাদ প্রার্থনা করি।

---

৩ অধ্যায়।

খ্রীষ্ট কর্তৃক যে পরিত্রাণের পথ প্রস্তুত হইয়াছে তাহার সম্বাদ।

হে পাঠক, খ্রীষ্টের ধর্ম্মহইতে এমনি উত্তম২ ফল জন্মে, যে ঐ ধর্ম্ম গ্রহণ করিবামাত্রে সে ব্যক্তি রাগদ্বেষ হিংসা ও নিষ্ঠুরতা ইত্যাদি পরিত্যাগ করিয়া নির্ম্মল স্বভাবে পরদুঃখে দুঃখী

---

heavens are above the earth, so high are thy thoughts above our thoughts, and thy ways above our ways. Do thou, therefore, in the greatness of thy mercy, compassionate my distress, and forgive my iniquities. O send, (if it please thee) an instructor who shall enable me to understand more fully the things which have now been urged on my attention, that so I may learn effectually the way of salvation. This mercy I implore in the name of Jesus Christ. Amen.

CHAP. III.

NEWS OF SALVATION BY CHRIST BROUGHT TO THE CONVINCED AND CONDEMNED SINNER.

My dear reader!—It is the great design of the gospel, and wherever it is cordially received, it is the glorious effect of it, to fill the heart with sentiments of love; to teach us to abhor

হইয়া কেবল লোকের প্রতি স্নেহ মমতা ইত্যাদি করে। কিন্তু মনুষ্য পশু ইত্যাদির দুঃখেতে যে ব্যক্তির হর্ষ জন্মে তাহাকে প্রায় খ্রীষ্টীয়ানের মধ্যে গণনা করা যায় না। অতএব এই পূর্ব্ব লিখিত বিবরণদ্বারা তোমার অন্তঃকরণে যে দুঃখ জন্মিয়াছে, তাহাতে আমারো মনেতে দুঃখ জন্মিতেছে; কিন্তু ইহার পর যে২ কথা তোমাকে কহি তাহার একটা ও আমার দুঃখজনক না হইয়া বরং সকলি সম্পূর্ণ সুখজনক হইবে। ঈশ্বরের প্রতি বিমুখ ও পাপেতে মগ্ন থাকাতে তুমি তাঁহাহইতে শাপগ্রস্ত ও আশ্রয়হীন হইয়া আপন উপকারে আপনি শক্তি রহিত আছ ইহা তোমাকে শ্রবণ করাইয়াছি বটে; কিন্তু তাহাতে তুমি যে আপন পরিত্রাণ বিষয়ে অভর-সান্বিত হইয়া চেষ্টা রহিত থাক ইহা আমার বাঞ্ছা নহে।

অতএব হে খেদকারি পাঠক, পাপিদের প্রতি পরমেশ্বরের ক্রোধ বিষম প্রজ্বলিত হইয়াছে, একথা যথার্থরূপ মানিয়া তুমি আপন পরিত্রাণ বিষয়ে নিরাশ হইয়া পরমেশ্বরের সাক্ষাতে অধোবদন পূর্ব্বক ধূল্যবগুণ্ঠিত হইয়াছ; কিন্তু এখন

---

all unnecessary rigour and severity, and to delight not in the grief, but in the happiness of our fellow-creatures. I can hardly apprehend, how he can be a Christian, who takes pleasure in the distress which appears even in a brute, much less in that of a human mind. I have often felt a tender regret, while I have been representing these things: and I could have wished *from my* heart, that it had *not* been necessary to have placed them in so severe and so painful a light. But now I am addressing myself to a part of my work, which I undertake with unutterable pleasure. I have been shewing you, that if you hitherto have lived in a state of impenitence and sin, you are condemned by God's righteous judgment, and have in yourself no spring of hope, and no possibility of deliverance. But I mean not to leave you under this sad apprehension, to lie down and die in despair."

Arise, O thou dejected soul, that art prostrate in the dust before God, and trembling under the terror of his righteous sentence: for I am commissioned to tell thee, that though "thou hast destroyed thyself, in God is thine help." (Hosea

উঠ২ ভয় করিও না, আপনার সর্ব্বনাশ আপনি করিলেও তথাচ পরমেশ্বর তোমাকে রক্ষা করিতে পারেন, সুসমাচারের এমন প্রমাণ কথা তোমাকে কহি, শুন। প্রভু যীশু খ্রীষ্টের রক্তপাত এবং পুণ্যদ্বারা তুমি পরিত্রাণ পাইতে পারিবা, এ বিষয়ে বিশ্বাস জন্মাইবার নিমিত্তে ধর্ম্মপুস্তকে লিখিত আছে, যথা। পরমেশ্বর জগতের সহিত মিলন করিয়া মনুষ্য-কর্ত্তৃক আপন আজ্ঞালঙ্ঘন জন্য যে অপরাধ, তাহা মনুষ্যদের উপরে আরোপণ না করিয়া আপনার উপরে লইবার নিমিত্তে খ্রীষ্টেতে বিরাজমান ছিলেন।

এখন দেখ, এই সম্বাদ জগন্নিবাসি লোকদিগের পক্ষে সর্ব্বতোভাবে সুসমাচার বটে; অতএব ইহা গ্রাহ্য করিলে অনন্ত সুখ হয়, এবং অগ্রাহ্য করিলে অসীম দুঃখ হয়, তাহা জানাইবার নিমিত্তে ঐ সুসমাচার সুস্পষ্ট-রূপে শুনাই, মনোযোগ কর। মনুষ্যেরা অত্যন্ত পাপাচরণ করাতে যে অন্তে অনন্ত দুঃখগ্রস্ত হইবে, ইহা স্বর্গ মর্ত্ত্যের রাজাধিরাজ পরমেশ্বর পূর্ব্বে জানিয়া জগতের প্রতি মহানুগ্রহ প্রকাশ পূর্ব্বক যাহাতে আপন সম্ভ্রম রক্ষা হয়, অথচ জীব

xiii. 9.) I bring thee "good tidings of great joy," (Luke ii. 10,) even the tidings of salvation, by the blood and righteousness of the Redeemer. And I give it thee for thy greater security, in the words of a gracious and forgiving God, that "he is in Christ reconciling the world unto himself, and not imputing to them their trespasses." (2 Cor. v. 19.)

This is the best news that ever was heard, the most important message which God ever sent to his creatures. I will therefore take care, that thou art plainly and faithfully taught the doctrine of salvation by Jesus Christ, which to receive is life everlasting, but to reject which, is eternal destruction. I do therefore testify unto you this day, that the holy and gracious Majesty of heaven and earth, foreseeing the fatal apostacy into which the whole human race would fall, did not determine to deal in a way of strict and rigorous severity with us, so as to consign us over to universal ruin and inevitable damnation;

সকল পাপের প্রতিফল রূপ অনন্ত নরক গ্রস্ত না হয়, এই উভয়দিগ্ বজায় থাকে, এমন একটি আশ্চর্য্য পরিত্রাণের উপায় স্থির করিলেন; সে কি না, মনুষ্যদিগের পাপের প্রায়শ্চিত্ত করিবার জন্যে, এবং প্রকৃত ধর্ম্মপথ শিক্ষাইবার নিমিত্তে, পরমেশ্বর আপন ঈশ্বরত্বের সমানাংশী অদ্বিতীয় পুত্র প্রভু যীশু খ্রীষ্টকে জগতে পাঠাইলেন।

অতএব সেই নিয়মানুসারে পরমেশ্বরের নিরূপিত দিনেতে ঐ দয়ালু প্রভু যীশু খ্রীষ্ট পৃথিবীস্থ যিহুদী দেশেতে মনুষ্যরূপে অবতীর্ণ হইয়া তেত্রিশ বৎসর পর্য্যন্ত দুষ্ট অধর্ম্মি লোকদের ঈর্ষা ও হিংসা হইতে নানা প্রকার দুঃখভোগ করত অবশেষে স্বেচ্ছা পূর্ব্বক ক্রূশনামক যন্ত্রেতে যন্ত্রিত হইয়া প্রাণ ত্যাগ করিলেন। এইরূপে জীবদিগের পাপের প্রায়শ্চিত্ত কারণ হত হইয়া তিন দিনের পর পুনর্ব্বার সজীব হইয়া কবর হইতে গাত্রোত্থান করিলেন; তাহাতে নিশ্চয় জানা গেল, যে এই প্রায়শ্চিত্ত পরমেশ্বরের গ্রাহ্য হইয়াছে। অতএব তিনি এই রূপে পুনরুত্থিত

---

but, on the contrary, he determined to enter into a treaty of peace and reconciliation, and to publish to all, whom the gospel should reach, the express offers of life and glory, in a certain method, which his infinite wisdom judged suitable to the purity of his nature, and the honour of his government. This method was indeed a most astonishing one. He determined to send his own Son into the world, "the brightness of his glory, and the express image of his person," (Heb. i. 3.) partaker of his own divine perfections and honours, to become a sacrifice for the sins of men.

Accordingly, at such a period of time as infinite wisdom saw most convenient, the Lord Jesus Christ appeared in human flesh in the country of Judea; and after he had gone through incessant and long-continued fatigues, and borne all the injuries, which the ingratitude and malice of men could inflict, he voluntarily "submitted himself to death, even the death of the cross;" (Phil. ii. 8:) and having been "delivered for our offences, was raised again for our justification." (Rom. iv. 25.)

হইলে পর চল্লিশ দিবস পর্য্যন্ত পৃথিবীতে থাকিয়া পুনঃ২ সন্দর্শন দিয়া তদ্বিষয়ে শিষ্যদিগের সম্পূর্ণ বিশ্বাস জন্মাইয়াছিলেন, তাহা কেবল নয়; অধিকন্তু তাহাদের সাক্ষাতে স্বর্গারোহণ করিলে পর দেশান্তরে সকল লোকের কাছে ঐ মঙ্গল সমাচার ঘোষণা করিবার নিমিত্তে আপন পবিত্র আত্মা প্রদান দ্বারাও তাহাদিগকে সম্পূর্ণ পরাক্রম দিয়াছিলেন। অতএব যে কেহ ঐ মঙ্গল সমাচার বুঝিবার এবং গ্রাহ্য করিবার শক্তি ঐ সর্ব্বশক্তিমান প্রভুহইতে প্রাপ্ত হয়, সে ব্যক্তি কদাচ নষ্ট না হইয়া বরং সম্পূর্ণ পরিত্রাণ পাইতে পারে।

আর হে পাঠক, এই সুসমাচার শুনিয়া যেন সর্ব্বতোভাবে তোমার প্রাণ রক্ষা পায়, পরমেশ্বরের কাছে এই প্রার্থনা পূর্ব্বক তোমাকে ইহা শ্রবণ করাইতেছি। অতএব মনোযোগ পূর্ব্বক বিবেচনা করিয়া দেখ, তুমি চক্ষুর্দ্বারা এই সকল অক্ষরকে যেমন সত্যরূপ প্রামাণ্য করিতেছ, তেমনি ঈশ্বরের অদ্বিতীয় পুত্র খ্রীষ্ট পাপিদিগের পরিত্রাণের নিমিত্তে এরূপ দুঃখ ভোগ করিয়া মরণ পর্য্যন্ত স্বীকার করিলেন, ইহাও সত্য। তাহার সমস্ত বিবরণ ধর্ম্মপুস্তকে লিখিত

After his resurrection, he continued long enough on earth to give his followers most convincing evidences of it, and then ascended into heaven in their sight, Acts i. 9—11; and sent down his Spirit from thence unto his apostles, to enable them in the most persuasive and authoritative manner, "to preach the gospel to every creature;" that all who believe in it may be saved, by virtue of its abiding energy, and the immutable power and grace of its divine Author.

This gospel do I therefore now preach and proclaim unto thee, O reader, with the sincerest desire that, through divine grace, it may "this very day bring salvation to thy soul." Know therefore, and consider, that as surely as these words are now before thine eyes, so sure it is, that the incarnate Son of God was "made a spectacle to the world, and to angels, and to men;" (1 Cor. iv. 9:) his back torn with scourges, his head with thorns,

আছে। তিনি নিজে নিষ্পাপ নির্দ্দোষী হইলেও আমাদের নিমিত্তে অনেক বেত্রাঘাতে তাঁহার পৃষ্ঠ দেশ এবং কণ্টকমুকুট দ্বারা তাঁহার মস্তক ক্ষত বিক্ষত হইল; এবং ক্রুশনামক যন্ত্রেতে সর্ব্বশরীর যন্ত্রিত হইয়া প্রেকের দ্বারা তাঁহার হস্তপাদাদি বিদ্ধ হইল। অতএব শত্রুহইতে এ রূপ লাঞ্ছনা এবং শারীরিক অসীম যাতনা ভোগ করিতে২ অবশেষে প্রাণ ত্যাগ করিলেন।

এই বিষয়, হঠাৎ শুনিতে গেলে অত্যন্ত খেদ ও দুঃখজনক বোধ হয় বটে, কিন্তু যাহারা অন্তঃকরণের সহিত তাহাতে বিশ্বাস করিতে পারে, তাহাদের দুঃখের লেশও না থাকিয়া বরং মনের মধ্যে আনন্দের নদী বহিতে থাকে। অতএব হে মনুষ্য, এই সম্পূর্ণ প্রেমকারি ত্রাণকর্ত্তার প্রতি চক্ষুরুন্মীলন করিয়া দেখ, আর তিনি যে এ প্রকার দারুণ দুঃখ পাইয়া প্রাণত্যাগ করিলেন, তাহাতে তোমার বিশ্বাস আছে কি না, তাহা আপন অন্তঃকরণকে জিজ্ঞাসা কর। তিনি কিসের নিমিত্তে এরূপে দেহ ত্যাগ করিলেন? এ কথা যদি জিজ্ঞাসা কর, তবে তাহার উত্তর যেরূপ শাস্ত্রেতে লিখিত আছে তাহা বলি শুন; তিনি নিজের দোষেতে এতো

---

his limbs stretched out, as on a rack, and nailed to the accursed tree; and in this miserable condition he was hung by his hands and his feet, as an object of public infamy and contempt. Thus did he die, in the midst of all the taunts and insults of his cruel enemies, who thirsted for his blood.

Look upon our dear Redeemer! look up to this mournful, dreadful, yet, in one view, delightful spectacle, and then ask *thine own heart, do I believe that Jesus suffered and died* thus? And why did he suffer and die? Let me answer it in God's own words, "He was wounded for our transgressions, he was bruised for our iniquities, and the chastisement of our peace was upon him,' that by his stripes we might be healed. And as it was his command, just after he rose from the dead, "that repentance and remission of sins should be preached in his name among all nations," (Luke xxiv. 47.) I do therefore testify to you, that if

দুঃখ পাইয়া মরিলেন, তাহাতো নয়, তবে কি না পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন জন্য আমাদের যতো উৎকট২ অপরাধ, তাহা কৃপাপূর্ব্বক নিজ শরীরে গ্রহণ করাতে সেই অপরাধের জন্যে তাড়িত, এবং প্রহারিত হইয়া অবশেষে পাপিদের সেই সকল পাপের প্রায়শ্চিত্ত স্বরূপ আপন প্রাণ উৎসর্গ করিলেন; এবং পুনরুত্থিত হইলে পর আমাদিগকে এই আজ্ঞা দিলেন, তোমরা পাপ বিষয়ে পরামনন ঘোষণা করিতে দেশদেশান্তরে গমন কর। অতএব তাঁহার আজ্ঞানুসারে আমি এখন তোমার কাছে সেই সুসমাচার শুনাইয়া এই দৃঢ় প্রবোধ দিতেছি, তুমি ঈশ্বরের আজ্ঞা লঙ্ঘন করাতে নরকে অনন্ত দণ্ড যোগ্য হইলেও তথাচ যদ্যপিস্যাৎ এখন মনের সহিত তাঁহার ঐ উপায় গ্রহণ করিতে পার, তবে সে সকল দোষ মার্জ্জনা হইয়া মুক্তিপথ পাইতে পারিবা, ইহার প্রমাণ ধর্ম্মপুস্তকে লিখিত আছে; কি না যে ব্যক্তি খ্রীষ্টেতে বিশ্বাস করে, সে কখন দণ্ড- যোগ্য না হইয়া বরং মৃত্যুঞ্জয় হইয়া অনন্ত জীবন পায়। তদ্ভিন্ন আরো লেখে, যে ব্যক্তি খ্রীষ্টকে অবলম্বন করিয়া কেবল তাঁহারি আজ্ঞানুসারে চলে, সে ব্যক্তি কখন নরকাধি- কারী হইবে না।

অতএব হে মনুষ্য, খ্রীষ্টের নিকটে গিয়া পাপহইতে সম্পূর্ণ মুক্ত হওনের প্রার্থনা না করিয়া তাঁহার কাছে

---

you receive the righteousness he has fulfilled, and the atonement he has made, you will be accepted by God as righteous, and be not only pardoned, but received into his favour. For the Scripture saith, "He that believeth on the Son hath everlasting life;" (John iii. 36:) "and he shall never come into condemnation." (John v. 24.) "There is therefore now no condemnation, to them, who are in Jesus Christ, who walk not after the flesh, but after the Spirit." (Rom. viii. 1.)

Nor is it necessary, in order to thy being released from guilt, and entitled to this high and complete felicity, that thou

গ্রাহ্য হইবার নিমিত্তে কোন সৎকর্ম্ম লইয়া গিয়া উপঢৌকন দিতে হইবেক, কদাচ এমন চিন্তাকে মনেতে স্থান দিও না। বরং তুমি যেরূপ উলঙ্গ দীনহীন দারিদ্র্য অবস্থাতে আছ, সেই রূপে যাইতে হইবেক; যেহেতুক ধর্ম্মপুস্তকে লিখিত আছে, হে তৃষিত লোক সকল, তোমরা জলের নিকটে আইস; হে নির্ধন লোক, তোমরা রূপাব্যতিরেক আসিয়া দ্রাক্ষারস এবং দুগ্ধ ক্রয় করিয়া পান কর। ফলতঃ তোমাদের নিজের তো কিছু মাত্র পুণ্য নাই, কেবল রাশি ২ পাপ আছে। অতএব যাহাতে স্বর্গীয় সিংহাসনের সম্মুখে গ্রাহ্য হইতে পারিবা এমন রাশি ২ পুণ্য তোমাদের নিমিত্তে খ্রীষ্ট সঞ্চয় করিয়া রাখিয়াছেন, এ কারণ তাঁহার নিকটে আইস। এরূপ পূর্ব্বে লেখা গিয়াছে। তুমি নিজে উলঙ্গ, তোমার যতো পুণ্য পরিচ্ছদ সে কেবল মলিন গলিত বস্ত্রের ন্যায়; অতএব খ্রীষ্ট তোমার নিমিত্তে প্রচুর পুণ্যরূপ নির্ম্মল সুন্দর ২ পরিচ্ছদ প্রস্তুত করিয়াছেন; অর্থাৎ কি না তিনি তোমার প্রতিনিধি হইয়া যাহাতে তোমার পাপ মোচন হয় এমন উপযুক্ত প্রায়শ্চিত্ত করিবার জন্যে কেবল আপন রক্তপাত করিলেন তাহা নয়; তুমি পরমেশ্বরের যে সকল আজ্ঞা লঙ্ঘন করিয়াছ, তাহা তিনি পালন করিয়া স্বর্গে যাইবার উপ-

---

shouldest, before thou wilt venture to apply to Jesus, bring any good works of thine own, to recommend thee to his acceptance. For if thou come to Christ at all, thou must come poor, wretched and naked as thou art. The language of Scripture is, " Ho, every one that thirsteth, come ye to the waters, and he that hath no money, come ye, buy and eat; yea, come, buy wine and milk without money and without price." (Isa. lv. 1.) Sinners can derive no hope from themselves, they are entirely destitute of righteousness, their guilt is infinite. Hence Christ in mercy, has prepared by his own infinite merits a righteousness for them. Come then to him, and be saved. The righteousness which Christ has prepared for thee, is indeed a beautiful undefiled garment, which will effectually cover the deformity of thy soul.

যুক্ত পুণ্য সঞ্চয় করিলেন। অতএব তাঁহাতে বিশ্বাস করিবামাত্রে তাঁহার সমুদায় পুণ্য তোমাতে আসিবে। তবে সুতরাং সেই পুণ্যেতে পুণ্যবান হইয়া পরমেশ্বরের সম্মুখে গিয়া নির্ভয়েতে দাঁড়াইতে পারিবা।

পূর্ব্বের লিখিত সুসমাচার প্রাপ্ত হওয়াতে আশ্চর্য্য জ্ঞান পূর্ব্বক বিবেচনার কথা।

হে আমার অন্তঃকরণ, অদ্য তুমি এ কি আশ্চর্য্য সুসম্বাদ শুনিলা। এমন শান্তিদায়ক সমাচার যিনি পাঠাইয়াছেন, তিনি কেমন অদ্বিতীয় ত্রাণকর্ত্তা, ইহা বিবেচনা কর।

ধন্য২ প্রভু, এই দীনহীন দরিদ্র নরাধমের প্রতি কি তোমার এতো দয়া যে আমাকে রক্ষা করিবার নিমিত্তে নিজস্বর্গপুরী পরিত্যাগ করিয়া এই কুৎসিত পৃথিবীতে আসিয়া বাস করিলা। হায়২ স্বর্গসিংহাসনেতে থাকিয়া আমার প্রতি কটাক্ষ করণপূর্ব্বক যদ্যপি মুক্তিদায়ক অনুগ্রহের কথা কহিবার

In order to prepare it, he not only shed his blood to make atonement for our sins, but fulfilled also the law of God which we have broken. Thus on believing in Christ, his righteousness is imputed to thee, and thus arrayed thou mayest enter without fear into the presence of God.

The Sinner's Reflections *on this good News.*

O my soul, how astonishing is the message which thou hast this day received! Say, O my soul, whether the Saviour, whose message it is, may not well be esteemed matchless, and all-sufficient.

Blessed be thy name, O Jesus! that thou didst leave the magnificence and joy of the heavenly world, in compassion to such a wretch as I! O hadst thou, from that height of dignity and felicity, only looked down upon me for a moment, and sent some gracious word to me for my direction and comfort, even

নিমিত্তে কোনো দূতকে পাঠাইতা, তথাচ ঐ দূতের চরণদ্বয় চুম্বন করা আমার অবশ্য উচিত হইত; কিন্তু তুমি তাহা না করিয়া আপনি দূত হইতে স্বীকার করিলা, এ আমার প্রতি অতি আশ্চর্য্য অনুগ্রহ প্রকাশ। আর তুমি যে পৃথিবীতে আইলা, ইহাতো কেবল নয়, মনুষ্য দেহ ধারণপূর্ব্বক অনেক বৎসর পর্য্যন্ত মর্ত্যলোকে থাকিয়া পাপিদের হস্তদ্বারা যে অসহ্য যন্ত্রণা সকল সহ্য করিলা, সে কথা শুনিতে গেলে আমার হৃদয় বিদীর্ণ হইয়া যায়। এইরূপে নিতান্ত দোষি ব্যক্তির ন্যায় অশেষ বিশেষ রূপ দুঃখভোগ করিয়া অবশেষে এই দীনের প্রাণ রক্ষার নিমিত্তে আপন প্রাণ উৎসর্গ করিলা।

অতএব হে প্রভো, যাহা কেহ কখনো দেখে নাই ও শুনে নাই ও চিন্তার বহির্ভূত, এই দীনের নিমিত্তে এমন অনির্ব্বচনীয় দয়া প্রকাশ করিয়াছ, অতএব আমি এ কথার কি উত্তর দিব? তবে আমার নিবেদন এই, আমি যেন তোমাতে বিশ্বাস করি, তুমি আমার দৌর্ব্বল্যের প্রতি সহায় হও, আর তোমার ঐ অনুগ্রহের কথা যেন অনর্থক উচ্চারণ

---

by the least of thy servants, justly might I have prostrated myself in grateful admiration, and have kissed the very footsteps of him that published the salvation! (Isaiah lii. 7.) But thou didst condescend to be thyself the messenger of mercy, and here on earth didst sojourn in a frail and wretched tabernacle, for long successive years: and at length didst lay down thy life, being stretched out as a malefactor upon the cross, after thou hadst borne insults and cruelty, which it may justly wound my heart so much as to think of. And thus thou hast atoned injured justice, and "redeemed me to God with thine own blood." (Rev. v. 9.)

What shall I say? "Lord, I believe, help thou mine unbelief!' (Mark ix. 24.) It seems to put faith to the stretch to admit, what it indeed exceeds the utmost stretch of imagination to conceive. O Lord, let me not for ten thousand worlds "receive thy grace in vain!" (2 Cor. vi. 1.) O impress this gospel upon my soul, till its saving virtue be diffused over every

না করিয়া বরং ঐ কথাতে মনঃসংযোগ করিয়া যাহাতে বুঝিতে পারি, এবং গ্রাহ্য করিতে পারি, আমাকে এমন ক্ষমতা দেও।

এই সুসমাচার শুনিতে২ আমার যে আনন্দ জন্মে, তাহা যেন সাংসারিক আহ্লাদের ন্যায় ক্ষণধ্বংসি না হইয়া চিরস্থায়ী হয়। আর তোমার সেবকের মত সদাচরণ করিয়া আমি পরিত্রাণের ভাগী হইয়াছি, ইহার প্রমাণ দিতে যেন পারক হই, তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

---

৪ অধ্যায়।

মুক্তিদায়ক উপায়ের কিছু বিস্তারিত কথা।

হে পাঠক, প্রভু যীশু খ্রীষ্টের অবতার সময়ে তাঁহার নিকটে যিহুদী লোকেরা যেমন প্রশ্ন করিয়াছিল আজি দেখিতেছি আমার কাছে তুমিও তেমনি প্রশ্ন করিতেছ। সে কি না যাঁহার

---

faculty! Let it not only be heard, and acknowledged, and professed, but felt! Make it "thy power, to my eternal salvation." (Rom. i. 16.)

I feel a sudden glow in my heart, while these tidings are sounding in mine ears. But O, let it not be a slight superficial transport, "like the crackling blaze of thorns under a pot!" (Eccles. vii. 6.) O teach me to secure this mighty blessing in the method which thou hast appointed! and grant unto me, to possess that proof of interest in thy salvation which arises from a life spent in conformity to thy will.

CHAP. IV.

A MORE PARTICULAR ACCOUNT OF THE WAY BY WHICH THIS SALVATION IS TO BE OBTAINED.

I now consider you, my dear reader, as coming to me with the inquiry, which the Jews once addressed to our Lord, "What shall we do, that we may work the works of God?

কথা এই মাত্রশুনিলাম, সেই প্রভু যীশু খ্রীষ্টের সঞ্চিত পুণ্য পাইবার নিমিত্তে এখন আমার কি করিতে হইবে? এমন কথা যদি জিজ্ঞাসা করিলা, তবে শাস্ত্রীয় বচনানুসারে ঐ গুরুতর প্রশ্নের উত্তর দি শুন; খ্রীষ্টের প্রথম প্রেরিতেরা যেমন শিক্ষা-দিয়াছিলেন আমিও তেমনি শিক্ষা দিতেছি, যে প্রভু যীশু খ্রীষ্টের প্রতি সম্পূর্ণ বিশ্বাস রাখিয়া মনঃসংযোগ পূর্ব্বক পরমেশ্বরের প্রতি পরামনন কর।

আর তুমি যে নিতান্ত দোষী প্রযুক্ত নিশ্চিত দণ্ডার্হ হইয়াছ, অনুমান হয় এ পর্য্যন্ত তোমার প্রবোধ হইয়াছে। আর তুমি আপনাহইতে আপনি নষ্ট হইতেছ, এবং নিজ ক্রিয়াহইতে কি অন্য কোন লোকহইতে তোমার পরিত্রাণ হইতে পারে না, ইহাও যেন তোমার হৃদয়ঙ্গম হয়। অতএব মিনতি করিয়া কহি, ঐ সকল পূর্ব্বের আশ্রয় মন-হইতে একেবারে নির্ম্মূলে উৎপাটন না করিলে এই যে উপায় শুনিতেছ, ইহা কোন প্রকারে গ্রহণ করিতে পারিবা না। অতএব পূর্ব্বকালের সে সকল পাপ কর্ম্মের প্রতি নিতান্ত ঘৃণাপূর্ব্বক

(John vi. 28.) "What method shall I take to secure that redemption and salvation, which I am told Christ has procured for his people?" I would answer it as seriously and carefully as possible. And here, that I may be sure to follow the safest guides, and the fairest examples, I must preach salvation to you, in the way of "repentance towards God, and of faith in our Lord Jesus Christ," (Acts xx. 21.) that good old doctrine, which the apostles preached.

I suppose that you are, by this time, convinced of your guilt and condemnation, and of your own inability to recover yourself. Let me, nevertheless, urge you to feel that conviction yet more deeply, and to impress it with yet greater weight upon your soul, that you have ruined yourself, and that, "in yourself your help is not found." (Hos. xiii. 9.) Be persuaded, therefore, expressly and solemnly, and sincerely, to give up all self-dependence; which, if you do not guard against it, will lead

ক্ষান্ত হইয়া খ্রীষ্টের অনুগ্রহের উপরে নির্ভর দিয়া কেবল ঈশ্বরের ব্যবস্থানুযায়ি কর্ম্ম করিতে দৃঢ় প্রতিজ্ঞা কর, এরূপ কর্ম্ম করিবা বটে; কিন্তু পরমেশ্বরের কাছে গ্রাহ্য হইবার জন্য সে কর্ম্মের উপরে নির্ভর না দিয়া কেবল খ্রীষ্টের কর্ম্মের উপরে নির্ভর দিয়া তাঁহারি আশ্রয় লও, এই পরামর্শ সকল হইতে শ্রেষ্ঠ জানিবা।

আর শুন, খ্রীষ্ট স্বর্গারোহণ করিয়াছেন, সেখান হইতে তাঁহাকে কে আনিয়া দেখাইবে? এমন কথা বলিও না, কেননা তিনি তো কেবল স্বর্গেতে বাস করেন এমন নয়, তিনি সর্ব্বব্যাপী সর্ব্বত্রই সমানরূপ আছেন কাহারো দূর নহেন; যেহেতুক তাঁহাকে অবলম্বন করিয়া জগৎ স্থিতি করিতেছে। অতএব হে পাঠক যদ্যপি মুক্তি বাঞ্ছা কর তবে খ্রীষ্টের নিকটে আসিয়া একান্তচিত্তে তাঁহার প্রতি অবলোকন কর। দেখদেখি তুমি তাঁহার বিরুদ্ধে যে সকল পাপকর্ম্ম করিয়াছ, তাহা স্মরণ করিলে যদ্যপিও

---

you to attempt building up what you have just been destroying. If these views be deeply impressed upon your mind, you will be prepared to receive what I am now to say. The first and most important advice that I can give you in your present circumstances, is, That you look to Christ, and apply yourself to him. In so doing you must apply to Christ with a deep abhorrence of your former sins, and a firm resolution of forsaking them; forming that resolution in the strength of his grace, and fixing your dependence on him, for your acceptance with God, even while you are purposing to do your very best, and when you have actually done the best you ever will do in consequence of that purpose.

And here, "say not in your heart, who shall ascend into heaven, to bring him down to me?" (Rom. x. 6.) or who shall raise me up thither, to present me before him? The blessed Jesus, "by whom all things consist," (Col. i. 17.) by whom the whole system of them is supported, "is not far from any of us:" (Acts xvii. 27.) nay, he is every where present. Would you therefore, O sinner, desire to be saved? go to the Saviour, and though you should be so overwhelmed with

খেদেতে ও লজ্জাতে তোমার মুখহইতে বাঙ্‌নিষ্পত্তি হয় না, তথাচ তিনি যে মেষ শাবকরূপে বিখ্যাত হইয়া আপনার প্রাণ দিয়া জগতের পাপ দূর করিলেন, ইহা মনে করিয়া তাঁহারি চরণ আশ্রয় করিয়া কাঁদিয়া পড়।

ভাল এমত স্থিরদৃষ্টি করিয়া দেখাতে তোমার মন এখন কিছু আর্দ্র হইতেছে কি না? আর তুমি যে সাংসারিক সামান্য তুচ্ছ সামগ্রীর নিমিত্তে এমন জীবনের জীবন প্রভুর প্রাণ দণ্ড করাতে কেমন অধমের ন্যায় কর্ম্ম করিয়াছ, তাহাও এখন উপলব্ধি হয় কি না ইহা বল দেখি? আর তোমার পাপের প্রতিফল স্বরূপে তাঁহার নিষ্পাপ শরীর কেমন ক্ষতবিক্ষত হইয়াছিল, তাহাও নিরীক্ষণ করিয়া দেখ। যদ্যপি নিতান্ত পাষাণের ন্যায় তোমার অন্তঃকরণ সুকঠিন না হয় তবে তাহাতে অবশ্য খেদিত হইতে হইবে। আর সামান্য বিষয় সুখের নিমিত্তে পরমেশ্বরের আজ্ঞা লঙ্ঘন দ্বারা তাঁহার অদ্বিতীয় পুত্রকে এতোদুঃখ দেওয়াতে আমি যে ভাল করিয়াছি? এমন কথা কি বলিতে পার আর পৃথিবীতে এমনি বা কি উত্তম সামগ্রী আছে, যে ইহার পরে তাহার লাভের নিমিত্তে পাপ করিয়া পুনশ্চ তাঁহাকে দুঃখ দিতে পারিবা? অতএব যদ্যপি তোমার মুক্তিপদের আ-

---

guilt, and shame, and fear, and horror, that you should be incapable of speaking to him; fall down in this speechless confusion at his feet, and "behold him as the Lamb of God, that taketh away the sins of the world." (John i. 29.)

Behold him therefore with an attentive eye, and say whether the sight does not touch, and even melt thy very heart! Dost thou not feel, what a foolish and what a wretched creature thou hast been, that for the sake of such low and sordid gratifications and interests, as those which thou hast been pursuing, thou shouldst thus "kill the Prince of life?" (Acts iii. 15.) Behold the deep wounds which he bore for thee! "look on him whom thou hast pierced," and surely thou must mourn, (Zech. xii. 10.) unless thy heart be hardened into stone. Which of thy past sins canst thou reflect upon, and say,

কাঙ্ক্ষা থাকে, তবে এখনি সমস্ত গর্হিত কর্ম্ম পরিত্যাগ কর। এই পরামর্শই স্থির বটে কিন্তু ইহার মধ্যে একটি বিবেচনা আছে, কি না সেই সমস্ত পাপবিষয়ে যে প্রকৃত খেদ উপস্থিত হওয়া সে খ্রীষ্টের ক্রুশঅবলম্বন ব্যতিরেকে অন্য কোন আশ্রয়েতে কখন হইতে পারে না অতএব জীবনাধিকারি প্রভুর বধকারি যে পাপ সে এক্ষণে যদি তোমার দক্ষিণ হস্ত কি দক্ষিণ চক্ষুর ন্যায় প্রিয় হয়, তথাচ তাহাকে ত্যাগ করিয়া খ্রীষ্টের আশ্রয় লইতে হইবেক। আর পূর্ব্বে তুমি পাপেতে মৃতবৎ হইয়া ছিলা কিন্তু এক্ষণে খ্রীষ্টের মৃত্যুদ্বারা সজীব হওয়াতে পরমেশ্বরের কাছে জীববস্তু বলিস্বরূপ আপনাকে সমর্পণ কর, অর্থাৎ পাপ ও শয়তানের সকল ক্রিয়াতে একেবারে জলাঞ্জলি দিয়া কায়মনোবাক্যে পরমেশ্বরের সেবা কর। কেননা স্বর্ণর-জতাদি অনিত্য বস্তুদ্বারা তুমিতো পূর্ব্বকালের দাসত্ব হইতে মুক্তি পদ পাও নাই, তবে কি না নিষ্কলঙ্ক মেষবাচ্চা স্বরূপ যে খ্রীষ্টের রক্ত, তাহাহইতে পাইয়াছ। অতএব হে পাঠক

"For this, it was worth my while thus to have injured my Saviour, and to have exposed the Son of God to such sufferings?" And what future temptation can arise so considerable that thou shouldest say "For the sake of this, I will crucify my Lord again?" (Heb. vi. 6.) Sinner, if thou desirest salvation thou must repent of every sin; and must forsake it; but if thou doest it to any purpose, I well know it must be at the foot of the cross. Thou must sacrifice every lust, even the dearest; though it should be like a "right hand, or a right eye:" (Matt. v. 29, 30.) Thou must "yield up thyself to God, as one alive from the dead." (Rom. vi. 13.) And therefore I have shewed thee at what a price he purchased thee; for "thou wast not redeemed with corruptible things, as silver and gold, but with the precious blood of the Son of God, the Lamb without blemish and without spot." (1 Pet. i. 18, 19.) And now I would ask thee, as before the Lord, What does thine own heart say to it? Art thou grieved for thy former offences? Art thou willing to for-

আমি ঈশ্বরের সাক্ষাতে তোমাকে জিজ্ঞাসা করি, তুমি যে এমন বিরুদ্ধ কর্ম্ম করিয়াছ, ইহাতে তোমার আক্ষেপ উপস্থিত হয় কি না? এবং পাপ পরিত্যাগ পূর্ব্বক সেই মুক্তি দাতা খ্রীষ্টের সেবক হইতে তোমার বাঞ্ছা হয় কি না?

হাঁ আমি বুঝিতে পারি তদ্বিষয়ে তোমার বাসনা আছে বটে, কিন্তু শুদ্ধ মনে২ ইচ্ছা থাকিলেই তো হয় না, কার্য্যেতেও করিতে হইবে; অর্থাৎ পাপ অতি মন্দ ও ধর্ম্ম অতি উত্তম ইহা বুঝিয়া যাহাতে সৎকর্ম্ম বিষয়ে সিদ্ধ হওয়া যায় এমন আকিঞ্চন সর্ব্বদাই করিতে হইবে। এ কারণ কহি প্রভু যীশু খ্রীষ্টেতে সম্পূর্ণ বিশ্বাস কর কেননা তাঁহার শক্তি ব্যতিরেক কেহ বলবান হইতে পারে না; যেমন বৃক্ষের গুঁড়ী হইতে শাখার বিচ্ছেদ হইলে সে শাখাতে ফল ধরে না, তেমনি বিশ্বাসদ্বারা খ্রীষ্টের সহিত যোগ না হইলে কদাচ সৎকর্ম্মান্বিত হইতে পারে না।

অতএব হে পাঠক বিলম্ব না করিয়া যিনি পাপিদিগের মুক্তিদানের নিমিত্তে আপন শরীরে দরদরিত রক্তধারা পাত করিয়াছিলেন, এমন যে গৌরবান্বিত পরিত্রাণ কর্ত্তা এক্ষণেই

---

sake thy sins? Art thou willing to become the cheerful, thankful servant of him who hath purchased thee with his own blood?

I will suppose such a purpose as this rising in thine heart. But I must remind you, that this is not all which is necessary to your salvation. You must not only purpose, but, as God gives opportunity, you must act, as those who are convinced of the evil of sin, and of the necessity and excellence of holiness. And that you may be enabled to do so in other instances, you must in the first place, "believe in him whom God hath sent;" (John vi. 29.) for, as a branch severed from the stem cannot bear fruit, so without union to Christ by faith you can do nothing acceptable to God.

Apply, therefore, to this glorious Redeemer, amiable (as he will appear to every believing eye), in the blood which he shed upon the cross, and in the wounds which he received there. Go to him, O sinner, this day, this moment, with all thy sins about thee. Go just as thou art; for if thou wilt not apply to him, till thou art first righteous and holy, thou wilt never be righte-

তাঁহার নিকটে সমস্ত পাপের সহিত গিয়া তাঁহারি শরণাগত হও। কিন্তু সৎকর্ম্ম করিয়া কিছু পুণ্য লইয়া সে স্থানে যাইতে হইবে এমন যদি মনে কর, তবে কদাচ সেখানে পৌঁছিতে পারিবা না। কেননা দেখ কোন রোগেতে দুর্ব্বলব্যক্তি যদি কহে আমার রোগের কিঞ্চিৎ প্রতিকার হইলে আমি চিকিৎসকের নিকটে যাইব, এমন কথা কহিলে সে কি সেখানে যাইতে পারে? অর্থাৎ কখন না, বরং ক্রমে২ রোগের বৃদ্ধি হওয়াতে প্রাণত্যাগ করিবে। অতএব হে পাঠক তোমাকে কহিতেছি, তুমি যেমন দুর্দ্দশাতে আছ ঐ রূপে এখনি গিয়া তাঁহার পদতলে পড়িয়া কাঁদিতে২ এই কথা বল, হে প্রভো আমার গতি কি হইবে? আমার বোধ হয় যতো২ লোক তোমার আশ্রয় লইতে প্রার্থনা করে; সে সকল হইতে আমি অধম। তথাচ আমি তোমার চরণেতে শরণাগত হইয়াছি, কেননা আমি শুনিয়াছি যে তুমি এমত কহিয়াছ, হে পরিশ্রান্ত ভারগ্রস্ত লোক সকল তোমরা আমার নিকটে আইস

---

ous and holy at all. It were indeed as if it should be said, that a sick man should defer his application to a physician, till his health is somewhat recovered. Let me, therefore, repeat it without offence, Go to him just as thou art, and say, (O that thou mayest this moment be enabled to say it from thy very soul!) "Blessed Jesus, I am surely one of the most sinful, and one of the most miserable creatures, that ever fell prostrate before thee: nevertheless I come, because I have heard that thou didst once say, "Come unto me, all ye that labour, and are heavy laden, and I will give you rest." (Matt. xii. 28.) I come, because I have heard that thou didst graciously say, "Him that cometh unto me, I will in no wise cast out." (John vi. 37.) O thou Prince of peace, O thou King of glory, I am a condemned miserable sinner, I have ruined my own soul, and am condemned for ever, if thou dost not help me and save me. I have broken thy laws, I have deserved condemnation and wrath; and I am, even at this very moment, trembling under a sentence of everlasting destruction. But now I am willing to submit to thee; and I have brought my poor soul, to lodge it in thine hands.

আমি তোমাদিগকে বিশ্রাম দিব। এবং আরো কহিয়াছ আমার কাছে আইলে আমি কোন মতে কাহাকে ও পরিত্যাগ করিব না। অতএব হে সচ্চিদানন্দ প্রভো, আমি যে নিতান্ত দোষী নরক যোগ্যলোক তাহা স্বীকার পূর্ব্বক তোমার নিকটে আসিয়াছি তুমি না বাঁচাইলে বিনষ্ট হইব এবং পরমেশ্বরের বিরুদ্ধে অসংখ্য২ পাপ করাতে আমার প্রাণ ও জীবাত্মা ভয়েতে কম্পাকম্পান্বিত হইয়াছে। হে প্রভো, তোমারি চরণেতে শরণ লইলাম তুমি আমাকে রক্ষা কর। হায়২ আমি পূর্ব্বে এই সাংসারিক মায়াতে মুগ্ধ হইয়া দুর্ব্বুদ্ধি প্রযুক্ত তোমার অনুগ্রহকে হেয়জ্ঞান করিয়াছি, কিন্তু এক্ষণে তাহার নিমিত্তে খেদিত হইয়া তোমার বশতাপন্ন থাকিতে স্বীকার করিতেছি। আর পূর্ব্বের মত অন্য সকল প্রভুকে পরিত্যাগ করিয়া কেবল তোমারি দাসহইতে আমার মনোবাঞ্ছা, অতএব হে প্রভো আমার মনোরূপ সিংহাসনেতে অধিষ্ঠান করিয়া সমস্ত রিপুদিগকে দমনপূর্ব্বক এই আশীর্ব্বাদ কর, যেন মরণ দিন পর্য্যন্ত প্রাণ পণে তোমার সেবা করিতে আমার অটল ভক্তি থাকে।

এখন হে পাঠক, যদি তোমার এমন মনোবাঞ্ছা সিদ্ধ হয় তবে সেতো পরম আহ্লাদের বিষয় বটে, তথাচ কি জানি শয়তানের মায়াতে ভুলিয়া পাছে তুমি পুনর্ব্বার খ্রীষ্টের প্রতি ঔদাস্য করিয়া সংসারেতে ও পাপেতে মগ্ন হও, এই ভয়ের

O Lord, I lie at thy feet; stretch out "thy golden sceptre, that I may live." (Esth. iv. 11.) Alas, influenced by a foolish heart, I have been immersed in worldly vanities, and have neglected, and despised thy mercy; but now, rejecting all whom I have improperly admitted to usurp authority over me, I repent and submit myself to thee alone. Do thou, therefore O Lord, ascend the throne of my heart, subdue my evil nature, and make me thy faithful servant to the end of my life.

Happy indeed, O reader, will it be if this thy prayer be fulfilled. May the great judge of the earth, whose voice fills all heaven with reverence and obedience, in infinite mercy so fix his

নিমিত্তে যাঁহার বাক্যেতে ভূমণ্ডল কম্পিত হয় এমন সেই সদসৎকর্ম্মের প্রতিফল দাতা পরমেশ্বরের কাছে এই প্রার্থনা করিতেছি, যেন এই পরিত্রাণ জনক উপায় তোমার মনোমধ্যে প্রবিষ্ট হইয়া বিফল না হয়।

অতএব হে পাঠক, আমি মিনতি করি সেই দয়াময় খ্রীষ্ট পাপিদের উদ্ধারের নিমিত্তে আপন প্রাণ সমর্পণ পর্য্যন্ত স্বীকার করিয়া জগতে যে সমস্ত প্রেম প্রকাশ করিলেন; অর্থাৎ এই জগতে বাস করাতে আপনার লঘুতা স্বীকার পূর্ব্বক স্বর্গেতে তোমাকে প্রচুর ধনবান করিবার নিমিত্তে আপনি দরিদ্রতা স্বীকার করিলেন তাহা স্মরণ করিয়া ঈশ্বরের সহিত মিলন কর। আর দেখ তুমি যেন স্বর্গীয় রাজ্যের অধিকারী হইয়া অম্লান তেজোময় মুকুট ধারণ কর, এই নিমিত্তে তিনি আপনি রাজাধিরাজ চক্রবর্ত্তী হইয়াও কণ্টকের মুকুট ধারণ করিলেন। এবং ক্রুশযন্ত্র বহন করিলে পর শত্রুকর্ত্তৃক ঐ শ্রান্ত ক্লান্ত নির্দ্দোষ শরীর ক্রুশের উপরে বিস্তীর্ণ, এবং তাঁহার হস্ত

---

word in thy heart that Satan may never, by any of his devices, induce thee to forsake Christ and turn again to sin and the world.

Lest it should be thus with you, O reader, let me again entreat you to be reconciled to God, and to accept of pardon and salvation in the way in which it is so freely offered to you. I beseech you, therefore, by the name and love of our dying Saviour. I beseech you, by all the condescension of his incarnation; by that poverty to which he voluntarily submitted, "that you might be enriched" with eternal treasures: (2 Cor. viii. 9.)—I beseech you, by the memory of what he suffered, I beseech you, by the purple robe, the sceptre of reed, and the crown of thorns, which this King of glory wore, that he might "set us among the princes" of heaven: (Psalm cxiii. 8.)—I beseech you, by the heavy burden of the cross, under which he panted, and toiled, and fainted, that he might free us from the burden of our sins: I beseech you, by the remembrance of those rude nails, that tore the veins and arteries, the nerves and tendons, of his sacred hands and feet; I beseech you, by that unutterable anguish which he bore, when lifted up upon the cross, and extended there as on

পাদাদিতে প্রেকবিদ্ধ হইলে ছয় দণ্ড পর্য্যন্ত তিনি এতো যন্ত্রণা সহিষ্ণুতা পূর্ব্বক শরণাগত লোকদিগের প্রতি মহানুগ্রহ প্রকাশ করিলেন। এবং বিচার দিবসে প্রভু যীশু খ্রীষ্ট স্বর্গ-হইতে প্রকাশিত হইয়া শত্রুদিগের দারুণ সর্ব্বনাশ করিবেন। আর অল্পবৎসরের মধ্যে কি অল্পদিনের মধ্যে হউক তুমি মরিলে তোমার জীবাত্মা যে স্বর্গেতে কিম্বা নরকেতে যাইবে ইহা নিশ্চয়। অতএব আমি ঐ সকল বিষয় তোমাকে স্মরণ করাইয়া পুনশ্চ মিনতি করিতেছি তুমি এই সকল মঙ্গল সমাচারের কথা গ্রহণ করিয়া খ্রীষ্টের আশ্রয় লও।

যে ব্যক্তি পূর্ব্বলিখিত বিনয় বাক্যেতে মন দিয়া খ্রীষ্টের পরিত্রাণ পথ গ্রহণ করে তাহারি কথা।

হে প্রভো, আমার পাপের কথা অধিক কি বলিব, আমি চিরদিন তোমার প্রতি ঔদাস্য করিয়া তোমার বিরুদ্ধে সহস্র ২ পাপ করাতে এক প্রকার তোমাকে পুনশ্চ ক্রুশেতে হতের ন্যায় যন্ত্রণা দিয়াছি। কিন্তু এক্ষণে তোমার চরণ ধরিয়া কহিতেছি, যাহাতে তোমার সহিত মিলন হয় এমন দাসত্বে

---

a rack, for six painful hours:— I beseech you, by that compassion for sinners, by that compassion for you, which wrought in his heart, and which led him to endure those unparalleled sufferings:—I beseech you, by the great expectation of that important day "when the Lord Jesus shall be revealed from heaven taking vengeance on them that obey not the gospel:" (2 Thess. i. 7.)—I beseech you finally, by your own precious and immortal soul; by the sure prospect of a dying bed, or of a sudden surprise into the invisible state; I affectionately entreat and beseech you, in the strength of all these united considerations, to make a resolute choice of Christ, and his appointed way of salvation.

The Sinner yielding to these Intreaties, and declaring his Acceptance of Salvation by Christ.

O gracious Redeemer! I have already neglected thee too long. I have too often injured thee; have crucified thee afresh by my guilt and impenitence, as if I had taken pleasure in "putting thee to an open shame." (Heb. vi. 6.) But my heart

নিযুক্ত থাকিয়া সর্ব্বদাই তোমার ইষ্ট কর্ম্ম করি এই আমার অন্তঃকরণের বাঞ্ছা। অতএব হে প্রভো আমাকে কি২ জানিতে হইবে এবং কি২ করিতে হইবে অনুগ্রহ পূর্ব্বক তাহার শিক্ষা দেও।

হে প্রভো, তোমার প্রতি ফিরিতে আমার কাছে তোমাকে আর মিনতি করিতে হইবে না, বরং আমি আপনাকে নাশ্য পাপী ও তুমি মাত্র পরিত্রাণ কর্ত্তা বুঝিয়া কাতরতা পূর্ব্বক তোমার কাছে পরিত্রাণ চাহিতেছি। তোমার কথাতে ভরসা রাখিয়া তোমার কৃপার অপেক্ষা করিতেছি। আর ধন্য প্রভো, আমি যে এক্ষণে পূর্ব্বের মত বাতুলতা না করিয়া কেবল তোমার আশ্রয় লইতে ব্যগ্র হইয়াছি, সে কেবল তোমার সহিষ্ণুতা হেতুক; কেননা আমার পূর্ব্বের সকল দুশ্চরিত্রতা তুমি যদি সহ্য না করিতা, তবে এতোদিনে কোনকালে আমি অনন্ত নরকগ্রস্ত হইতাম। অতএব হে প্রভো, এক্ষণে যেন আমি কামাদি রিপুদিগের কিম্বা

---

now bows itself before thee, in humble unfeigned submission. Teach me, O Lord, what thou wouldst have me to do; for I desire to learn the lesson, and to learn it that I may practise it.

No more, O blessed Jesus, no more is it necessary to beseech and entreat me. Permit me rather to address myself to thee, with all the importunity of a perishing sinner, that, at length, sees and knows "there is salvation in no other." (Acts iv. 12.) "I wait for the Lord; my soul doth wait; and in thy word do I hope," (Psalm cxxx. 5.) My soul confides in thy goodness, and adores it. I adore the patience, which has borne with me so long, and the grace that now makes me heartily willing to be thine. Ah! hadst thou not borne with my iniquities, long ere this should I have sunk into eternal misery. O secure this treacherous heart to thyself. O unite me to thee in such inseparable bonds, that none of the allurements of flesh and blood, none of the vanities of an insnaring world, none of the solicitations of sinful companions, may draw me back from thee, and plunge me into new guilt and ruin. "Be surety, O Lord, for

সাংসারিক কোন লোকদিগের লওয়ানিতে না ভুলিয়া জীবনের আকর যে তুমি, তুমি আমার প্রতিভূস্বরূপ হওয়াতে যেন স্বর্গ প্রাপ্তি পর্য্যন্ত সর্ব্বদা তোমার আশ্রয়ে থাকি, তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

৫ অধ্যায়।

মুক্তি দায়ক সুসমাচার অগ্রাহ্যকারি লোকদিগের সম্বোধন করিয়া পুনর্ব্বার নিবেদন করা যাইতেছে।

হে মনুষ্য সকল, পূর্ব্বপ্রকরণেতে মোক্ষবিষয়ক যে সকল কথা লেখা গেল তাহা শুনিয়াও তোমরা যদি সে সকলকে মনের মধ্যে তিলার্দ্ধ স্থান না দিলা, তবে আরবার কহাতে ফল কি? তবে সুতরাং তোমাদের নিকটহইতে বিদায় লওনের উদ্যোগ করিতে হইবেক। তথাচ বিদায় হওনকালে দুই একটি কথা কহি কেননা জানি কি, যদি ইহাতে ও

---

thy servant for good;" (Psalm cxix. 122.) that I may still keep my hold on thee, and so on eternal life; till at length I know more fully, by joyful and everlasting experience, how complete a Saviour thou art: Amen.

CHAP. V.

A SOLEMN ADDRESS TO THOSE, WHO WILL NOT BE PERSUADED TO FALL IN WITH THE DESIGN OF THE GOSPEL.

Many may, perhaps, be found, in the number of my readers, on whom neither considerations of terror, nor of love, will make any deep and lasting impressions; I can say no more to persuade them, if they make light of what I have already said. Here therefore we must part; in this chapter I must take my leave of them; and, O that I could do it in such a manner, as to

তোমাদের যৎকিঞ্চিৎ চেতনা জন্মে, এমন হইলেও হইতে পারে। (কিন্তু যদি হয় তবে বড় আহ্লাদের বিষয়) সে কেমন, না যেমন কোন চিকিৎসক আপনার একান্তস্নেহের পাত্র রোগির অসাধ্য রোগ দেখিয়া তাহাকে পরিত্যাগ করিয়া যায় বটে, কিন্তু কি জানি সাধ্যানুসারে চিকিৎসা করিলে যদি ভাল হয়, এমন আশাক্রমে সে যেমন একবার যায় আরবার ফিরিয়া আসিয়া নাড়ী ধরিয়া ও সাধ্যাসাধ্য লক্ষণ বিবেচনা করিয়া দেখে, এবং আর একবার ঔষধি ও খাওয়ায়, তেমনি জানিবা।

কিন্তু তোমরা তদ্বিষয়ে অমনোযোগ করাতে যে কেবল ঐ সকল কথা অগ্রাহ্য করিয়াছ তাহাতো নয় আমি এবং আমার পিতা উভয়কেই অবজ্ঞা করিয়াছ, এই যে কথা খ্রীষ্ট যিহূদীলোকদিগের প্রতি কহিয়াছিলেন তাহা আজি তোমাদের উপরে প্রয়োগ হইতেছে। ভাল বিবেচনা কর দেখি, পরমেশ্বরের নিকটে তোমাদিগকে অশেষ দোষী ও দণ্ডযোগ্য দেখিয়া যাহাতে সে দণ্ডহইতে মুক্ত হইতে পার এমন আশ্চর্য্য২ উপায় তোমাদিগকে সুস্পষ্টরূপে জানাইলাম,

---

fix, at parting, some conviction upon their hearts. Unhappy creatures! I quit you as a physician quits a patient whom he loves, and is just about to give over as incurable: he returns again and again, and re-examines the several symptoms, to observe whether there be not some one of them more favorable than the rest, which may encourage a renewed application.

In this case I see not what it can signify, to renew those expostulations and addresses which I have made in the former chapters. As our blessed Redeemer says of those who reject his gospel, "Ye have both seen and hated both me and my Father;" (John xv. 24.) so may I truly say with regard to you. I have endeavoured to shew you in the plainest and the clearest words, both Christ and the Father; I have urged the obligations you are under to both; I have laid before you your guilt and your condemnation; I have pointed out the only remedy;

অধিক কি বলিব? আপন পরিত্রাণের নিমিত্তে আমি যে পথ ধরিয়াছি তাহাই তোমাদিগকে দেখাইলাম। অতি প্রিয় মিত্র-দিগকে যে সুপরামর্শ দিতে হয় তাহা তোমাদিগকে দিয়াছি, ইহার পর উপকার ও বন্ধুত্ব ও প্রেম প্রকাশ আর কি আছে? কিন্তু তোমরা জানিয়া শুনিয়াও যদি ঈশ্বরের বাক্য অগ্রাহ্য কর, তবে ইহার যে প্রতিফল ঘটিবে, তাহা তোমাদিগকে অবশ্য ভোগ করিতে হইবে ইহা নিশ্চয় জানিবা। ভাল সে যাহা হউক, কিন্তু ফরওন রাজা মোশহের ভয় জনক চেতন বাক্যকে হেয়-জ্ঞান করিলেও তথাচ তিনি বিদায় হওনের সময়ে যেমন তাহার হিতের নিমিত্তে আগামি শাস্তি বিষয়ক কথা কহিয়াছিলেন, তেমনি তোমরা গ্রাহ্য কর কি নাইবা কর, আর মান কি নাই মান. আমিও তোমাদিগকে আর একটি কথা কহিয়া বিদায় হই। হে পরমেশ্বর, আমার এই শেষ বক্তব্য বাক্য যেন সফল হয়, ফলতঃ মেঘের গভীর গর্জ্জনেতে যেমন নিদ্রিত ব্যক্তিদিগের নিদ্রা ভঙ্গ হয়, তেমনি আমার এই কথাতে যেন পাপরূপ নিদ্রাতে ঘোরতর নিদ্রিত এই সকল লোকেরা জাগ্রত হইয়া পুনর্ব্বার তদ্রূপ নিদ্রিত না হয়, তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

I pointed out the rock on which I have built my own eternal hopes, and the way in which alone I expect salvation. I have recommended those things to you which, I would affectionately recommend to the dearest friends that I have upon earth, esteeming it the highest token of my friendship,—the surest proof of my love to them And if believing the gospel to be true, you resolve to reject it I have nothing farther to say, but that you must abide by the consequence Yet as Moses, when he went out from the presence of Pharaoh for the last time, in order to awaken a salutary fear, denounced upon him God's passing through the land in terror to smite the first-born with death, (Exod. xi 1—6) so will I sinner, now when I am quitting thee, speak to thee yet again, whether thou wilt hear, or whether thou wilt forbear' (Ezek ii 7) And, O that I could speak to purpose! O that I could thunder in thine ear such a peal of terror, as might awaken thee, never to be lulled by sin and its pleasures to sleep again.

অতএব হে পাঠক, তোমাকে বলিতেছি তোমার বল কি পাথরের বল ও তোমার মাংস কি পিত্তল? দেখ মনুষ্য মাত্রের যেমন সাংঘাতিক পীড়া হইবার সম্ভাবনা আছে, তেমনি তোমারও সাংঘাতিক রোগগ্রস্ত হওনের সম্ভাবনা আছে। অতএব যখন সে রোগেতে নিতান্ত দুর্ব্বল হইয়া উঠিবার শক্তি থাকিবে না, তখন কি করিবা? হয়তো এমন করিবা, বিস্ময়াপন্ন ও অত্যন্ত কাতর হইয়া নিকটস্থ লোকদিগের কাছে জিজ্ঞাসা করিবা, আমি পরিত্রাণের নিমিত্তে কি করিব? অথবা এমন মনে করিবা যে এ পুরাতন রোগহইতে অবশ্য রক্ষা পাইব: কিম্বা চিরদিন যে ধর্ম্মের আশ্রয়েতে আছি, এবং দানাদি যে সকল সৎকর্ম্ম করিতেছি তাহা হইতেই পরিত্রাণ পাইব এমন অসার জীর্ণ আশা অবলম্বন করিবা। এবং এমন হইতে ও পারে, তোমার জ্ঞাতি বৈদ্যাদি শয়তানের কুপ্রবৃত্তিদ্বারা নানা বিধ অমূলক প্রমাণ দিয়া এ আশার পুষ্টিপূরক হইবে।

কিন্তু এই সকল দুর্দ্দশার মধ্যে কোন দশা যদি তোমার ঘটে, অর্থাৎ অগ্নি হইতে প্রজ্বলিত কাষ্ঠের ন্যায় পরমেশ্বর যদি তোমাকে রক্ষা না করেণ, তবে মৃত্যু সময়ে ঘটিবে যে পূর্ব্বোক্ত মনো যন্ত্রণা সে পরকালের আগামি মহাক্লেশের সূত্র জানিবা।

O sinner, I tell thee "your strength is not the strength of stones, nor is your flesh of brass." (Job vi. 12) You are accessible to diseases, as well as others, and we shall soon see how you will behave yourself on a dying bed. You that now despise Christ, and trifle with his gospel, perhaps trembling and astonished, you will then be inquiring, in a wild kind of consternation, what you should do to be saved. Or, perhaps, we may see you flattering yourself that you shall still recover, or that your former slight attention to religion and good works will save you: and the cruel kindness of friends and physicians, as if they were in league with Satan to make the destruction of your soul as sure as possible, may perhaps abet this fatal deceit

And if any of these probable cases happen that is, in short unless a miracle of grace snatch you as a brand out of the burn

হায়২ সে যে কেমন দুঃখ তাহা আগে কে জানিতে পারে? ও কে বলিতে পারে? অর্থাৎ কি না যখন বন্ধুবান্ধব লোকেরা তোমাদের মৃত দেহ লইয়া গিয়া পোড়াইয়া ভস্মরাশি করিবে, তখন তোমার চিরজীবী জীবাত্মা কাহার আশ্রয় লইবে? হায়২ অসীম দয়া প্রকাশ করিয়া তোমার পরিত্রাণের নিমিত্তে আশ্চর্য্য উপায় সৃজন করিয়াছেন যে ঈশ্বর, তখন তাঁহার নিকটে যাওয়া, এবং তাঁহা হইতে অগ্রাহ্য হওয়া, সে যে কেমন ভয়ানক তাহা তখনি জানিতে পারিবা এবং তুমি যাঁহার কথা তুচ্ছ করিয়াছ সেই অদ্বিতীয় ত্রাণকর্ত্তা খ্রীষ্টের হস্তগত হওয়াতে যখন তোমাকে নারকীয় শয়তানের হস্তে সমর্পিত হইবা, তখন সে কেমন দুঃখের বিষয় হইবে তাহারো আস্বাদন পাইবা। এবং বিচার-দিবসে খ্রীষ্ট বড় বিচারিত হইলে পর যখন তিনি স্বর্গারোহণ করিবেন, তখন তুমি পাপিষ্ঠ প্রযুক্ত তাঁহা হইতে ত্যজ্য হইয়া অগ্নি সংযুক্ত অতলস্পর্শ নরকে মগ্ন হওয়াতে ও অমর ক্রিমিসমূহের দংশনে যে কেমন অসীম দুঃখ তাহাও তখন নিরুপায় হইয়া বিলক্ষণরূপে জানিতে পারিবা।

ing, all these gloomy circumstances will be but the forerunners of infinitely more dreadful things. O who can describe them? Who can imagine them? When surviving friends shall lay the breathless corpse, to consume away in the dark and silent grave: into what hands, O sinner, will thy soul be fallen! It shall then know what it is to return to God, to be rejected by him, as having rejected his gospel; and that such a one so amazingly condescending and gracious. Thou shalt know also what it is to be disowned by Christ, whom thou hast refused to entertain, and what it is, as the certain and immediate consequence of that, to be left in the hands of the malignant spirits of hell. And when the judge shall rise from his tribunal with majestic composure, and leave thee to be hurried down to those everlasting burnings, to which his righteous vengeance hath doomed thee, because thou wouldest not be saved from them, thou wilt know when it is too late what is the sorrow that awaits impenitent sinners.

হে পাঠক, পাপ পরিণামেতে এ প্রকার দুঃখ অবশ্যই ঘটিবে; ২ অতএব তুমি দেহবিশিষ্ট থাকিতে ২ এখনো তোমার কিঞ্চিৎ উপায় আছে, এই জন্যে তোমার জীবাত্মা উপরে স্নেহ-প্রযুক্ত তোমাকে হঠাৎ ত্যাগ করিতে পারি না; যদ্যপি পাপ-দ্বারা তুমি হতবুদ্ধি হইয়া আমার এই হিতচেষ্টাকে অহিত জ্ঞান করিতেছ, তথাপি সহসা তোমার প্রবোধ জন্মাইতে ক্ষান্তহইতে পারি না, বরং সাধ্যানুসারে তোমার মঙ্গল চেষ্টাই করিতে হইবে। আর তুমি পাঠ করিবা, এই অভি-প্রায়েতে কোন প্রার্থনা রচনা করা যে অনর্থক পরিশ্রম, তাহা-তো আমি জানি; কেননা তুমি তো বিবেচনা করিবা না ও প্রার্থনাও করিবা না, কিন্তু ইহা জানিলেও তথাচ তোমার মঙ্গলের নিমিত্তে এই ২ প্রার্থনা করিব।

পূর্ব্বলিখিত পাপ বিষয়ে অননুতাপি ব্যক্তিদের পক্ষ পরমেশ্বরের নিকটে প্রার্থনা।

হে সর্বশক্তিমন পরমেশ্বর, এই জগতে তোমার অসাধ্য কর্ম্ম কিছুই নাই, ইহা জানিয়া এই নিবেদন করিতেছি যে এই একটি অমূল্য অমর জীবাত্মা আপনার দুর্বুদ্ধিতে স্বেচ্ছাধীন

This will most assuredly be the end of these things: but so long as there is life there is hope. Compassion there fore for your precious soul, forbids, that I should hastily leave you. Sin, alas! has sadly darkened your mind, and consequently you are ready to count me your enemy: but in this you are mistaken, and therefore I cannot cease to seek your good in every possible way. It would signify nothing here to add a prayer or a meditation for your use. Poor creature, you will not meditate! you will not pray! Yet I will, nevertheless, apply myself to God for you, unhappy creature, in such cordial, though broken petitions, as these.

A Prayer in behalf of an Impenitent Sinner, in the case described above.

Almighty God! with thee all things are possible: (Matt. xix. 26.) to thee therefore do I humbly apply myself in

পাপানলেতে দগ্ধ হইতেছে, তাহা দেখিয়া আমি তোমার মুক্তি-দায়ক বচনদ্বারা তাহাকে যে প্রকার সুস্পষ্ট করিয়া বুঝাইয়াছি সে সকল তোমার অগোচর নাই; তথাচ সে যদি সচৈতন্য না হইয়া পাপেতে ডুবিয়া মরে, তবে তাহার রক্তের নিশা যেন আমাকে না করিতে হয় ইহা তুমি স্মরণে রাখিও।

কিন্তু হে দয়াময় প্রভো, সে ব্যক্তি পাপবিষয়ে খেদিত না হইয়া এ প্রকার কঠিন অন্তঃকরণ করিয়া থাকিলেও তথাচ তাহার প্রতি দয়া কর যেন তোমার অনুগ্রহের প্রভাবেতে তাহার পাষাণের ন্যায় অন্তঃকরণ গলিয়া দ্রব হওয়াতে তাহার চেতনা জন্মে। হে প্রভো পাপদ্বারা উচ্ছিন্ন হইতে তাহার যে অল্পদিন বাকি আছে ইহাতো তুমি দেখিতে পাইতেছ। অতএব যদি তোমার অভিমত হয় তবে যাহাতে সে অপার নরকসাগরেতে মগ্ন না হয়, এবং তোমারো অনুগ্রহের মর্য্যাদার বৃদ্ধি হয় এ জন্যে তোমার অসীম প্রেম ও জ্ঞানানুসারে এমন কোন এক উপায় শীঘ্র কর; কিন্তু যদিও এই

---

behalf of this dear immortal soul, which thou here seest perishing in its sins, and hardening itself against the everlasting gospel. Thou art witness, O blessed God, thou art witness to the plainness and seriousness with which thy message has been delivered. Be pleased, therefore, to record it in the book of thy remembrance, that so, "if this wicked man dieth in his iniquity, after the warning has been so plainly and solemnly given him, his blood may not be required at my hand." (Ezek. xxxiii. 8, 9.)

But O that, after all this hardness and impenitence, thou wouldst still be pleased, by the sovereign power of thine efficacious grace, to awaken and convert him. O that, in thine infinite wisdom and love, thou wouldst find out a way to interpose, and save this sinner from death, from eternal death! O that, if it be thy blessed will, thou wouldst immediately do it: thou knowest, O God, he is a dying creature: thou knowest, that if any thing be done for him, it must be done quickly. Glorify thy name, O Lord, and glorify thy grace in the method which to thine infinite wisdom shall seem most expedient! Only grant, I

ব্যক্তি তাহাতে হত শ্রদ্ধা করে, তথাপি আমার এ পরিশ্রম যেন বিফল না হয় এ নিমিত্তে অন্য কাহাকেও ইহাতে মনোযোগ করাও। তোমার অভিমত অপেক্ষা করিয়া খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

৬ অধ্যায়।

পরমেশ্বরের বিরুদ্ধে পাপকর্ম্ম করিয়া নিতান্ত ভীত হওয়াতে খ্রীষ্টের নিকটে আসিতে যাহার ভরসা হয় না তাহার প্রতি নিবেদন।

এমন অপূর্ব্ব মোক্ষজনক মঙ্গল সমাচার শুনিলেও যাহারা সে কথা অবহেলা করিয়া আপন সর্ব্বনাশ স্বীকার করে তাহাদের প্রতি আর কহিয়া ফল কি? তবে ঐ সুসমাচারেতে যাহাদের শুশ্রূষা আছে তাহাদের প্রতি আহ্লাদ পূর্ব্বক কহিতেছি। কিন্তু বোধ হয় কিঞ্চিৎ চেতনার উদ্রেক হইবা মাত্রে কেহ২ অতি দুঃখিত হইয়া এই রূপ কহিবে, আহা২

---

beseech thee, with all humble submission to thy will, that this sinner may be saved! or if not, that the labour of this part may not be altogether in vain; but that if some reject it to their aggravated ruin, others may hearken and live! Amen.

CHAP. VI.

AN ADDRESS TO A SOUL SO OVERWHELMED WITH A SENSE OF THE GREATNESS OF ITS SINS, THAT IT DARES NOT APPLY ITSELF TO CHRIST WITH ANY HOPE OF SALVATION.

I HAVE now done with those unhappy creatures who despise the gospel, and with those who neglect it. With pleasure do I now turn myself to those who will hear me with more regard. It is very possible some afflicted creature may be ready to cry out, "It is enough: aggravate my grief and my distress no more. 'Mine iniquities have gone up unto the heavens,' (Rev. xviii. 5.)

আর কহিওনা ২, আর আমাকে দুঃখ দিও না, আমার মত নিতান্ত দোষী যে জগতে নাই ইহা বিলক্ষণ বুঝিয়াছি। আমার পাপ স্বর্গ পর্য্যন্ত উঠিয়াছে, আমাকে ধিক ২, আমি কি কুকর্ম্ম করিয়াছি। ঈশ্বর আমাকে জ্ঞানদিবার নিমিত্তে আশ্চর্য্য পথ করিয়া সহস্র ২ বার ডাকাতে কিপর্য্যন্ত অনুগ্রহ প্রকাশ করিয়াছেন, হায় ২ তথাচ আমার এমনি কঠিন প্রাণ যে তাহা শুনিয়াও আমি তাঁহার প্রতি না ফিরিয়া আরো বিরুদ্ধ কর্ম্ম করিয়াছি। হায় ২ এখন ত্রাণ পাইবার ভরসা কি প্রকারে করিব তাঁহার সম্মুখে আর কি প্রকারে মুখ দেখাইব, তিনি আজিপর্য্যন্ত আমাকে নরকে না ডুবাইয়া আমার পরিত্রাণের নিমিত্তে আশ্চর্য্য সুসমাচার দিতেছেন বটে, তথাপি আমি যে নিতান্ত বাঁচিব এমত আমার বোধ গম্য হয় না; আমার সহিত তাহার সম্পর্ক কি যে আমি তাঁহার এমন অনুগ্রহের পাত্র হই।

ভাল হে পাঠক, তুমি যে এখন এই প্রকার খেদ বাক্য কহিতেছ তাহা কহিতে পার, কিন্তু ভয় করিও না; তুমি যেমন নিরাশ হইয়াছ এমন কতো২ লোক মুক্তিবিষয়ে তদ্রূপ হইলেও তথাপি তাহারা পরিত্রাণ পাইয়াছে। অতএব

Surely there never was so great a sinner as I. I have received so many mercies, have enjoyed so many advantages, I have heard so many invitations of gospel grace; and yet my heart has been so hard, that instead of repenting of my sins I have added provocation to provocation, so that now, how can I hope for mercy! How can I lift up my head in his presence! It is wondrous that God hath supported me thus long; that after so many years of wickedness, I am yet out of hell! How can I expect, considering all my rebellion, that he will receive me to favour! What am I that he should deal thus with me!"

If such be the state of your mind, O reader, I would mention *for your encouragement that in this you are not singular*: many who now are in the number of the most established, cheerful, and useful Christians, have been exercised in a similar way.

পরমেশ্বরের কৃপাতে তুমি ও তাহাদের মত মুক্তিপদ পাইয়া তদ্রূপে আনন্দিত হইতে পারিবা; কিন্তু সম্প্রতি তোমাকে যাহা বলি তাহাতে মনোযোগ কর।

তুমি কহিতেছ, আমি ঈশ্বরের বিরুদ্ধে অসীম পাপ করিয়াছি আমার গতি কি হইবে? ভাল আমি একটা কথা জিজ্ঞাসা করি, খ্রীষ্টের রক্ত পাতদ্বারা যাহার মোচন হয় না এমন কি কোন পাপ আছে? এবং খ্রীষ্ট যাহাকে উদ্ধার করিতে পারেন না এমন কি মহা পাতকী কেহ আছে? যদি তুমি উত্তর দেও হাঁ পাপিকে উদ্ধার করিতে তাঁহার সম্পূর্ণ ক্ষমতা আছে এ কথা সত্য বটে, কিন্তু আমাকে যে তিনি দয়া করিয়া পরিত্রাণ করিবেন এতো বড় ভরসা আমার হয় না। তবে আমি জিজ্ঞাসা করি তোমার ভরসা হয় না কেন, তিনি কি তোমার মত মহাপাতকির পরিত্রাণ কখন করেন নাই? দেখ তিনি পরিত্রাণ গ্রহণার্থে কাহাকে না ডাকিয়াছেন? তোমাকেও সহস্র২ বার ডাকিয়াছিলেন এবং এখনো ডাকিতেছেন। যথা, হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, তোমরা আমার কাছে আইস আমি তোমাদিগকে বিশ্রাম দিব। হে পিপা-

---

And I hope divine grace will add you to the rest, and eventually enable you to "look with confidence towards his holy temple." (Jonah ii. 4.)

And therefore, gloomy as your apprehensions are, I would ask you plainly, do you in your conscience think, that Christ is not able to save you? What, is he not able to save even "to the uttermost, them that come unto God by him!" (Heb. vii. 25.) Yes, you will say, abundantly able to do it; but I dare not imagine that he will do it. And how do you know that he will not? He has helped the very greatest sinners of all that have yet applied themselves to him: and he has made the offers of grace and salvation in the most engaging and encouraging terms. His language is, "*Come unto me, all ye that labour and are heavy laden, and I will give you rest:*" (Matt. xi. 28.) "Let him that is a thirst come, and whosoever will, let him take of the water of life freely." (John vii. 37.)

সিত লোক সকল, তোমরা আমার নিকটে আসিয়া বিনামূল্যে অমৃত পান কর।

অতএব হে দুঃখি পাঠক, যিনি পাপিদের পরিত্রানের নিমিত্তে নিজশরীরের রক্তপাত পূর্ব্বক এতো স্নেহ করিয়া ডাকিতেছেন এমন দয়াময় তারক নাথের নিকটে যাইতে শঙ্কা কি আছে। বরং পাপ ভারেতে যদি তোমার প্রাণ ওষ্ঠাগত হইয়া থাকে, তবে এখনি গিয়া তাঁহার চরণে ঐ প্রাণ সমর্পণ কর, তাহাতেই তোমার প্রাণ রক্ষিত হইবে; কেননা তাহা বাঁচাইবার জন্যে তিনিতো আপন প্রাণ বলিদান করিলেন। অতএব হে মনুষ্য এখনি তাঁহার কাছে যাও, এবং বিলম্ব না করিয়া ভক্তিরূপে তাঁহার সাক্ষাতে আপন মনের কথা নিবেদন কর, তবেই তিনি তোমাকে রক্ষা করি-বেন। আর তোমার পাপ বাহুল্য থাকাতে যে কিছু ভয়ের বিষয় আছে এমন সন্দেহও করিও না, বরং পাপের আধিক্য প্রযুক্ত প্রচুর অনুগ্রহ পাইবা।

পূর্ব্বলিখিত ভরসাজনক বাক্য শ্রবণ করাতে পাপক্ষমা পাইবার নিমিত্তে খ্রীষ্টের নিকটে গমনে উদ্যত ব্যক্তির প্রার্থনা।

হে আমার অন্তঃকরণ, তুমি এই সকল কথাতো শুনিলে

Why then shouldest thou fear to go to him? O distressed soul, whom dost thou dread? To whom dost thou tremble to approach? Is it not thy Redeemer, the Lamb that was slain to put away thy sin, that inviteth thee to come? If thou carry thy soul, almost sinking under the burden of its guilt, to lay it down at his feet, what dost thou offer him, but the spoil which he bled and died to recover and possess? Go then to him directly, and fall down in his presence, and plead thy misery. Go, and be assured of salvation, and that "where sin hath abounded, there grace shall much more abound." (Rom. v. 20.)

REFLECTIONS *on these Encouragements, ending in a humble and earnest Application to Christ for Mercy.*

O MY soul, what sayest thou to these things? Is there not

এখন তোমার কেমন বোধ হয়। খ্রীষ্ট যে আমাকে রক্ষা করিবেন, এমন ভরসা হয় বটে; আর খ্রীষ্টের তারক ব্রহ্মনাম ব্যতিরেকে যে অন্যকোন নাম দ্বারা এ মহাশঙ্কট হইতে উদ্ধার হওয়া যায় না ইহাও সজ্ঞান হইতেছে বটে। ভাল এমন যদি হইল তবে তাঁহার নিকটে না গেলে যে নিতান্ত সর্ব্বনাশ ঘটিবে ইহা জানা যাইতেছে। আর গেলেও যদি আমার প্রার্থনা না শুনেন তবে মরিতে হইবে। কিন্তু কি জানি যদিও শুনেন তবেতো আমার প্রাণ বাঁচিবে। অতএব আমি তাঁহার কাছে যাইব, বরং তিনি যে আমার নিকটে উপস্থিত আছেন ইহা জানিয়া তাঁহার সংমুখে দণ্ডবত্‌ হইয়া আমি যে নারকী মনুষ্য ইহা স্বীকার পুর্ব্বক পরিত্রান যাচ্ঞা করিব।

ধন্য২ যীশু, তুমি যে দীনহীন দরিদ্র পাপিষ্ঠ লোকদিগের ত্রাণের নিমিত্তে জগতে এতো প্রেম প্রকাশ করিয়াছ তাহা শুনিয়া বড় আশা করিয়া তোমার নিকটে আসিয়াছি; কেননা আমি ঘোরতর নরকযোগ্য হইলেও তুমি আমাকে রক্ষা করিতে পার ইহা প্রত্যয় করি। অতএব ভয় ও লজ্জান্বিত হইয়াও তোমার চরণেতে শরণাপন্ন হইলাম

---

at least a possibility of *help from Christ?* *And is there a* possibility of help any other way? Is any other name given under heaven, whereby we can be saved? I know, "there is none." (Acts iv. 12) I must then say, like the lepers of Israel, (2 Kings vii. 4) If I sit here, I perish; and if I make my application in vain, I can but die. But peradventure he may save my soul alive. I will, therefore, arise, and go unto him; or rather, believing him here, by his spiritual presence, sinful and miserable as I am, I will this moment fall down on my face before him, and pour out my soul unto him.

Blessed Jesus, I present myself unto thee, as a wretched creature, driven by necessity to do it, yet encouraged by the mercy which thou hast shewn to a sinful world. I am fully convinced, that my sins and my follies have been inexcusably great. And yet, I trust they do not exceed thy mercy, and the

হে সর্ব্বশক্তিমান্ প্রভো, এখন রক্ষা করিতে হয় কর, যদি না কর তবে তোমার চরণ ধরিয়া মরির। আমার যে কতোবড় পাপ ও কেমন কুবুদ্ধি, তাহাতো তোমার অগোচর নাই, তুমি সর্ব্বজ্ঞ সকলি জান; অতএব আপন দোষ ক্ষালনের নিমিত্তে মিথ্যা কথা কহিতে পারি না আর কহিতে ও চাহি না। তুমি যে প্রকার আমাকে দোষী জ্ঞান করিবা তাহা আমি আপনাহইতেই স্বীকার করিতেছি। কিন্তু হে প্রভো তুমি আমার মত কতশতশত পাপী ও অযোগ্য লোককে মুক্ত করিয়াছ। অতএব হে দয়াসাগর যীশু আমার প্রাণ বহু মূল্য জ্ঞান করিয়া যাহাতে অসহ্য নরকযন্ত্রণা হইতে রক্ষা পায় এমন অনুগ্রহ কর। এবং যেমন পৃথিবীতে পরিত্রাণ যাচক অনেককে কহিয়াছ, তোমার পাপ মোচন হইয়াছে তুমি নিরুদ্বেগে যাও, তেমনি তোমার পবিত্রাত্মাদ্বারা তোমার অনুগ্রহ প্রকাশ করিয়া আমার মনকে নির্ভয় কর, তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

---

efficacy of thy blood. And therefore breaking through all the opposition of shame and fear that would keep me from thee, I come and lie down as in the dust before thee. O Lord, save me if thou wilt, but if I must die, it shall be submitting and owning the justice of the fatal stroke, laying myself down at thy footstool. Thou knowest, O Lord, all my sins and all my foolishness. I cannot, and I would not disguise them before thee. Accuse me, Lord, as thou pleasest, and I will plead guilty to all thine accusations. Many sinners like me have received a full pardon, have met with favour even beyond their hopes. Have mercy upon me also, O most gracious Redeemer, "have mercy upon me, and let my life be precious in thy sight!" (2 Kings i. 14.) O do not resolve to send me down to a state of final misery and despair. Speak, Lord, by thy blessed Spirit, and banish my fears! Look unto me with love and grace in thy countenance, and say to me as in the days of thy flesh thou didst to many a humble supplicant, "Thy sins are forgiven thee, go in peace."

---

৭ অধ্যায়।

পাপবিষয়ে খেদ এবং খ্রীষ্টেতে যথার্থ বিশ্বাস আমার আছে কি না, এমৎ সন্দেহকারির সন্দেহভঞ্জন করণ।

হে পাঠক, পূর্ব্বলিখিত মুক্তি বিষয়ের গুরুতর বাক্যসকল পাঠ করাতে এখন যে তোমার কিঞ্চিৎ চেতনার উদ্রেক হইয়াছে আমার এমত ভরসা হইতেছে বটে; কিন্তু কি জানি এরূপ শান্তিদায়ক প্রকৃত কারণ নিকটে থাকিলেও তথাচ পাছে মন-হইতে একটা ভ্রান্তি তুলিয়া বিপথ গামী হও, ঐ বড় ভয় আমার মনেতে হইতেছে, এবং তোমারো মনেতে যেন ঐভয় জাগৃত থাকে। অতএব পরামনন বিষয়ে সূক্ষ্মরূপে তোমার অন্তঃকরণের পরীক্ষা কর এই মিনতি করি, কেন না আমি অনেক২ লোককে এমন দেখিয়াছি যে শ্মশান বৈরাগ্যের ন্যায় কিঞ্চিৎ চেতনার উদ্বোধ হওয়াতে একবার মহাপাপ বিষয়ে খেদিত হইলেই তাহাদের মন ফিরিয়াছে, ইহা যে তাহারা জ্ঞান করে তাহা কেবল নয় মুখেতে ও বলে, যে এখন আমরা খ্রীষ্টের মুক্তি বিষয়ের অংশী হইয়া পরমেশ্বরের মনোনীত লোক হইয়াছি। আর তাহাদের

CHAPTER VII.

THE DOUBTING SOUL MORE PARTICULARLY ASSISTED IN ITS INQUIRIES AS TO THE SINCERITY OF ITS FAITH AND REPENTANCE.

IN consequence of all the serious things which have been said in the former chapters, I hope it will be no false presumption to imagine. that some religious impressions may be made on your heart. Yet I am very sensible, and I desire that you may be so, how great danger there is of self-deception on this important head ; and consequently of falling short of real conversion. Now that this may not be the case with you, give me leave to lead you into a serious inquiry into your own heart ; that so you may be better able to judge of your case, whether you are become indeed a member of the kingdom of heaven. I say this because I have known many persons who through fear of death,

দৃষ্টান্ত ধর্ম্মপুস্তকেও লিখিত আছে, সে কি না যেমন পাষাণ স্থলেতে বীজ বপন করিলে হঠাৎ অঙ্কুরিত হইয়া বর্দ্ধিত হয়, কিন্তু অল্পদিনের মধ্যে সূর্য্যকিরণে মূল শুষ্ক হইয়া মরিয়া যায়; তেমনি তাহারা পরিত্রাণের সম্বাদ শুনিবামাত্রে তাহা মহানন্দপূর্ব্বক গ্রহণ করে, কিন্তু শেষে কোন ক্লেশ ও তাড়না উপস্থিত হইলেই পরিত্যাগ করে। অতএব হে পাঠক, পাছে তুমি তাদৃশ ভ্রান্তিতে ভ্রান্ত হইয়া স্বর্গ পাইবার লোভেতে নরকে গিয়া মগ্ন হও, এই জন্যে আমি তোমাকে জিজ্ঞাসা করি পাপবিষয় এবং খ্রীষ্টের বিষয় তোমার মনেতে এখন কেমন বোধ হয়?

তুমি আপনি সত্যপথে আছ কি না আর এখন তোমার মনের অবস্থাই বা কেমন তাহা সুস্থির হইয়া বিবেচনা কর। ভাল প্রথমতঃ পাপবিষয়ে তোমার কেমন বোধ হইতেছে বলদেখি? পূর্ব্বে তোমার পাপ অতি সুমিষ্ট ও সন্তোষের বিষয় থাকাতে তুমি তাহাতে রত ছিলা, কিন্তু তাহা যে এক্ষণে কেবল কালসর্পের ন্যায় অতি ভয়ানক বিষয় উপলব্ধি হইতেছে ইহার কারণ কি? কোন চোর যেমন রাজা কর্ত্তৃক প্রাণদণ্ডের আজ্ঞা প্রাপ্ত হইলে মৃত্যুর ভয়েতে প্রতিজ্ঞা

&c. having felt some warm emotions in their minds respecting sin, concluded that they were truly converted; nay, went so far as to express the conviction that they were the partakers of Christ, and the chosen of God; but, alas! as in the parable of the sower, the seed that fell upon stony ground soon sprung up, but through want of earth and the scorching heat of the sun, as soon withered away, so persecution soon withered their joys, and blasted their vain pretensions. Therefore, to excite within you a salutary fear respecting self-deception, and to assist you in judging of your state, give me leave to ask you, what views you have had, and now have, of sin, and of Christ?

To ascertain, therefore, whether you are in the way of salvation or not, and what is the present state of your mind inquire seriously, in the first place, What views you have had of sin, and what are the sentiments you entertain with regard to it: there was a time when it wore a flattering aspect, so that all your heart was charmed with it, and it was the very

করে, যে আমি এমন কর্ম্ম আর কখনো করিব না, কিন্তু তাহাকে মুক্ত করিলেই সে আরবার সেই দুরীতেই প্রবৃত্ত হয়? তেমনি অসহ্য নরক যন্ত্রণার ভয়েতে কি তুমি পাপ পরিত্যাগে প্রতিজ্ঞা করিয়াছ? না পাপদ্বারা ঈশ্বরের মহা অপমান করাতে দুঃখিত হইয়া তদ্বিষয়ে ক্ষান্ত হইয়াছ? ইহার কি উত্তর দেও? তদ্ভিন্ন আরো জিজ্ঞাসা করি ঐ যে প্রতিজ্ঞা করিয়াছ সে কাহার শক্তিতে? আপন শক্তিদ্বারা কি পরমেশ্বরের অনুগ্রহ অবলম্বন করিয়া করিয়াছ? আর কিসের জন্যেইবা তাহা করিয়াছ, কিঞ্চিৎ পাপ দমনের নিমিত্তে, না পাপকে সমূলে একেবারে উৎপাটন করিবার জন্যে? আরো এক্ষণেইবা সে প্রমাণে কর্ম্ম করিয়া থাক কি না? যদ্যপি করিয়া থাক তবে সে পাপবিয়ক্তে পরামনম করাতে কিছু ফল দর্শিয়াছে কি না? তাহাও জিজ্ঞাসি; বিশেষতঃ ঈশ্বরের বিরুদ্ধে পাপ করিয়াছ বলিয়া কেবল খেদমান আছ? না তদ্বিষয়ে ক্ষান্তহইয়া পরমেশ্বরের ইষ্টকর্ম্ম করিতে প্রবৃত্ত হইয়াছ? আর কোনবঞ্চক কর্ত্তৃক বঞ্চিত হইলে

---

business of your life to practise it. But you have since felt it "bite like a serpent, and sting like an adder." (Prov. xxiii. 32.) You have beheld it with an abhorrence, far greater than the delight which it ever gave you. So far it is well. Let me therefore inquire farther, Whence arose this abhorrence? Was your hatred of it like what is felt by a condemned culprit in the prospect of death, and which vanishes when the fear of death is past? Was it merely because you had thereby brought condemnation and ruin upon your own soul? Was there no sense of its deformity, of its baseness, of its malignity, as committed against the blessed God? And as or those purposes which have arisen in your heart against it, let me beseech you to reflect, how they have been formed, Were they in your own strength or in reliance upon God? Have they been resolute? When you declared war with sin, was it with every sin? And are you accordingly active in your endeavours to subdue and destroy it? If so, what are "the fruits worthy of repentance which you bring forth?" (Luke iii. 8.) does not, I hope, all flow away in floods of grief. Have

সে ব্যক্তি যেমন সর্ব্বদা তাহার প্রতি সতর্ক থাকে, তেমনি তোমাকে কুপথগামী করিয়াছিল যে সকল বিষয়, তাহার প্রতি তুমি এখন সতর্ক আছ কি না? তদ্ভিন্ন ভার পরিত্যাগ না করিলে যেমন দৌড়িয়া যাওয়া যায় না, তেমনি ধর্ম্মপথে যাইতে হইলে পাপরূপ ভার যে পরিত্যাগ করিতে হইবে তাহাও বিবেচনা করিয়াছ কি না?

অধিকন্তু খ্রীষ্ট কহিয়াছিলেন, আমি পৃথিবী হইতে উত্তোলিত হইলে সমস্ত মনুষ্যকে আপনার নিকটে আকর্ষণ করিব। তদ্ভিন্ন আরো কহিয়াছিলেন, তোমরা আমার প্রতি দৃষ্টি কর তাহাতেই তোমাদের পরিত্রাণ হইবে। অতএব তুমি তাঁহার নিকটে গমন করাতে যেমন চুম্বক প্রস্তর দ্বারা লৌহ আকর্ষিত হয় তেমনি তাঁহার প্রেমদ্বারা তোমার মন আকর্ষিত হইয়াছে কি না? এবং তাঁহাকে অদ্বিতীয় ত্রাণকর্ত্তা জানিয়া তুমি তাঁহার প্রতি দৃষ্টি করিয়াছ কি না? আর তাঁহার নিকটে গেলে যে বিশ্রাম পাওয়া যায় তোমার সে বিশ্রাম বোধ হইয়াছে কি না? এবং আরো একটা কথা জিজ্ঞাসা করি পারমার্থিক ভাবে মনুষ্য পুত্রের মাংস ভোজন ও তাঁহার রক্তপান

---

you "ceased to do evil?" Are you "learning to do well?" (Isaiah i. 16, 17.) Do you watch also against the things that have ensnared you, as those are accustomed to watch who have been before deceived? And do you particularly double your guard against "that sin which does most easily beset you." (Heb. xii. 1.) Is it laid aside, that the Christian race may be run; laid aside, with a firm determination that you will return to it no more?

Our Lord says, "Look unto me, and be ye saved:" (Isaiah xlv. 22.) He says also, "If I be lifted up, I will draw all men unto me." (John xii. 32.) Have you looked to him as the only Saviour? Have you been drawn unto him by that sacred magnet, the attracting influence of his dying love? Do you know what it is to come to Christ as a poor weary and heavy-laden sinner, that you may "find rest?" (Matt. xi. 21.) Do you know what it is, in a spiritual sense, to "eat the flesh and drink the blood of the Son of man;" (John vi. 53.) that is, to

করার ভাবার্থ কি, ইহা তোমার বোধ হইয়াছে কি না? বিশে- যত অনাহারী হইলে যেমন খাছেতে ইচ্ছা হয় তেমনি যিনি ক্রুশেতে হত হইলেন এমন যে যীশু তাহাকে তোমার মনের অবলম্বন বোধ করিয়া তাহার অনুগ্রহেতে ইচ্ছুক আছ কি না? আর প্রভুযিশু খ্রীষ্ট তোমার অন্তঃকরণকে যেন নির্ম্মল করিয়া স্বর্গাধিকারির যোগ্য করেন এই অভিপ্রায়েতে প্রেম পূর্ব্বক তাঁহাতে সর্ব্বস্ব সমর্পণ করিয়া তাঁহার বশীভূত থাকিতে তোমার সম্পূর্ণ মানস আছে কি না? ইহা যদি থাকে তবে শয়তানের ও পাপের বশতা হইতে মুক্তহইয়া খ্রীষ্টের মরণ দ্বারা তোমার সমুদয় পাপ ক্ষমা হওয়াতে তুমি যে তাহার এক জন ত্রাণাধিকারী ও প্রিয় পাত্র হইযাছ ইহা জানিয়া আমি ও তোমাকে গ্রহণ করিতে পারি এবং শান্তি- দায়ক মঙ্গল সমাচার ও শ্রবণ করাইতে পারি।

কিন্তু যদি এতদ্বিষয়ে তোমার কিছুই অনুভব না হইয়া থাকে, তবে এইপর্য্যন্ত অননুতাপী অভক্তের মধ্যে গণিত হইয়া ত্রাণের সহিত নিঃসম্পর্ক হওয়াতে ঈশ্বরের মহাক্রোধের

---

look upon Christ crucified as the great support of your soul, and to feel a desire after him, earnest as the appetite of nature after its necessary food? Have you known what it is cordially to surrender yourself to Christ, as a poor creature whom love has made his property? Have you committed your immortal soul to him, that he may purify and save it? If this be the case, then I can with great pleasure salute and embrace you as a sincere disciple of the Lord Jesus Christ, as one who is "delivered from the powers of darkness, and is translated into the kingdom of the Son of God." (Col. 1. 13.) I can then salute you in the Lord, as one to whom he hath said in his gospel, "Your sins are forgiven you;" (Luke vii. 48.) therefore go in peace, and take the comfort of it.

But if you are a stranger to these experiences, and to this temper which I have now described, the great work is yet undone; you are an impenitent and unbelieving sinner, and "the wrath of God abideth on you." (John iii. 36.) However you may have been awakened and alarmed, whatever resolution

পূর্ণপাত্র তোমাকে হইতে হইবে। এক্ষণে যদ্যপি পাপবিষয়ে তোমার চৈতন্য হওয়াতে ভয়প্রযুক্ত পাপকে পরিত্যাগ করিব, বারবার এমন প্রতিজ্ঞা করিতেছ, এবং পরিত্রাণের যে প্রকৃত উপায় তাহাও বলিতে পার, এবং তুমি যে কাহারো প্রতি কোন হিংসাদি দোষ করিতেছ না; তথাচ যেপর্য্যন্ত কৃত-পাপ প্রযুক্ত একান্ত নম্রমনা না হইয়া পরমেশ্বরের অপ্রিয় কর্ম্ম একেবারে পরিত্যাগ না করিবা, তাবৎ কোন সান্ত্বনার কথা আমি তোমাকে কহিতে পারি না। এবং খ্রীষ্ট ব্যতিরেকে আমি বিনষ্ট হইব যে পর্য্যন্ত তোমার এমন বোধ না হওয়াতে বিশ্বাস পূর্ব্বক খ্রীষ্টের হস্তে আপন সর্ব্বস্ব সমর্পণ করিতে না পারিবা; এবং আপনাকে পরমেশ্বরের কৃতদাস জ্ঞান করিয়া তাঁহার আজ্ঞা প্রমাণে তাবৎ কর্ম্ম নিষ্পাদন পূর্ব্বক তাহার বশতাপন্ন থাকিতে স্থির প্রতিজ্ঞা না করিবা; এবং আপনাকে অকর্ম্মণ্য দাসজ্ঞান করিয়া কেবল খ্রীষ্টের কর্ম্মের উপরে নির্ভর দিয়া যদি স্বর্গের অপেক্ষা না কর; তবে তুমি যে পরিত্রাণের আশা করিতেছ, সে সকলি বৃথা জানিবা। যেমন নদীকূল স্থিত বৃক্ষ বন্যা আইলে সমূলে

---

you may have formed for amending your life, how right soever your notions may be, how humane soever your temper, how inoffensive soever your life may be, I can speak no comfort to you. Vain are all your religious hopes, if there has not been a cordial humilation before the presence of God for all your sins; if there has not been this avowed war declared against every thing displeasing to God; if there has not been this sense of your need of Christ, and of your ruin without him; if there has not been this earnest application to him, this surrendering of your soul into his hands by faith; if there has not been this unreserved dedication of yourself to be at all times, and in all respects, the faithful servant of God through him; and if you do not with all this acknowledge that you are an unprofitable servant, who have no other expectations of acceptance or of pardon, but only through his righteousness and blood, and through the riches of divine grace in him, I repeat it again, that all your hopes are

উৎপাটিত হইয়া ভাসিয়া যায়, তেমনি তুমি যে আশা রূপ গৃহ নির্ম্মাণ করিতেছ তাহা যদি ভাঙ্গিয়া না ফেল, তবে বিচার দিবস উপস্থিত হইলে সে তোমার উপর পড়িয়া তোমার সর্ব্বনাশ অবশ্য করিবে।

আমি খ্রীষ্টেতে প্রকৃত বিশ্বাস পূর্ব্বক পাপকে ঘৃণা করিতেছি কি না, পরমেশ্বরের নিকটে এইরূপ পরীক্ষিত হইবার জন্যে প্রার্থনা।

হে অন্তর্যামি সর্ব্বজ্ঞ পরমেশ্বর, তুমি সকলের অন্তঃকরণের তাবৎ বৃত্তান্ত জানিতেছ এবং পরীক্ষা করিতেছ। অতএব আমার অন্তঃকরণের কল্পনা যে কি প্রকার, ও আমার দুষ্ট মতি আছে কি না, তাহা পরীক্ষা করিয়া আমাকে তোমার সত্য পথে চালাও। আর হে প্রভো, পূর্ব্বোক্ত বিশ্বাসের ন্যায় বিশ্বাস করিতে আমার নিতান্ত ইচ্ছা আছে ইহা কি তোমার সাক্ষাতে আমার মন সাক্ষ্য দেয় না! হে ধর্ম্মাত্মা তুমি তাবৎ অনুগ্রহ ও সান্ত্বনার আকর হইয়াছ, অতএব অনুগ্রহ করিয়া আমার মনের মধ্যে পরিত্রাণের কর্ম্ম

---

vain, and you are "building on the sand." (Matt. vii. 26.) The house you have already raised must be thrown down to the ground, and the foundation be removed and laid anew, or you, and all your hopes, will shortly be swept away with it, and buried under it in everlasting ruin.

The Soul submitting to Divine Examination the sincerity of its Repentance and Faith.

O LORD GOD, thou "searchest all hearts, and triest the reins of the children of men." (Jer. xvii. 10.) "Search me, O Lord, and know my heart; try me, and know my thoughts: and see if there be any wicked way in me, and lead me in the way everlasting." (Psalm cxxxix. 23, 24.) Does not conscience, O Lord, testify in thy presence, that it is my earnest prayer that my repentance and faith may be such as have been described? Come, therefore, O thou blessed Spirit,

সিদ্ধ কর, যেন তাহাতে আমি পাপবিষয়ে চৈতন্য পাইয়া পাপকে মনের সহিত অনবরত ঘৃণা করি। হে প্রভো, তোমার পরাক্রম এবং দয়া কি পর্য্যন্ত তদ্বিষয়ে আমাকে এমনি প্রবোধ দেও, যেন তাহাদ্বারা ভয়েতে এবং তোমার প্রেমেতে আমার অন্তঃকরণ একেবারে গলিয়া যায়। হে দয়াময় আত্মা, পাপ ও পুণ্য ও বিচার বিষয়ে আমাকে প্রকৃত চেতনা দেও; আর আমি আপনার সর্ব্বনাশ আপনি করিয়াছি ইহা যেন বিশেষরূপে বুঝিতে পারি। হে প্রভো, তোমার অনুগ্রহরূপ ঔষধদ্বারা আমার অন্ধচক্ষু প্রসন্ন কর তাহাতে আমার পাপরূপ ক্রুশেতে হত যে খ্রীষ্ট তাঁহাকে যেন দেখিতে পাই। এবং তাঁহার প্রেমরজ্জুতে বদ্ধ হইয়া পাপের প্রতি মৃত এবং ঈশ্বরের প্রতি চিরজীবী হইয়া যেন সর্ব্বদা সদাচরণ করি। এবং তাঁহার ন্যায় সুস্বভাব পাইয়া ইহকাল পরকালে তাঁহার সেবাতে রত থাকিয়া তাঁহার মহানুগ্রহেতে যেন পরিত্রাণ পাই।

আর হে দয়াময় প্রভো, আমার অন্তঃকরণে কোন গুপ্ত পাপ থাকাতে তোমার একজন সত্য সেবক অর্থাৎ সত্য

---

who art the author of all grace and consolation, and work this temper more fully in my soul. O represent sin to mine eyes in all its most odious colours, that I may feel a mortal and irreconcileable hatred to it. O represent the majesty and mercy of the blessed God in such a manner, that my heart may be alarmed, and that it may be melted. Convince me, O thou blessed Spirit, "of sin, of righteousness, and of judgment." (John xvi. 8) Shew me that I have ruined myself; but that my help is found in "God alone," (Hosea xii. 9) Open my eyes, and teach my faith to behold the Saviour as extended on the cross for sinners. May I know what it is to have my whole heart subdued by his love; so as to be dead to sin, "but alive unto God through Jesus Christ." (Rom. vi. 11) His image may I bear. His laws may I observe. His service may I pursue. And may I remain, through time and eternity, a trophy of his victorious grace.

O blessed God! if there be any thing wanting towards con-

খ্রীষ্টীয়ান হইতে আমার যদি কিছু অবশিষ্ট থাকে তবে অনুগ্রহ পূর্বক তাহা আমাকে জানাইয়া দেও। হে পিতঃ হে পরমেশ্বর, খ্রীষ্টেতে বিশ্বাসকারি তোমার একজন পোষ্যপুত্র-স্বরূপ আমাকে জানিয়া তোমার প্রিয় পুত্রের ন্যায় আমাকে সুশীল করিয়া ধর্ম্মাত্মা প্রদান পূর্বক আমার মনের মধ্যে সম্পূর্ণ রূপে পরিত্রাণের কর্ম্ম সিদ্ধ কর, এই প্রার্থনা করিতেছি।

৮ অধ্যায়।

পাঠক সত্য খ্রীষ্টীয়ান কি না, ইহা তাহাকে জ্ঞাত করাইবার নিমিত্তে প্রকৃত খ্রীষ্টীয়ান ব্যক্তির আচরণ বিশেষ রূপে লেখা যাইতেছে।

হে পাঠক, এখন পরম দুর্লভ যে পরিত্রাণ বিষয়ের কথা, এবং খ্রীষ্টীয়ান লোকদিগের স্বভাবের নিদর্শন, তাহা একবার প্রচুর রূপে কহিয়াছি বটে; কিন্তু তথাচ তুমি যে নিজে একজন

---

stituting me a sincere Christian, discover it to me, and work it in me. Adopt me for thy child, and enrich me, O heavenly Father, with all the graces of thy Spirit: form me to the complete image of thy dear Son: O carry on the work of grace in my heart till it is ripened for eternal glory. Amen.

CHAP. VIII.

A MORE PARTICULAR VIEW OF THE SEVERAL BRANCHES OF THE CHRISTIAN TEMPER; BY WHICH THE READER MAY BE FARTHER ASSISTED, IN JUDGING WHAT HE IS, AND WHAT HE SHOULD ENDEAVOUR TO BE.

I have given you a view, I hope I may truly say, a just, as well as *faithful view of the way of salvation, and of a truly Christian temper already.* Yet for your farther assistance, I

সত্য খ্রীষ্টীয়ান কি না, তাহা তোমার দৃঢ় বোধ জন্মাইবার নিমিত্তে পুনর্ব্বার সে কথা উপস্থিত করিতেছি। ফলতঃ তুমি যদি খ্রীষ্টের প্রকৃত সেবক না হও তাহা ঐ কথা পড়িলেই জানিতে পারিবা; এবং যদি হও তবে তাহাদ্বারা ক্রমে২ তদ্বিষয়ে তোমার আরো ব্যুৎপত্তির বৃদ্ধি হইবে। আর খ্রীষ্টের শরণাগত লোকদিগের যে প্রকার স্বভাব ও আচার, তাহা পাঠ করিতে২ তাঁহাদের যেমন চরিত্র লিখিত আছে, আমারো তো তেমনি সুস্বভাব ও সচ্চরিত্র যদি এমন বুঝ তবে হে পাঠক, তোমার কেমন আহ্লাদের বিষয় হইবে।

অতএব প্রকৃত খ্রীষ্টীয়ান হইবার প্রথম কারণ কহি শুন, সত্য খ্রীষ্টীয়ান হইতে গেলে প্রথমতঃ নূতন জন্মের অপেক্ষা করে, অর্থাৎ অন্তঃকরণের সমুদায় কুপ্রবৃত্তি ঘুচিয়া সুস্বভাব প্রাপ্তি, যেহেতুক ধর্ম্মপুস্তকে লিখিয়াছেন মানুষের পুনর্জ্জন্ম না হইলে স্বর্গরাজ্যের অধিকারী হইতে পারিবে না। অতএব হে পাঠক খ্রীষ্টের ধর্ম্মগ্রহণ করিয়া যে কিছু২ পূর্ব্বের দুষ্টস্বভাব ত্যাগ, কি কিছু২ খ্রীষ্টের ন্যায় আচরণ করিলেই পরিত্রাণ পাইবা এমন মনেও করিও না। তবে কি না সম্পূর্ণরূপে নূতন

---

would offer it to your consideration in various points of light, that you may be assisted in judging of what you ought to be. And in this I aim, not only at your conviction, if you are yet a stranger to real religion, but at your farther edification, if by the grace of God, you are by this time experimentally acquainted with it. Happy you will be, beyond expression, if as you go on from one article to another, you can say, "This is my temper and character."

Know in the general, that if you are a Christian indeed, you have been "renewed in the spirit of your mind;" (Eph. iv. 23.) so renewed, as to be regenerated, and born again, for it is written "Except a man be born again he cannot see the kingdom of God." (John iii. 3.) It is not enough to have been brought under some new restraints, or to have made a partial change in some particulars of your conduct. The change must be great and universal. Search therefore your soul

স্বভাব প্রাপ্ত হইয়া যদি অবিকল খ্রীষ্টের সদৃশ আচরণ কর তবে পরিত্রাণের যোগ্যপাত্র হইবা। একারণ কহিতেছি তোমার স্বভাব এবং ধর্ম্মাচরণ এক্ষণে নূতন হইতেছে কি না তাহা বিবেচনা করিয়া দেখ। সত্য খ্রীষ্টীয়ান হওয়া সে তো কথার কথা নয়, পরমেশ্বরের যেরূপ নির্ম্মল ও শুদ্ধসত্ত্ব দয়াময় ও যথার্থ স্বভাব, তেমনি স্বভাব প্রাপ্ত না হইলে হইতে পারে না।

এ কারণ পরমেশ্বরের স্বরূপ যে প্রভু যীশু খ্রীষ্ট তিনি আপনি মানবদেহ ধারণপূর্ব্বক পৃথিবীতে অবতীর্ণ হইয়া ধর্ম্মশীলতার প্রকৃত আদর্শ আমাদিগকে দিয়াছেন। অতএব হে পাঠক, মঙ্গল সমাচার নামক পুস্তকেতে তাঁহার যে প্রকার চরিত্রের বিবরণ লিখিত আছে, তাহার প্রতি দৃষ্টি করিয়া তিনি যেমন ঈশ্বর ভক্ত ও প্রেমাধিকারী ও নম্র ও মৃদু স্বভাব ও পরহিত কারী এবং সংসারের প্রতি তাঁহার যেমন ঔদাস্য ও পারমার্থিকের প্রতি যেমন ব্যগ্রতা এবং ধৈর্য্যতা ও জ্ঞান বুদ্ধি ছিল; এখন তোমার স্বভাব উত্তরোত্তর তেমনি হইতেছে কি না, তাহাও বিবেচনা করিয়া দেখ।

---

attentively, to see if you resemble Christ; whether you have really the image there of God's moral perfection, of his holiness and righteousness, his goodness and fidelity; for "Christianity is not an empty profession, it is the being created after GOD in righteousness and true holiness," (Eph. iv. 24.) If such be your character you may consider yourself a vessel of mercy.

For your farther assistance inquire, whether "the same mind be in you which was also in Christ;" (Phil. ii. 5.) God's incarnate Son, who designed himself to be a model for all his followers. Look then unto the life and temper of Christ, as described and illustrated in the gospels, and search whether you can find any thing like it in your own life. Have you any thing of his devotion, love, and resignation to God? Any thing of his humility, meekness, and benevolence to men? Any thing of his purity and wisdom, his contempt of the world, his patience, his fortitude, his zeal? and if you possess any of these things see whether you are growing in them or not.

অধিকন্তু তুমি যদি সত্য খ্রীষ্টীয়ান হও তবে তোমার মনের প্রবৃত্তি ও চেষ্টা সাংসারিক সুখের প্রতি না হইয়া কেবল পারমার্থিক ধনের প্রতি হইবে। ফলতঃ ইন্দ্রিয় বিশিষ্ট শরীরস্থ হইলেও তথাচ ইন্দ্রিয়ের বশীভূত না হইয়া আত্মা-স্বরূপ যে পরমেশ্বর তাঁহারি আজ্ঞানুসারে চলিতে হইবে। ইহাতে কিছু স্ত্রীপুত্রাদি পরিত্যাগ করিয়া বনবাসী হইতে হইবে তাহা নয়, তবে কি না আপন ২ দিনপাতের নিমিত্তে ও পরোপকারার্থে যে সকল কর্ত্তব্য কর্ম্ম করিবা, তাহা শুদ্ধ শারীরিক সুখের নিমিত্তে না ভাবিয়া জীবাত্মা ও প্রাণের হিতের নিমিত্তে যে কর্ম্ম করিতেছি এমন জ্ঞান করিবা। বস্তুতঃ চর্ম্মচক্ষু দৃষ্টিদ্বারা না চলিয়া জ্ঞানরূপ চক্ষুদ্বারা পরমেশ্বরের প্রতি ও তাঁহার তত্ত্ব ও মহৎকর্ম্ম ও সর্ব্ব কর্ত্তৃত্ব ও আজ্ঞা ও মহানুগ্রহের প্রতিজ্ঞা, এই সকলের প্রতি এবং পরমার্থ ধনের প্রতি দৃষ্টি রাখিয়া তাবৎ কর্ম্ম নির্ব্বাহ করিবা।

খ্রীষ্টীয়ান লোকদিগের যে প্রকার মনের গতি, তাহাতো এক প্রকার সাধারণ রূপে লেখা গেল; এক্ষণে পরমেশ্বরের প্রতি ও পরের প্রতি যে রূপ কর্ত্তব্য তাহা বিশেষ করিয়া

Let me add, if you are a Christian, you are, in the main, spiritually minded, as knowing, that that "is life and peace, whereas to be carnally minded is death." (Rom. viii. 6.) Though you "live in the flesh, you will not war after it;" (2 Cor. x. 3.) Not that you should leave your family and worldly business and become an ascetic. You will indeed attend to your necessary worldly interests, as matter of duty; but it will still be with regard to another and a nobler interest, that of the rational and immortal spirit. In a word, "you will walk by faith and not by sight." (2 Cor. v. 7.) Future, invisible, and in some degree incomprehensible objects, will take up your mind. Your faith will act on the being of God, his perfections, his providences, his precepts, his threatenings, and his promises.

These are general views of the Christian temper, on which I would intreat you to examine yourself: and now I would go on

লিখিতেছি, ইহা পাঠ করিলে তুমি সত্য খ্রীষ্টীয়ান কি না এবং তোমার কর্ত্তব্যই বা কি, তাহা বিলক্ষণ রূপ জানিতে পারিবা।

প্রথমতঃ সচ্চিদানন্দ রূপ যে পরমেশ্বর তাঁহার প্রতি তোমার অন্তঃকরণের ভয় ও ভক্তি শ্রদ্ধা সমাদর ইত্যাদি কেমন তাহা সূক্ষ্ম রূপে বিবেচনা করিয়া দেখ। অর্থাৎ পরমেশ্বর যে সর্ব্বোত্তম সর্ব্বসুখের আকর সকলের মঙ্গল দাতা তাঁহা ব্যতিরেকে কোন গতি নাই, ইহা স্থির জানিয়া দৃঢ় প্রতিজ্ঞা পূর্ব্বক তাঁহার প্রতি তোমার মনো ধাবমান হয় কি না? তদ্ভিন্ন তাঁহার প্রতিজ্ঞার উপরে নির্ভর দিয়া কেবল তাঁহারি আজ্ঞা প্রতিপালন করিতে সর্ব্বদা তোমার মনের আকিঞ্চন আছে কি না? বিশেষতঃ তিনি যদি দুঃখ দেন তথাচ তাঁহার বশীভূত থাকিয়া অক্ষুব্ধরূপে সহ্য করিব, এমন তোমার মনের দৃঢ় প্রতিজ্ঞা আছে কি না? ইহা আলোচনা কর। আরো জিজ্ঞাসা করি তুমি আপনাকে পরমেশ্বরের ক্রীতদাস রূপে জ্ঞান করিয়া যাহাতে দেশবিদেশে দিগ্‌দিগন্তরে তাঁহার অসীম মহিমা প্রকাশ হয় এমন ক্রিয়াতে তোমার প্রধান চেষ্টা আছে কি না? ফলতঃ তাঁহার অভিমত সাধন করা যে জীবিত থাকার সার্থকতা ইহা তোমার

---

to lead you into a survey of the grand branches of it, as relating to God, our neighbour, and ourselves; by which you may judge the better, both of your state and your duty.

Examine then, I entreat you, the temper of your heart, with regard to the blessed God. Do you find there a reverential fear, and a supreme love and veneration for his incomparable excellencies, a desire after him as the highest good, and a cordial gratitude towards him as your supreme Benefactor? Can you trust his care? Can you credit his testimony? Do you desire to pay an unreserved obedience to all that he commands, and a humble submission to all the disposals of his providence? Do you design his glory as your noblest end, and make it the great business of your life to approve yourself to him? Is it your go-

মনেতে স্থির বিবেচনা হইয়াছে কি না? ইহাও জিজ্ঞাসা করিতেছি।

অতএব হে পাঠক, ধর্ম্মাত্মার প্রতি তোমার মনের কেমন গতি তাহা বিবেচনা কর, যেহেতুক ধর্ম্মশাস্ত্রে এই উক্ত আছে, যে কেহ খ্রীষ্টের আত্মা প্রাপ্ত না হয় সে খ্রীষ্টের নহে। অতএব যদ্যপি ধর্ম্মাত্মার বশীভূত হইয়া কর্ম্ম না কর তবে পরমেশ্বরের সন্তান যে পবিত্র লোক সকল, তাহাদের মধ্যে কোন প্রকারে গণ্য হইতে পারিবা না। কিন্তু যদ্যপি তাঁহার প্রকৃত সেবক হও এমন হয়, তবে ধর্ম্মাত্মার প্রভাবেতে ইন্দ্রিয়দিগের দমন হইয়া ক্রমে ২ যেন আমার মন পরিষ্কার হয় এই বাঞ্ছা তোমার সর্ব্বদা হইবে। আর হইবে কি না, যাহাতে ধর্ম্মাত্মার অসন্তোষ জন্মে এমন সকল কর্ম্মেতে একেবারে জলাঞ্জলি দিয়া মনোমধ্যে অধিক রূপে ধর্ম্মাত্মার আবেশ বৃদ্ধি করণার্থে প্রার্থনা ও নিত্য ২ ধর্ম্মপুস্তকপাঠ ও ধ্যান ধারণা ইত্যাদি করিবা। ফলতঃ যাহাতে পরমেশ্বরের অভীষ্টমতে প্রার্থনা করিয়া সম্পূর্ণ প্রেম ভক্তি পূর্ব্বক তাঁহার ভজনা করিতে ক্ষমতাপন্ন হও, এবং পিতার প্রতি যেমন

---

verning care to imitate him, and to "serve him in spirit and in truth?" (John iv. 24.)

Let me farther lead you into some reflections on the temper of your heart towards the blessed Spirit. If we have not the Spirit of Christ, we are none of his; (Rom. viii. 9.) if we are not led by the Spirit of God, we are not the children of God. (ver. 14.) You will then, if you are a real Christian, desire that you may "be filled with the Spirit;" (Eph. v. 18.) that you may have every power of your soul subject to his authority; and that you may grow in grace continually. And, to cherish these sacred influences, you will often have recourse to serious consideration and meditation: you will abstain from those sins which tend to grieve him: you will strive earnestly with God in prayer, that you may have him shed on you still more abundantly, through Jesus Christ. (Tit. iii. 6.) You will desire his influences to render your acts of worship free and affectionate, your obedience vigorous, and your love ardent; in a word, to carry you through life and

সুপুত্রের মনের ভাব, তদ্রূপ মনেতে দুঃখের সময়ে কি সুখের সময়ে সকল দশাতে যেন ধৈর্য্যাবলম্বন করিয়া পরমেশ্বরের বশীভূত থাকি, ইহা তোমার সর্ব্বদাই মনো বাঞ্ছা হইবে। তদ্ভিন্ন আরো বলি, তুমি যদি খ্রীষ্টের প্রকৃত সেবক হও তবে তোমার এমনি সাহস হইবে যে পরমেশ্বরের প্রতি অত্যন্ত নম্রতা ও ভয় থাকিয়াও বিপক্ষদিগের প্রতি সর্বদা নির্ভয় থাকিবে। অর্থাৎ অন্তরস্থ কুস্বভাব ও বাহ্যস্থ দুষ্টাত্মা শয়তান ও বিষয়াদি ইহারা যদি সৎপথ গমনের প্রতি বাধক হয় তবে খ্রীষ্টের বলেতে বলবান হইয়া তাহাদের সহিত যুদ্ধ করিতে অবশ্য নির্ভয় থাকিবা।

কিন্তু এক্ষণে পরের বিষয় থাকুক তোমার নিজে যে কি রূপ ব্যবহার করা কর্ত্তব্য তাহা শ্রবণ কর। খ্রীষ্টীয়ান লোকদিগের একটি সাধারণ প্রসিদ্ধ লক্ষণ আছে এই, যে সাংসারিক বিষয় অপেক্ষা পারমার্থিক বিষয়ের প্রতি তাহাদের অধিক লালস জন্মে। এবং শরীর হইতে জীবাত্মা যে বহুমূল্য ধন ইহা জানিয়া পরলোকে তাহাকে রক্ষা করিতে চেষ্টিত হইলে যদি সর্ব্বতোভাবে সংসারের হানি জন্মে তাহা ও

---

death, prosperity and adversity, with the temper of a child who delights in his father, and who is submissive to his will. Once more, if you are a Christian indeed, you will possess the spirit of courage. Amidst all that humility of soul to which you will be formed, you will oppose with a vigorous resolution the strongest efforts of the powers of darkness, the inward corruption of your own heart, and all the outward difficulties you may meet with in the way of your duty, while in the strength of Christ you go on conquering and to conquer.

Let me now farther lay before you some branches of the Christian temper, which relate more immediately to ourselves. And here, if you are a Christian indeed, you will undoubtedly prefer the soul to the body, and things eternal to those that are temporal. Conscious of the dignity and value of your immortal part, you will come to a firm resolution to secure its happiness, whatever is to be resigned, whatever is to be endured in that

তাহারা স্বীকৃত আছে। অতএব তুমি যদি সত্য খ্রীষ্টীয়ান হও তবে তাদৃশ কর্ম্ম করিবা। আরো কহি তোমার নিজের যে সম্পূর্ণ জ্ঞান জন্মে নাই অদ্যাপি অনেক২ দোষ আছে ইহা ভাল মতে জানিয়া সর্ব্বদা নম্রস্বভাবে থাকিবা। এবং এক্ষণে পাপক্ষমা প্রাপ্ত হইলেও পূর্ব্বে তুমি যে কেমন মহা পাতকী ছিলা তাহা পুনঃ২ স্মরণ করিয়া অন্তঃকরণে নিতান্ত নম্র ও লজ্জিত হইবা। তদ্ভিন্ন পরমেশ্বর যেমন নির্ম্মল শুদ্ধসত্ব, তেমনি তাঁহার কর্ত্তৃক প্রকাশিত ধর্ম্মও নির্ম্মল; ইহা স্মরণ করিয়া যে কেবল কুকথা ও কুকর্ম্ম পরিত্যাগ করিবা তাহা নয় অন্তঃকরণের কুচিন্তাদিও ঘৃণা পূর্ব্বক ত্যাগ করিয়া যাহাতে নির্ম্মল স্বভাব হয় যত্নতা পূর্ব্বক এমত চেষ্টা করিবা।

তদ্ভিন্ন খ্রীষ্টীয়ান লোকদিগের আরো একটি গুণ আছে এই, যে খাদ্যদ্রব্যের অধিক ভোগেতে পারমার্থিক বিষয়ের হানি জন্মে এমন খাদ্য দ্রব্য তাহারা পরিমিত রূপে ভোজন পান করে। আর শরীরের সেবার নিমিত্তে অধিক ধন যে ব্যয় করে

---

view. If you are a real Christian, you will be al-o "clothed with humility." (1 Pet. v. 5.) You will have a deep sense of your own imperfections, both natural and moral; of the short extent of your knowledge; and especially of your guilt; the remembrance of which will fill you with shame and confusion, even when you have some reason to hope it is forgiven. Again, if you are a Christian indeed, you will labour after purity of soul, and maintain a fixed abhorrence of all prohibited sensual indulgence; and you will endeavour for the future to guard your thoughts and desires, as well as your words and actions, as conscious of the perfect holiness of that God with whom you converse, and of the purity of that gospel which you have received.

With this is nearly allied, that amiable virtue of temperance, which will teach you to guard against such a use of meats and drinks as indisposes the body for the service of the soul; or such an attention to the body, as will rob you of that precious jewel your time, or occasion expense beyond what your circumstances will admit. In short, you will guard against whatever has a tendency to increase a sensual disposition, against whatever

না তাহা শুদ্ধ নয় অধিক কাল ও ব্যয় করে না ফলতঃ যাহাতে ইন্দ্রিয়দিগের বলবৃদ্ধি হইয়া পরমেশ্বরের সেবার ও ভজনার ত্রুটি জন্মে এমন কর্ম্মের দিগেও তাহারা যায় না।

অতএব হে পাঠক, প্রভু যীশু খ্রীষ্টের শিক্ষাতে শিক্ষিত হইয়া সেই রূপ কর্ম্ম করিলে নির্লোভতা প্রাপ্ত হইবা। তাহাতে সাংসারিক লোকেরা যে সকল বিষয়ের নিমিত্তে লালায়িত হইতেছে তাহাতে তোমার এক প্রকার অনিচ্ছা জন্মিবে। এবং কোন কর্ম্ম সফল না হওয়াতে কি অন্যের মত অধিক বিষয় অপ্রাপ্ত হওয়াতে অস্থির ও কাতর না হইয়া বরং ঈশ্বরহইতে যে অনেক২ বস্তু পাইতেছ তাহা তুমি বলিয়া নয় অন্যান্য লোকেরাও পাইতেছে ইহা ভাবিয়া তাঁহার শত২ ধন্যবাদ করিবা। বিশেষতঃ কোন বিষয়ের লোভেতে পরমেশ্বরের নিষিদ্ধ উপায়েতে প্রবৃত্ত না হইয়া বরং সেই বিষয়াভাবেতে যে পারমার্থিক লাভ হইতে পারিবে ইহা বুঝিয়া ঈশ্বর যাহা দেন তাহাতেই সন্তুষ্ট থাকিবা।

আর হে পাঠক, তুমি খ্রীষ্টের প্রিয় শিষ্য, যদি এমত হয়, তবে ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক সর্ব্বদা সুস্থির থাকিবা। ফলতঃ মনুষ্য

---

would alienate the soul from communion with God, and would diminish its zeal and activity in his service.

The divine philosophy of the blessed Jesus will also teach you a contented temper. It will moderate your desires of those worldly enjoyments, after which many feel such an insatiable thirst, ever growing with indulgence and success. You will guard against an immoderate care about worldly things. If Providence disappoint your undertakings, you will submit; if others be more prosperous, you will not envy them; but rather will be thankful for what God is pleased to bestow upon them, as well as for what he gives you. No unlawful methods will be used, to alter your present condition; remembering, it is what infinite wisdom and goodness have appointed you, yea, that the very deficiences and inconveniences of it may conduce to the improvement of your future and complete happiness.

With contentment, if you are a disciple of Christ, you will join patience too, and "in patience will possess your soul." (Luke

হইতে দুঃখ পাইলেও যে অন্যায় কি ক্লেশ জ্ঞান করিবা না তাহা নয়, তবে কি না তাহার নিমিত্তে নিতান্ত দুঃখিত কি অস্থির না হইয়া আশা সিদ্ধ না হয়, না হউক, দুঃখ হয় হউক, ইহা ভাবিয়া আপন কর্ত্তব্য কর্ম্মেতে নিরন্তর মনোনিবিষ্ট হইয়া থাকিবা। এবং আরো বলি কোন বিপদগ্রস্ত হইলে রাগিদিগের মত হঠাৎ কোন অবিবেচনার কর্ম্ম না করিয়া ধৈর্য্যাবলম্বন করিবা। অর্থাৎ ঈশ্বর তোমাকে রক্ষা করিতে যে সময় ভাল বুঝেন এমন সময় অপেক্ষা করিয়া দুঃখ প্রযুক্ত যেন অস্থির না হও এমত চেষ্টায় থাকিবা। ফলতঃ যেমন তরঙ্গের পশ্চাৎ ২ তরঙ্গ আইসে, তেমনি মর্ম্মান্তিক ক্লেশজনক দুঃখের উপরে দুঃখ যখন পরমেশ্বর ঘটান, তখন তাঁহার কি অভিপ্রায় তাহা তুমি জান না, এমন হইলে ও তথাচ রক্ষা পাইবার জন্যে কোন নিষিদ্ধ উপায় গ্রহণ না করিয়া কেবল ঈশ্বরের উপরে নির্ভর দিয়া তাঁহারি সময় অপেক্ষা করিবা।

হে পাঠক, এখন পরমেশ্বরের প্রতি আত্মকর্ত্তব্য বিষয়ের কথা তো লেখা গেল, সম্প্রতি অন্যান্য লোকের প্রতি কি

---

xxi. 19.) You cannot indeed be quite insensible either of afflictions or injuries; but your mind will be calm and composed under them, and steady in the prosecution of its proper duty, though afflictions press, and though your hopes, your dearest hopes and prospects, be delayed. Patience will prevent hasty and rash conclusions, and fortify you against seeking irregular methods of relief; disposing you in the mean time, till God shall be pleased to appear for you, to go on steadily in the way of your duty being careful, that " patience may have its perfect work," (James i. 4.) For instance, when the successions of evil are long and various, so that deep calls to deep, and all God's waves and billows seem to be going over you one after another; (Psalm xlii. 7.) when the reasons of his conduct to you are quite unaccountable; still your reverence for the will of your heavenly Father will carry it against all unlawful methods of redress and keep you waiting quietly for deliverance in his own time and way.

I have thus led you into a brief review of the Christian temper, with respect to God and ourselves: permit me now to add,

রূপ ব্যবহার কর্ত্তব্য তাঁহা বলি শুন। তদ্বিষয়ে পরমেশ্বরের এই আজ্ঞা আছে যে তুমি পরকে আত্মতুল্য জ্ঞান কর, কেননা প্রভু যীশু খ্রীষ্টের এই ব্যবস্থার অনুষ্ঠান করিতে২ তোমার স্বার্থপরত্ব স্বভাব লপ্ত হইয়া দয়াময় পরহিত কারিত্ব স্বভাব জাগ্রত হইয়া উঠিলে পরকে এক প্রকার আত্ম তুল্য জ্ঞান করিবা। অতএব হে পাঠক, কোন বস্তুর উপর আপন সত্বস্থাপন করিতে যেমন সচেষ্টিত থাক তেমনি পরের সত্ব স্থাপন করিতেও যত্নবান হইবা। এবং আপনার সুখ্যাতি বিষয়ে তোমার যেমন আকিঞ্চন আছে, তেমনি পরের যশ যাহাতে হয় তদ্বিষয়ে ও চেষ্টা করিবা। আর অন্যহইতে যেমন আপন মঙ্গল আকাঙ্ক্ষা কর, তেমনি পরের মঙ্গল করিতেও সর্ব্বদা বাঞ্ছিত থাকিবা। আর পরের কথা কি ক্রিয়ার উপরে ঈর্ষাভাবাপন্ন না হইয়া বরং পরের সুখেতে সুখী, পরের দুঃখে দুঃখী হইয়া কাল যাপন করিবা। ফলতঃ উপরের লিখিত যে সকল উত্তম ব্যবস্থা, তদনুসারে ছোট বড় সকল বিষয়েতেই মনোনির্বিষ্ট হইয়া সর্ব্বদা ব্যবহার করিলেই ধন্য হইবা।

---

another set of very important lessons with respect to your fellow-creatures. They all are summed up in this, "Thou shalt love thy neighbour as thyself; (Rom. xiii. 9.) The religion of the blessed Jesus, when it triumphs in your soul, will conquer the predominancy of self-love, and will teach you candidly and tenderly to look upon your neighbour as another self. As you are sensible of your own rights, you will be sensible of his: as you support your own character, you will support his. You will desire his welfare, and be ready to relieve his necessity, as you would have your own consulted by another. You will put the kindest construction upon his dubious words and actions. You will take pleasure in his happiness, you will feel his distress, in some measure as your own. And most happy will you be, when this golden law is written upon your heart; and when it is habitually and impartially consulted by you, upon every occasion, whether great or small.

তদ্ভিন্ন আরো কহিতেছি, তুমি খ্রীষ্টের শিক্ষাতে সুশিক্ষিত হইলে পর তোমার এমনি মৃদুস্বভাব হইবে যে তোমার প্রতি অন্যলোকে কোন অন্যায় কি ক্রোধ জনক ক্রিয়া করিলেও তুমি রাগ না করিয়া সহিষ্ণুতা করিবা; অর্থাৎ তাহা সংকোচ পূর্ব্বক কোমল বাক্যদ্বারা তাহার ক্রোধ নিবৃত্তি করিয়া তাহার সহিত মিলন করিতে চেষ্টা পাইবা। এবং নিজের ন্যায্য বিষয় প্রাপ্ত হইতে গেলে যদি পরের দুঃখজনক হয়, তবে সে কর্ম্ম না করিয়া আপন ক্ষতি স্বীকার করিতে প্রস্তুত থাকিবা।

আর যে পদেতে থাকিবা তাহা ছোট হউক কিম্বা বড় হউক, তাবৎ লোকের সহিত তৎপদের উপযুক্ত ব্যবহার করিবা। অর্থাৎ নীচপদে থাকিলে উচ্চপদস্থ লোকদের সহিত সমাদর পূর্ব্বক ব্যবহার, এবং উচ্চপদস্থ হইলে নীচপদস্থ লোকদিগের প্রতি দম্ভ প্রকাশ পূর্ব্বক কোন অত্যাচার না করিয়া বরং দয়া প্রকাশ পূর্ব্বক তাহাদের মঙ্গলাকাঙ্ক্ষী হইবা। এইরূপে ঐহিক বিষয়ে সাধারণ আচরণ করিয়া ক্রোধহইতে যে ধর্ম্মসাধনের হানি জন্মে, ইহা জানিয়া রাগদ্বেষ সম্বরণ পূর্ব্বক লোকদিগের সহিত প্রণয় করিয়া সর্ব্বদা ধর্ম্ম সংস্থাপনে সচেষ্ট থাকিবা।

The gospel will also teach you, to "put on meekness," (Col. iii. 12.) Its gentle instructions will form you to calmness of temper under injuries and provocations. It will engage you to guard your words, lest you provoke and exasperate those you should rather study by love to gain, and by tenderness to heal. Meekness will render you unwilling to injure another's cause in the assertion of your rights, nay, it will incline you to suffer loss rather than do so.

It will induce you to behave yourself in a modest manner according to your station; and it will work, both with regard to superiors and inferiors; teaching you duly to honour the one, and not to overbear or overpress, but rather to do good to the other. And for the honour of religion you will endeavour to restrain all immoderate sallies and harsh censures; and will keep down that wrath of man, which instead of working, so often opposes the righteousness of God, (James i. 20.)

আর যদি তুমি খ্রীষ্টের প্রিয়পাত্র এক জন হও, তবে ঈশ্বরের দয়াতে দয়ালু হইয়া পরতুষ্টিতে আপনি তুষ্ট এবং পর দুঃখে দুঃখী হইয়া তাহাদের ঐহিক ও পারমার্থিক মঙ্গল করিতে সাধ্যানুসারে বাঞ্ছিত হইবা কেবল তাহা নয়, সর্ব্বদাই সচেষ্ট ও থাকিবা।

আর কোন প্রকারে মিথ্যা কথা মুখহইতে নিঃসৃত না হয়, তোমার এই একটি আকিঞ্চন হইবে; তাহা কিছু কেবল সাক্ষ্য-দিবার স্থলেতে নয়, তবে কি না সাধারণ কথোপকথনেও হইবে। আর একবার প্রতিজ্ঞা করিলে পর তাহাতে কোন পাপ উপস্থিত না থাকিলে কদাচ তাহা ভঞ্জন করিবা না। ফলতঃ সত্যবাদি পরমেশ্বরের সেবকের ধর্ম্মানুসারে কথাতে যে রূপ প্রতিজ্ঞা করিবা, কার্য্যেতে ও তদ্রূপ করিতে হইবে।

আরো কহি, পরমেশ্বরের সমুদয় আজ্ঞা প্রতিপালন করিতে যথা সাধ্যে সচেষ্ট থাকিলেও তথাচ তুমি অসম্পূর্ণ জ্ঞানী প্রযুক্ত অনেক বিষয়ে দোষী থাকাতে ঈশ্বর যেন তোমার কঠিন বিচার না করেন ইহার নিমিত্তে যেমন সর্ব্বদা প্রার্থনা

If you are a Christian indeed, you will also "put on bowels of mercy." (Col. iii, 12.) The mercies of God will work on your heart, so that you will feel the wants and sorrows of others and sympathise with them, and, as you have an opportunity, you will do good, both to their bodies and their souls, expressing your kind affections in suitable actions.

As a Christian, you will also maintain truth inviolable, not only in your solemn testimonies, when confirmed by an oath, but likewise in common conversation. You will remember too, that your lawful promises bring an obligation upon you, which you are by no means at liberty to break through. On the whole, you will be careful to keep a strict correspondence between your words and your actions, in such a manner as becomes a servant of the God of truth.

Once more. As amidst the strictest care to observe all the divine precepts, you will still find many imperfections on account of which you will be obliged to pray, that God would not enter into strict judgment with you; (Psalm cxliii. 2.) you will be careful not to judge others in such a manner as should awaken

করিয়া থাক তেমনি তুমি কোন বিচার কর্ত্তৃত্ব পদে নিযুক্ত হইলে পরের প্রতি কঠিন বিচার করিবা না, পাছে তিনি তোমার প্রতি কঠিন বিচার করেন। অতএব দ্বেষ হিংসাভাবে বিচার করিয়া অল্পদোষে অধিক দণ্ড না দিয়া বরং বিষয়ের আদ্যোপান্ত জানিয়া কোমল ভাবে ন্যায্য বিচার করিবা।

হে পাঠক, খ্রীষ্টীয়ান লোকদিগের যে প্রকার বিশেষ প্রকৃতি, তাহাতো এক প্রকার সকলি শুনিলা, এক্ষণে সর্ব্বদা ব্যবহার্য্য কতক গুলিন গুণের বিষয় লিখিয়া এই অধ্যায় সমাপ্ত করি।

প্রথমতঃ সত্য ধর্ম্মের সারাৎসার একটি গুণ হইয়াছে সরলতা, ইহা সর্ব্বদা মনে রাখ। অতএব আপনাকে ঈশ্বরের সেবক জ্ঞান করিয়া সরলান্তঃকরণেতে তাঁহার তুষ্টির নিমিত্তে তাবৎ কর্ম্ম করিতে হয়, এমন তোমার অনুভব হইলে আমার কি ২ করা কর্ত্তব্য তাহা জানিতে বাসনা হইবে। এবং জানিবামাত্রেতেই মনের সহিত লোকের সাক্ষাতে কি অসাক্ষাতে সর্ব্বত্রে তদ্রূপ কর্ম্ম করিবা। বিশেষতঃ সর্ব্বকর্ত্তা পরমেশ্বরের তাবৎ আজ্ঞা ন্যায্য, ইহা বিশেষ রূপে জ্ঞাত হওয়াতে ক্রমে ২ শুদ্ধ সত্ত্ব ঈশ্বর পরায়ণ হইয়া সকলের নিকটে সত্যতা

---

the severity of his judgment against yourself. (Matt. vii. 1, 2.) You will not, therefore judge them uncharitably and rashly, awarding severe punishment in trivial cases, but with moderation and justice.

Having thus briefly illustrated the principal branches of the Christian temper and character, I shall conclude the representation with reminding you of some general qualifications which you must possess.

Always remember, that sincerity is the very soul of true religion. A single intention to please God, and to approve ourselves to him, must animate and govern all that we do in it. Under the influence of this principle you will impartially inquire into every intimation of duty, and apply to the practice of it so far as it is known to you. Your heart will be engaged in all you do. Your conduct in secret will be agreeable to your most public behaviour. A sense of the divine authority will teach you, "to esteem all God's precepts concerning all things to be right," and "in

পূর্ব্বক সকল কর্ম্ম সম্পন্ন করিবা, তাহা কিছু এক দিন দুই দিনের নিমিত্তে নয় সম্বৎসর ব্যাপিয়া নিরন্তর করিবা। আর জানিয়া শুনিয়া পাপ করা দূরে থাকুক, আপনার সর্ব্বপ্রকার দোষের নিমিত্তে ঈশ্বরের নিকটে খেদিত হইয়া তাঁহার সেবা করিতে পুনঃ২ প্রতিজ্ঞা করিব। আর অটল ভক্তি পূর্ব্বক পরমেশ্বরের সেবা করাতে স্বর্গলোকে স্থান পাইব, ইহা মনে করিয়া সরল পথে গমন করিবা! অর্থাৎ পথের এ পার্শ্বে ও পার্শ্বে যে ঐহিক সুখ ও দুঃখ আছে, তাহাতে মোহিত হইবা না এবং এখন ও যাইতে অনেক পথ আছে ইহা বুঝিয়া ক্লান্ত না হইয়া মরণ কাল পর্য্যন্ত খ্রীষ্টের পথে যাত্রা করিবা।

অপর তোমার অন্তঃকরণ স্বাভাবিক পাষাণের ন্যায় সুকঠিন হইলেও তথাচ প্রভু যীশু খ্রীষ্টের শিক্ষাতে যতো শিক্ষিত হইবা, ততো তোমার মন ক্রমে২ লাক্ষারসের ন্যায় গলিত হইবে। কি না পরমেশ্বরের আজ্ঞার বশীভূত হইয়া তিনি তোমাকে যে অবস্থাতে রাখেন কিম্বা যে কর্ম্মেতে নিযুক্ত করেন, তাহাতে সন্তুষ্ট থাকিবা। আর তাঁহার বাক্যের প্রতি তুমি সর্ব্বদা

---

simplicity and godly sincerity to have your conversation in the world." (2 Cor. i. 12.) There must not only be some sudden fits and starts of devotion, but religion must be an habitual and permanent thing. Deliberate and presumptuous sins must be carefully avoided; and faults of one kind or of another must be matter of proportionable humiliation before God, and must occasion renewed resolution for his service. And thus you are to go on to the end of your life, not discouraged by the length and difficulty of the way, nor allured on the one hand, or terrified on the other, by all the various temptations which may surround and assault you. Your soul must be fixed on this basis, that you are to behave yourself as one who knows he serves an unchangeable God, and who expects from him, "a kingdom which cannot be moved." (Heb. xii. 28.)

Again: So far as the gospel prevails in your heart, your spirit will be tender, and the stone will be transformed into flesh. You will become subject to the divine authority, being cordially willing to be, and to do whatever God shall appoint. You will have a tender regard to the word of God, a tender guard against the

সতর্ক থাকিবা অথচ বিষয় বৃদ্ধি হইলেও যেন ঈশ্বরকে বিস্মৃত না হও আর বিষয়ের হ্রাস হইলেও যেন তাঁহার প্রতি বিরক্ত না হও, বরং পরমেশ্বরের মহিমা প্রকাশ করিতে সর্ব্বদা ব্যগ্রচিত্ত হইবা। ফলতঃ আপনাহইতে কি অন্য কোন লোকহইতে কোন প্রকারে যেন পরমেশ্বরের অসন্তোষ না জন্মে এমন চেষ্টা সতত করিবা। বিশেষতঃ যাহাতে তাঁহার কি তাঁহার ধর্ম্মের অসম্মান হয় এমন কর্ম্মহইতে যে দূরে থাকিবা তাহা কেবল নয়, যাহাতে সেই ধর্ম্ম প্রশংসিত হইয়া জগতে স্থাপিত হয় সর্ব্বদা এমন আকিঞ্চন করিবা। আর আপনার দোষ ক্ষালন করিতে যেমত যত্ন করিবা তেমনি প্রেম পূর্ব্বক পরের দোষক্ষালন করিতেও যত্নবান হইয়া তাহাদিগকে সৎপথে আনয়ন করিতে নিরন্তর সচেষ্ট থাকিবা।

আরও কহি, আপন অবস্থানুসারে পরমেশ্বর বিষয়ে ও আপন বিষয়ে কি পরের বিষয়ে কি রূপ আচরণ কর্ত্তব্য, এবং কি করিলেই বা পরমেশ্বরের তুষ্টি ও লোকের মঙ্গল হইতে পারে ইহা জানিবার নিমিত্তে বিশেষ রূপে বিবেচনা পূর্ব্বক

snares of prosperity, a tender submission to God's afflicting hand: in a word, you will be tender wherever the divine honour is concerned; and careful neither to do any thing yourself, nor to allow any thing in another, so far as you can influence, by which God should be offended or religion reproached. Nay, more than all this, you will exert a holy zeal in the service of your Redeemer, that his kingdom may be established in the world; and while you will be zealous, especially, to correct what is irregular in yourselves, you will not look with an indifferent eye on the conduct of others in this view; hence you will labour, not only to reclaim men from evil, but to engage them to religion, and quicken them in it.

And once more, you will desire to use the prudence which God hath given you, in judging what is, in the present circumstances, your duty to God, your neighbour, and yourself: what will be, on the whole, the most acceptable manner of discharging

সতর্ক থাকিবা। যেহেতুক কোন বাধা না মানিয়াও যে ব্যক্তি আলোচনা করিয়া সাহস পূর্ব্বক এ সকল বিষয়ে প্রবৃত্ত হয় সে সমস্তলোক অপেক্ষা অধিক জ্ঞানী ও সুখী। অতএব তুমি তাহা জানিয়া মনের সহিত আচরণ করিবা।

ভাল এখন এই পূর্ব্ব লিখিত খ্রীষ্টীয়ানদিগের চরিত্র বিষয়ের যে লিপি পাঠ করিলা, তোমার স্বভাব ও আচার তদ্রূপ কি না এক্ষণে ইহা বিবেচনা করিয়া দেখ। আর ঐ পূর্ব্ব লিখিত সমস্ত গুণ যেন তোমাতে বর্ত্তে ঈশ্বরের কাছে মন দিয়া এই প্রার্থনা কর।

পূর্ব্বাধ্যায়ে লিখিত খ্রীষ্টীয়ানদের স্বভাবানুরূপ স্বভাব পাইবার কারণ প্রার্থনা।

ধন্য ২ পরমেশ্বর, তুমি সৎগুণ ও সৎবস্তুর আকর হইয়া উত্তম ২ বস্তু সকল জগতে বিতরণ করিতেছ এবং লোকদিগের অন্তরস্থ হইয়া সকলের অন্তঃকরণ পরীক্ষা করিতেছ। অতএব হেকরুণাকর করুণা করিয়া আমার মন ও মনের গতি পরীক্ষা

---

it, as remembering, that he is indeed the wisest and the happiest man, who by constant attention of thought discovers the greatest opportunity of doing good, and with ardent and animated resolution breaks through every opposition, that he may improve those opportunities.

Let your own conscience now answer, how far you have already attained to such a state of the Christian temper as is here described, and how far you desire it; and that the principal topics here touched upon may be fixed in your heart, mention them before God in your addresses to the throne of grace, as in the following prayer.

A **Prayer** *in which the several Branches of the Christian Temper are briefly enumerated in the order laid down above.*

Blessed God! I humbly adore thee, as the great "Father of lights, and the giver of every good and every perfect gift." (James i. 17.) I adore thee, as the God, "who searches the hearts, and tries the reins of the children of men." (Jer. xvii. 10.) "Search me, O God, and know my heart; try me and know my thoughts

কর যেন তাহাতে আমার অন্তঃকরণ তোমার সন্ম পথে বেগে গমন করে। হে দয়াময় ঈশ্বর, আমার কুঅন্তঃকরণ ঘুচাইয়া পরমার্থ বিষয়ে আসক্ত এমন নূতন মন প্রদান কর, যেন তাহাতে তোমার ন্যায় শুদ্ধসত্ত্ব স্বভাব পাইয়া সর্ব্ব বিষয়ে পবিত্র আচরণ করিতে সমর্থ হই; অর্থাৎ খ্রীষ্টের সদৃশ নির্ম্মল মনা হইয়া যেন খ্রীষ্টের ন্যায় পবিত্র আচরণ করিতে পারি।

হে দীনদয়ালু ঈশ্বর, জগতের প্রতি তোমার যে সাধারণ অনুগ্রহ বিস্তারিত আছে সেই অনুগ্রহাশ্রিত হইয়া ইন্দ্রিয়াদি নিগ্রহ পূর্ব্বক আত্ম কুঅভিলাষকে বিমুখ করিয়া তোমার অভি-মত কর্ম্ম করিতে২ যেন কাল যাপন করি। হে ঈশ্বর, তোমার পবিত্রাত্মার আবির্ভাবেতে জ্ঞান প্রাপ্ত হইয়া সম্পূর্ণ মন ও প্রাণের সহিত প্রেমভক্তি দ্বারা তোমার উদ্দেশে আমার সজীব শরীর ও প্রাণকে যেন বলিরূপে প্রদান করি যে হেতুক ইহা আমার অতি উচিত কর্ম্ম। আর তোমার অদ্বিতীয় পুত্র যে প্রভু যীশু খ্রীষ্ট তিনি যদি ও প্রত্যক্ষ

---

see if there be any wicked way in me, and lead me in the way everlasting." (Psalm cxxxix. 23, 24.) May I, O Lord, "be renewed in the spirit of my mind!" (Eph. iv. 23.) "A new heart do thou give me and a new spirit do thou put within me!" (Ezek. xxx. 26.) Make me "partaker of a divine nature;" (2 Peter, 4.) and "as he who hath called me is holy, may I be holy in all manner of conversation." (1 Peter i. 15.) May "the same mind be in me which was also in Christ Jesus;" (Phil. ii. 5.) May I "so walk even as he walked!" (1 John ii. 6.)

May thy grace, O Lord, which hath appeared unto all men, with such glorious evidence and lustre, effectually "teach me to deny ungodliness and worldly lusts, and to live soberly, righteously, and godly!" (Titus ii. 11, 12.) Teach me, by the influence of thy blessed Spirit, to "love thee, the Lord my God, with all my heart, and with all my soul." (Mark xii. 30.) May I "yield myself unto thee, as alive from the dead;" (Rom. vi. 13.) and "present my body a living sacrifice, holy and acceptable in thy sight, which is my most reasonable service." (Rom. xii. 1.) May I entertain the most faithful and affectionate regards to

না থাকুন, তথাচ যেন তাঁহার প্রতি তদ্রূপ প্রেম ভক্তি ও বিশ্বাস রাখিয়া তাঁহারি আনন্দেতে আনন্দিত হইয় আয়ুঃ ক্ষয় করি। তাহাতে তাঁহার দত্ত সুবিবেচক মন ও শ্রদ্ধা ভক্তি প্রাপ্তি পূর্ব্বক তাঁহার বলেতে বলবান হইয় পূর্ব্বে যে যুদ্ধের আশাতে খ্রীষ্টাশ্রয়ের অপেক্ষা করিয়াছিলাম সেই সংগ্রামে যেন খ্রীষ্টের প্রকৃত সেবকদিগের ন্যায় বীরত্ব প্রকাশ করিতে পারি। এইরূপ কর্ম্ম করিতে২ আমি যে স্বর্গীয় রাজ্যাধিকারী তোমার পরিবারের মধ্যে একজন গণিত ইহা যেন জগতে বিদিত হয়।

হে প্রভো, আমার চিরজীবী জীবাত্মা যে কেমন বহুমূল্য বস্তু তাহা তোমার মহানুগ্রহ প্রভাবেতে জ্ঞাত হইয়া তাহা রক্ষার্থে এই নশ্বর ঐহিক বিষয়েতে অধিক চেষ্টা পরিত্যাগ পূর্ব্বক নিত্য পারমার্থিক বিষয় প্রাপ্তির নিমিত্তে যেন অপরিমিত পরিশ্রম করি। আর সদা নম্রতা পূর্ব্বক তোমার বশীভূত থাকিয়া যাহাতে তোমার সম্মুখে দাঁড়াইতে পারি

---

the blessed Jesus, thine incarnate Son. Though I have not seen him, may I love him; and in him, though now I see him not, yet believing, may I "rejoice with joy unspeakable and full of glory." (1 Peter i. 8.) And may "the life which I live in the flesh, be daily by the faith of the Son of God." (Gal. ii. 20.) May he work in me "the Spirit of love, and of power, and of a sound mind;" (2 Tim. i. 7.) that so I may "be strong and very courageous." (Josh. i. 7.) and "quit myself like a man," (1 Cor. xvi. 13.) and like a Christian, in that warfare which I had in view, when I enlisted under the banner of the great Captain of my salvation; and so may it be evident to others, and especially to my own soul, that I am a child of God, and an heir of glory.

'Teach me, O Lord, seriously to consider the nature of my own soul, and to set a suitable value upon it. May I labour, not only, or chiefly, "for the meat that perisheth, but for that which endureth to eternal life." (John vi. 27.) May I "humble myself under thy mighty hand; and be clothed with humility:" (1 Peter v. 5, 6.) And above all, may I desire and endeavour to be "pure in heart, that I may finally see God;"

এমন নির্ম্মল অন্তঃকরণের অনুষ্ঠান যেন সকল অনুষ্ঠানের আগে করি। এইরূপে ইন্দ্রিয়াদি সংযমন পূর্ব্বক স্বর্গপথে যাত্রা করিতে যদ্যপি কেহ বাধক হয়, তবে সে দক্ষিণ হস্ত কি দক্ষিণ চক্ষু তুল্য প্রিয় হইলেও তথাচ যেন তাহাকে সংহার করিতে প্রস্তুত থাকি। আর আমার সুখ কি দুঃখ যে কোন অবস্থা ঘটে সে সকলি যে তোমাকর্ত্তৃক প্রেরিত ইহা জানিয়া ধৈর্য্যা বলম্বন পূর্ব্বক সর্ব্বসময়ে যেন পরম সন্তুষ্ট থাকি।

আর পৃথিবীস্থ সমুদয় লোকদিগকে আত্মতুল্য জ্ঞান করিয়া আপনার প্রতি যে রূপ বিহিতাচরণ করিয়া থাকি, তেমনি যেন তাহাদের প্রতি ও আচরণ করি, এবং আপনি যেমন পরহইতে উপকারের বাসনা করি তেমনি আমিও যেন পরের উপকার করি। কিন্তু পরকর্ত্তৃক আত্যন্তিক অপকৃত হইলেও তথাচ যেন পরের অপকার করিতে প্রবৃত্তি না হয়, এইরূপে দ্বেষহিংসা পরিত্যাগ করিয়া স্বর্গস্থ পিতা যে তুমি, তোমার সদৃশ পরম দয়ালু স্বভাব পাইয়া তোমার কঠিন বিচারে কোন প্রকারে পতিত না হইতে যেমন আপনার চেষ্টা, তেমনি যেন পরের প্রতি কোন কঠিন বিচার না করিতে আমার চেষ্টা থাকে।

(Matt. v. 8.) "mortifying my members which are on the earth," (Col. iii. 5.) so that "if a right eye offend me, I may pluck it out; and if a right hand offend me, I may cut it off" (Matt. v. 29, 30.) May I be "temperate in all things," (1 Cor. ix. 25.) "content with such things as I have," (Heb. xiii. 5.) and instructed to be so "in whatsoever state I am." (Phil. iv. 11.) May patience also have its perfect work in me, that I may be in that respect complete, and wanting nothing. (James i. 4.)

Form me, O Lord, I beseech thee, to a proper temper towards my fellow-creatures. May I love "my neighbour as myself:" (Gal. v. 14.) "and whatsoever I would that others should do unto me, may I also do the same unto them!" (Matt. vii. 12.) May I "put on meekness," (Col. iii. 12.) under the greatest injuries and provocations; and resent not the evil that is done to me. (Romans xii. 18.) May I be "merciful as my Father in heaven is merciful;" (Luke vi. 36.) taking care not to judge severely, as I would "not be judged" (Matt vii. 1.) with severity.

হে জগদীশ্বর, খ্রীষ্টীয়ানদের যে সকল গুণদ্বারা তোমার ধর্ম্ম জগতে সমাদৃত হয় এবং আমি তোমার নিকটে গ্রাহ্য হই এমত সকল গুণেতে আমাকে গুণবান কর। আর তোমার ধর্ম্মানুষ্ঠান করাতে যে আমার পরিশ্রম সার্থক হইবে ইহা জানিয়া অকপটান্তঃকরণেতে যেন সর্ব্বদা স্বকর্ম্মেতে নিযুক্ত থাকি। তাহাতে ক্রমে২ আমার মন অতি কোমল হওয়াতে তোমার কথা ও পবিত্রাত্মা আমাকে যে দিগে গমন করাইবে আমি যেন সেই দিগে যাই। আর সর্পের সদৃশ বুদ্ধিমান ও কপোতের ন্যায় অহিংসক এবং সিংহতুল্য নির্ভয় হইয়া প্রেমভক্তি পূর্ব্বক পৃথিবীতে তোমার সত্য ধর্ম্ম প্রকাশ করিতে যেন সর্ব্বদা সচেষ্টিত থাকি। এই প্রকারে তোমার অনুগ্রহাশ্রিত ও খ্রীষ্টের ন্যায় পরম ধার্ম্মিক হইয়া প্রাণান্তে স্বর্গেতে বাসস্থান পাইয়া পিতা পুত্র পবিত্রাত্মার উদ্দেশে নিরন্তর যেন স্তব করি, খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

I intreat thee, O Lord, to work in me all those qualifications of the Christian temper, which may render it peculiarly acceptable to thee, and may prove ornamental to my profession in the world. Deliver me, I beseech thee, from all hypocrisy and guile. (John i. 47.) Make me "stedfast and immoveable, always abounding in thy work, as knowing that my labour in the Lord shall not be finally in vain." (1 Cor. xv. 58.) May "my heart be tender," (2 Kings xxii. 19.) easily impressed with thy word and providence, and sensible of every impulse of thy Spirit. May I be "zealous for my God," (Numb. xxv. 13.) with "a zeal according to knowledge" (Rom. x. 2.) and "charity;" (1 Cor. xvi. 14.) and teach me in thy service to join "the wisdom of the serpent" (Matt. x, 16.) with the boldness of the lion, and the innocence of the dove! Thus render me, by thy grace, a shining image of my dear Redeemer; and at length bring me to that world where he dwells; that I may ascribe everlasting honours to him and to thee, O thou Father of mercies, and to thine holy Spirit; this I humbly ask for the sake of Jesus Christ. Amen.

---

৯ অধ্যায়।

পবিত্রাত্মার সাহায্য ব্যতিরেকে যে কোন প্রকারে এই পূর্ব্ব লিখিত মত আচরণ হইতে পারে না, তাহারি বিবেচনা।

হে পাঠক, খ্রীষ্টাশ্রিত লোকদিগের মধ্যে গণিত হইতে গেলে যেরূপ সরলান্তঃকরণ চাহি তাহাতো এখন এক প্রকার তোমাকে জ্ঞাত করাইলাম, কিন্তু ইহাতে বোধ হয় যাহাদের পরমেশ্বরেতে অনুরাগ আছে তাহারা অবশ্য এরূপ সায় দিবেন যে হাঁ, মহাজন লোকদের এই যথার্থ মত বটে। ভাল সে যাহা হউক তোমার তাদৃশ প্রবোধ যদি জন্মিয়া থাকে তবে তদ্রূপ আচরণ করিতে সর্ব্বদা তোমার আকিঞ্চন হইবে ইহাতে সন্দেহ নাই। এ হেতুক এই কর্ম্ম যে সর্ব্বপ্রকারে যুক্তি সিদ্ধ এবং পরিণামে ইহকালে কি পরকালে তাহাতে উত্তম ২ ফল জন্মিবে তাহা বুঝিয়া ইহার অনুষ্ঠান করিতে তুমি মনে ২ স্থির করিয়াছ। ইহাতে আমি পরম আহ্লাদিত হইলাম কিন্তু হে প্রিয় পাঠক সাবধান থাক। এ কথা বলি কেন, না প্রভাতের

CHAP. IX.

THE READER REMINDED HOW MUCH HE NEEDS THE ASSISTANCE OF THE SPIRIT OF GOD, TO FORM HIM TO THE TEMPER BEFORE DESCRIBED.

I HAVE now laid before you a plan of that temper and character, which the gospel requires, and which, if you are a true Christian, you will desire and pursue. Surely, these who fear God will acknowledge that this is a just description of good men. And I question not, my dear reader, that if such be the impression of it upon your heart, you will immediately form some lively purpose of endeavouring after it. You see how reasonable it is, and what desirable consequences necessarily attend it, and the aspect which it bears on your present enjoyment and your future happiness; and therefore are determined you will act accordingly. But give me leave seriously to remind you, how many there have been, within the compass of my own personal observation

মেঘ ও শিশিরের ন্যায় মুহূর্ত্তকাল স্থায়ী এমন শ্মশান বৈরাগ্য যুক্ত কত লোককে দেখিয়াছি। হায়২ শয়তান লোভ দেখাইয়া যেমন তাহাদের পুনশ্চ আপন ফাঁদেতে ফেলিয়াছে তেমনি তোমাকে ও কতশত লোভ দেখাইয়া ফাঁদেতে পুনর্ব্বার বদ্ধ করিতে চেষ্টা করিবে। আর তোমার অন্তরস্থ কামাদি রিপু সকল তোমাকে নিতান্ত বাধ্য করিতে চেষ্টা পাইবে। আর খ্রীষ্টের ধর্ম্মবিষয়ে এখন তোমার যেরূপ মতি আছে এমনি মন যে সর্ব্বদা থাকিবে ইহা তুমি মনে করিতেছ, কিন্তু কি জানি কল্য কিম্বা আজি রাত্রি না হইতে২ তোমার মনের কুভাব সকল জাগ্রত হইয়া কিঞ্চিৎ বিশ্রাম প্রযুক্ত পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ প্রবল হইয়া উঠিবে।

অতএব পাপবিষয়ে উচিত প্রবোধ পাইলেও যে নিরাশ হইয়া বসিয়া থাকা উচিত এমন বুদ্ধি যেন না হয়। তুমি যদ্যপি খ্রীষ্টের শিক্ষাতে কিঞ্চিৎ শিক্ষিত হইয়াছ তবে সর্ব্বশক্তিমান পরমেশ্বর যে আমাদের সাহায্য করিতে উদ্যত আছেন ইহা অবশ্য জান। আর পবিত্রাত্মা দ্বারাতে ও খ্রীষ্টের বলেতে আমরা

---

whose "goodness hath been like a morning cloud, and the early dew, which soon passeth away." (Hosea vi. 4) Alas, you know not the difficulties you have to break through; as Satan has delivered and caught them in his snares, so he will attempt to ensnare you again by presenting most powerful temptations. Besides this your own corruptions will endeavour to recover their dominion over you. You think, perhaps, the view you now have of divine things will be lasting, but perhaps to-morrow may undeceive you. Nay, perhaps, before you lie down on your bed this night, the corrupt desires of your own heart may spring up again with new violence, as if they had slept only to recruit their vigour.

What then is to be done? Is the convinced sinner to lie down in despair? God forbid! you cannot, I am persuaded, be so little acquainted with Christianity, as not to know, that God is ready to assist us if we look to him. You have often, I doubt not, read that "through the Spirit we mortify the deeds of the body:" (Romans viii. 13.) and of "doing all things through Christ,

শারীরিক ক্রিয়া ও ইন্দ্রিয় সংযমনাদি করিতে পারি, ধর্ম্ম পুস্তকের এই বচন তুমি জ্ঞাত হইয়া থাকিবা অতএব এই মহৎ বিষয়ের যে উপদেশ লেখা যাইতেছে তাহাতে মনোযোগ কর।

তবে শুন, খ্রীষ্টের ধর্ম্মেতে প্রবৃত্ত হইতে গেলে তোমার পূর্ব্বের রীতি পরিত্যাগ করিয়া তাহার বিপরীত আচরণ করিতে হইবেক, কিন্তু সূর্য্যের কিরণ ব্যতিরেকে যেমন বৃক্ষেতে ফল পুষ্পাদি জন্মে না তেমনি পরমেশ্বরের অনুগ্রহ ব্যতিরেক তাহা হয় না। আর এই ধর্ম্ম পালনে যে কত ব্যাঘাত উপস্থিত হইবে তাহা অনুভব করিয়া দেখিলে অবশ্য উপলব্ধি পাইবা যে ঈশ্বরের সহায়তার বড় আবশ্যকতা আছে। তবে এখনো যে তাহা বুঝিতে পার নাই, ইহার কারণ তুমি এ পথে নূতন প্রবৃত্ত হইয়াছ।

অতএব এতদ্বিষয়ে সুপরামর্শ এই, যে অদ্যাবধি আপন জীবাত্মার মুক্তির নিমিত্তে সর্ব্বদা সচেষ্ট থাকিয়া পরমেশ্বরের সেবা করিব, নম্রতা পূর্ব্বক তাঁহার শক্তি অবলম্বন করিয়া এমন দৃঢ় প্রতিজ্ঞা কর। যেহেতুক ধর্ম্ম পুস্তক এই কহে, নবীন

---

who strengtheneth us." (Philip. iv. 13.) Permit me, therefore, now to call your attention to this, as a truth of the utmost importance.

Consider then in so important a concern as the forsaking your former unholy principles, and practices, and the "putting on Christ" in leading a new and holy life, you stand in absolute need of spiritual influence from above, as much as the variety of plants and flowers, and grain and fruits, by which the earth is adorned, and our life supported, need the influence of the sun and rain which are daily shed upon them. You will yet be more sensible of this, if you reflect on the violent opposition which this happy work will certainly meet with; and which if you have not already experienced, it must be because you have but very lately begun to think of religion.

Resolve, therefore, strenuously for the service of God, and for the care of your soul; but resolve modestly and humbly and in the strength of the Lord; for "Even the youths shall faint and be weary, and the young men utterly fall;" but they "who wait on

যুবাব্যক্তিরা ও শ্রান্ত ক্লান্ত হইয়া উছোট খাইয়া পড়ে কিন্তু যাহারা ঈশ্বরকে অপেক্ষা করে তাহারা নূতন বল প্রাপ্ত হইয়া থাকে। আর আমি পূর্ব্বমত ঈশ্বরের অসন্তোষ জনক কর্ম্ম করিতে ক্ষান্ত হইয়া আজি অবধি তাহারি অভীষ্ট মত কর্ম্ম করিব যে ব্যক্তি আপনার দুর্ব্বলতা জানিয়া ঈশ্বরের সাক্ষাতে এমন প্রতিজ্ঞা করিতে ভীত হইয়া আপন ইচ্ছা সিদ্ধ করণার্থে কেবল তাঁহার দয়ার উপর ভরসা রাখে সেই আপদ্‌ হইতে উত্তীর্ণ হইয়া কর্ম্ম বিষয়ে কৃতকার্য্য হইবে।

কিন্তু এখন আমি নিজে দুর্ব্বল, পরমেশ্বরের সাহায্য ব্যতিরেক কোন সৎকর্ম্ম করিতে পারিব না অতএব কর্ম্মকরা নিষ্ফল, ইহা ভাবিয়া ঈশ্বরের সেবাহইতে নিবৃত্ত হইও না, কেননা ঈশ্বরের কাছে প্রার্থনা করিলে অবশ্য সেই সহায়তা প্রাপ্ত হইবা। আর স্বাভাবিক বোধেতে ইহা কে না বুঝিতে পারে যে যিনি সর্ব্ব মঙ্গল দাতা পরমেশ্বর তিনি যদি অকৃতজ্ঞ অধার্ম্মিক লোকদিগের নানাপ্রকার উপকার করিতেছেন, তবে কৃতজ্ঞ নম্র যাচকদিগকে কি পারমার্থিক জ্ঞান দিয়া তাহাদের অমর জীবাত্মা স্বর্গবাস প্রাপ্তির যোগ্য করিবেন না অবশ্য তাহা

---

the Lord" are the persons who "renew their strength." (Isaiah xl. 30, 31.) When a soul is almost afraid to declare in the presence of the Lord, that it will not do this, or that, which has formerly offended him; and that it will perform this or that duty with vigour and constancy; but only expresses its humble earnest desire, that it may, by grace, be enabled to avoid the one, or pursue the other; then it is in the best way to learn the happy art of conquering temptation, and of discharging duty.

On the other hand, let not your dependance upon this Spirit, and your sense of your own weakness and insufficiency for any thing spiritually good without his continual aid, discourage you from devoting yourself to God, considering what abundant reason you have to hope that these gracious influences will be communicated to you.—The light of nature may lead us to conclude, that so benevolent a Being, who bestows on the most unworthy and careless part of mankind so many blessings, will take a peculiar pleasure in communicating

করিবেন। তাহার প্রমাণ ও ধর্ম্মপুস্তকে লিখিত আছে, দেখ, তাহাতে দয়াময় ঈশ্বর পাপিষ্ঠ লোকদিগের ডাকিয়া এ কথা কহেন তোমরা আমার অনুযোগেতে আমার প্রতি ফির তাহাতে তোমাদের প্রতি আমার পবিত্রাত্মা প্রদান করিব। আর এতদ্বিষয়ে খ্রীষ্টের প্রেরিত পাওল নামে ব্যক্তিও কহিয়াছেন, যে আমরা যেন কৃপা ও উপকার পাই এ জন্যে আইস নির্ভয়ে অনুগ্রহ রূপ সিংহাসনের নিকটে যাই। আর ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্ট মৃত্যুঞ্জয় হইয়া স্বর্গারোহণ কালে আশ্রিতদিগকে মুক্তি প্রদানার্থে ঈশ্বর কর্ত্তৃক পবিত্রাত্মা গৃহীত হইয়া এই কথা কহিয়াছিলেন, তোমরা মন্দ হইয়া যদি আপন পুত্রদিগকে বাৎসল্য বাক্যেতে উত্তম২ বস্তু দিতে পার তবে স্বর্গস্থ পিতা পরমেশ্বর কি আপন যাচকদিগকে পবিত্রাত্মা দিবেন না? অবশ্য দিবেন। অতএব তুমিও সেই পবিত্রাত্মার প্রাপ্তির নিমিত্তে বাঞ্ছিত হওয়াতে অবশ্য তাহা পাইবার আশ্বাস করা উচিত, যেহেতুক তদ্বিষয়ে পিপাসিত ব্যক্তিদিগকে পান করিতে প্রভু আপনি আহ্বান করিতেছেন।

---

to such as humbly ask them, those gracious assistances which may form their deathless souls into his own resemblance, and fit them for the enjoyment of eternal happiness. The word of GOD will much more abundantly confirm such a hope. You there hear divine wisdom crying even to those who had long trifled with her instructions, "Turn ye at my reproof, and I will pour out my Spirit upon you." (Prov. i. 23.) You hear the apostle saying, "Let us come boldly to the throne of grace, that we may obtain mercy, and find grace to help in every time of need." (Heb. iv. 16.) Yea, you there hear our Lord himself arguing in this sweet and convincing manner: "If ye being evil, know how to give good gifts unto your children, how much more shall your heavenly Father give his Holy Spirit unto them that ask him?" (Luke xi. 13.) This gift and promise of the Spirit was given unto Christ when he ascended up on high, in trust for all his true disciples. And I may add, that the very desire you feel after the farther communication of the Spirit, should encourage you to ask earnestly for this invaluable blessing, especially as Jesus has invited you to come unto him and drink.

অতএব নম্রমনা হইয়া প্রভু যীশু খ্রীষ্টের প্রকৃত সেবকদিগের বিহিত কর্ত্তব্য কর্ম্ম করিতে আমোদ পূর্ব্বক প্রবৃত্ত হইয়া ক্রমে২ কেবল তাঁহার বলেতে ও পুণ্যেতে বলবান ও পুণ্যবান হইয়া সম্পূর্ণ গুণ যুক্ত হও। আর ইহার নিমিত্তে যে সকল গুণ লেখা গিয়াছে উহাতে তোমার মন যেন নিবিষ্ট হয় এ নিমিত্তে লেখা যাইতেছে যে প্রার্থনা তদনুসারে ঈশ্বরের কাছে বর যাচ্ঞা কর।

মনের মধ্যে ধর্ম্মজ্ঞান বৃদ্ধি করিবার নিমিত্তে প্রার্থনা।

হে দীনবন্ধোপরমেশ্বর, আমি যে দীনহীন দুর্ব্বল সৎকর্ম্মের নিতান্ত অযোগ্য ইহা বিলক্ষণ রূপে অনুভব পাইয়া তোমার সাক্ষাতে স্বীকার করিতেছি। কিন্তু হায়২ এমন অনুভব পাইলেও তথাচ কুবুদ্ধির বঞ্চনাতে ভুলিয়া আপন শক্তির উপরে নির্ভর দিয়া সুপথে দৌড়িতে চেষ্টা করিতেছি। অতএব হে প্রভো, যদ্যপি অনুগ্রহ করিয়া থাক তবে তাহার প্রমাণার্থে আমাকে এই একটি গুণ দেও, যেন আমি আপন শক্তির উপরে নির্ভর না দিয়া কেবল তোমার শক্তির উপরে নির্ভর করিয়া তাবৎ কর্ম্ম সম্পন্ন করিতে প্রবৃত্ত হই।

Go forth, therefore, with humble cheerfulness, to the prosecution of all the duties of the Christian life. Go, and prosper, "in the strength of the Lord, making mention of his righteousness, and of his only." (Psalm lxxi. 16.) And that your heart be quickened to the most earnest desire, after the blessings I have been now recommending to your pursuit. Be concerned to pour out your soul before God, in such holy breathings as the following.

A humble SUPPLICATION *for the Influences of Divine Grace, to form and strengthen Religion in the soul.*

"BLESSED God! I sincerely acknowledge before thee, mine own weakness and insufficiency for any thing that is spiritually good. I have experienced it a thousand times; and yet my foolish heart would again trust itself, (Prov. xxviii. 26.) and form resolutions in its own strength. But let this be the first fruits of thy gracious influence upon it, to bring it to a humble distrust of itself, and to a repose on thee.

হে প্রভো, আমি এমন অযোগ্য পাত্র হইলেও তথাচ তুমি যে আমার প্রতি এমত অমূল্য দান দিতে সম্মত আছ, ইহা শুনিয়া অতিশয় আনন্দিত আছি। অতএব তোমার অভীষ্ট কর্ম্ম করণের ক্ষমতা পাইবার জন্যে নির্ভয় হইয়া তোমার শরণাপন্ন হইয়াছি। আর হে প্রভো, আমি নিজে দুর্ব্বল প্রযুক্ত তোমার অনুগ্রহ ব্যতিরেক সৎকর্ম্ম করিতে পারিব না, এই ছল করিয়া যেন নিশ্চেষ্ট হইয়া বসিয়া না থাকি। আর এখন তোমাকর্ত্তৃক সাহায্য প্রাপ্ত হইয়া ও তাহা সম্পূর্ণ রূপে ব্যবহারেতে না আনাতে যে অধিক অনুগ্রহ প্রাপ্ত হইতে পারি নাই, সে কেবল আমার ত্রুটিতে ইহা তোমার সাক্ষাতে স্বীকার করিতেছি। অতএব এখন প্রতিজ্ঞা করিতেছি এই, যে আমি যথা সাধ্য তোমার সেবা পূর্ব্বক তোমার নিরূপিত অনুগ্রহ প্রাপ্তির উপায় গ্রহণ করিব, ইহাতে যদ্যপি ত্রুটি করি তবে আমার এই প্রার্থনা মিথ্যা কেবল প্রবঞ্চনা মাত্র গণ্য হইবে। কিন্তু হে প্রভো, আমি যেন এই প্রতিজ্ঞা সফলা করিতে পারি মনোনিবেশ পূর্ব্বক তোমার কাছে এই সহায়তা প্রার্থনা করিতেছি।

"Abundantly do I rejoice, O Lord, in the kind assurances which thou givest me of thy readiness to bestow liberally and richly so great a benefit. I do, therefore, according to thy condescending invitation, "come with boldness to the throne of grace, that I may find grace to help in every time of need." (Heb. iv. 16.) I mean not, O Lord God, to turn thy grace into wantonness or perverseness, (Jude, ver. 4.) or to make my weakness an excuse for negligence and sloth. I confess thou hast already given me more strength than I have used; and I charge it upon myself, and not on thee, that I have not long since received still more abundant supplies. I desire for the future to be found diligent in the use of all appointed means; in the neglect of which I well know that petitions like these would be a profane mockery. But firmly resolving to exert myself to the utmost, I earnestly intreat the communications of thy grace, that I may be enabled to fulfil that resolution.

হে দয়াময় প্রভো, মন পবিত্র কারী যে তোমার পবিত্রাত্মা, তিনি সর্ব্ব প্রকার আমার সুব্যবহার জন্মাইবার নিমিত্তে যেন আমার হৃদি সিংহাসনেতে সর্ব্বদা বিরাজমান থাকেন। এবং আমি যে পর্য্যন্ত পৃথিবীতে থাকি, তদবধি যেন সমুদয় সৎগুণেতে গুণবান ও সুশীল হই। এবং নানাবিধ পরীক্ষাতে দুর্ব্বল হইলেও তথাচ যেন আমার এ প্রকার মতি অখণ্ডিত থাকে। আর তোমার প্রতি কি তোমার আশ্রিত পৃথিবীস্থ লোকদের প্রতি যেন আমার অচলা শ্রদ্ধা ভক্তি থাকে। আর তুমি যে অন্তর্যামী সকলেরি হৃদয়স্থ গুপ্ত মন্ত্রণা জ্ঞাত আছ, ইহা বিস্মৃত না হইয়া পাপের প্রথমাক্রমণাবধি যেন সতর্ক থাকি। হে প্রভো, তুমি আমার অন্তঃকরণ জুড়িয়া বসতি কর যেন তাহাতে শয়তান মনেতে বিন্দুমাত্র ও স্থান না পাইয়া রাজ্যচ্যুত হইয়া পলায়ন করে, এবং আমার মনোমন্দীরেতে বাস করাতে তুমি সর্ব্বদা আমার সঙ্গী হও।

আর হে প্রভো, যেমন বৃক্ষের গুঁড়ির সহিত বিচ্ছেদাভাব থাকাতে শাখা পল্লবাদি সজীব থাকে, তেমনি আমি অবিচ্ছেদে

Be pleased O Lord, to shed abroad thy sanctifying influences on my soul, to form me for every duty thou requirest. Implant, I beseech thee, every grace and virtue deep in mine heart; and maintain the happy temper in the midst of those assaults, from within and from without, to which I am continually liable, while I am still in this world, and carry about with me so many infirmities. Fill my breast, I beseech thee, with good affections towards thee, my God, and towards my fellow-creatures. Remind me always of thy presence, and may I remember that every secret sentiment of my soul is open to thee. May I therefore guard against the first risings of sin; and that Satan may not find room for his evil suggestions, I earnestly beg that thou, Lord, wouldst fill my heart by thine Holy Spirit, and take up thy residence there. "Dwell in me, and let my body be the temple of the Holy Ghost." (1 Cor. vi. 19.)

As the branch by its union to the stem is nourished and kept alive, may I be so joined to Christ Jesus my Lord, as to be "one spirit with thee," (1 Cor. vi. 17.) and feel his invigorating in-

খ্রীষ্টধর্ম্মে বর্ত্তমান থাকাতে তাহার জীবন দাতৃত্ব শক্তি দ্বারা জীবিত থাকিয়া যেন শয়তানের মন্ত্রণা ও তাবৎ পরীক্ষা হইতে উত্তীর্ণ হইতে পারি, এমন হইলে নিজ বলের উপরে নির্ভরকারি লোকদের সমুদয় বল শেষ হইলেও তথাচ যেন আমি দিনে২ অধিক বলপ্রাপ্ত হই। এইরূপে যাবৎ জীবন পর্য্যন্ত প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহেতে আমার বিশ্বাস ও ভক্তি ও উৎসাহ ও পবিত্রতা ক্রমে২ বৃদ্ধি পাওয়াতে আমি যেন প্রাণান্তে স্বর্গেতে গিয়া শুদ্ধসত্ত্ব রূপে তোমার সাক্ষাতে দাঁড়াইতে পারি; ইহা হইলে সদাকাল তোমার প্রশংসা করিব। যীশুর নাম লইয়া তোমার নিকটে এই প্রার্থনা করিতেছি।

---

১০ অধ্যায়।

খ্রীষ্টের ধর্ম্ম গ্রহণ করিয়া সহস্র২ বিঘ্ন দেখিলেও কেহ যেন ভীত ও নিরাশ না হয় এ নিমিত্তে প্রবোধ বাক্য লেখা যাইতেছে।

শুন, সদ্গুরু যে প্রভু যীশু খ্রীষ্ট, তিনি আপন শিষ্যদি-

---

fluences continually rendering me superior to every temptation and to every corruption! that while the youths shall faint and be weary, and the young men utterly fall, I may so wait upon the Lord, as to renew my strength; (Isa. xl. 30, 31.) and thus go on from one degree of faith, and love, and zeal, and holiness, to another till I appear perfect before thee in Zion, (Psal. lxxxiv. 7.) through Jesus Christ, my Lord, 'in whom I have righteousness and strength,' (Isa. xlv. 24.) when I will ascribe praise to thee for ever. Amen."

CHAPTER X.

THE CHRISTIAN CONVERT WARNED OF, AND ANIMATED AGAINST, THOSE DISCOURAGEMENTS WHICH HE MUST EXPECT TO MEET WITH, WHEN ENTERING ON A RELIGIOUS COURSE.

With the utmost propriety has our Divine Master required

গকে এই উপদেশ দিয়াছিলেন, তোমরা সংকীর্ণ পথ দিয়া স্বর্গমধ্যে প্রবেশ করিতে যত্ন কর। কিন্তু এই উপদেশ দ্বারাতে স্বর্গের পথ যে সংকীর্ণ মাত্র বোধ হইতেছে তাহা কেবল নয়, সম্মুখ বলবান ও ধূর্ত্ত শত্রুগণেতে সে যে বেষ্টিত ইহাও বুঝা যাইতেছে; অতএব হে পাঠক সকল রিপুকে জয় করিতে না পারিলে কদাচ স্বর্গ পথে যাওয়া যায় না ইহা নিশ্চয় জান। আর ঐ শত্রু দিগের মধ্যে শারীরাভিলাষ ও সংসার এবং শয়তান এই তিন জন প্রধান অধিপতি আছে ইহা তুমি শুনিয়া থাকিবা। ইহাদের আজ্ঞাকারি যে সকল সৈন্য তাহাদের যে কি পর্য্যন্ত পরাক্রম তাহা বিবেচনা করিলে তোমার যথেষ্ট উপকার হইতে পারে। অতএব হে পাঠক, তুমি আপাদ মস্তক পর্য্যন্ত যুদ্ধসাজেতে সুসজ্জিত হইয়া খ্রীষ্টের শিক্ষিত একজন সেনা হইয়া নির্ভয় রূপে যুদ্ধ কর।

হে পাঠক, পাপদ্বারা তোমার যে কুস্বভাব হইয়াছে ইহা তোমার অনুভব হইয়া থাকিবে। অতএব ধর্ম্ম কর্ম্ম করিতে প্রবর্ত্ত হইলে বিঘ্নকারি তোমার সাংসারিক স্বভাব আত্মার

---

us to "strive to enter in at the strait gate;" (Luke xiii. 25.) thereby (as it seems) intimating, not only that the passage is narrow, but that it is beset on the right hand and on the left with enemies cunning and formidable. And be assured, O reader, that unless you encounter and overcome them, you will never enter heaven. You have often heard them marshalled, as it were, under three great leaders; the flesh, the world, and the Devil; and, according to this distribution, I would call you to consider the forces of each, as setting themselves in array against you. O that you may be excited to "take to yourself the whole armour of GOD," (Eph. vi. 13.) and to "acquit yourself like a man" (1 Cor. xvi. 13.) and a Christian.

Your conscience will testify you carry about with you a corrupt and degenerate nature. You will therefore feel, in the course of your experience the flesh lusting against the spirit, so

বিরুদ্ধে কর্ম্ম করিতে বাসনা করে, এ নিমিত্তে আপন ইচ্ছানুসারে তুমি সকল কর্ম্ম নিষ্পন্ন করিতে পারক হইবা না, ইহাও তোমার অনুভব হইবে। আর এমন হওয়ার কারণ এই, যে কুস্বভাববিশিষ্ট হইয়া মনুষ্যদের জন্ম হয়, এবং জন্মাবধি নানা প্রকার কুকর্ম্ম করিয়া ঐ কুঅভিলাষের পোষণ করাতে সে এমন প্রবল হয়, যে অবশেষে অত্যন্ত কষ্ট না পাইলে তাহাকে দূরী করণ করা যায় না। ঐ কর্ম্ম এমনি সুকঠিন, যে ধর্ম্মপুস্তকে ব্যাঘ্রের গাত্রের চিত্রতার সহিত ঐ অভিলাষের তুলনা দিয়াছে; অর্থাৎ আপনার গাত্রের চিত্রতার পরীবর্ত্তন করিতে ব্যাঘ্রের যেমন শক্তি নাই, তেমনি ঈশ্বরের সাহায্য ব্যতিরেকে ঐ অভিলাষের পরীবর্ত্তন করিতে কেহ পারে না। তথাপি এখন পরমেশ্বরের কিঞ্চিৎ সহায়তা প্রাপ্ত হওয়াতে ধর্ম্মবিষয়ে তোমার যেরূপ ব্যগ্রতা, তাহাতে যতো শত্রু উঠে উঠুক, অবশ্য পরাজয় করিব এমন অনুমান করিতে পার বটে। কিন্তু হায়২ আমার মনে এই বড় আশঙ্কা হইতেছে, যে সকল শত্রুদিগকে তুমি এখন তুচ্ছ

---

that you will not be able, in all instances, to do the things that you would. (Gal. v. 17.) You brought irregular propensities into the world along with you; and you have so often indulged those sinful inclinations, that you have greatly increased their strength; and you will find, in consequence of it, that these habits cannot be broken through without great difficulty. You will, no doubt, often recollect the strong figures in which the prophet describes a case like yours; and you will own, that it is justly represented by that "of an Ethiopian changing his skin, and the leopard his spots." (Jer. xiii. 23.) It is indeed possible, that you may find such an edge and eagerness upon your spirits, as may lead you to imagine that all opposition will immediately fall before you. But, alas! I fear, that in a little time these enemies, which seemed to be slain at your feet, will revive, and recover their weapons, and renew the assault in one form or another. And perhaps your greatest danger may arise from some of those enemies from whom you apprehended the

করিতেছ, তাহারা অবকাশ পাইয়া জাগ্রত হইলে তোমার সহিত পুনর্বার যুদ্ধ করিয়া কি জানি তোমাকে অবশ্য ক্লেশ দিতে পারিবে। ফলতঃ অহঙ্কার ও আলস্য প্রভৃতি প্রবল হওয়াতে ধর্ম্মেচ্ছা ক্ষীণ হইয়া যখন বিষয়ের প্রতি তোমার অত্যন্ত লালস হইবে, তখন অবশ্য ধর্ম্মপথে বাধা জন্মিবে। অতএব অনেক২ ঐশ্বর্য্য ভোগ নিষিদ্ধ কর্ম্ম না হইলেও তথাচ তাহাহইতে ক্ষান্ত হইবে, নতুবা কদাচ খ্রীষ্টের উত্তম শিষ্য হইতে পারিবা না।

তদ্ভিন্ন সংসার হইতেও অনেক২ কষ্ট ভোগ করিতে হইবে: অর্থাৎ সাংসারিক মনোহর বস্তুসকল ও সাংসারিক দুষ্টস্বর লোক সকল, ইহারা ধর্ম্মবিষয়ে সর্ব্বতোভাবে বাধক হইবে। এবং পাপাত্মা শয়তানও যথা সাধ্য ব্যাঘাত জন্মাইতে এমনি চেষ্টা করিবে যে তোমাকে একান্ত নিরাশ করিতে চিরকাল ক্ষান্ত হইবে না: ফলতঃ পরমেশ্বর অতি সুকঠিন এবং তাহাকে কোন ক্রমে সন্তুষ্ট করা যায় না তোমার এমনি বোধ জন্মাইতে চেষ্টা পাইবে। সে আর তোমাকে

---

least; particularly from pride, and from indolence of spirit; from a secret alienation of heart from God, and from an indisposition for conversing with him, through an immoderate attachment to things seen and temporal, which may be oftentimes exceedingly dangerous to your salvation, though perhaps they be not absolutely and universally prohibited. In a thousand *instances, of this kind you must learn to deny yourself, or you* cannot be Christ's disciple. (Matt. xvi. 24.)

You must also lay your account to find great difficulties from the world, from its manners, customs, and examples. The things of the world will hinder you one way, and the men of the world another. And it is not at all improbable, that, in the mean time, Satan may be doing his utmost to discourage and distress you. He will not fail to represent God himself, the fountain of goodness and happiness, as a hard master, whom it is impossible to please. He will perhaps fill you with the most distressing fears, and with cruel and insolent malice glory over you as his slave, when

খ্রীষ্টের দয়া পাত্র জানিলেও তথাচ কত শত দুঃখের ভয় দেখাইয়া অস্থির করিলে তোমার উপর অহঙ্কার করিবে। আর অধিক কি বলিব? এই ধূর্ত্ত শত্রু যাহাতে তোমার মনম্লান ও ধর্ম্মবলহ্রাস হয় সর্ব্বতোভাবে এমন চেষ্টাতে নিবৃত্ত হইবে না; কিন্তু ঈশ্বরের সহায়তা প্রযুক্ত যদিও তোমাকে স্বর্গচ্যুত করিতে না পারে, তথাপি তোমার আয়ুর শেষ পর্য্যন্ত যাহাতে তোমার পরোপকারিত্বশক্তির ও নিজসুখের হ্রাসতা জন্মে, সমস্তপথেতে এমন বিপক্ষতাচরণ করিবে।

যাহারা প্রকৃত ঈশ্বর পরায়ণ, তাহাদের এ সকল দশা ঘটিয়া থাকে, অতএব তুমি যদি তদ্রূপ হও তবে তোমার ও অবশ্য তাহা ঘটিবে। কিন্তু তাহার নিমিত্তে ভীত কি দুঃখিত হইও না, কেননা তোমার রক্ষক যে প্রভুযীশু খ্রীষ্ট তিনিতো তোমার বিপক্ষ সকল অপেক্ষা অধিক বলবান বটেন। অতএব তুমি লক্ষ ২ বিপক্ষেতে বেষ্টিত হইলেও তিনি তোমার সপক্ষ হইয়া অবশ্য রক্ষা করিবেন, ইহার পর আহ্লাদের বিষয় আর কি আছে। এ কারণ লিখিতেছি, কেবল

---

he knows you are the Lord's freeman. In short, this practised deceiver will follow you with malicious arts and pursuits to the very end of your pilgrimage; and will leave no method unattempted which may be likely to weaken your hands, and to distress your heart, that if, through the gracious interposition of God, he cannot prevent your final happiness, he may at least impair your peace and your usefulness, as you are passing to it.

This is what the people of God feel; and what you will feel in some degree or other, if you have your lot and your portion among them. But after all, be not discouraged: Christ is the "Captain of your salvation." (Heb. ii. 10.) It is delightful to consider him under this character. When we take a survey of these hosts of enemies, we may lift up our heads amidst them all, and say, "More and greater is he that is with us, than all those that are against us." (2 Kings vi. 16.) Trust therefore in the

প্রভু যীশু খ্রীষ্টের উপরে নির্ভর দেও, তাহাতেই তুমি সীওন পর্ব্বতের মত অটল হইয়া থাকিবা। আর যখন শত্রুগণেরা তোমার প্রাণান্ত করিতে আসিবে, তখন যে জগদীশ্বরের সাক্ষাতে তাহাদের সহিত যুদ্ধ করিতে হইবে, ইহা স্মরণ করিয়া খ্রীষ্টেতে বিশ্বাস পূর্ব্বক সুস্থির মনেতে আপন পুরুষত্ব প্রকাশ করিবা। আর তিনি যে শ্রান্তকে অশ্রান্ত ও দুর্ব্বলকে বলবান করিতে পারেন ইহাও অবিরত স্মরণ করিবা। কেননা ধর্ম্মপুস্তকে লিখিত আছে, যে কতশত দীন দুঃখী দুর্ব্বল লোকেরা কেবল তাঁহারি নামের পরাক্রমেতে দুর্জ্জয় সংগ্রামেতে জয়ী হইয়া উঠিয়াছে।

অতএব শয়তান কিম্বা মনুষ্য হইতে আক্রান্ত হইলে তুমি একবার ঊর্দ্ধদৃষ্টি করিলেই পুনর্ব্বার অন্তঃকরণে সাহস প্রাপ্ত হইবা। যে হেতুক ত্রাণকর্ত্তা প্রভু তোমার সাহায্য ও কর্ম্মের ফল প্রদান করিতে তোমার নিকটেই আছেন। আর যদি তুমি অধিক কষ্টপ্রাপ্ত হও তবে যিনি তোমার মঙ্গলের নিমিত্তে ক্রুশীয় মরণ পর্য্যন্ত স্বীকার করিলেন তাঁহাকে পুনঃ২ স্মরণ করিবা। এবং তোমার পথ দর্শক প্রভু যীশু খ্রীষ্টের সাহস স্মরণ পূর্ব্বক তাঁহার পদচিহ্ন দিয়া

Lord, and you will be as Mount Sion which cannot be removed. When your enemies press upon you, remember you are to "fight in the presence of God." (Zech. x. 5.) Endeavour therefore to "resist them, stedfast in the faith." (1 Pet. v. 9.) Remember, "He can give power to the faint, and increase strength to them that have no might." (Isaiah xl. 29.) How many believers feeble in themselves have in the name of the Lord God of Israel trodden down the force of the enemy, and "out of weakness have been made strong!" (Heb. xi. 34.)

Amidst all the opposition of earth and hell, look upward and look forward, and you will feel your heart animated by the view. Your General is near: he is near to aid you, he is near to reward you. When you feel the temptation press the hardest, think of Him who endured even the cross itself for your rescue. View the

গমন কর। দেখ তিনি কহিয়াছেন, তোমরা মৃত্যুকাল পর্য্যন্ত একান্ত বিশ্বাস কর তাহা হইলে আমি শীঘ্র২ জীবনরূপ মুকুট আনিয়া তোমাদিগকে প্রদান করিব। অতএব তাঁহার এই কথাতে বিশেষরূপে মনোযোগ কর।

স্বর্গপথগামী হইলে অবশ্য কষ্টপাইতে হয়, ইহা প্রবোধ পাইয়া যে ব্যক্তি পরমেশ্বরের শরণ লয়, তাহারি প্রার্থনা।

হে দীনবন্ধো, হে করুণাসাগর প্রভো, তুমি করুণারূপহস্ত-বিস্তার করিয়া আপন আশ্রিত লোকদিগকে সর্ব্বদা শত্রু হস্ত-হইতে রক্ষা করিতেছ। আমি ও দারুণ বিপদগ্রস্ত হইয়া তোমার আশ্রয় গ্রহণ পূর্ব্বক আপনাকে তোমাতে সমর্প্পণ করিলাম তুমি আমাকে রক্ষা কর। হে কৃপাময় প্রভো, কুক্কুট পক্ষিরা যেমন শয়চানের ভয়প্রযুক্ত নিজশাবকদিগকে আপন পক্ষাশ্রয় দিয়া রক্ষা করে, তেমনি আমাকে কৃপাশ্রয় দিয়া রক্ষা কর। এবং আমি যেন দৌর্ব্বল্য হইতে মুক্ত হইয়া

---

fortitude of your divine Leader, and endeavour to march on in his steps. Hearken to his voice, for he proclaims it aloud, "Behold, I come quickly, and my reward is with me:" (Rev. xxii. 12.) "Be thou faithful unto death, and I will give thee a crown of life." (Rev. ii. 10)

The Soul, alarmed by a Sense of these Difficulties, committing itself to Divine Protection.

"Blessed God! it is to thine almighty power that I flee. Behold me surrounded with difficulties and dangers, and stretch out thine omnipotent arm to save me; 'O thou that savest by thy right hand them that put their trust in thee, from those that rise up against them.' (Psalm xvii. 7.) This day do I solemnly put myself under thy protection: exert thy power in my favour, and permit me 'to make the shadow of thy wings my refuge.' (Psalm lvii. 1.) Let 'thy grace be sufficient for me, and thy

তোমার বলেতে বলবান হই। হে প্রভো, আমি যে বিশ্বাসঘাতকী হইয়া তোমাকে পরিত্যাগ করিব না এমন কথা কহিতে পারি না, কিন্তু তোমাকে যেন ত্যাগ না করি এমন আমার ইচ্ছা আছে ইহা কহিতে পারি। আর জ্ঞানপূর্ব্বক তোমার অনভিমত কর্ম্ম করা অপেক্ষা আমার মরণ শ্রেয় এমন কথা কহিতে পারি। হে জগদীশ্বর, অবকাশ ক্রমে আমার মনের স্বভাব নষ্ট করিতে এবং আমাকে শত্রুহস্তে সমর্পণ করিতে দক্ষ এমন যে আমার দুর্ম্মতি, তাহাকে নির্ম্মূলে উৎপাটন করিয়া মনো মধ্যে তোমাতে বিশ্বাস ও স্বর্গের আশাকে শীঘ্র২ বৃদ্ধি কর। আর শয়তান ও মনুষ্যদিগের বাধাতে কোন প্রকারে বদ্ধ না হইয়া যেন সাহস পূর্ব্বক অগ্রগামী হই। আর যদি কেহ কুপথে লওয়াইতে কুপরামর্শ দেয় তবে তাহাতে যেন কর্ণসমর্পণ না করি। তবে ইহাতে যদি কেহ দুর্ব্বাক্য কহে কি ভয়প্রদর্শন করায়, তবে তাহাতেও যেন ক্রোধ কিম্বা ভয়াদি কোন বিকার মনোমধ্যে না জন্মে; বরং তাহাদের মনের কঠিনতাদি বিপরীত ভাব দেখিয়া সুজ্ঞানানুসারে তাহাদের চেতনা জন্মাইতে ও কুপথহইতে সুপথে আনিতে যেন সচেষ্ট থাকি।

---

strength be made perfect in my weakness.' (2 Cor. xii. 9.) I dare not say 'I will never forsake thee; I will never deny thee:' (Mark xiv. 31.) but I hope I can truly say, O Lord, I would not do it; and that, death would appear to me much less terrible than in any wilful and deliberate instance to offend thee. O root out those corruptions from my heart, which in an hour of pressing temptation might incline me to view things in a different light, and so might betray me into the hands of the enemy. Strengthen my faith, O Lord, and encourage my hope. Inspire me with a heroic resolution and make me 'set my face like a flint' (Isaiah l. 7.) against all the assaults of earth and hell. 'If sinners entice me, let me not consent;' (Prov. i. 10.) if they insult me, let me not regard it; if they threaten me, let me not fear. Rather may a holy and ardent, yet prudent and well-governed zeal, take occasion from that malignity of heart which

আর তাহারা ধর্ম্মকথা শুনিয়া যদি বিদ্রূপ করে, তবে তাহাদের বিদ্রূপেতে লজ্জিত না হইয়া তোমার সত্যতা বিষয়ে যেন সাক্ষ্য দিতে পারি এমন সাহসিক ও শুদ্ধমন আমাকে দেও। তাহা হইলে পথভ্রষ্ট ও আজ্ঞালঙ্ঘন কারিলোকদিগকে সুখেতে সুপথে আনিতে ও সুশিক্ষা দিতে চেষ্টা করিব।

হে জগদীশ্বর, তুমি আমাকে সর্ব্বকালেতে রক্ষা কর। তোমার সাহায্য ব্যতিরেকে আমি সুপথে গমন করিতে পারি, এমন বিপরীত বুদ্ধি যেন আমার কখন না জন্মে। এবং আমি অতি দুর্ব্বল, ঈশ্বরের বলেতে প্রচুর রূপে বলবান হইতে পারিব না এমন অনুভব না করিয়া, বরং তুমি যে দিগে যে কর্ম্মে নিযুক্ত করিবা সেইদিগে সেই কর্ম্মে নিযুক্ত থাকিয়া যেন পরিত্রাণের নিমিত্তে বিঘ্নকারিদিগের সহিত সদা সংগ্রাম করি।

হে ত্রাণাধ্যক্ষ, হে সর্ব্বার্থসিদ্ধিকারি প্রভো, যদি কোন সময়ে তোমাকে ত্যাগ করিবার সম্ভাবনা আমার দেখ, তবে তৎকালে তোমার শিষ্য পিতরের প্রতি যেমন করুণা-

---

they discover, to attempt their conviction and reformation. At least, let me never be ashamed to plead thy cause against the most profane deriders of religion. 'Make me to hear joy and gladness' in my soul, and I will endeavour to 'teach transgressors thy ways, that sinners may be converted unto thee.' (Psalm li. 8, 13.)

"Keep me, O Lord, now, and at all times. Never let me think, whatever age or station I attain, that I am strong enough to maintain the combat without thee. Nor let me imagine myself, even in this infancy of religion in my soul, so weak, that thou canst not support me. Wherever thou leadest me, there let me follow; and whatever station thou appointest me, there let me labour; there let me maintain the holy war against all the enemies of my salvation.

"And thou, O glorious Redeemer, the Captain of my salvation, 'the great Author and Finisher of my faith,' (Heb. xii. 2.)

দৃষ্টিপাত করিয়াছিলা, তেমনি আমার উপরেও কৃপাবলোকন করিয়া সেই পাপের ধ্বংস কর। কিম্বা এই আশীর্ব্বাদ কর যেন তৎক্ষণাৎ মনস্তাপিত হইয়া পুনর্ব্বার তোমার সত্যপথে ফিরিয়া আসি। আর ভ্রান্তিক্রমে যদ্যপি কখন পাপ কর্ম্ম করি, তবে সেই দোষ চিরকাল আমার মনোমধ্যে জাগ্রত থাকাতে সর্ব্বদা যেন নম্র ও সতর্ক হইয়া তোমার কর্ম্ম করি। খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

১১ অধ্যায়।

আপনাকে পরমেশ্বরের উদ্দেশে সমর্পণ করা খ্রীষ্টাশ্রিত লোকদিগের অতি কর্ত্তব্যকর্ম্ম তাহারি কথা।

হেপাঠক, যিনি আমাদের সৃষ্টি করিয়া আমাদিগের জীবন ধারণের নিমিত্তে জগতে এতো২ সামগ্রী আয়োজন পূর্ব্বক শিশুকালাবধি মুহুর্মুহু রক্ষণাবেক্ষণ করিতেছেন, এমন যে সেই জগৎ স্বামী সর্ব্বমঙ্গলদাতা পরমেশ্বর তাহারি সেবাতে

---

when I amin dangero f denying thee, as Peter did, look upon me with that mixture of majesty and tenderness, (Luke xxii. 61.) which may either secure me from falling, or may speedily recover me to God and my duty again. And teach me to take occasion, even from my miscarriages, to humble myself more deeply for all that has been amiss, and to redouble my future diligence and caution. Amen."

CHAPTER XI.

THE CHRISTIAN URGED TO AN EXPRESS ACT OF SELF-DEDICATION TO THE SERVICE OF GOD.

SURELY there is *nothing* we should do with greater cheerfulness, or more cordial consent, than make a surrender of our selves to the Lord;—to the God who created us, who brought

প্রাণপর্য্যন্ত আপন সর্ব্বস্ব সমর্পণ করা আমাদের সর্ব্ব-প্রকারে উচিত কর্ম্ম। কেননা আমরা যাঁহার সৃষ্ট, এবং যাঁহার পুত্রের রক্তদ্বারা ক্রীত হইয়াছি, যাবৎ জীবন পর্য্যন্ত তাঁহারি দাসত্বে নিযুক্ত থাকা অপেক্ষা উত্তম ও যুক্তি-সিদ্ধ শুভকর্ম্ম আর কি আছে। অতএব হে পাঠক, তুমি যদি এতদ্বিষয়ে যথার্থ বিবেচনা করিয়া দেখ, তবে তুমি যে আজন্মাবধি তাঁহার বিপরীত কর্ম্ম করিয়া আসিতেছ, তন্নি-মিত্তে তোমার মর্ম্মান্তিক খেদ ও মনস্তাপ অবশ্য জন্মিবে। আর পূর্ব্বকার অসঙ্গত আচরণেতে ঘৃণা জন্মিয়া আজি অবধি পরমেশ্বরের প্রতি ফিরিয়া তাঁহার বস্তু তাঁহাকে দিতে তোমার অবশ্য মনোবাঞ্ছা হইবে। আর করিবা কি না, পূর্ব্বে যেমন পাপ সেবাতে ও শয়তানের উদ্দেশে স্বশরীর সমর্পণ করিয়াছিলা, তেমনি এখন ও যথার্থ-কর্ম্ম করিবার জন্যে কেবল ঈশ্বরোদ্দেশে আপনাকে সমর্পণ করিবা।

---

us into this pleasant and well-furnished world, who supported us in our tender infancy, who guarded us in the thoughtless days of childhood and youth, who has hitherto continually helped, sustained, and preserved us. Nothing can be more apparently equitable, than that we, the product of his power, and the price of his Son's blood, should be his, and his for ever. If you see the matter in its just view, it will be the grief of your soul that you have ever alienated yourself from the blessed God and his service. So far will you be from wishing to continue in that estate of alienation another year or another day, you will rejoice to bring back to him his revolted creatures. And as you have in times past yielded your members as instruments of unrighteousness unto sin, you will delight to yield yourself as an instrument of righteousness unto God.

এখন ঈশ্বরোদ্দেশে আপনাকে সমর্প্পণ করিতে হইলে যেরূপ মিনতি করিয়া কহিতে হয় তাহারি আদর্শ।

হে সনাতন অবিকারি পরমেশ্বর, আমি আপনাকে নিতান্ত পাপাত্মা নরাধম জানিয়া অতি কুণ্ঠিত হইয়া তোমার নিকটে আসিয়া দণ্ডবৎ হইতেছি। তুমি সর্ব্বেশ্বর শুদ্ধসত্ব এই প্রযুক্ত পাপিষ্ঠ যে আমি তোমার সম্মুখে কম্পান্বিত হইয়া দাঁড়ান আমার উচিত। কিন্তু তোমার যেমন অসীম মহত্ত্ব তেমনি তোমার দয়া, এই জন্যে তোমারি আজ্ঞা প্রমাণে অর্থাৎ প্রভুযীশু খ্রীষ্টদ্বারা তুমি যে সুসমাচার আমাদিগকে প্রদান করিয়াছ, তাহাতে ভরসান্বিত হইয়া তোমার সেবা করিবার নিমিত্তে আসিয়াছি।

অতএব হে দয়াময় প্রভো, আমি খ্রীষ্ট কর্ত্তৃক আহ্বানিত হইয়া তাঁহার সম্পূর্ণ পুণ্যের উপরে একান্ত নির্ভরদিয়া আমি যে অপরাধির মধ্যে অগ্রগণ্য, ইহা স্বীকার পূর্ব্বক নম্র-মনা করসঞ্চয় কারির ন্যায় একান্তমনে তোমার নিকটে দয়া যাচ্ঞা করিতেছি। অতএব প্রভুযীশু খ্রীষ্টের অনুরোধেতে

An Example of Self-dedication, *or a Solemn Form of renewing our Covenant with GOD.*

"Eternal and unchangeable Jehovah? I desire, with the deepest humiliation and abasement of soul, to fall down at this time in thine awful presence. 'Trembling may justly take hold upon me,' (Job xxi. 6.) when I, a sinful worm, presume to lift up my head to thee, presume to appear in thy majestic presence who art King of kings, and Lord of lords. But, O Lord, great as is thy majesty, so also is thy mercy. And being influenced by thy word which thou hast given to us by Jesus Christ, I appear in thy presence to yield myself to thee.

"To thee therefore do I now come, invited by the name of thy Son, and trusting in his righteousness and grace. Laying myself at thy feet with shame and confusion of face, and smiting upon my breast, I say, with the humble publican, 'God be merciful

আজ্ঞালঙ্ঘনজন্য দোষ হইতে আমাকে মুক্ত করিয়া গ্রহণ কর। হে জগদীশ্বর আমি জন্মাবধি বিপথগামী ছিলাম বটে, কিন্তু এক্ষণে তোমার অনুগ্রহেতে চেতনা পাইয়া তুমি যে আমার রাজা, ইহা স্বীকার পূর্ব্বক তোমার প্রতি ফিরিয়া তোমার সেবাতে যেন সর্ব্বদা নিযুক্ত থাকি এই আমার বাঞ্ছা; অতএব কৃপাকরিয়া আমাকে গ্রহণ কর।

হে দয়াসাগর পরমেশ্বর, আমি পূর্ব্বে যাহাদিগকে প্রভু বলিয়া সেবা করিতাম, অদ্যাবধি তাহাদিগকে পরিত্যাগ করিয়া জগৎপ্রভু যে তুমি তোমাকে প্রভু বলিয়া একান্ত মনে আপনাকে তোমাতে সমর্পণ করিতেছি। অতএব অনুগ্রহ পূর্ব্বক আমার শারীরিক ও মানসিক শক্তি ও পরমায়ুঃ প্রভৃতি সকলি তুমি গ্রহণ কর, তাহাতে যেন আমি সর্ব্বদা তোমার নিকটে থাকিয়া তোমার মহিমা প্রকাশ ও সমস্ত আজ্ঞা প্রতিপালন করিতে ক্ষমতা প্রাপ্ত হই। এই প্রকারে যাবৎ জীবন সতর্ক হইয়া তোমার অভিমত জ্ঞাত হইবামাত্রে পরমাহ্লাদে তাহা পালন করিতে যেন অগ্রসর হই।

---

to me a sinner!' (Luke xviii. 13.) I acknowledge, O Lord, that I have been a great transgressor. From my birth I have gone astray from thee, but in infinite mercy thou hast awakened me, and now I return to thee, and acknowledge thy dominion over me. O Lord, do thou receive me: I desire to be thine for ever.

"Blessed God! it is with the utmost solemnity that I make this surrender of myself unto thee. From this day do I solemnly renounce all the former lords which 'have had dominion over me,' (Isa. xxvi. 13.) and acknowledging thee only as my Lord, I surrender myself to thy service. The whole frame of my nature, all the faculties of my mind, and all the members of my body, would I present before thee this day; accept them I beseech thee. And I earnestly pray, that thou wouldst give me strength and courage to fulfil thy will, and to exert myself to the utmost for thy glory. In this course, O blessed God, would I steadily persevere to the very end of my life; at all times with pleasure obeying every intimation of thy will.

হে ঈশ্বর, আমি যে কেবল তোমার সেবার নিমিত্তে আপনাকে সমর্প্পণ করিলাম তাহা নয়, কিন্তু তোমার বিবেচনাতে আমার প্রতি দুঃখ কি সুখ যাহা বিহিত, তাহাও ভোগ করিতে আপনাকে তোমাতে সমর্প্পণ করিলাম ; অতএব তোমার ইচ্ছানুসারে আমার প্রতি ব্যবহার কর। আর জগৎস্থ সমুদয় বিষয় কি অবস্থা সকলি যে কেবল তোমারি হস্তগত এবং তুমি সুপ্রতিপালক ন্যায়কারী রাজা, যাহার আজ্ঞাকারী হওয়া সকলের উচিত ইহা জ্ঞাত আছি ; অতএব পুনর্ব্বার কহি যে কোন অবস্থাতে থাকি সকল দশাতেই যেন প্রফুল্লচিত্ত হইয়া আপন মত পরিত্যাগ পূর্ব্বক কেবল তোমার ইচ্ছানুসারে তাবৎ কর্ম্ম করি, এই প্রার্থনা করিতেছি।

হে প্রভো, আমাকে অস্ত্র করিয়া আপন কর্ম্ম সাধনা কর। আর তোমার পুত্রের রক্ত সরোবরেতে আমাকে স্নান করাইয়া তাহার পুণ্যরূপ পরিচ্ছদ পরিহিত করাইয়া তাঁহার পবিত্রাত্মা দ্বারা আমাকে পবিত্র কর। তাহাতে তোমার মনোনীত লোকদিগের মধ্যে আমি ও এক জন গণিত হইয়া প্রভু যীশুখ্রীষ্ট পৃথিবীতে যেরূপ ছিলেন, আমিও ক্রমে২ যেন

"Not only do I consecrate all that I am and have to thy service, but I also most humbly resign, and submit to thine holy and sovereign will myself, and all that I can call mine. I would leave, O Lord, to thy management and direction all I possess. Continue or remove what thou hast given me; and may I be enabled to acquiesce in all thy dispensations; looking on thee, O God, as the great and righteous parent and governor of all, whose word ought to determine every thing, and whose government ought to be the joy of the whole rational creation.

"Use me, O Lord, I beseech thee, as an instrument of thy service. Number me among thy peculiar people. Let me be washed in the blood of thy dear Son. Let me be clothed with his righteousness. Let me be sanctified by his Spirit. Transform me more and more into his image. Impart to me, through him, all needful influences of thy purifying, cheering, and com-

তদ্রূপ লোক হইয়া উঠি। এই রূপে তোমার পবিত্রাত্মার প্রভা-বেতে নির্ম্মল অন্তঃকরণ পাইয়া সান্ত্বনাতে পরিপূর্ণ হইয়া আপনি যে আমার স্বর্গস্থ পিতা ইহা বুঝিয়া তোমার অনুগ্রহ ভোগ করিতে২ যেন আয়ুঃক্ষয় করি।

এই প্রকারে অন্তকাল উপস্থিত হইয়া প্রাণ বিয়োগ সময়ে আমার অন্তঃকরণের বিষয়াশা লুপ্ত হইলেও তথাচ তো-মার নিরূপিত পরিত্রাণ বিষয়ে যেন আমার আশা বলবতী থাকে। হে পিতঃ হে পরমেশ্বর, তোমার শিশু যে আমি তৎ-কালে যখন অতিদুর্ব্বল হইব তখন সন্তান স্নেহেতে কৃপাবলোকন করিয়া আমাকে তুলিয়া ক্রোড়ে লইও। এবং দেহহইতে নির্গত হইবে যে আমার জীবাত্মা খ্রীষ্টেতে তাহার বিশ্বাস জন্মাইয়া তাহাকে নির্ভয় করিও। আর বিচার দিন অপেক্ষা করিয়া যদবধি পুনরুত্থান না হইবে, তদবধি তোমার আশ্রিত মৃত লোকদিগের সহিত তাহাকে আনন্দিত করিয়া বসতি করাও। হে ঈশ্বর এমত হইলে পিতা পুত্র ধর্ম্মাত্মা তিনের স্বরূপ যে তুমি তোমার স্তব ও প্রশংসা নিরন্তর করিব।

---

forting Spirit. And let my life be spent in the light of thy gracious countenance, as my Father and my God.

"And when the solemn hour of death comes, and all the interests of mortality are about to close upon me for ever, may I then be supported in the prospect of eternal salvation. Do thou then look down with pity, O my heavenly Father, on thy languishing dying child. Embrace me in thine everlasting arms. Put strength and confidence into my departing spirit. And receive it to the abodes of them that sleep in Jesus, peacefully and joyfully to wait a glorious resurrection, and eternal happiness in thine heavenly presence.— And now to Jesus the great Mediator, and thee, O Father, and thy Holy Spirit, be everlasting praises ascribed. Amen."

১২ অধ্যায়।

খ্রীষ্টের ভোজ দ্বারা যাহারা তাঁহার মণ্ডলীতে ভুক্ত হইবে তাহাদের প্রতি উপদেশ।

হে পাঠক, এখন তুমি যে স্বেচ্ছাপূর্ব্বক আপনাকে পরমেশ্বরোদ্দেশে সমর্পণ করিয়া তাঁহার মনোনীত লোকদিগের মধ্যে এক জন গণিত হইয়াছ, আমার এমন বোধ করা উচিত বটে। এমত যদি হইল তবে জানিও যে তুমি অদ্যাবধি বিশেষরূপে স্বর্গযাত্রী হইয়াছ। আর খ্রীষ্টধর্ম্ম পথে যাত্রা করিলে যে ২ আঘাত উপস্থিত হয় তাহার সমস্ত বৃত্তান্ত তোমাকে কহিয়াছি। কিন্তু তাহার মধ্যে একটি নিগূঢ় কথা আছে এই, যে ঐ পথমধ্যে কণ্টক বৃক্ষ স্বরূপ যে সকল বাধা আছে তাহা ছেদনের নিমিত্তে কেবল খ্রীষ্টের প্রেম হইয়াছে শাণিত কুঠার স্বরূপ, অতএব সেই প্রেম যেন সর্ব্বদা তোমার হৃদয়ে বিরাজমান থাকে ইহা কেমন বাঞ্ছনীয় বিষয়। এবং প্রভুর মৃত্যু প্রকাশক যে তাঁহার ভোজন তদপেক্ষা খ্রীষ্টের প্রতি প্রেমজনক আর কোন বিষয় আছে? দেখ প্রভুর ভোজনকালে যখন ধর্ম্মাধ্যক্ষ রুটী লইয়া ভগ্ন করে এবং দ্রাক্ষারস লইয়া পাত্রেতে ঢালে,

---

CHAP. XII.

OF ENTERING INTO CHURCH COMMUNION BY AN ATTENDANCE UPON THE LORD'S-SUPPER.

I HOPE this chapter will find you, by a most express consent, *become one of God's covenant people, solemnly and cordially* devoted to his service; if so, give me leave to remind you, that you are now in a special manner setting out in the Christian life. I have already *reminded you at large, of the opposition you must expect* to meet with in it. Observe then it is the love of Christ which must animate you to break through all. What then can be more desirable than to bear about with you a lively sense of it? and what can awaken that sense more than the contemplation of his death as represented at the Lord's supper? *Who* can behold the bread broken, and the wine poured out, and not reflect how the body of the blessed Jesus was even torn in pieces by his sufferings, and his sacred blood pour-

তখন অবশ্যই সকলে স্মরণ করিবে, যে অতিশয় যন্ত্রণা ভোগ দ্বারা খ্রীষ্টের পবিত্র শরীর ক্ষত বিক্ষত হইয়া রক্তপাতে ভূমিসিক্ত হইয়াছিল। অতএব আমাদের জন্যে তিনি যে এতো যন্ত্রণা ভোগ করিয়াছিলেন, তাহা স্মরণ করিলে কাহার না অন্তঃকরণ প্রেমেতে আর্দ্র হয়? আর মঙ্গলসমাচার গ্রহণ করাতে আমাদিগের যে কতো পর্য্যন্ত মঙ্গল প্রাপ্তির সম্ভাবনা, তাহাও ঐ স্মরণ দ্বারা অনুমানের মধ্যে আইসে। আর তাঁহার সেবা নিমিত্ত পরমেশ্বরোদ্দেশে আপনাকে সমর্পণ করিলে পর আমরা যে আপনার আপনি নই খ্রীষ্টের অমূল্যরক্ত দ্বারা ক্রীত হইয়াছি, অর্থাৎ ক্রীতদাস হইয়াছি, সেই স্মরণ দ্বারা ইহা অবশ্য উপলব্ধি হয়। আর ঐ প্রেম স্মরণ করিলে পাপের প্রতি ও অবশ্য বিরাগ জন্মিতে পারে। আর খ্রীষ্টের সেবক মাত্রে খ্রীষ্টের প্রেম হইতে জাত প্রযুক্ত সকলেই এক, এমন বোধ অবশ্য জন্মে। এবং তাঁহারি রক্ত দ্বারা পাপ ও নরক হইতে মুক্ত হওন প্রযুক্ত যেখানে যত তাঁহার সেবক আছে সকলের সহিতই আমরা যে এক প্রেম রজ্জুতে বদ্ধ হইতেছি, তাহা কেবল নয় সম্পূর্ণ মুক্তি

---

ed forth like water on the ground? Who can think of the heart-rending agonies of the Son of God as the price of our redemption and salvation, and not feel his soul melted with tenderness? What an exalted view does it give us of the blessings of the gospel-covenant, when we consider it as established in the blood of God's only begotten Son? And when we make our approach to God as our heavenly Father, and give up ourselves to his service in this solemn manner, what a solemn tendency has it, to fix the conviction, that we are not our own, being bought with such a price? (1 Cor. vi. 19, 20.) What a tendency has it, to guard us against every temptation to those sins which we have so solemnly renounced. Well may our hearts be knit together in mutual love, (Col. ii. 2.) when we consider ourselves as "one in Christ:" (Gal. iii. 28.) his blood becomes the cement of the society, joins us in spirit, not only to each other, but "to all that in every place call upon the name of Jesus Christ our Lord, both theirs and

প্রাপ্তির দিনেতে সকলে একত্র হইয়া যে প্রভুর সহিত চিরকাল বাস করিব এমন প্রত্যাশা ও করিতেছি। অতএব যাহারা এরূপ আশা করে তাহাদিগের পক্ষে আত্মঅভিলাষ দমন করা, কি খ্রীষ্টের ক্রুশ বহন করা, অর্থাৎ তাঁহারি মত দুঃখ কষ্ট স্বীকার করিয়া তাঁহার পশ্চাৎগামী হওয়া, এ সকল কিছু বড় একটা আশ্চর্য্য কর্ম্ম নয়, বরং তাহা আমাদের অতি আবশ্যক কর্ম্ম। আর তিনি আপন শরীরের রক্তদিয়া ক্রয় করাতে যাহারা স্বর্গ রাজ্যে আমাদের প্রতিবাসী হইবে, প্রার্থনা প্রভৃতি যে কোন প্রকারে তাহাদের মঙ্গল চেষ্টা করা সেও আমাদের নিতান্ত কর্ত্তব্য।

১৩ অধ্যায়।

যাহাতে সমস্তদিন অবিচ্ছেদে ঈশ্বরেতে মনঃসংযোগ রাখা যায় তদ্বিষয়ক কথা।

হে পাঠক, এখন তুমি যে প্রভুর ভোজনে বিশ্বাস পূর্ব্বক ঈশ্বর সেবাতে আপনাকে সমর্পণ করিয়াছ, ইহা অনুমান

---

ours:" (1 Cor. i. 2.) and we anticipate in pleasing hope, that blessed day, when the assembly shall be complete, and we shall all "be for ever with the Lord." (1 Thess. iv. 17.) Well may these views engage us to deny ourselves, and to "take up our cross to follow our crucified Master:" (Matt. xvi. 24.) well may they engage us to do our utmost by prayer, and all other suitable endeavours, to serve his followers and his friends; to serve those whom he hath purchased with his blood, and who are to be his associates and ours, in the glories of a happy immortality.

CHAP. XIII.

SOME MORE PARTICULAR DIRECTIONS FOR MAINTAINING CONTINUAL COMMUNION WITH GOD, OR BEING IN HIS FEAR ALL THE DAY LONG.

I WOULD hope, that upon serious consideration, self-examination, and prayer, the reader may by this time be come to a

হইতেছে। কিন্তু কিং কর্ম্ম দ্বারা ঈশ্বরের সেবা সিদ্ধ হইতে পারে এখন যদি এমন প্রশ্ন কর, তবে যাহাতে সমস্তদিন পরমেশ্বরেতে তোমার মন থাকে এমন আশ্চর্য্য রীতি লিখিতেছি, শ্রবণ কর।

দিবসের ত্রিবিধ কালে অর্থাৎ পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন অপরাহ্ন এই তিন কালেতে অবকাশক্রমে যখন যে রূপে ঐ সকল ব্যবহার করিতে হয় তাহা ক্রমে লিখি শুন।

প্রথমতঃ প্রাতঃকালে নিদ্রাভঙ্গ হইবামাত্র গাত্রোত্থান করণ সময়ে পরমেশ্বরের স্মরণ করা উচিত; তদনন্তর গুপ্ত রূপে তাঁহার যে আরাধনা করিতে হয় তাহাতে অবিলম্বে প্রবৃত্ত হইবে, যেহেতুক ইহা অতি কর্ত্তব্য কর্ম্ম। আর অন্তঃকরণ যদি শ্রদ্ধান্বিত হয়, তবে যাহাতে ঈশ্বরের প্রতি ভক্তি জন্মে এই রূপ চিন্তা আপনা আপনিই উঠিতে পারে; কি না আমি যে নিরুদ্বেগে জাগ্রত হইয়া পুনর্ব্বার বলপ্রাপ্ত হইয়াছি, আর নিদ্রা সময়ে জ্ঞান শূন্য হইলেও তথাচ আমি সুখানুভব প্রাপ্তি পূর্ব্বক রক্ষা পাইয়াছি, এবং নিশি

---

resolution to attend the table of the Lord. And that his concern now is to inquire, how he may act according to the vows of God which are upon him. Now for his farther assistance here, I will propose some more particular directions, relating to "a daily walking with God, or being in his fear all the day long." (Prov. xxiii. 17.)

The directions you will expect from me on this occasion, naturally divide themselves into three heads, How we are to regard God,—in the beginning,—the progress,—and the close of the day, as far as your circumstances and opportunities will admit.

In the beginning of the day: It should certainly be our care,—to lift up our hearts to God, as soon as we wake, and while we are rising;—and then, to set ourselves seriously and immediately to the secret devotions of the morning. For the first of these, it seems exceedingly natural. There are so many things that may suggest a great variety of pious reflections and ejaculations, which are so obvious, that one would think a serious mind could hardly

সুপ্রভাতে ঈশ্বর যে বন্ধুবান্ধবদিগের আরবার দেখিতে দিয়াছেন, এবং আমাদ্বারা তাঁহার সেবা ও আমার সুশিক্ষা হইবার জন্য আমাকে আর একটি দিন দিয়াছেন; এতদ্ভিন্ন, অদ্য যেমন গাত্রোত্থান করিয়াছি তেমনি কবর হইতে পুনরুত্থান পূর্ব্বক স্বর্গারোহণ করিয়া পরমেশ্বরের সহিত অনন্তকাল স্বর্গবাস করিব। এই২ প্রকার চিন্তা করিয়া ঈশ্বরের আরাধনাতে মনের প্রবৃত্তি জন্মিতে পারে।

এই রূপে দণ্ডেক দুইদণ্ড পর্য্যন্ত যাহার যেমন অবকাশ, এমন ব্যক্তির প্রতি ঈশ্বরের ভজনা বিষয়ে শিক্ষা দিতে গেলে প্রথমতঃ ইহা বলিতে হয়, যে স্তবপূর্ব্বক ঈশ্বরের আরাধনা করিবে; অর্থাৎ উপরের লিখিত বিষয় সকল প্রাপ্তির নিমিত্তে পরমেশ্বরের কাছে আপন কৃতজ্ঞতা স্বীকার করিতে হয়। আর খ্রীষ্টদ্বারা এই সকল অনুগ্রহ প্রাপ্ত হওয়াতে আমাদের অন্তঃকরণ যে পরমেশ্বরেতে আকর্ষিত হইতেছে, সে কেবল পবিত্রাত্মার প্রভাবেতে, এমনটি মনে

---

miss them. The ease and cheerfulness of our mind at our first awakening; the refreshment we find from sleep; the security we have enjoyed in that defenceless state; the cheerful light of the returning sun; the hope of returning to the dear society of our friends; the prospect of spending another day in the service of God, and the improvement of our minds; and above all, the lively hope of a joyful resurrection to an eternal day of happiness and glory. *Any of these particulars, may furnish us with matter of* pleasing reflection, and prepare us for the solemn worship of God.

For the exercise of secret devotion in the morning, were I to propose a particular model for those, who have half or three quarters of an hour at command, (which with prudent conduct I suppose *most* may have.) it should be this – To begin the stated devotions of the day with a solemn act of praise, offered to God on our knees, acknowledging the mercies we had been reflecting on while rising; never forgetting to mention Christ, *as the great foundation of all our enjoyments and our hopes,*

করিয়া ঈশ্বরেরং ধন্যবাদ করিতে হয়। আর আমরা যে পরমেশ্বরের এই সকল অনুগ্রহ প্রাপ্তির যোগ্য লোক নই, ইহাও স্বীকার করিতে হয়।

এইরূপ কৃতজ্ঞতা স্বীকার করিলে পর আজিকে ঈশ্বরের নিমিত্তে কিং কর্ম্ম করিতে হইবে? এবং যাহাতে আপনার ও পরের মঙ্গল হয় অদ্য এমন কিং ঘটনার সম্ভাবনা আছে? আর অদ্য যেং স্থানে যাইব তাহাতে কিং আপদ ঘটিবে? ইত্যাদি উত্তমরূপে বিবেচনা করিয়া এই প্রার্থনা করিতে হয়, যে হে প্রভো, আজি আমার যেং কর্ম্ম করা কর্ত্তব্য তাহাতে যেন আমার মনের প্রবৃত্তি জন্মিয়া সকল আপদ বিপদ ও পরীক্ষা হইতে উত্তীর্ণ হইতে পারি। হে প্রভো, অদ্য তোমার মহিমা প্রকাশ করিতে আমাকে যে কোন কর্ম্মেতে নিযুক্ত কর, তাহাতে যেন আমি কৃতকার্য্য হইতে পারি। আর আজিকে হঠাৎ যদি কোন দুঃখ আসিয়া উপস্থিত হয়, তবে যেন তাহা সহিষ্ণুতা করিতে ক্ষমতাপন্ন হই। তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

---

or to return thanks for the influences of the blessed Spirit, which have led our hearts to God, or are then engaging us to seek him: being mindful also to confess that we are unworthy of the least of his mercies.

It may be proper after this, to take a prospect of the day before us, and seriously to reflect, "How shall I employ myself for God this day? What opportunities may I expect, either of doing, or of receiving good? What temptations am I likely to be assaulted with, in any place, company, or circumstance, which may probably occur? After this review, it would be proper to offer up a short prayer, begging, that God would quicken us to each of these foreseen duties; that he would fortify us against each of these apprehended dangers; that he would grant us success in such or such a business undertaken for his glory, and also, that he would help us to resist unexpected temptations, and to bear patiently, and religiously, any afflictions which may surprise us in the day on which we are entering.

এই প্রকার প্রার্থনা করিলে পরে একবার ধর্ম্মপুস্তক পাঠ করা উচিত, তাহা এক পর্ব্ব হউক কি অর্দ্ধেক হউক যেমন অবকাশ তদ্রূপ পাঠ কর। কেননা অন্ন পরিপাক না হইলে যেমন শরীরের উপকার জন্মে না, তেমনি পাঠ করিলে পর তদর্থ বুঝিতে না পারিলে মনের উপকার ও জন্মিতে পারে না। অতএব যখন পাঠারম্ভ করিবা, তখন তদর্থ বুঝিবার শক্তি প্রাপ্তির নিমিত্তে পবিত্রাত্মার সহায়তার প্রার্থনা করিবা; এবং পাঠ সমাপ্ত্যনন্তর তাহাতে প্রাপ্ত উপদেশ যথার্থরূপে পালন করিতে একান্তরূপে মনোযোগ কর।

এক্ষণে দিবসের মধ্যে কিরূপ আচরণ করিতে হয় তাহা শুন। গমনাশক্ত শিশু যেমন পিতার হস্তের উপর নির্ভর দিয়া হাঁটি২ পা২ করিয়া চলে, এবং পড়িবার শঙ্কাতে যেমন দৃঢ়রূপে পিতার হাত ধরিতে সতর্ক থাকে, তেমনি মনুষ্য দিগের ও সৎকর্ম্ম করণে অক্ষমতা প্রযুক্ত সাবধানপূর্ব্বক ঈশ্বর সাহায্যের উপরে নির্ভর রাখিয়া তাবৎ কর্ম্ম করিতে হইবে। অতএব বলিতেছি, তুমি যে কোন পদে কি কর্ম্মে নিযুক্ত

I would advise you after this to read some portion of scripture; not a great deal, perhaps ten or twelve verses, as you may have time, for it is not of importance to read much, but that you understand well what it is you peruse. Unless food be digested the body is not nourished. Be careful too, when you commence reading to seek the aid of God's Holy Spirit to help you to understand his word, and at the close of your reading charge your heart religiously to observe the instructions to which your attention has been directed.

The most material directions which have occurred to me, relating to the progress of the day, are these:—First then, as an helpless infant through fear of falling clings to the friendly hand of its parent in its first attempts to walk, so in entering on the duties of each day we ought, under a sense of our insufficiency, to act by faith on the power of God. Wherefore I earnestly recommend you in whatever situation you may be placed to renounce all self-dependence and rely on

থাক না কেন, সকল কর্ম্মেতেই আপন শক্তির উপর নির্ভর না দিয়া কেবল ঈশ্বর সহায়তাকে আশ্রয় করিয়া কর্ম্ম নির্ব্বাহ করিবা। অতএব দিবসিক কর্ম্মেতে নিযুক্ত হইলে পরমেশ্বর আমার কর্ত্তা এবং আমাকে তাহার মহিমা প্রকাশ করিতে হইবে, ইহা বুঝিয়া সকল কর্ম্ম করিবে। আর অলস কি দীর্ঘসূত্রী না হইয়া বরং পরিশ্রম পূর্ব্বক আশুকারী হইবা।

তদ্ভিন্ন আরো বলিতেছি, যে লোকের সহিত কথোপকথন সময়ে যাহাতে খ্রীষ্ট ধর্ম্মের গ্লানি জন্মে এমন বাক্য যেন কোন প্রকারে তোমার মুখহইতে নির্গত না হয়। এ বিষয়ে যে সাবধান থাকিবা তাহা কেবল নয়, সাক্ষাতে কি অসাক্ষাতে কাহারো নিন্দা কি প্রতারণা অথবা ঈর্ষা এবং কুমতি ও রাগ জনক বাক্য ইত্যাদি বিষয়ে ও সতর্ক থাকিবা। এইরূপে যাহাতে দোষস্পর্শ না হয় অথচ আপন ও পরের হিত জন্মে এমন কথাবার্ত্তা কহিতে হইবে। কিন্তু ভাণ্ডারে যদি গুণকারক সামগ্রী না থাকে তবে কদাচ লোকদিগের সুপথ্য দ্রব্য দেওয়া যায় না। একারণ কহিতেছি প্রাতঃকালে যে ধর্ম্ম পুস্তক

---

the aid of God alone. Hence in proceeding to business set to the prosecution of it with a sense of God's authority, and with a regard to his glory. Avoid a dreaming, sluggish, indolent temper, but endeavour to despatch as much as you well can in a little time.

Further as it respects your discourse in company. You should take great care, that nothing may escape you, which can expose you or your Christian profession, to censure and reproach: nothing injurious to those that are absent, or to those that are present; nothing insincere, nothing malignant, nothing which may corrupt, nothing which may provoke, nothing which may mislead those about you. Nor should you by any means be content, that what you say is innocent; it should be your desire, that it may be edifying to yourself and others. In this view, you should endeavour to have some subject of useful discourse always ready. Hence it might be useful to select some verse of scripture which you had met with in the morning, and to treasure

পাঠ করিয়াছিলা তাহার স্মরণ মনোরূপ ভাণ্ডারে রাখ, কেননা তাহা হইলে ধর্ম্ম বিষয় স্মরণ করিতে২ হিতকারি সুমিষ্ট কথা নির্গত হইতে পারিবে।

আর শয়তানের পরীক্ষা বিষয়ে এমনি সাবধান থাকিবা, যে কোন নূতন স্থানে যাইতে হইলে কি কোন নূতন কর্ম্মে প্রবৃত্ত হইলে, তাহাতে কোন ফাঁদ আছে কি না? ইহা অগ্রেতেই আপন মনকে জিজ্ঞাসা করিবা। আর দিনের মধ্যে যদি কোন পরীক্ষাতে পতিত হও, তবে পরমেশ্বর যে তোমার সকল কর্ম্মের সাক্ষী আছেন ইহা যেন স্মরণে থাকে।

আর এই সকল বিবেচনা ফলদায়িকা হইলেও কিন্তু তথাপি শত২ দিনের বিবেচনা অপেক্ষা এক মুহূর্ত্তের প্রার্থনা যে অধিক ফলদায়িকা ইহা জানিয়া সকল কর্ম্মেতেই প্রার্থনা করিবা। বিশেষত প্রার্থনা কর্ম্মের অগ্রেতে এই প্রাথনা করিতে হইবে, হে ঈশ্বর আমাকে সম্পূর্ণরূপে প্রার্থনা করিবার শক্তি প্রদান কর। এবং ধর্ম্মপুস্তক পাঠ করণ সময়ে যথার্থ তাৎপর্য্য গ্রহণকরিবার শক্তি ও প্রাথনা করিতে হইবে। তদ্ভিন্ন বিষয় কর্ম্ম

---

it up in your mind. This will often be a spring from whence many profitable and delightful thoughts may rise.

Moreover it is necessary to be on your guard against temptation, and it will be proper when changing your place or employment to reflect, What "snares attend me here?" and when you enter into circumstances in which you may expect assault; then reflect that God is a witness to your behaviour therein.

Remember too, that a moment spent in humble fervent breathings after the divine assistance, may do more good than many days spent in mere reasoning. I therefore recommend you always to call upon God, and say, for instance, when you are going to pray, "*Lord pour upon me the spirit of grace and supplications.*" When taking up the Bible, "Open thou mine eyes, that I may behold wondrous things out of thy laws." When addressing yourself to any worldly business, "Lord, prosper thou the work of

করিতে গেলে যাহাতে কর্ম্ম সফল হয় এমন প্রার্থনা করিতে হইবে। আর লোক সমূহের মধ্যে যাইতে হইলে উভয়ের আলাপে যেন উভয়ের মঙ্গল জন্মে এমন প্রাথনা করিতে হইবে। এবং কোন পরীক্ষাতে পড়িলে তাহাহইতে উদ্ধারের নিমিত্তে জ্ঞান প্রার্থনা করিতে হইবেক।

আর ও শুন, উত্তমাধম সকল বিষয় যে পরমেশ্বরের বশীভূত ইহা জানিয়া ভালমন্দ যখন যাহা পাইবা তাহাতেই সম্মত হইবা। ফলতঃ সুখভোগের অনেক সামগ্রী যদি প্রাপ্ত হও তবে তাহা পরমেশ্বর দিয়াছেন জানিয়া সর্বদা কৃতজ্ঞতা স্বীকার করিবা। অথবা দরিদ্রতাদি নানা প্রকার শারীরিক মানসিক দুঃখ ভোগের বিষয় যদি প্রাপ্ত হও তবে তাহাও ঈশ্বরদত্ত জ্ঞান করিয়া সুস্থির চিত্তে থাকিবা।

তৃতীয়তঃ এইরূপে দিবাবসান হইয়া সন্ধ্যাকাল উপস্থিত হইলে পুনশ্চ মনঃসংযোগ পূর্বক পূর্বমত ধর্ম্মপুস্তক পাঠ এবং প্রার্থনাদি সমাপন করিয়া, অদ্য প্রাতঃকালাবধি সমস্তদিবসে

---

my hands." When going into company, "Lord, may I do and get good." When in difficulties, "Lord give me that wisdom which is profitable to direct."

All creatures and all events are under God's supreme control. This you should remember, and in all circumstances, whether pleasant or painful should acknowledge your resignation to his dispensations. Your comforts, whatever they may be, you should regard as providential favours. On the other hand, providence is to be regarded in every disappointment, in every loss, and in every pain, and in "patience you must possess your soul."

For secret devotion in the evening, I would advise you to read a portion of scripture in the first place, with suitable reflections, and prayer: then to read a hymn or psalm: after this, enter on self-examination, as follows: Have I been remiss in the service of God this day? Did I awake as with God this morning, and rise with a grateful sense of his goodness? Did I offer my solemn praises,

ঈশ্বর সেবাবিষয়ে আমার ত্রুটি হইয়াছে কি না? তাহা আপন মনকে জিজ্ঞাসা করিবা প্রথমতঃ প্রভাতে শয্যাহইতে গাত্রোত্থান করণ সময়ে পরমেশ্বরের প্রতি আমার মন ছিল কি না? এবং আপনাকে তাঁহার দয়া পাত্র বুঝিয়া স্তব স্তুতি পূর্ব্বক তাঁহার সেবাতে আত্ম সমর্পণ করিয়াছিলাম কি না? এবং ক্রীড়ার জন্যে নয় বরং আপন হিতার্থে মনোযোগপূর্ব্বক ধর্ম্মপুস্তক পাঠ করিয়াছিলাম কি না? এবং আপনাকে পরমেশ্বরের আজ্ঞাকারি দাস জ্ঞান করিয়া তাঁহার নিরূপিত ব্যবস্থানুসারে যত্নপূর্ব্বক সকল বিষয় কর্ম্ম করিয়াছিলাম কি না? এই ২ প্রকার জিজ্ঞাসা করিয়া আপনাকে পরীক্ষা করিবা।

তদ্ভিন্ন অন্য শরীরের বিশ্রামার্থে যাহা২ করিয়াছি তাহা পরিমিত রূপে এবং দোষ রহিত হইয়াছে কি না? এবং আপনি সুস্থ থাকিয়া যে আহারাদি ও উত্তম২ পুস্তক ও সুহৃল্লোক ও সদালাপ এবং প্রাণ রক্ষা ও লাভ ইত্যাদি পাইয়াছি সে কেবল পরমেশ্বরের কৃপাতে; এবং ক্ষুদ্রবিষয়াদি দ্বারা যে নানাপ্রকার দুঃখ পাইয়াছি তাহাও যে পরমেশ্বর দিয়াছেন, আমার এমন জ্ঞান হইয়াছিল কি না? এবং শয়তানের কু প্রবৃত্তিদানের বিশেষতঃ যে মন্দ বিষয়ে প্রাতঃকালে

---

and renew the dedication of myself to God? How did I read the scripture? Did it do my heart good, or was it a mere amusement? Have I pursued the common business of the day with diligence and spirituality; doing every thing in season, and with all convenient despatch, and as "unto the Lord?" (Col. iii. 23.)

You will also inquire with what temper, and under what regulations, have the recreations of this day been pursued. Have I seen the hand of GOD in my mercies, health, cheerfulness, food, clothing, books, success of business, conversation and kindness of friends, &c.? Have I seen it in afflictions, and particularly in little things, which had a tendency to vex and disquiet me? How have I guarded against the temptations of the day, particularly against this or that temptation, which I foresaw in the

অনুভব পাইয়াছিলাম, তাহাতে সতর্ক হইয়াছি কি না? এবং পবিত্রাত্মার দত্ত ক্ষমতার উপরে নির্ভর দিয়া কর্ম্ম করিয়াছি কি না? আর প্রভুযীশু খ্রীষ্টকে পরমগুরু ত্রাণ-কর্ত্তারূপে জ্ঞান করিয়া তাঁহার প্রতি ভক্তিপূর্ব্বক দৃষ্টি করিয়াছি কি না? এবং তাঁহার অনুগ্রহদ্বারা স্বর্গভোগের আশা করিয়া মরণ দিনের প্রতি ও পরকালের প্রতি দৃষ্টিপাত করিয়াছি কি না? আর লোকের সহিত কথোপকথন সময়ে ক্রোধ জনক কি গ্লানি সূচক কি অসঙ্গত কথা কহিয়াছি কি না? এবং ঈশ্বরের প্রতি কি মানুষের প্রতি প্রেমপ্রকাশ করিয়াছি কি না? এবং সঙ্গতি থাকিতে কি পরের মঙ্গল চেষ্টা করি নাই? এসকল কথাও আপন মনকে জিজ্ঞাসা করিবা। তাহাতে যদ্যপি তোমার কোন কর্ম্মেতে ত্রুটিবোধ হয় তবে শয়নের পূর্ব্বে পরমেশ্বরের নিকটে খ্রীষ্টের অনুরোধে ঐ অপরাধ মার্জ্জনার নিমিত্তে প্রার্থনা করিবা। তদ্ভিন্ন রাত্রিকালে আপনার রক্ষার নিমিত্তে যে প্রার্থনা করিবা তাহা কেবল নয় আপন জ্ঞাতি কুটুম্ব প্রভৃতি তাবল্লোকের নিমিত্তে ও করিবা।

---

morning? Have I maintained a humble dependence on divine influence? Have I "lived by faith in the Son of God," (Gal. ii. 20.) and regarded Christ this day as my teacher, my atonement and intercessor? Have I been looking forward to death and eternity this day, and considered myself as a probationer for heaven, and through grace an expectant of it? Have I governed my conversation well, in such and such company? Did I say nothing passionate, mischievous, slanderous, imprudent, impertinent? Has my heart this day been full of love to God, and to all mankind? and with means in possession. Have I improved opportunities of doing good?—If after a self-examination of this nature you find yourself deficient, you should in your secret devotion before you retire to rest, humbly confess your infirmities, and seek forgiveness for them all at the throne of grace; not forgetting while you seek blessings for yourself to seek them also for your friends and others. •

শয়নকাল উপস্থিত হইলে মৃত্যুর বিষয়ে চিন্তা করা কর্ত্তব্য তাহারি উপদেশ।

হে আমার অন্তঃকরণ, নিশ্চিন্ত না থাকিয়া ক্রমে২ তোমার মরণ দিন যে নিকটবর্ত্তি হইতেছে, তাহা স্মরণে রাখিয়া প্রস্তুত থাক। দেখ সম্প্রতি আজি একটিদিন আমার আয়ুঃক্ষয় হইল; অতএব আমি এখন যেমন উত্তমশয্যাতে শয়ন করিয়া প্রভাত পর্য্যন্ত নিদ্রাযাইবার নিমিত্তে অঙ্গপরিচ্ছদ খুলিয়া রাখিতেছি, এমনি সেই দিনেতে মৃত্তিকাশয্যাতে শয়ন করিয়া পুনরুত্থানের দিনপর্য্যন্ত মহানিদ্রাতে নিদ্রিত হইবার জন্যে এইশরীরকে পরিত্যাগ করিতে হইবে। আর এই বস্ত্রাদি রাখিয়া যেমন নিশ্চিন্ত থাকিব তদ্রূপ এই শরীরকে ত্যাগ করিয়া ও নিশ্চিন্ত থাকিব বটে। কিন্তু এই শরীরকে যে ত্যাগকরা সে অতি ভয়ানক ব্যাপার, কেননা অগ্রে সাংসারিক সুখদুঃখ বিষয় ব্যাপার প্রভৃতি সকলেতে নিরাশ হইয়া দেহ ত্যাগ করিতে হইবে। আর দেহ ত্যাগ করিলেই

A serious View of Death, *proper to be taken as we lie down on our beds.*

"O my soul, look forward a little with seriousness and attention, and learn wisdom by the 'consideration of thy latter end.' (Deut. xxxii. 29.) Another of thy mortal days is now numbered and finished: and as I have put off my clothes, and lay myself upon my bed for the repose of the night; so will the day of life quickly come to its period, so must the body itself be put off, and laid to its repose in a bed of dust. There let it rest; for it will be no more regarded by me, than the clothes which I have now laid aside. Still I have another far more important concern to attend to. Think, O my soul, when death comes, thou art to enter upon the eternal world, and to be fixed either in heaven or in hell. All the schemes and cares, the hopes and fears, the pleasures and sorrows of life, will come to their period, and the world of spirits will open upon thee. And O, how soon may it open! Perhaps before the returning sun brings on the light of another day.

হয়তো স্বর্গে নতুবা অনন্ত নরকেতে প্রবিষ্ট হইতে হইবে। অতএব কি জানি, কোন দিন মরিতে হইবে তাহারতো কিছুই নিরূপণ নাই, অদ্য হইলেও হইতে পারে কল্যহইলেও হইতে পারে, কেননা কতো২ লোককে অল্পবয়সেতে মরিতে দেখিয়াছি ; অতএব আমি যে অদ্যাপি জীবৎমান আছি এবড় আশ্চর্য্য বিষয়।

এখন হে আমার অন্তঃকরণ, তুমি পরমেশ্বরের সাক্ষাতে ইহা প্রামাণ্য করিয়া দেহ ত্যাগ করিতে প্রস্তুত আছ কি না? আর যে পাপের নিমিত্তে মৃত্যু সময়ে ভয়েতে কম্পকম্পান্বিত কলেবর হইতে হয় তোমার এমন কিছু পাপ আছে কি না? তাহা বিশেষ করিয়া বুঝহ। কিন্তু যদি থাকে তবে এখনি অতি ভাবিত হইয়া খ্রীষ্টের রক্তেতে বিশ্বাস করিয়া তাহার মার্জ্জনার্থে ঈশ্বরের নিকটে একান্ত মনে যাচ্ঞা কর।

কিন্তু যদ্যপি পাপবিষয়ে মনস্তাপ পূর্ব্বক সম্পূর্ণ বিশ্বাসে খ্রীষ্টের প্রতি সর্ব্বস্ব সমর্প্পণ করিয়া ও তাঁহার ক্রীতদাস হইয়া তাঁহার সুপথে সুস্থির থাকাতে পরমেশ্বরের কাছে নিরপরাধী আপনাকে জ্ঞান করিতে পার ; তবে প্রাণ

At least the death of many in the flower of their age, may loudly warn me not to depend on a long life, and should lead me to wonder that I am continued here so many years.

"And now, O my soul, answer as in the sight of God ; art thou ready? art thou ready? Is there no sin unforsaken, and so unrepented of, to fill me with anguish in my departing moments, and to make me tremble on the brink of eternity? Dread to remain under the guilt of it, and this moment renew the most earnest applications to the mercy of God, and the blood of a Redeemer, for deliverance from it.

"But if the great account be already adjusted, if thou hast cordially repented of thy numerous offences, if thou hast sincerely committed thyself by faith into the hands of the blessed Jesus, and hast not renounced thy covenant with him, by returning to the allowed practice of sin, then start not at the thought of a

বিয়োগের নিমিত্তে কদাচ ভীত হইও না। কেননা যাহারা পরমেশ্বরের সেবক কি না খ্রীষ্টের অনুগত লোক, মৃত্যু হইতে তাহাদিগের কিছু মাত্র হানি জন্মাইতে পারে না। তবে যদি বল, যে জ্ঞাতি কুটুম্বের সহিত সম্পর্ক ও পরোপকার ক্রিয়ার সংকল্পাদি মৃত্যু দ্বারা নষ্ট হইবে, তাহা হইবে বটে; কিন্তু তাহা অপেক্ষা সহস্র২ গুণ উত্তম আত্মীয়তা ও কর্ম্ম স্বর্গেতে তোমার হইবে। অতএব হে মন যিনি খ্রীষ্টদ্বারা এমন আহ্লাদজনক প্রত্যাশা তোমাতে রোপণ করিয়াছেন এমন পরমেশ্বরকে কোটি২ ধন্যবাদ কর। ধন্য২ পিতা পরমেশ্বর, আমি তোমার হস্তেতে আপন জীবাত্মাকে সমর্পণ করিলাম, অতএব অদ্য রাত্রিকালে আমি বাঁচিয়া থাকি কিম্বা মরি তাহাতে ভীত না হইয়া সুশান্ত অন্তঃকরণেতে শয়ন করিব।

---

separation. It is not in the power of death to hurt a soul devoted to God, and united to the great Redeemer. It may take from me my worldly comforts ; it may disconcert and break my schemes for service on earth : but, O my soul, diviner entertainments and nobler services await thee beyond the grave. For ever blessed be the name of God, and the love of Jesus, for these quieting, encouraging, joyful views! I will now 'lay me down in peace, and sleep,' (Psa. iv. 8.) free from the fears of what shall be the issue of this night, whether life or death may be appointed for me. 'Father, into thine hand I commit my spirit,' (Luke xxiii. 46.)

১৪ অধ্যায়।

পূর্ব্ব অধ্যায়ের লিখিত মতানুসারে কালযাপন করিবার প্রবৃত্তিজনক বাক্য।

হে পাঠক, পৃথিবীতে থাকিয়া যে প্রকার আচার ব্যবহারেতে কালযাপন করিতে হয় তাহাতো এক প্রকার সকলি শুনিলা, এখন এ সকল কথা তোমার অন্তঃকরণে যুক্তিসিদ্ধ বোধ হয় কি না তাহা বুঝহ। আর তুমি যে ঈশ্বরের হস্তকৃতলোক এবং খ্রীষ্টের রক্তদ্বারা ক্রীতদাস হইয়াছ, ইহা স্মরণ করিয়া এখন মনো-যোগ পূর্ব্বক পরমেশ্বরের সেবাকরা বিহিত কর্ম্ম কি না ইহাও বিবেচনা কর। তবে যুক্তি সিদ্ধ জ্ঞান হওয়াতে যদি প্রতি দিন ত্রিকালে ভক্তি শ্রদ্ধাপূর্ব্বক ঈশ্বর পূজা প্রার্থনাদি করিয়া বিরলে তাঁহার সহিত প্রেম কর। এবং তোমার নিকটে পরমেশ্বর সর্ব্বদা বিদ্যমান আছেন এমন চৈতন্য রাখিয়া নিত্য২ বিহিত মত সাংসারিক ও পারমার্থিক সকল কর্ম্ম করিলে পর তদ্বিষয়ে ত্রুটি হইয়াছে কি না ইহা যদি সন্ধ্যাকালে আলোচনা কর। আর

CHAP. XIV.

A SERIOUS PERSUASIVE TO SUCH A METHOD OF SPENDING OUR DAYS AS IS REPRESENTED IN THE FORMER CHAPTER.

I HAVE been describing, in the preceding chapter, the manner in which Christians should daily spend their time. Let conscience, therefore now say, whether such a life as I have described above, be not in itself highly reasonable. Recollect, O Christian, that you are the creature of God; that you are purchased with the blood of Jesus; and then say, whether these relations in which you stand, do not demand all that application and resolution which I would engage you to. Suppose all the counsels I have given reduced into practice: suppo-e every day begun and concluded with such devout breathings after God, and such holy retirements for morning and evening converse with Him, and with your own heart: suppose this regard to God, this sense of his presence, and zeal for his glory, to run through your acts of worship, your hours of business and recreation: suppose this at-

শয়তানের কি আপনার কুপ্রবৃত্তি গ্রহণে সর্ব্বদা সাবধান থাকিয়া পবিত্রাত্মার লওয়ানীতে ঈশ্বরের উপর নির্ভর দিয়া যদি তাবৎ কর্ম্ম কর। এরূপ কর্ম্ম কিছু একমাস কি এক বৎসর পর্য্যন্ত করিলেই হয় তাহা নয় যাবজ্জীবন পর্য্যন্ত করিয়া আসন্নকালে যদি গত আয়ুর প্রতি দৃষ্টি করিয়া দেখ, তবে সে সময় যে ধর্ম্ম বিষয়ে অবিহিত পরিশ্রম করিয়াছি, ঈশ্বর বিষয়ে এত যত্ন করার আবশ্যক ছিল না, এমন কথা কি বলিতে পারিবা? কিম্বা ত্রাণ কর্ত্তা খ্রীষ্টের সেবাতে এতো চেষ্টা করা প্রয়োজন ছিল না, এবং খ্রীষ্ট আপন রক্ত ব্যয় করিয়া যে ঘোরতর নরকহইতে আমাদিগকে মুক্ত করিয়া অনন্তস্বর্গের অধিকারী করিয়াছেন বটে, কিন্তু এতো পরিশ্রম ও এতো ভাবনা ও এতো চেষ্টা করণের অপেক্ষা ছিল না, বরং মনের ও শ্রমের এবং আয়ুর এক একাংশ দিলেই পরিত্রাণ সম্পন্ন হইতে পারিত এমন কথাও কি তুমি বলিতে পার? অর্থাৎ কখন পার না। কেননা এ সকল কর্ম্ম করা যুক্তিসিদ্ধ এবং ইহা হইতে হ্রাস তিনি চাহেন না।

---

tention to Providence, this guard against temptations, this dependence upon divine influence this government of the thoughts in solitude, and of the discourses in company: suppose, I say, all this to be done, *not for a day or a week, but through the remainder* of life, whether longer or shorter; and suppose this to be reviewed at the close of life, will there be reason to say in the reflection, "I have taken too much pains in religion: the Author of my being did not deserve all this from me. Less diligence, less fidelity, less zeal than this, might have been an equivalent for the blood which was shed for my redemption. A part of my heart, a part of my time, a part of my labours, might have sufficed for him, who by the shedding of his blood hath delivered me from everlasting destruction, and is raising me to the regions of a blissful immortality." Can you with any face say this? I know you cannot, for all I have recommended, is reasonable; and duty and gratitude require it.

কিন্তু অল্প দিনে হউক কি অধিক দিনে হউক, জন্মিলেই যে অবশ্য মৃত্যু আছে ইহা কাহার না অনুমান হইয়াছে? আর দেখ এই মতাবলম্বি সহস্র২ লোক মরিয়াছে, এবং এতদ্বিপরীত মতাবলম্বি কোটি২ লোক ও মরিয়াছে: অতএব সেই কোটি২ লোকের মধ্যেই বা এমন লোক কেটা ছিল, যে চিরকাল ঈশ্বর সেবা না করাতে আসন্নকালে তদ্বিষয়ে আহ্লাদিত হইতে পারিয়াছে? কিম্বা কে বা তাহা করাতে মৃত্যুকালে দুঃখিত হইয়া কহিয়াছে? যে আঃ ঈশ্বর সেবাতে যে পরমায়ুঃ ক্ষয় করিয়াছি, তাহার কিঞ্চিৎ যদি এখন পাইতাম তবে পরমাহ্লাদে সাংসারিক সুখ ভোগ করিতাম, না এমন লোক কখন ছিল না। বরং বিবেচনা করিয়া দেখ, তোমার যদি এখন অন্তকাল উপস্থিত হয় তবে তোমার পুত্র পৌত্রাদি আত্মীয় বন্ধু লোককে কি তখন এমনি পরামর্শ দিবা? যে ধর্ম্ম পুস্তকের লিখিত ব্যবহারে চলিও না। তাহা নয় বরং মনের সহিত তদ্রূপ আচরণ করিতে মন্ত্রণা দিবা। অতএব কহিতেছি মরণ দিনেতে যাহাকে সদ্বিবেচনা

At length, death will come: that solemn and important hour, which has been passed through by so many thousands who have in the main lived such a life; and by so many millions who have neglected it. And let conscience say, if there was ever one of these millions, who had then any reason to rejoice in that neglect; or any one, among the most strict and exemplary Christians, who then lamented that his heart and life had been too zealously devoted to God. Let conscience say, whether they have wished to have a part of that time, which they have thus employed, given back to them again, that they might be more conformed to this world. If you were yourself dying, and a dear friend or child stood near you, would you caution that friend or child against conducting himself by the rules of the Bible? The question may perhaps seem unnecessary, where the answer is so plain and so certain. Well then, let me beseech you to learn how you shall live, by reflecting how you would die. Think seriously; what if death should surprise you on

ও সৎকর্ম্ম বোধ হইবে তাহা এক্ষণে বিবেচনা করিয়া দেখ। কারণ তৎকাল যদি অকস্মাৎ উপস্থিত হয় তবে প্রভু আসিবামাত্র যেন আমাকে সৎকর্ম্মান্বিত দেখেন, ইহা ভাবিয়া পূর্ব্বলিখিত রীত্যনুসারে কাল যাপন করিতে তোমার বাঞ্ছা অবশ্য হইবে এবং এইরূপ কর্ম্ম করিলে মৃত্যুকালে স্বর্গারোহণ করা যে মঙ্গলের বিষয় ইহাও অবশ্য তোমার বোধ হইবে আর বহুদিনাবধি পরোপকারী ও ঈশ্বর পরায়ণ হইয়া কালযাপন করিয়াছি পীড়ার সময়ে ইহা স্মরণ করিলে কি মনের সান্ত্বনা হইবে না? অবশ্য হইবে। কিন্তু তথাপি তৎকালে আপনাকে উত্তম কর্ম্মে অসমর্থ জানিয়া আপন সৎকর্ম্মের উপরে নির্ভর না দিয়া কেবল প্রভু যীশু-খ্রীষ্টের প্রায়শ্চিত্ত স্বরূপ মরণ ও সম্পূর্ণ পুণ্যের উপরে নির্ভর দিয়া প্রাণত্যাগ করা ভাল তোমার এমত বোধ অবশ্য হইবে। আর কেবল পরমেশ্বরের অনুগ্রহে যে তাবৎ সৎকর্ম্ম করিয়াছ ইহা অবশ্য স্বীকার করিয়া প্রাণত্যাগ করিবা। এবং পরমেশ্বর তোমাকে সৎকর্ম্মে নিযুক্ত করাতে তুমি

a sudden, and you should be called into eternity at an hour's or a minute's warning, would not you wish that your Lord should find you engaged in such thoughts and in such pursuits as I have insisted on. Would not the passage, the flight from earth to heaven be most easy, most pleasant, in this view and connexion? And on the other hand, if death should make more gradual approaches, would not the remembrance of such a pious and useful life, make a dying bed much softer and easier than it would otherwise be? You would not die, depending upon these things? God forbid that you should! Sensible of your many imperfections, you would, no doubt, desire to throw yourself at the feet of Christ, that you might appear before God, adorned with his righteousness, and washed from your sins in his blood. You would also with your dying breath ascribe to the riches of his grace every good disposition, and every worthy action you had been enabled to perform. And would it not give you a delight worthy of being purchased with ten thousand worlds, to reflect,

যে তাঁহার মহিমা প্রকাশ করিয়াছ, এবং অনেক দিন অবধি স্বর্গাকাঙ্ক্ষী হইয়া তত্রস্থ ধার্ম্মিক লোকদের মত শুচি হইতে বাঞ্ছা করিয়া কালযাপন করিয়াছ, ইহা তৎকালে স্মরণ করাতে তোমার এমনি আনন্দ উপস্থিত হইবে যে লক্ষ২ ধন পাইলেও তদ্রূপ সুখের মুখ দেখিতে পাওয়া যায় না।

হে পাঠক, এখন পরমেশ্বরের রাজ্যেতে যদি তোমার লালস থাকে তবে সম্পূর্ণ মনোযোগ পূর্ব্বক তাঁহার সেবা কর এ কথা বলি কেন না তুমি যদি এখন তদ্বিষয়ে শৈথিল্য কর, আর তোমার প্রাণান্তে ঈশ্বর কৃপাতে যদ্যপিস্যাৎ স্বর্গ লাভ হয়, তবে যেমন সেবা তদনুসারে ফলগ্রহণ করিতে হইবে। কেননা বিচারকর্ত্তা যে প্রভু যীশুখ্রীষ্ট তিনিতো অলসভৃত্য ও শ্রমী ভৃত্য উভয়কে তুল্য করিবেন না, অবশ্য তিনি বিশেষ বিবেচনা করিবেন। আর সেই অসীম সুখ প্রাপ্ত হইলে তুমিও তো এমন কথা বলিতে পারিবা না যে হে প্রভো আমার চেষ্টার উপযুক্ত ফল পাইলাম না। বরং উপায় থাকিতে আমি পূর্ব্বে যে এ অনির্ব্বচনীয় সুখের নিমিত্তে

---

that his "*grace bestowed upon you had not been in vain:*" (1 Cor. xv. 10.) but that you had glorified your heavenly Father on earth, and had been living for many past years as on the borders of *heaven*, endeavouring to *form* your heart and life to the temper and manners of its inhabitants?

And once more, let me entreat you to serve God with your whole heart, for when you come into a world of glory, if (which I hope will be the happy case) divine mercy conduct you thither, will not your reception there be affected by your care, or negligence, in this holy course? Will it appear an indifferent thing in the eye of the blessed Jesus, whether you have been among the most zealous, or the most indolent of his servants? You cannot think so meanly of that glorious state, as to imagine that you shall there feel that you over-valued the inheritance you have received, and pursued it with too much earnestness; but on the contrary, you have the highest reason to believe, that if any thing were capable of exciting your grief there, it would be that,

যথোচিত চেষ্টা করি নাই, ইহা ভাবিয়া তোমার মনঃক্ষুণ্ণ হইতে পারিবে।

কিন্তু যদি বল, যে কিঞ্চিৎ সাধনেতেই সিদ্ধ হওয়া যায় অধিক সাধনের প্রয়োজন কি? তাহাতে আমার বাঞ্ছা হয় না; তবে তুমি যে প্রকৃত ধর্ম্মের বিন্দুমাত্র আস্বাদনও পাও নাই ইহা ঐ লক্ষণ দ্বারা স্পষ্টরূপে প্রকাশ হয়। অধিক কি বলিব।

যে ব্যক্তি পূর্ব্বলিখিত মতানুসারে চলিয়া কাল যাপন করিতে বাঞ্ছা করে, তাহার প্রার্থনা।

হে সচ্চিদানন্দ পরমেশ্বর, এই পূর্ব্বলিখিত আচরণ যে সর্ব্বতোভাবে যুক্তি সিদ্ধ ইহা আমি তোমার নিকটে স্বীকার করিতেছি। অতএব তদনুসারে চলিতে যেন আমার একান্তমতি হয়। হে প্রভো তুমি দীপ্তির ও সুখের আকর হইয়াছ, একারণ যে যতো তোমার নিকটস্থ হয় সে ততো অধিক সুখও প্রাপ্ত হয়। অতএব আমি নিরন্তর

---

amidst so many motives, and so many advantages, you exerted yourself no more in the prosecution of such a prize.

But I will not enlarge on so clear a case, and therefore conclude the chapter with reminding you, that to allow yourself deliberately to sit down satisfied with any imperfect attainments in religion, and to look upon a more confirmed and improved state of it as what you do not desire, is one of the most fatal signs we can well imagine, that you are an entire stranger to the first principles of it.

A Prayer suited to the State of a Soul who desires to attain the Life recommended above.

" Blessed God ! I cannot contradict the force of these reasonings : O that I may feel more than ever the lasting effects of them ! Thou art the great fountain of being and of happiness ; and as from thee my being was derived, so from thee my happiness directly flows ; and the nearer I am to thee, the purer and the more delicious is the stream. The great object of my final hope

তোমার নিকটে থাকিতে স্পৃহা করি। হে দীনদয়াময় প্রভো তোমার সেই পরমসুখের কিঞ্চিৎ অনুভব আমাকে দেও তাহাতে তোমার ভয়কারি ও আজ্ঞা প্রতিপালক সেবকদিগের ন্যায় হইয়া পরমসুখী হইব; এবং আমি যেন তোমার আজ্ঞা প্রতিপালন করিতে২ কালযাপন করিতে পারি আমার মনকে এমত প্রস্তুত কর।

হে প্রভো, নিশিস্থপ্রভাত সময়ে নিদ্রাভঙ্গ হইবামাত্র যেন আমার মন তোমার প্রতি ধাবমান হয়। আর তৎকালে তোমার শ্রীচরণের অনুগ্রহ আমার প্রতি প্রকাশ কর এবং নিদ্রাদ্বারা সমস্ত রাত্রি বুদ্ধিশুদ্ধি মগ্ন হইয়া থাকিলে পর প্রভাত সময়ে যিনি আমাদিগকে চৈতন্য ও নূতন বুদ্ধি ও নূতন পরমায়ুঃ প্রদান করেন এমন যে অতুল্য দাতা পরমেশ্বর তাঁহার ভজনাদি সর্ব্বাগ্রে করিতে ও পশ্চাৎ বিষয় কর্ম্মেতে প্রবৃত্ত হইতে দেও। হে সচ্চিদানন্দ প্রভো, সৎপুত্র যেমন পিতার সমীপে গিয়া সরলান্তঃকরণেতে মনের সমস্ত নিগূঢ় কথা নিবেদন করে তেমনি আমিও যেন তোমার সাক্ষাতে অকপট হইয়া মনের সমস্ত কথা নিবেদন করি। আর কোন ধাতু গলাইয়া ছাঁচে ঢালিলে পর সে

---

is, to dwell for ever with thee. Give me now some foretaste of that delight. Give me, I beseech thee. to experience 'the blessedness of that man who feareth the Lord, and who delighteth greatly in his commandments;' (Psalm cxii. 1.) and so form my heart by thy grace, that I may 'be in the fear of the Lord all the day long.' (Prov. xxiii. 17.)

"To thee may my waking thoughts be directed; and with the first ray of light that visits mine opening eyes, 'lift up, O Lord, the light of thy countenance upon me.' (Psalm iv. 6.) When my faculties are roused from that broken state in which they lay, while buried, and, as it were, annihilated in sleep, may my first actions be consecrated to thee, O God, who givest the light; who givest me, as it were, every morning a new life and a new reason. Enable my heart to pour out itself before thee, with a filial reverence, freedom, and endearment. And may thy

যেমন ছাঁচের আকৃতি প্রাপ্ত হয় তেমনি তোমার শাস্ত্রীয় বচনেতে আমার স্বভাব অর্পণ করিলে যেন সেই লিখিত স্বভাবের ন্যায় স্বভাব প্রাপ্ত হই। আর তোমার সেবাতে প্রবৃত্তি জনক যে সকল কথা ধর্ম্মপুস্তকে লিখিত আছে তাহা গুপ্তধনের ন্যায় আমার হৃদয় মধ্যে থাকিতে দেও তাহাতে আমার অন্তঃকরণ উল্লাসিত হইলে আমি প্রভু যীশু খ্রীষ্টের পবিত্র আত্মা দ্বারা বলপ্রাপ্ত হইয়া নিত্য২ তোমার উদ্দেশে আপন সর্ব্বস্ব সমর্প্পণ করিব।

এই প্রকারে প্রয়োজনোপযুক্ত ক্ষমতা প্রাপ্ত হইলে পর তোমার সেবাদি নিত্য কর্ত্তব্য যে২ ক্রিয়া তাহা আমাকে দেখাইয়া দেও। তাহাতে আমি যে কোন কর্ম্মে নিযুক্ত থাকি তাহাতে যেন কোন অপরাধ না হয় এই ভয়েতে আমাকে শ্রমপূর্ব্বক তাবৎ কর্ম্ম নিষ্পন্ন করিতে দেও। আর এখন আমার আয়ুর এক২ ক্ষণ যে কতো বহুমূল্য তাহা বোধগম্য হওয়াতে তোমার অভিমত কর্ম্ম অপমানজনক ও ক্লেশ দায়ক হইলেও সেই কর্ম্ম করিয়া পরমায়ু সফল করিতে দেও এবং আমি পান কি ভোজন যে কোন কর্ম্ম

---

word be read with attention and pleasure. May my soul be delivered into the mould of it, and may I hide it in my heart, that animated by the great motives there suggested, I may every morning be renewing the dedication of myself to thee, through Jesus thy beloved Son; and be deriving from him new supplies of that blessed Spirit of thine, whose influences are the life of my soul.

"And being thus prepared, do thou, Lord, lead me forth by the hand to all the duties and events of the day. In that calling, wherein thou hast been pleased to call me, may I abide with thee; (1 Cor. vii. 20.) not being slothful in business; but 'fervent in spirit, serving the Lord.' (Rom. xii. 11.) May I know the value of time, and always improve it to the best advantage, in such duties as thou hast assigned me, how low soever they may seem, or how painful soever they may be. To thy glory, O Lord, may the labours of life be pursued. 'Whether I eat or

করি তোমার মহিমা প্রকাশের নিমিত্তে তোমার উদ্দেশে আমাকে সেই সমস্ত কর্ম্ম সম্পন্ন করিতে দেও।

আরো এই একটি প্রার্থনা আছে নিত্য২ তোমাকর্ত্তৃক প্রাপ্ত যে সকল অনুগ্রহ তাহাতে বিশেষ মনোযোগ রাখিতে এবং যখন যে সামগ্রী পাই তাহা ঈশ্বর দিয়াছেন ইহা জানিতে ও কৃতজ্ঞতা স্বীকার করিতে আমাকে দেও। আর জগতে বাস করিলেই যে দুঃখ পাইতে হয় সেই দুঃখ আমাদের প্রতিপালন কর্ত্তা ঈশ্বর দিতেছেন ইহা জানিতে ও সহস্র২ দুঃখ পাইলেও সুস্থির থাকিতে আমাকে দেও; কেননা প্রভু যীশু খ্রীষ্ট জগতের কর্ত্তা হইলেও পৃথিবীতে আসিয়া এতো যন্ত্রণাভোগ পূর্ব্বক ক্রুশ যন্ত্র বহিয়া মরণের নিমিত্তে কালবারী নামক পর্ব্বতে গমন করিলেন; অতএব তাঁহার দেখাদেখিতে আমিও যেন ক্রুশযন্ত্র বহিয়া তাঁহার পশ্চাৎগামী হই অর্থাৎ তদ্রূপ দুঃখ সহ্য করিতে পারি। হে প্রভো, কোন পরীক্ষাতে পড়িলে তুমি আমাকে রক্ষা করিও। আর আমি যে নিজে দুর্ব্বল তাহা আমার এমনি প্রবোধ জন্মাও যে তাহাতে ভীত হইয়া উপযুক্ত বল প্রাপ্তির নিমিত্তে

---

drink, or whatever I do,' (1 Cor. x. 31.) may that end still be kept in view, and may it be attained.

"May mine eye be watchful to observe the descent of mercies from thee; and may a grateful sense of thine hand in them add a savour and a relish to all. And when afflictions come, which in a world like this I would accustom myself to expect, may I remember that they come from thee; and may that fully reconcile me to them, while I firmly believe, that the same love which gives us our daily bread, appoints us our daily crosses, which I would learn to take up, that I may follow my dear Lord, (Mark viii. 34.) with a temper like that which he manifested, when ascending Calvary for my sake, saying like him, 'The cup which my Father hath given me, shall I not drink it?' (John xviii. 11.) And when I enter into temptation, do thou, Lord, 'deliver me from evil.' (Matt. vi. 13.) Make me sensible, I entreat thee,

তোমার নিকটে প্রার্থনা করি। আর পরোপকার চেষ্টা ও সদ্বিদ্যা দান ইত্যাদি যে২ কর্ম্ম করিলে জীবন সার্থক হয় এমন কর্ম্মেতে সর্ব্বদা নিযুক্ত থাকিতে ও লোকের আলাপ করণ সময়ে কেবল আপন হিতের কথা কহিতে তাহা নয় কিন্তু উভয়ের হিতজনক কথা কহিতে আমাকে দেও। এবং আমি একাকী থাকনের সময়ে তুমি যে আমার সঙ্গে আছ ইহা স্মরণ করিতে ও তোমার নিকটে থাকিলে যে সুখ জন্মে সেই আনন্দেতে আনন্দিত হইতে ও উৎসাহ পূর্ব্বক তোমার সাক্ষাতে তাবৎ কর্ম্ম নিষ্পন্ন করিতে দেও।

এই প্রকারে দিনযাপন করিলে পর রাত্রি উপস্থিত হইলে তোমাকে হৃদিমধ্যে ধারণ করিয়া শয্যাতে শয়ন করিতে দেও। হে প্রভো, সন্ধ্যাকালে যখন শাস্ত্র পাঠ ও প্রার্থনাদি করণপূর্ব্বক গত দিবসের সদসৎ কর্ম্মের প্রতি নিরীক্ষণ করি তখন আমি যেন আপন কুমতি প্রযুক্ত সকল কর্ম্মেতেই আপনপক্ষে পক্ষপাত বিবেচনা না করি এই জন্যে তুমি

---

of my own weakness, that my heart may be raised to thee for present communications of proportionable strength. When I am engaged in the society of others, may it be my desire and my care, that I may do, and receive, as much good as possible; and may I continually answer the great purposes of life, by honouring thee, and diffusing useful knowledge and happiness in the world. And when I am alone, may I remember my heavenly Father is with me; and may I enjoy the pleasures of thy presence, and feel the animating power of it, awakening my soul to an earnest desire to think and act as in thy sight.

"Thus let my days be spent: and let them always be closed in thy fear, and under a sense of thy gracious presence. Meet me, O Lord, in mine evening retirements. May I diligently attend to reading, and prayer; and when I review my conduct, may I do it with an impartial eye. Let not self-love spread a false colouring over it; but may I judge myself, as one that expects to be judged of the Lord, and is very solicitous he may be approved by thee, who searchest all hearts. May I resign my

আমার সহায় হও। আর জগতের শেষদিনেতে অন্তর্যামী জগদীশ্বর যে আমার প্রতি বিচার করিবেন ইহা স্মরণ করিতে ও অন্তঃকরণ পরীক্ষা করিতে দেও। আর আমি ঈশ্বরাজ্ঞানুসারে কর্ম্ম করাতে খ্রীষ্টের অনুরোধে জগদীশ্বর যে আমার প্রতি প্রসন্ন হইয়া আমাকে গ্রহণ করিয়াছেন ইহা জানিতে ও ক্রমে২ দিবাবসান হইলে সুস্থিরান্তঃকরণে নিদ্রাতে মনোনিবেশ করিতে দেও। আর যদি বিলম্বে আমার মৃত্যু উপস্থিত হয় তবে ভাল কর্ম্মেতে নিযুক্ত থাকিতে ও প্রভু যীশু খ্রীষ্টের আগমনের অপেক্ষায় থাকিতে দেও। অকস্মাৎ যদি মৃত্যু উপস্থিত হয় তবে উক্ত কথানুসারে কর্ত্তব্য কর্ম্ম করিলে পর আমাকে বিদায় কর। এই রূপে পৃথিবী ত্যাগ করিতে ও মহানন্দ পূর্ব্বক অনন্ত সুখ ধাম স্বর্গেতে প্রবেশ করিতে দেও। সৎকর্ম্মের নিদর্শন স্বরূপ যিনি প্রভু যীশু খ্রীষ্ট তাঁহার নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি। ইতি।

---

powers to sleep in sweet calmness and serenity; conscious that I have lived to God in the day, and cheerfully persuaded that I am accepted of thee in Christ Jesus my Lord. If death comes by a leisurely advance, may it find me thus employed; and if I am called on a sudden to exchange worlds, may my last days and hours be found to have been conducted by such maxims as these; that I may have a sweet and easy passage from the services of time to the infinitely nobler services of an immortal state. I ask it through Him, who while on earth was the fairest pattern and example of every virtue and grace, and who now lives and reigns with thee, 'able to save unto the uttermost:' to him be glory for ever and ever. Amen."

১৪ অধ্যায়।

খ্রীষ্ট পথাবলম্বি নূতন লোকেরা যে সকল পরীক্ষাদ্বারা পথবহির্ভূত হইতে পারে তাহারি কথা।

হেপাঠক, ঈশ্বরোদ্দেশে কর্ম্ম করিয়া আয়ুঃক্ষয় করণ বিষয়ে মনুষ্যদিগের সর্ব্ব প্রকারে লাভ ও সুখ জনক বিষয়ের যে সকল কথা লেখা গিয়াছে তাহা শুনিয়া তুমি যে তদ্রূপ অনুষ্ঠান করিতে প্রবৃত্ত হইবা একবার এমন আশা হয় বটে তথাপি আমার কিছু সন্দেহ থাকে; কেননা ঈশ্বর পরায়ণ লোক দিগের যে প্রকার ঘটনা ধারানুসারে ঘটিয়া আসিতেছে তাহা দেখিয়া এমত বোধ হয় যে ঈশ্বর সেবাতে প্রবৃত্ত হইলে প্রথমতঃ যে২ বাধা জন্মে তাহাহইতে উত্তীর্ণ হইলেই যে নিষ্কণ্টক হওয়া যায় তাহা নয় সম্পূর্ণ সেবা করিতে গেলে তদ্ভিন্ন আরো কতো২ বাধা জন্মিবে। যদি দৃঢসাহস করিতে পার তবে প্রাথমিক শত্রুদিগকে জয় করিলেও করিতে পারিবা কিন্তু অবশেষে নূতন২ যে সকলবৈরি উঠিবে তাহাদের সহিত অবিশ্রান্ত যুদ্ধ

CHAP. XIV.

A caution against various temptations, by which the young convert may be drawn aside from the course before recommended.

THE representation I have been making of the pleasure and advantage of a life spent in devotedness to God and communion with him, as I have described it before, will I hope engage you, my dear reader, to form some purposes, and make some attempt to obtain it. But from considering the nature, and observing the course of things, it appears exceedingly evident, that besides the general opposition which I formerly mentioned as likely to attend you in your first entrance on a religious life, you will find, even after you have resolutely broken through this, a variety of hindrances in any attempts of exemplary piety, and in the prosecution of a remarkably strict and edifying course, will present themselves daily in your path; and whereas you may by a few resolute efforts baffle some of the former sort of enemies, these will be perpetually renewing their onsets, and a vigorous struggle must be continually maintained with them. Give me

করিতে হইবে; অতএব এই নিবেদন করি তাহাদের মধ্যে আলস্য ও সাংসারিকাভিলাষ ও বিষয়িলোকের সঙ্গ এবং বিষয় চিন্তা ইত্যাদি প্রধান২ শত্রুহইতে সতর্ক থাক; ইহারা মনুষ্যদিগকে বন্ধনের নিমিত্তে একপ্রকার ফাঁদস্বরূপ হয়।

হে পাঠক, আমি বারবার এই নিবেদন করিতেছি তুমি আলস্য ও অজ্ঞানতার প্রতি অতি সাবধান থাক কেননা এই উভয় নানা ছল করিয়া মনেতে আসিয়া অধিষ্ঠান করে; তাহাতে প্রথমতঃ এমনি বুদ্ধি লওয়ায় যে ক্ষণেকের নিমিত্তে নিরর্থক বসিয়া থাকিলে কিছু দোষ হইতে পারে না। এপ্রকারে উত্তম২ লোকেরাও বঞ্চিত হয় ও মনুষ্য দিগের এমনি দোষ জন্মে যে কখন২ প্রার্থনার সময়কেও ক্রমে২ সংক্ষেপ করিতে ইচ্ছা করে এবং এখনি কর্ত্তব্য যে কর্ম্ম তাহা আজি না কালি করিব কালি না পরশ্ব করিব ইহা বলিয়া সে কর্ম্ম উপযুক্ত রূপে করা হয় না। এই রূপে নিষ্কর্ম্মান্বিত হইয়া কত২ লোক পরীক্ষাতে পড়িয়া পাপ ও দুঃখ গ্রস্ত হয়। মানুষের

---

leave now, therefore, to be particular in my caution against some of the chief of them. And here I would insist upon the difficulties which will arise from indolence and the love of pleasure; from vain company, and from worldly cares. Each of these may prove ensnaring to any, and especially to young persons, to whom I would now have some particular regard.

I entreat you therefore, in the first place, that you will guard against a sluggish and indolent temper. The love of ease insinuates itself into the heart, under a variety of plausible pretences, which are often allowed to pass. The misspending a little time seems to wise and good men but a small matter; yet this sometimes runs them into great inconveniences. It often leads them to break in upon the seasons regularly allotted to devotion, and to defer business, which might immediately be done, but being put off from day to day is not done at all; and thereby very frequently the soul is exposed to farther temptations, by which it

জীবাত্মা স্বাভাবিক উদ্যোগী প্রযুক্ত উদ্যোগ না পাইলে সুতরাং দুঃখী হয়; অতএব কহিতেছি সর্ব্বদা সাবধান পূর্ব্বক উত্তম কর্ম্মেতে উদ্যোগ বিশিষ্ট হও। আর পরমেশ্বরের নিকটে প্রার্থনা ও ধর্ম্ম পুস্তক পাঠ ও বিষয় কর্ম্ম ও বন্ধু বান্ধবাদির সহিত আলাপ ইত্যাদি যে কর্ম্ম যে সময়ে যতক্ষণ কর্ত্তব্য সেই নিয়মানুসারে তত্তৎ কর্ম্মেতে নিযুক্ত হও। এবং এক কর্ম্মের সময় উত্তীর্ণ হইয়া যায় এমন হইলে যাহাতে প্রবৃত্ত আছ তাহা পরিত্যাগ করিয়া সেই কর্ম্মে প্রবৃত্ত হও। কেননা যেসময়ে যেকর্ম্ম কর্ত্তব্য তাহার নিয়ম জ্ঞান পূর্ব্বক লঙ্ঘন করিলে ক্রমে২ অতি কুঅভ্যাস হইতে পারে; অতএব কখন্ কোন্ কর্ম্ম কর্ত্তব্য তাহা অগ্রে বিবেচনা পূর্ব্বক স্থির করিয়া পশ্চাৎ সেই নিয়মানুসারে চিরকাল কর্ম্ম কর। তবে যদি কোন বিশেষ কর্ম্মের অনুরোধ প্রযুক্ত কোন কর্ম্ম স্থগিত থাকে তবে তাহা অন্য কালে কর; কিন্তু প্রয়োজন

---

falls, in consequence of being found unemployed. Be therefore suspicious of the first approaches of this kind. Remember, that the soul of man is an active being, and that it must find its pleasure in activity. "Gird up therefore the loins of your mind." (1 Pet. i. 13.) Endeavour to keep yourself always well employed. Be exact in your devotions before God and in all your engagements. That time which prudence shall advise you, give to conversation, and to other recreation. But when that is elapsed, and no unforeseen and important engagement presents, rise and retire to your proper business, whether it be in the field, the shop, or the closet. For by acting contrary to the secret dictates of your mind, as to what is just at the present moment best to do, some degree of guilt is contracted, and a habit is cherished, which may draw after it much worse consequences. Consider therefore what duties are to be despatched, and in what seasons. Form your plan as prudently as you can, and pursue it resolutely. Allowances for such unthought-of interruptions must be made; but if, in consequence of this, you are obliged to omit any thing of importance which you proposed to have done to-day, do it, if possible, to-morrow: and do not cut yourself out new work till the former

ব্যতিরেক নিয়মিত কর্ম্ম পরিত্যাগ করিয়া নূতন কর্ম্ম করিও না আর আপনাকে খ্রীষ্টের সেবক জ্ঞান করিয়া প্রভুর অভিমত বুঝিয়া কর্ম্ম কর।

ধর্ম্ম পথের মহা কণ্টক স্বরূপ যে শারীরিক সুখাভিলাষ তদ্বিষয়ে সাবধান, কেননা তাহা উপস্থিত হইলে তোমার ধর্ম্ম পথে বাধা হইবে। দুঃখ সহিষ্ণুতা পূর্ব্বক আমার পশ্চাৎ গামী হও প্রভু যীশু খ্রীষ্ট আপন সমুদয় শিষ্যকে এরূপ শিক্ষা দিয়াছেন। আর তিনি আপনি ব্রহ্মাণ্ডের একাধিপতি হইলেও আত্মতুষ্টির নিমিত্তে কোন কর্ম্ম না করিয়া বরং ঈশ্বর মহিমা প্রকাশ ও লোকদিগের পরিত্রাণের নিমিত্তে অসীম দুঃখ ও ক্লেশ স্বীকার করিলেন। অতএব এমন যদি হইল তবে তাঁহার দেখাদেখি রক্তপাত পর্য্যন্ত পাপের সহিত যুদ্ধ করিয়া ইন্দ্রিয়দমন পূর্ব্বক যাহাতে তাঁহার ন্যায় আচরণ হয় এমন অভ্যাস করিয়া তাঁহার পদচিহ্ন দ্বারা আমাদেরও গমন করা কর্ত্তব্য। বিশেষতঃ দেখ, সুখি লোকেরা পরীক্ষাতে পড়িলে সহজেতেই পরাস্ত হয় কিন্তু খ্রীষ্টের প্রকৃত সেব-

---

plan be despatched. And always remember, that a servant of Christ should see to it, that he determine on these occasions, as in his Master's presence.

Guard also against an excessive love of sensitive and animal pleasure, as that which will be a great hinderance to you in the religious course which I have now been urging. You cannot but know that Christ has told us, that a man must deny himself, and take up his cross daily, if he desire to become his disciple. (Luke ix. 23.) Christ, the Son of God, the former and the heir of all things, "pleased not himself," (Rom. xv. 3.) but submitted to want, to difficulties and hardships, in the way of duty, and some of them of the extremest kind and degree, for the glory of God and the salvation of men. In this way we are to follow him; and as we know not how soon we may be called, even to "resist unto blood, striving against sin," (Heb. xii. 4.) it is certainly best to accustom ourselves to that discipline, which we may possibly be called out to exercise, even in such a rigorous degree. A soft and delicate life will give force to temptations,

কেরা চিরদিন দুঃখ সহিষ্ণুতাতে অভ্যাস প্রযুক্ত অনায়াসে পরীক্ষাতে জয়ী হইয়া উঠে। তদ্ভিন্ন সুখিলোকেরা সংসারেতে নিতান্ত আসক্ত প্রযুক্ত বিষয় ত্যাগ করিতে অনিচ্ছুক হয় কিন্তু যাহারা আপনাদিগকে যাত্রী ও প্রবাসির ন্যায় জ্ঞান করে তাহাদের তদ্বিষয়ে ক্লেশ নাই। অতএব ধনবান ও সুখী হইয়া কালযাপন করিব এমন স্পৃহাকরা খ্রীষ্টীয়ান লোকদিগের উচিত হয় না; কেননা কি জানি অনিত্য ধনেতে ধনবান হইলে পর ব্যয় করিতে২ যদি অল্প দিনের মধ্যে দরিদ্রতা ঘটে তবে তো আপনার দোষে সে দুঃখ ও অপমান গ্রহণ করিতে হইবে। দেখ কোন লোকেরা কেবল পরধনের দ্বারা আপনাকে ভাগ্যবান দেখায় কিন্তু অল্প দিনের মধ্যে তাহারা দরিদ্র হইয়া অপমানিত হয়। অতএব প্রকৃত ধার্ম্মিক লোকদের তদ্রূপ আচরণ করা অপেক্ষা বরং এক সন্ধ্যা আহার কিম্বা অন্নাভাবে মরণ ও ভাল জানিবা।

ঐ কারণ বলিতেছি এমত না ঘটুক এই প্রার্থনা কর আর

---

which might easily be subdued by one, who had habituated himself to "endure hardship as a good soldier of Jesus Christ." (2 Tim. ii. 3.) It also produces an attachment to this world and an unwillingness to leave it; which ill becomes those who are strangers and pilgrims on earth, and who expect so soon to be called away to that "better country which they profess to seek." (Heb. xi. 13—16.) Add to this, that what the world calls a life of pleasure, is necessarily a life of expence too, and may perhaps lead you, beyond the limits which Providence has assigned; and so, after a short course of indulgence, may produce a proportionable want. Many who once made a high profession, after a series of sorry and scandalous shifts, have become bankrupts, and some of the worst kind of bankrupts; having lavished away on themselves what was indeed the property of others. Such conduct is a terrible reproach to religion: a good man would rather choose to live on bread and water, or indeed to die for want of them, than to occasion it.

Guard therefore, I beseech you, against any thing which

নিজ ব্যবসায়েতে মনোযোগ পূর্ব্বক পরিশ্রম করিয়া আপন আয় বুঝিয়া পরিমিত ব্যয় কর; এমত হইলে জগদীশ্বরের আশীর্ব্বাদে স্বচ্ছন্দে সংসার চলিবে এবং অন্তঃকরণ ও সুস্থির থাকিবে।

তদ্ভিন্ন বিষয়ি লোকদিগের সংসর্গেতে অনেক২ হানি জন্মিতে পারে তাহা যে নিতান্ত অধার্ম্মিক বিষয়ি লোকদের কথা কহিতেছি তাহা নয় কেননা এক্ষণে তোমার যে রূপ জ্ঞান জন্মিয়াছে তাহাতে অনুমান হয় যে তুমি আপন বুদ্ধ্যনুসারেই পাপি সংসর্গ পরিত্যাগ করিবা কিন্তু যাহাদের আপাততঃ সল্লোক বোধ হয় অথচ তাহারা খ্রীষ্ট ধর্ম্ম পথের যাত্রী নয় এমন লোকদের সহিত আলাপ ব্যবহার ক্রয় বিক্রয় করিতে গেলে সমাদর পূর্ব্বক করিবা কিন্তু কদাচ তাহাদের সহিত বন্ধুত্ব ও সহবাস ইত্যাদি করিবা না; কেননা তাহাদের সহিত এমন আলাপ করাতে পরমেশ্বরের সহিত আলাপে বিরাগ জন্মে; তাহার সাক্ষ্য

---

might tend that way, especially by diligence in business, and by prudence and frugality in expense, which, by the divine blessing may have a very happy influence to make your affairs prosperous and your mind easy.

In this view, give me leave also seriously and tenderly to caution you, my dear reader, against the snares of vain company. I speak not, as before, of that company which is openly licentious and profane. I hope, there is something now in your temper and views, which would engage you to turn away from such with detestation and horror. But I beseech you to consider, that those companions may be very dangerous, who might at first give you but very little alarm. You must often of necessity be with such persons, and Christianity not only allows, but requires, that you should, on all expedient occasions of intercourse with them, treat them with civility and respect; but choose not such for your most intimate friends, for such converse has a sensible tendency to alienate the soul from God, and to render it unfit for all spiritual communion with him. To convince you of this, do but reflect on your own experience, when

তুমি যদি এখন তাহাদের সহিত আলাপ কর তবে কতক্ষণের পর তোমার এরূপ মনের ভাব গিয়া অন্যপ্রকার হইবে। অতএব এমন লোকদের সহিত বন্ধুত্বাদি না করিয়া বরং যাহারা ঈশ্বর পরায়ণ, ধর্ম্ম ব্যবস্থামতে চলে তাহাদের সহিত আত্মীয়তা কর; তাহা হইলে পারমার্থিক বিষয়ে তোমার বিশেষ উপকার হইতে পারিবে।

হে পাঠক, তুমি যদি এরূপ আচরণ কর তবে কেবল আলস্য এবং অপরিমিত ভোগ হইতে ক্ষান্ত হইবা তাহা নয় কিন্তু মন্দ লোকদের সহিত সঙ্গকরাতে যে আপদ তাহা হইতেও রক্ষা পাইবা। যুব লোকেরা সাহসী ও অজ্ঞান প্রযুক্ত আমরা সকল দুর্জয় বাধাকে অনায়াসে পরাস্ত করিতে পারি প্রথমতঃ এমন বলে বটে কিন্তু তাহারা যখন সেই আপদগ্রস্ত হয় তখন নিরাশ হইয়া পড়ে। অতএব কহিতেছি সাবধান হঠাৎ সমূহ কর্ম্মেতে প্রবৃত্ত হইয়া বিষয় সাগরেতে মগ্ন হইও না; বরং যাহাতে পরমেশ্বরের সেবা ও পারমার্থিক বিষয়ের লাভ হইতে পারে সর্বাদৌ এমন চেষ্টা কর; কেননা তাহাতে ঐহিক পারমার্থিক উভয়ই সফল হইতে পারিবে।

---

you have been for many hours together among persons of such a character. Observe the first symptoms, and guard against the snare in time: and for this purpose, endeavour to form friendships founded in piety, and supported by it. "Be a companion of them that fear God, and of them that keep his precepts." (Psalm cxix. 63.) They are indeed the excellent of the earth. (Psalm xvi. 3.) and the greatest spiritual benefits may be derived from their society.

If it be so, it will secure you, not only from the snares of idleness and luxury, but from the contagion of every bad example. Young people are generally of an enterprising disposition: having experienced comparatively few disappointments, and fancy that their spirit, their application and address, will be able to encounter and surmount every obstacle or hinderance. But the event proves it otherwise. Let me entreat you, therefore, to be cautious how you plunge yourself into a greater variety of business than you are capable of managing consistently with the

অথবা দেখ কত শত লোকেরা অধিক ধন লোভেতে আপন পূর্ব্বসঞ্চিত পর্য্যন্ত সর্ব্বস্ব হারাইয়াছে। কিন্তু তাহারা যদি অধিক লোভ না করিয়া পরিমিত রূপে ধনব্যয় করিত এবং যথার্থ লাভেতেই সন্তুষ্ট থাকিত তবে ঈশ্বরানুগ্রহেতে অবশ্য ভদ্র লোকের মধ্যে স্থান পাইত। আর চেষ্টা করিলেই ধন পাওয়া যায় যদ্যপি এমন হয় তথাপি সে ধন তো চিরস্থায়ি নয় বরং ভাগ্যবান লোকদিগের কখন২ ফাঁদের স্বরূপ হয়। আর একটা কথা মনে কর, মনুষ্যদিগের এক বিষয় মাত্র অধিক প্রয়োজনীয়; আপনার প্রাণ ও জীবাত্মাকে নরকহইতে রক্ষা করণাপেক্ষা কি অধিক প্রযোজনীয় হইতে পারে? আর যখন জীবাত্মা শরীর পরিত্যাগ করিয়া স্বর্গেতে কিম্বা নরকে গমন করিবে তখন তোমার ধনসম্পত্তি কোথায় থাকিবে? সঙ্গে যাইবে না বরং মৃত্তিকার দেহের সহিত মৃত্তিকাতে মিশ্রিত হইবে।

সর্ব্ব বিষয়েতে যে নিস্পৃহ হওয়া ইহাই উত্তম পরামর্শ

---

care of your souls, and the service of God; which certainly ought not on any pretence to be neglected. It is indeed true that multitudes have been undone, by grasping at more than they could conveniently manage. Whereas, could they have been contented with moderate gains, and lived in a frugal manner, they might have prospered in their business, and might, by sure degrees, under a divine blessing, have advanced to great and honourable increase. But if you were certain of becoming rich and great, consider, I beseech you, how precarious these enjoyments are, and that often a plentiful table becomes a snare, and that which should have been a man's welfare, becomes a trap. (Psa. lxix. 22.) Forget not that short lesson, which is so comprehensive of the highest wisdom; "One thing is needful." (Luke x. 42.) Be daily thinking, how soon death will come, and strip you of all possessions, but those which the soul can carry along with it into eternity, when it drops the body in the grave.

On the whole, learn by divine grace, to die to the present

কেননা আমরা যে সাংসারিক ক্ষণিক সুখেতে সুখী হই-বার জন্যে অহর্নিশি বিষয় চিন্তা করি ইহা তো জগদীশ্বরের অভিমত নয়; বরং প্রকৃত নিত্য সুখের চেষ্টাতে যদি প্রবৃত্ত হই তাহাতে পরমেশ্বরের প্রেম ও করুণা প্রকাশ আছে। এই জগতে থাকিতে হইলে যে বিন্দু মাত্র সুখ গ্রহণ করিয়া অকূল দুঃখার্ণবেতে ডুবিয়া থাকিতে হয় এবং দুষ্কর কর্ম্ম ও ধৈর্য্য ও দুষ্টের শাসন সহ্য ইত্যাদি কর্ম্ম করিতে হয় সে কেবল পরলোকে মঙ্গলের নিমিত্তে। এখন সেই পরলোক প্রাপ্তি কবে ও কিপ্রকারে হইবে তাহাতো স্থির জানা যায় না, দশবৎসরের পর হইলে ও হইতে পারে এবং অকস্মাৎ এখনি হইলে ও হইতে পারে; অতএব সমুদয় বিষয় কর্ম্মের ভার পরমেশ্বরেতে সমর্পণ করিয়া ক্রমে২ বিষয়ের প্রতি আশা ভরসা খাট কর। আর পৃথিবীতে থাকিয়া কিরূপে পরমেশ্বরের মহিমা তোমা দ্বারা প্রকাশ পায় এবং কি সেবাতে তিনি তোমার প্রতি সন্তুষ্ট হন তাহা জানিতে একান্ত চিত্তে চেষ্টা কর।

---

world; to look upon it as a low state of being, which God never intended for the final and complete happiness, or the supreme care of any one of his children: a world, where something is indeed to be enjoyed, but chiefly from himself; where a great deal is to be borne with patience and resignation; and where some important duties are to be performed, and a course of discipline to be passed through, by which you are to be formed for a better state; to which as a Christian you are near, and to which God will call you, perhaps on a sudden, but undoubtedly, if you hold on your way, in the fittest time and the most convenient manner. Refer therefore all this to Him. Let your hopes and fears, your expectations and desires, with regard to this world, be kept as low as possible; and all your thoughts be united, as much as may be, in this one centre, what is it that God would, in present circumstances, have you to be; and what is that method of conduct, by which you may most effectually please and glorify him

ধর্ম্মপথে পুবেশ কারি ও চারিদিগের ফাঁদ দর্শন কারি নবীন ধর্ম্মাবলম্বি ব্যক্তির প্রার্থনা।

হে বিপদ বিনাশক পরমেশ্বর, আমি তোমার সত্যপথে প্রবিষ্ট হওয়াতে কামাদি রিপুসকল আমার চারিদিগে নানা প্রকার মায়াজাল পাতিয়া আমাকে বদ্ধ করিবার উপক্রম করিতেছে, তাহা দেখিয়া ভয়েতে তোমার শরণাপন্ন হইলাম। এখন হে প্রভো তোমার বালকের প্রতি কৃপা-দৃষ্টি করিয়া এই প্রার্থনার সিদ্ধি কর যেন আমি সর্বদা সতর্ক থাকাতে কোন প্রকারে শত্রুর হস্তগত না হই। আর যদি আলস্যেতে আমাকে নিরুদ্যোগী করে তবে হে প্রভো পরলোকে গমনের নিমিত্তে অবিলম্বে প্রস্তুত হওয়া যে উচিত ইহা স্মরণ জন্মাইয়া তৎক্ষণাৎ আমাকে চেতনা প্রদান কর।

আর বিষয়ি লোকেরা পাপ পথে গমনে শত২ প্রবৃত্তি জন্মাইলেও আমি যেন তাহাতে সম্মত না হই বরং তোমার সহিত নিত্য২ আলাপ করাতে তাহাদের মন্ত্রণা

The Young Convert's PRAYER *for Divine Protection, against the Danger of these Snares.*

" BLESSED GOD! In the midst of ten thousand snares and dangers, which surround me from without and from within, permit me to look up unto thee with my humble entreaty, that thou wouldst 'deliver me from them that rise up against me,' (Psa. lix. 1,) and that 'thine eyes may be upon me for good.' (Jer. xxiv. 6.) When sloth and indolence are ready to seize me, awaken me from that idle dream, with lively and affectionate views of that invisible and eternal world, to which I am tending. Remind me of what infinite importance it is, that I diligently improve those transient moments, which thou hast allotted to me as the time of my preparation for it.

" When sinners entice me, may I not consent. (Prov. i. 10.) May holy converse with God give me a disrelish for the converse of those who are strangers to thee, and who would separate my

কি আলাপ সকলি যেন আমার বিষ তুল্য বোধ হয় আর তোমার সমাদরকারি লোকদিগের সমাদর পূর্ব্বক সহ-বাসী হওয়াতে শুক্লপক্ষীয় চন্দ্রের ন্যায় নিত্য২ আমার ধর্ম্ম বৃদ্ধি হয় এই জন্যে তাহাদিগের সৎকথা দ্বারাতে আমার মন উস্কাইয়া দেও, তাহাতে আমিও অন্যান্য লোকের মন উস্কাইতে ক্ষমতাপন্ন হইব। তাহাতে একটি গৃহে আগুন লাগিলে যেমন ক্রমে২ সকল ঘর ধরিয়া সমস্ত দেশটা একেবারে অগ্নিক্ষেত্র হয় তেমনি তোমার ভক্তি শ্রদ্ধারূপ যে অগ্নি সে ক্রমে২ সকলের মনেতে লাগিয়া যেন জগত ব্যাপ্ত হয়।

হে দয়াময় প্রভো, বিষয়াভিলাষহইতে আমাকে রক্ষা কর কেবল বিষয়াসক্ত লোকেরা যে তোমার দৃষ্টিতে মৃতবৎ এবং অশুচি তাহা আমাকে প্রবোধ দেও। আর আমিও বিষয়াসক্ত প্রযুক্ত মৃতবৎ থাকাতে তোমার পবিত্র আত্মা দ্বারা আমার জীবন্যাস করিয়া আমাকে শুচি কর। তাহাতে আমার কুমতি দূর হইয়া সুমতি প্রকাশ হইলে তোমার নিষিদ্ধ অপবিত্র কর্ম্মেতে যে প্রবৃত্ত হইব না তাহা কেবল

---

soul from thee. May I 'honour them that fear the Lord,' (Psa xv. 4,) and *walking with such wise and holy men, may I find that I am daily advancing in wisdom and holiness.* (Prov. xiii. 20.) Quicken me, O Lord, by their means; that by me thou mayest also quicken others. Make me the happy instrument of enkindling and animating the flame of divine love in their breasts; and may it spread from heart to heart, and increase every moment in its progress.

"Guard me, O Lord, from the love of sensual pleasure. May *I seriously remember, that 'to be carnally minded is death.'* (Rom. viii. 6.) May it please thee, therefore, to purify and refine my soul by the influences of thine Holy Spirit, that I may always shun unlawful gratifications, more solicitously than others pursue them; and that those indulgences of animal nature which thou hast allowed, and which the constitution of

নব শারীরিক সুখ সম্ভোগাদি ধর্ম্ম শাস্ত্রে নিষিদ্ধ না হইলেও যেন তাহাতে আসক্ত না হই বরং জীবাত্মা অপেক্ষা মাংসপিণ্ড শরীর যে অতি তুচ্ছ এবং নীচ ইহা মনে করিয়া জীবাত্মার দুঃখ দুর করিতে যেন সচেষ্ট থাকি। আর তোমার প্রতি প্রতিদিন মনঃসংযোগ রাখাতে যেন স্বর্গস্থ তোমার সহবাসি তেজস্বি দুতদিগের সঙ্গী হইবার যোগ্য পাত্র হইতে পারি।

আর তুমি কৃপা করিয়া আমাকে যে পদে নিযুক্ত করিয়াছ তাহা যে কেমন অপ্রাপ্য অপূর্ব্ব পদ ইহা জ্ঞাত হইয়া তদ্বিষয়ে কর্ত্তব্য কর্ম্মেতে যেন সর্ব্বদা নিযুক্ত থাকি; কিন্তু হে প্রভো, সেই পরমার্থ চিন্তার বিঘ্নজনক যে বিষয় সুখাভিলাষ তাহাহইতে আমাকে রক্ষা করিতে হইবে। অন্যান্য লোকেরা বিষয় সুখ সম্ভোগে রত থাকে থাকুক, কিন্তু সে সুখ যে অতি তুচ্ছ এবং অসার ইহা জ্ঞাত হইয়া যেন অক্ষয় পরমার্থ বিষয় সঞ্চয় করিতে সচেষ্ট থাকি। আর হে প্রভো, কেহ২ কহিয়া থাকে যে সংসারের ঝনঝাট প্রযুক্ত

---

things render necessary, may be soberly and moderately used. May I still remember the superior dignity of my spiritual and intelligent nature, and may the pleasures of the man and the Christian be sought as my noblest happiness. May my soul rise on the wings of holy contemplation, to the regions of invisible glory; and may I be endeavouring to form myself, under the influences of divine grace, for the enjoyments of those angelic spirits, that live in thy presence.

"Give me, O Lord, to know the station in which thou hast fixed me, and steadily to pursue the duties of it. But deliver me from those excessive cares of this world, which would so engross my time and my thoughts, that the one thing needful should be forgotten. May my desires after worldly possessions be moderated, by considering their uncertain and unsatisfying nature; and while others are laying up treasures on earth, may I be 'rich towards God.' (Luke xii. 21.) May I never be too busy to attend to those great affairs which lie between thee and my soul; never be so engrossed with the concerns of time, as to

পরমার্থ চিন্তা করিতে আমার অবকাশ নাই কিন্তু তোমার আশীর্ব্বাদে যেন এমন কথা আমার মুখহইতে নির্গত না হয়। আর তোমাকর্ত্তৃক আকর্ষিত হইয়া ক্রমে২ তোমার নিকটবর্ত্তী হইলে যে সময়ে সাংসারিক দুঃখহইতে মুক্ত হইয়া অনন্ত অক্ষয় স্বর্গীয় ঐশ্বর্য্য প্রাপ্ত হইব এমন সময়ের অপেক্ষাতে যেন সর্ব্বদা থাকি।

১৬ অধ্যায়।

ধর্ম্মের প্রতি ক্রমে২ অশ্রদ্ধা হওনের বিবরণ।

হে পাঠক, এখন যদি এই পূর্ব্ব লিখিত উপদেশ মনোগত করিয়া গ্রাহ্য কর তবে প্রাতঃকালীয় সূর্য্য কিরণের ন্যায় ক্রমে২ তোমার শ্রদ্ধা ভক্তির বৃদ্ধি হওয়াতে পরমানন্দে ধর্ম্ম পথে গমন করিতে পারিবা; কিন্তু এ বিষয়ে একটি আশঙ্কা আছে, তুমি এখন যেমন ধর্ম্মের নিমিত্তে ব্যাকুল হইতেছ ইহার পর তোমার তাদৃশ ব্যগ্রতা থাকিবে না

---

neglect the interests of eternity. May I pass through earth with my heart and hopes set upon heaven, and feel the attractive influence stronger and stronger as I approach still nearer and nearer to that desirable centre; till the happy moment comes when I shall be released from all evil and be made to possess the glories of the heavenly world. Amen."

CHAP. XVI.

THE CASE OF SPIRITUAL DECAY AND LANGUOR IN RELIGION.

If I am so happy as to prevail upon you in the exhortations and cautions I have given, you will probably go on with pleasure and comfort in religion; and your path will generally be "like the morning light, which shineth more and more until the perfect day." (Prov. iv. 18.) Yet, alas! there is reason to fear, that how warmly soever your heart may now be impressed with the

ফলতঃ কিছু দিনের পর ঈশ্বর পথে গমনে তোমার অন্তঃকরণ শ্রান্ত হইলে ক্রমেং অনাদর করিবা; তাহা কেবল মন্দ শয়তানের কুপ্রবৃত্তিতে ভুলিয়া এখন যে লোভকে তুচ্ছ জ্ঞান করিতেছ হয় তো তাহারি বশীভূত হইবা। এমন হইলে তোমার প্রতি প্রসন্ন যে পরমেশ্বর তিনি বিমুখ হইয়া সেই কর্ম্মের প্রতিফল স্বরূপ দুঃখ তোমাকে দিবেন; তাহাতে এক্ষণকার মত ধর্ম্ম বিষয়ে আনন্দিত না হইয়া বরং বিষাদিত হইবা। অতএব এ সকল বিষয়ে কিছু বিশেষ বিবেচনা করা কর্ত্তব্য; কি জানি যদি সেরূপ কুঘটনা হয় তবে ঈশ্বর প্রসাদাৎ এই সকল কথা শ্রবণেতে অবশ্য পুনর্ব্বার চেতনা প্রাপ্ত হইতে পারিবা।

ধর্ম্মেতে একবার শ্রদ্ধা জন্মিলে ও যে পুনর্ব্বার ভক্তির হ্রাসতা জন্মে তাহার প্রথমাবধি কারণ ধরিয়া বিবেচনা করি। তাহাতে অল্প বয়সে ধর্ম্মাবলম্বী হইলে যে রূপ উগ্রতা হয় তাহা যে বয়োধিক সময়ে থাকে না সে কথা আমি বড় একটা গ্রাহ্য করি না; কেননা নবীন বয়েসেতে

---

representation I have been making, the time will come when your temper towards them will be changed. Much do I fear that you will feel your mind languish and tire in the good ways of God, and may thus fall a prey to some of those temptations, which you now look upon with a holy scorn. The probable consequence of this will be, that God will hide his face from you; that he will stretch forth his afflicting hand against you, and that you still will see your sorrowful moments, how cheerfully soever you may now be "rejoicing in the Lord." (Hab. iii. 18.) I hope, therefore, it may be of some service, to consider these cases a little *more particularly: and I heartily pray, that* God would make what I shall say concerning them, the means of restoring your soul, if he ever suffers you to deviate from him.

We will first consider the case of Spiritual Declensions, and Languor in Religion. And here I desire, you would observe that I do not comperhend under this head every abatement of that fervour which a young convert may find when he first becomes experimentally acquainted with divine things. Our natures are

মানুষ তো স্বাভাবিক ব্যগ্র থাকে পরে ক্রমেং বয়োধিক হইলে অল্পেং সে ব্যগ্রতার হ্রাসতা পড়ে। এ কারণ মনুষ্যদিগের বাহ্য বোধেতে শ্রদ্ধারই ন্যুনতা বোধ হয় বটে কিন্তু বাস্তবিক তাহা নয় এমন অনেকং দেখা গিয়াছে; অতএব ঈশ্বরের প্রতি আপনার মতি আছে কি না তাহা জানিবার নিমিত্তে এই বিবেচনা করিতে হয়। যে পরমেশ্বরের অভিমত কর্ম্ম করিতে আমার অভিমত কি না? আর তাঁহার অনিষ্টেতে না গিয়া ইষ্ট কর্ম্ম করিতে আমার অভিলাষ হয় কি না? এবং যে কোন কর্ম্ম করি তাহাতে ঈশ্বর মহিমা প্রকাশ ও পর মঙ্গল চেষ্টা এই অভিপ্রায়েতে প্রবৃত্ত হই কি না? এই সকল প্রমাণ দ্বারা আপনি যে প্রকৃত ধার্ম্মিক কি না তাহা জানা যায়।

ঈশ্বরের প্রতি ক্রমেং ভক্তির লাঘব হওয়ার প্রথম উপক্রম এই সর্ব্বদা পরমার্থ বিষয় স্মরণে থাকে না; এবং খ্রীষ্টাশ্রিত লোকদিগের যেং কর্ত্তব্য কর্ম্ম তদ্বিষয়ে শৈথিল্য জন্মে; ইহা তো মনুষ্যেরা হঠাৎ কিছু জানিতে পারে না, অতএব সে দশাগ্রস্ত লোকদিগের যেং চিহ্ন তাহা বিস্তা-

---

so framed, that our passions are more easily impressed in the earlier years of life, than when we are more advanced in the journey of it. This, perhaps, is not sufficiently considered. Too great a stress is commonly laid on the flow of affections; and for want of this, a Christian may be led to lament imaginary rather than real decays. Therefore, you can hardly be too frequently told, that religion consists chiefly "in the resolution of the will for God, and in a constant care to avoid whatever we are persuaded he would disapprove, to despatch the work he has assigned us in life, and to promote his glory in the happiness of mankind." To this we are chiefly to attend, looking in all to the simplicity and purity of those motives from which we act, which we know are chiefly regarded by God who searches the heart.

Having given this precaution, I will now a little more particularly describe the case, which I call the state of a Christian who is declining in religion. And I must observe, that it chiefly consists in a forgetfulness of divine objects, and a remissness in those

রিত করিয়া লিখিতেছি। হে পাঠক, তুমি যদি সেই দশা প্রাপ্ত হও তাহা হইলেও হইতে পারে তবে নিজ্জ ক্রিয়াতে অর্থাৎ একাকী থাকিয়া ধর্ম্ম. শাস্ত্র পাঠ ও ঈশ্বরের নিকটে প্রার্থনা এই সকল কর্ম্মেতে তোমার অনেক২ ত্রুটি জন্মিবে। ফলতঃ প্রাতঃকালে ঈশ্বর আরাধনার সময় উপস্থিত হইয়াছে ইহা জানিলেও আলস্যেতে শয্যাতে শয়ন করিয়া থাকিবা এবং সন্ধ্যাকালে লোকদের সহিত আলাপেতে কিম্বা ব্যবসায় কর্ম্মেতে ব্যস্ত থাকিবা অথবা প্রার্থনা কুঠরীতে প্রবেশ করিয়া ধর্ম্মপুস্তক পাঠ না করিয়া অন্য কোন পুস্তক পাঠ কিম্বা পত্রাদি লেখাতে কালক্ষয় করিবা। আর যদিও প্রার্থনাদি কর তথাচ ব্যস্তসমস্ত প্রযুক্ত অল্প প্রার্থনা হইবে এই রূপে ক্রমে২ কতক দিনের পরে পরমেশ্বরকে মৌখিক স্তবেতে বঞ্চিত করিলে তোমার জীবাত্মা ও পারমার্থিক বিষয়ে বঞ্চিত হইবে আর ঈশ্বরের বাক্যেতে অর্থাৎ ধর্ম্মপুস্তকেতে যে অবজ্ঞা জন্মিবে তাহা কেবল নয়

---

various duties, to which we stand engaged by that solemn surrender, which we have made of ourselves to the service of God. There will be a variety of symptoms, according to the different circumstances and relations in which the Christian is placed. It will be peculiarly proper to touch on these.

Should you, my good reader, fall into this state, it will probably first discover itself by a failure in the duties of the closet. Sloth will so far prevail upon you, that though perhaps you know and recollect, that the proper season of retirement is come, you will sometimes indulge yourself upon your bed in the morning, sometimes in conversation or business in the evening, so as not to have convenient time for it. Or, perhaps, when you come into your closet at that season, some favourite book you are desirous to read, some correspondence that you choose to carry on or some other amusement, will present itself, and plead to be despatched first. This will probably take up more time than you imagined; and then secret prayer will be hurried over, and perhaps reading the scriptures quite neglected. And thus God will be mocked, and *your own soul will be defrauded of its spiritual meals, the word*

একাকী প্রার্থনা করিতেও বিরক্ত হইবা এবং আপন বিষয়েও কিছু বিবেচনা করিতে পারিবা না।

এই প্রকার নানাবিধ বিঘ্ন জন্মিলে যদি তাহার প্রতিকার চেষ্টা না কর তবে ক্রমে২ ঐ স্বভাব বলবান হইলে তোমার পরিবারের সহিত আরাধনার সময়ে কিম্বা ধর্ম্মালয়ে সমূহ লোকের সহিত আরাধনার সময়ে তেমনি দোষ জন্মিবে অর্থাৎ প্রার্থনাতে মনো নিবিষ্ট না হওয়াতে সে নিষ্ফল আরাধনা হইবে এবং আরাধনাতে অন্তঃকরণের সুখ ও ঈশ্বরের সম্ভ্রম না হইলেও তাহা ভাবিয়া মনস্তাপ জন্মিবে না। আর প্রভুর ভোজনের পূর্ব্বে যেরূপ মনের প্রফুল্লতা ও মনোযোগ ছিল এবং ধর্ম্ম বিষয়ে যে রতিমতি ছিল এখন সে সকল নাই, ইহা দেখিয়া সেস্থানে যাইতে রুচি হইবে না। এই প্রকারে শত্রুদিগের অভিমত কর্ম্ম করিতে২ আপনি দুর্ব্বল হইয়া হঠাৎ শত্রু হস্তগত হইবা।

---

of God will be slighted, and self-examination quite disused: and secret prayer itself will grow a burden, rather than a delight.

If immediate and resolute measures be not taken for your recovery from these declensions, they will spread farther, and reach the acts of social worship. You will feel the effect in your families, and in public ordinances. And if you do not feel it, the symptoms will be so much the worse. *Wandering thoughts* will, as it were, eat out the very heart of these duties. And when these heartless duties are concluded, there will scarcely be a reflection made, how little God hath been enjoyed in them, how little he hath been honoured by them. Perhaps the sacrament of the Lord's Supper, being so admirably adapted to fix the attention of the soul, and to excite its warmest exercise of holy affections, may be the last ordinance in which these declensions will be felt. And yet, who can say, that the sacred table is a privileged place? And perhaps a dissatisfaction in the review, when there has been a *remarkable alienation or insensibility of mind, may occasion* a disposition to forsake your place and your duty there. And then, when your spiritual enemies have once gained this point upon you, it is probable you will fall by swifter degrees than ever, and your resistance to their attempts will become weaker and weaker.

এই রূপে ঈশ্বরের প্রতি ও প্রভু যীশুখ্রীষ্টের প্রতি প্রেমের হ্রাসতা হইলে খ্রীষ্টের সেবক যে তোমার ভ্রাতৃগণ তাহাদের প্রতিও স্নেহের ক্ষীণতা হইবে; তাহা কেবল নয়, লোক সাধারণের প্রতি ও প্রেম ও হিত চেষ্টার অল্পতা হইবে। বিশেষতঃ কাহারো প্রতি পারমার্থিক হিত চেষ্টা করিতে প্রবৃত্ত হইবে না। তাহাতে খ্রীষ্টীয়ান ভ্রাতাদিগের সহিত কিম্বা প্রতিবাসি লোকদের সহিত ধর্ম্ম বিষয়ের আলাপ করিতে কত প্রকার ছল করিবা।

আর ধর্ম্ম বিষয়ে এরূপ শৈথিল্য হইলে পর সুতরাং ক্রমে২ বিষয় সুখের প্রতি মনের অভিলাষ বাড়িবে কেননা মনুষ্য মাত্রের যে মন তো ভালমন্দ একটা কোন বিষয় ব্যতিরেকে থাকিতে পারে না। কখন২ জ্ঞাতি কুটুম্বদিগের সহিত আত্মীয়তা রাখিবার উপলক্ষ্যে সকলে একত্রে অবিহিত অপরিমিত ভোজন পানেতে মত্ত হইবা। এবং কখন২ বিষয় লাভের নিমিত্তে আকুঞ্চন করিয়া হয় তো দুই জনে এক পদের উপরে আকাঙ্ক্ষী হইয়া

When your love to God our Father and to the Lord Jesus Christ fails, your fervour of Christian affection to your brethren in Christ will proportionably decline, and your concern for usefulness in life abate; especially, where any thing is to be done for spiritual edification. You will find one excuse or another, for the neglect of religious discourse, perhaps not only among neighbours and Christian friends, but even with regard to those, who are members of your own families.

With this remissness, an attachment, either to sensual pleasure, or to worldly business, will increase. For the soul must have something to employ it, and something to delight itself in, of one sort or other. In some instances, perhaps the strictest bounds of temperance, and the regular appointments of life, may be broken in upon, through a fondness for company, and the entertainments which often attend it. In other instances, *contrary interests* of other persons may throw you into disquietude, or plunge you into debate and contention, in which it is extremely difficult to pre-

ধর্ম্মের অপমান পূর্ব্বক পরস্পর এমন দ্বন্দ্ব উপস্থিত করিবা যে তখন যদি কোন ধর্ম্মোপদেশক আসিয়া অত্মীয়তা প্রযুক্ত কোন সদুপদেশ কথা কহেন তবে তাঁহার সেই চেষ্টাতে কিছু কৃতজ্ঞতা স্বীকার না করিয়া বরং তাহাতে বিরক্ত হইয়া তাঁহার প্রতি ঈর্ষা দ্বেষ করিবা।

আর এই প্রকারে মনের গতি এমন বিকৃতি ভাবাপন্ন হইবে যে পুনর্ব্বার সহজ অবস্থা দিতে পারে এমন যে উপদেশ তাহাতে একেবারে ঘৃণা জন্মিবে। আর অন্তঃকরণে এক প্রকার ধর্ম্ম ভয়ের লেশ মাত্র না থাকিলে শয়তানের প্রতারণাতে এমনি বোধ হইবে যে আমার সম্পূর্ণ ধর্ম্ম ভয় প্রযুক্ত ছিল; তবে পূর্ব্ব ধর্ম্মের নিমিত্তে যে ব্যাকুল হইয়াছিলাম সে কেবল বাতিক জন্য অতএব এতো কঠোর আচরণেতে কিছু প্রয়োজন নাই। বিশেষতঃ এমনি জ্ঞান হইবে, যাহারা প্রতিবাসির প্রতি কোন অন্যায় না করিয়া ধর্ম্ম বিষয়ে কঠিন উপদেশকারি লোক ব্যতিরেক কাহাকেও দুর্ব্বাক্য কহে না তাহারা যদি ঈশ্বরের নিকটে বিস্তর প্রার্থনা না করে তথাচ স্বর্গাধিকারী হইবে।

---

serve either the serenity or the innocence of the soul. And perhaps, if ministers and other christian friends, observe this, and endeavour in a plain and faithful way to reduce you from your wandering, a false delicacy of mind, often contracted in such a state as this, will render these attempts extremely disagreeable.

And possibly, to sum up all, this disordered state of mind may lead you into some prejudices against those very principles, which might be most effectual for your recovery: and your great enemy may succeed so far in his attempts against you, as to persuade you, that you have lost nothing in religion, when you have almost lost all. He may very probably lead you to conclude, that your former devotional frames were mere fits of enthusiasm; and that the holy regularity of your walk before God, was an unnecessary strictness and scrupulosity. Nay, you may think that if a man treat his fellow-creatures with humanity and good nature, judging and reviling only those who would disturb others by the narrowness of their notions, must necessarily be in a very good state, though he pretend not to converse much with God.

এই সকল লক্ষণাক্রান্ত দেখিলেই বোধ হয় এ ব্যক্তি ধর্ম্মপথচ্যুত হইতেছে এবং ক্রমে২ জ্ঞানপূর্ব্বক পাপ কর্ম্ম করাতে অল্পদিনের মধ্যে ধর্ম্মচ্যুত লোকের মধ্যে এক জন গণ্য হইবে। আর এই সকল লক্ষণের মধ্যে ইহা এক প্রকার অসাধ্য লক্ষণ তাহাদিগের এমন একটা বোধ জন্মে যে আমাদের তো মনের কোন বিকার নাই তবে কিসের নিমিত্ত প্রতিকার চেষ্টা করিব?

হে পাঠক, এখন এই পূর্ব্ব লিখিত লক্ষণের মধ্যে কোনো লক্ষণ যদি তোমাতে দেখা যায় তবে এখনি সচেতন হইয়া তাহার প্রতিকার চেষ্টা কর। যে গুপ্তালয় ত্যাগ করাতে দোষের উপলব্ধি জন্মে সেইস্থানে ফিরিয়া তাহার প্রতিকার চেষ্টার নিমিত্তে ভক্তিভাবে আপন মনকে এই জিজ্ঞাসা কর। জগদীশ্বরের প্রতি ও তাঁহার ধর্ম্মের প্রতি আমার পূর্ব্ব মত শ্রদ্ধাভক্তি আছে কি না? এবং মরণ দিনেতে যে রূপ মনের ব্যাকুলতা ও ভয় উপস্থিত হয় সে রূপ মনের ভাব এখন তোমার উত্তম বোধ হয় কি না? আর এক লক্ষণ

I mention this in the last stage of religious declensions, because I apprehend that to be its proper place; and I fear, it will be found by experience to stand upon the very confines of gross apostacy into deliberate and presumptuous sin. And because, too, it is that symptom, which most effectually tends to prevent the success, and even the use of any proper remedies, in consequence of a fond and fatal apprehension that they are needless.

What I chiefly intend in this address, is to engage you, if possible, as soon as you perceive the first symptoms of these declensions, to be upon your guard, and to endeavour, as speedily as possible, to recover yourself from them. And I would remind you, that the remedy must begin, where the first cause or complaint prevailed, I mean, in the closet. Take some time for recollection, and ask your own conscience seriously, how matters stand between the blessed God and your soul. Whether they are as they once were, and as you could wish them to be, if you saw your life just drawing to a period, and were to pass immediately into the eternal state. One serious thought of eternity

মাত্র পরলোকের চিন্তা করিলে সহস্র ২ প্রবঞ্চকের প্রবঞ্চনা-হইতে মুক্ত হওয়া যায় কি না? এরূপ জিজ্ঞাসা করিলে পর যদি মনের মধ্যে আপনার অপরাধের উদয় দেখ তবে ছলদ্বারা ঐ দোষ নিবারণ করিতে চেষ্টা না করিয়া বরং নিষ্কপট হইয়া পরমেশ্বরের নিকটে তাহা স্বীকার পূর্ব্বক তাঁহারি সহায়তার নিমিত্তে প্রার্থনা কর। তদ্ভিন্ন ঈশ্বরা-রাধনাতে এবং আত্ম বিষয় বিবেচনাতে পূর্ব্বাপেক্ষা অধিক যত্নবান হইয়া মনোযোগ পূর্ব্বক ধর্ম্ম পুস্তক পাঠ কর। তাহাতে ঈশ্বরের প্রতি মনোনিবেশ ও পাপবিষয়ক খেদ করণ বিষয়ের কথা পাঠ করিতে২ এমনি তদ্গতচিত্ত হইবা যে ঐ সকল কথা লিখনের সময়ে গ্রন্থকর্ত্তার যে রূপ মনের ভাব উদয় পাইয়াছিল তোমারো যেন তেমনি ভাবের উদয় হয়। আর যে ২ কর্ম্মদ্বারা ঈশ্বরের প্রতি ভক্তি শ্রদ্ধার হানি জন্মে তাহা যদি নিতান্ত নিষিদ্ধ কর্ম্ম না হয় তথাচ তাহা পরিত্যাগ করিবা; বিশেষতঃ প্রকৃত ধার্ম্মিকদের মধ্যে গণিত যে সকল খ্রীষ্টীয়ান লোক তাহাদের সঙ্গে থাকিয়া যাহাতে তাহাদের মত স্বভাব ও বিবেচনা পাইতে পার

---

shames a thousand vain excuses, with which, in the *forgetfulness* of it, we are ready to delude our own souls. And when you feel that secret misgiving of heart, which will naturally arise on this occasion, do not endeavour to palliate the matter, but *honestly* fall under the conviction, and be humbled for it. Pour out your heart before God, and seek the renewed influences of his Spirit and grace. Return with *more exactness* to secret devotion, and to self-examination. Read the scripture with yet greater diligence, and especially the more devotional and spiritual parts of it. Labour to ground it in your heart, and to feel, what you have reason to believe the sacred penmen felt when they wrote, so far as circumstances may agree. Open your soul with all simplicity, to every lesson which the word of God would teach you; and guard against those things, which you perceive to alienate your mind from inward religion, though there be nothing criminal in the things themselves. In these circumstances, above all seek the converse

নিরন্তর এমন চেষ্টাতে থাক। তদ্ভিন্ন ভক্তি বিষয়ের গ্রন্থ সকলেতেও মন ডুবাইয়া বিবেচনা কর এবং প্রভুর ভোজন সময় পুনর্ব্বার উপস্থিত হইলে আপন তাবৎ কর্ম্মের প্রতি যথার্থ বিচার করিয়া পুনশ্চ সেই ভোজেতে খ্রীষ্টের হস্তে আপন প্রাণ ও জীবাত্মাকে সমর্পণ কর। আর প্রভু যীশু খ্রীষ্ট যে আপনি মরিয়া তোমার জীবন রক্ষা করিয়াছেন এই অসীম দয়ার প্রতি এমনি দৃষ্টিপাত কর যাহাতে সেই প্রেমেতে প্রবৃত্ত হইয়া তুমি এমত দৃঢ় প্রতিজ্ঞা কর, যিনি আমার নিমিত্তে মরিলেন তাঁহার নিমিত্তে আমি কাল যাপন করিব; কিন্তু সাবধান যেমন তৈলের অল্পতাতে কিম্বা অভাবে প্রদীপ মিন২ করিয়া জ্বলে অথবা নির্ব্বাণ হইয়া যায় তেমনি যেন তোমার ভক্তির অল্পতাতে কিম্বা অভাবেতে প্রেমের প্রদীপ নিবিয়া যায় না। যে পর্য্যন্ত পূর্ব্বাপেক্ষা ঈশ্বরের প্রতি অধিক শ্রদ্ধা না জন্মে তাবৎ বিশ্রাম করিও না কেননা ধর্ম্ম পথে অগ্রসর না হইলে পশ্চাতে পড়িয়া থাকিতে হয় ইহা স্মরণে থাকুক।

of those Christians, whose progress in religion seems most remarkable, and who adorn their profession in the most amiable manner, and labour to obtain their temper and sentiments. Employ yourself, also at seasons of leisure, in reading practical and devotional books, in which you can (as it were) taste the genuine spirit of Christianity. And to conclude, take the first opportunity that presents, of making an approach to the table of the Lord, and there renew your covenant with God; put your soul anew into the hand of Christ, and endeavour to view the wonders of his dying love, in such a manner as may rekindle your love and quicken you to more vigorous resolutions than ever, to "live unto him that died for you." (2 Cor. v. 15.) And watch over your own heart, that the good impressions you then feel may continue. Rest not, till you have obtained as confirmed a state in religion as you ever knew; rest not till you have made a greater progress than before: for it is certain, that it is only by a zeal to go forwards, that you can be secure from the danger of going backwards.

হে পাঠক. এখন যদি তোমার অনন্ত ক্লেশের ভয় থাকে তবে অবিলম্বে এই শেষের লিখিত উপায় অবলম্বন কর; তাহা না করিলে ত্বরায় অধঃপথে পতনের অবশ্য সম্ভাবনা আছে। কি জানি যদি পরমেশ্বরেতে অশ্রদ্ধা করিয়া কোন মহাপাপেতে পতিত হও তবে এমনি মর্ম্মান্তিক বেদনা ঘটিবে যে শরীরের তাবৎ অস্থিগুলা ভঙ্গ করিলেও তেমন বেদনা জন্মে না।

আপনার ভক্তির হ্রাসতা দেখিয়া ঈশ্বরের নিকটে মনুষ্যের প্রার্থনা।

হে নিত্য ও সর্ব্বগুণাশ্রয় পরমেশ্বর, তুমি নিজে যেমন নির্ব্বিকার তোমার গুণগুলিও তেমনি বিকার রহিত এবং তোমার প্রিয়পুত্র যে প্রভু যীশু খ্রীষ্ট তিনিও তেমনি বর্ত্তমান ভূত ভবিষ্যৎ ত্রিকালেতেই সমভাবে আছেন; কিন্তু হে প্রভো আমার শরীর যেমন দণ্ডে২ অবস্থান্তর প্রাপ্ত হইতেছে তেমনি আমার অন্তঃকরণের যে গতি ও বিবেচনা ও প্রতিজ্ঞা সকল সেও দণ্ডে২ ভাবান্তর প্রাপ্ত হইতেছে কোন প্রকারে এক মুহূর্ত্ত কাল স্থির হয় না। ইহার কারণ কি? হে প্রভো, তোমার প্রতি

I only add, that it is necessary to take these precautious *as soon as possible*; or you will probably find a much swifter progress than you are aware in the downhill road; and you may possibly be left of God, to fall into some gross and aggravated sin, so as to fill your conscience with an agony and horror, which the pain of "broken bones" (Psa. li. 8.) can but imperfectly express.

A PRAYER *for a Person under Spiritual Decays.*

"ETERNAL and unchangeable Jehovah! thy perfections and glories are, like thy being, immutable. Jesus thy Son is 'the same yesterday, to-day, and for ever.' (Heb. xiii. 8.) But alas! my views, and my affections, and my best resolutions, are continually varying, like this poor body which goes through daily and hourly alterations in its state and circumstances. Whence, O Lord, whence this sad change which I now experience, in the

ও ধর্ম্মের প্রতি এবং পারমার্থিক বিষয়ের প্রতি পূর্ব্বে আমার যে রূপ অগ্রতা ও শ্রদ্ধাভক্তি ছিল এখন কেন তাহার বৈলক্ষণ্য হইয়াছে? আমি যে পূর্ব্বের মত তোমাকে পিতা বলিয়া তোমার নিকটে আর যাইতে পারি না ইহার কারণ কি? হে প্রভো, তোমার সেবাতে আমার কেন এতো শৈথিল্য জন্মিয়াছে? আমি পূর্ব্বে যে কর্ম্ম করিতে পরমানন্দ সুখে ভাবিতাম এখন তাহা করিতে কেন আমার দুঃখ উপস্থিত হয়? হে জগদীশ্বর, তোমাতে আমাতে যে পিতাপুত্র সম্বন্ধ ইহা জানিয়া পূর্ব্বে আমার হৃৎপদ্ম প্রফুল্ল হইত কিন্তু এখন কিছুই হয় না ইহার কারণ কি?

হায়২ আমি এ প্রকার অধঃপতিত হইলেও তুমি যে অদ্যাপি আমার প্রতি কৃপাবলোকন করিতেছ এ দীনের প্রতি ইহা বড় আশ্চর্য্য করুণা প্রকাশ; কিন্তু হে দীনবন্ধো, আমি পূর্ব্বের মত ধর্ম্মাবলম্বী না হইয়া যে বিষময় বিষয় কূপেতে ডুবিয়া তোমাকে দেখা দিতেছি, ইহাতে তোমার প্রতি মুখ তুলিতে আমি বড় লজ্জিত হইতেছি। হে প্রভো, আমি তোমার আরাধনা করিতে অগ্রসর হই বটে কিন্তু তদ্বি-

---

frame and temper of my mind towards thee? Whence this alienation of my soul from thee? Why can I not come to thee with all the endearments of filial love, as I once could? Why is thy service so remissly attended, if attended at all? And why are the exercises of it, which were once my greatest pleasure, become a burden to me? Where, O God, is the blessedness I once spake of, (Gal. iv. 15;) when my joy in thee as my heavenly Father, made my heart to overflow with love to thee, and with zeal for thy service.

"Alas, Lord, fallen as I am, how wonderful is it, that thou shouldest still show mercy to me. Thine eye sees me still; O Merciful God, how unlike am I to what I once was, yet cold and insensible as I am, I must blush on the reflection.—Thou seest me coming into thy presence as by constraint; and when I am before thee, so straitened in my spirit, that I hardly know what to say to thee, though thou art the God with whom I have

যত্নে আমার সম্যক ইচ্ছা হয় না ইহা তুমি দেখিতেছ। আর যদি ভজনাতে প্রবৃত্ত হই তবে পরমেশ্বরের সহিত আলাপ না করিলে যে জন্ম কর্ম্ম সকলি বৃথা ইহা জানিলেও আমার মুখহইতে বাক্য প্রায় নিঃসরণ হয় না। আর যদিও প্রার্থনা করি তবে তাহাতে পূর্ব্বের ন্যায় শ্রদ্ধা ভক্তি ও প্রেমের উদয় হয় না। হে প্রভো, আমার কেন এমন দশা ঘটিল অল্পদিনের পর পরমব্রহ্ম জগদীশ্বরের সহিত একত্র বাস করিব, পূর্ব্বে আমি এই আশাবলম্বন করিয়া যে সদানন্দে থাকিতাম; হায়২ এখন সেই মহতী আশা কোথায় গেল? আর এই অনুপযুক্ত রূপে তোমার আরাধনা করিলে পর, আমি তোমাকে কতক্ষণ পর্য্যন্ত ভুলিয়া থাকি। হায়২ আমি যে প্রভু যীশু খ্রীষ্টকে প্রাণাধিক ভাল বাসি এবং তাঁহার ধর্ম্মেতে যে আমার একান্তমতি আছে ইহা তো এখন আর লোকের সহিত কথোপকথনে প্রকাশ হয়না। হে প্রভো, আমি রবিবার দিবসে তোমার ভজনালয়ে গিয়া থাকি বটে কিন্তু আমার মন সে স্থানে এক দণ্ডও সুস্থির থাকে না এবং প্রভুর

---

to do; and though the keeping up a humble and dutiful correspondence with thee is beyond all comparison the most important business of my life. And even when I am speaking to thee, with how much coldness and formality is it? Alas! where are those ardent desires, those intense breathings after God, which I once felt? Where is that pleasing repose in thee, which I was once conscious of, as being near my divine rest, as being happy in that nearness, and resolving that if possible I would no more be removed from it? When these short devotions are over, in what long intervals do I forget thee, and appear so little animated with thy love, so little devoted to thy service, that a stranger might converse with me a considerable time, without knowing that I had so much as known or heard any thing of God. Thou callest me to thine house, O Lord, on thine own day; but how heartless are my services there! My thoughts and affections are engrossed with other objects, while I 'draw near thee with my mouth, and honour thee with my lips.' (Isaiah

ভোজনের মেজেতে বসিলে আমার মন এমন কঠিন হয় যে পাপিলোকের নিমিত্তে প্রভু যীশুখ্রীষ্টের রক্ত পাতের বিষয় শ্রবণ করিলেও আমার চিত্তার্দ্র হয় না; আমি কেবল অন্ধকারে ফেলিবার যোগ্য পাত্র হইয়াছি।

হে জগৎ সেব্য পরমেশ্বর.আমি যে সেবা করিবার নিমিত্তে পূর্ব্বে দৃঢ় প্রতিজ্ঞা করিয়াছিলাম সেই সেবা কি এই? আর চিরদিন যত্নপূর্ব্বক আমার ভরণপোষণ করিয়া শেষে অনন্ত সুখ ভোগ করাইবার জন্যে স্বর্গ প্রস্তুত করিয়া যিনি ত্রাণ কর্ত্তা প্রভু যীশুখ্রীষ্টকে পৃথিবীতে পাঠাইলেন এবং পবিত্র আত্মাকে প্রদান করিলেন তিনিই কি তুমি? হায় ২ এমন অসীম দয়াময় পরমেশ্বরকে ভুলিয়াছিলাম! ধিক ২ এখন আমি কোন্ সাহসে তোমার সম্মুখে দাঁড়াইব? এবং কোন্ লজ্জাতে এ কালা মুখ তোমাকে দেখাইব? হে প্রভো, আমি তোমার কাছে দণ্ডযোগ্য হইলেও এখন ধূল্যবলুণ্ঠিত হইয়া তোমার শ্রীচরণে শরণাপন্ন হইতেছি কিঞ্চিৎ করুণাবলোকন পূর্ব্বক এই নিজদাসকে সচেতন করিয়া তোমার শাস্ত্রীয় বচনানুসারে

---

xxix. 13.) Thou callest me to thy table; but my heart is so frozen, that it hardly melts even at the foot of the cross; hardly feels any efficacy in the blood of Jesus. O wretched creature that I am! Unworthy of being called thine! Worthy to be cast out of thy sight, to be forsaken, yea, to be utterly destroyed!

" Is this, Lord, the service which I once promised, and which thou hast so many thousand reasons to expect? Are these the returns I am making, for thy daily providential care, for the sacrifice of thy Son, for the communications of thy Spirit, for the pardon of my numberless aggravated sins, for the hopes, the undeserved, and so often forfeited hopes, of eternal glory? Lord, I am ashamed to stand or to kneel before thee. But pity me I beseech thee, and help me: for I am a pitiable object indeed; my soul cleaveth unto the dust, and lays itself as in the dust before thee; but O, 'quicken me, according to thy word.' (Psalm cxix. 25.) Let me trifle no longer, O, give me grace to turn my feet unto thy testimonies; to make haste without any

অনন্ত জীবনের আশা প্রদান কর যেন তাহাতে আপন আসন্ন সর্ব্বনাশ জ্ঞাত হইয়া শীঘ্র২ তোমার আজ্ঞাপথে পুনশ্চ প্রবিষ্ট হই। হে অন্তর্য্যামি পরমেশ্বর, তুমি আমার অন্তঃকরণ পরীক্ষা করিয়া মনের সর্ব্বাঙ্গ ব্যাপ্ত যে মায়াময় রোগ তাহার নিঃশেষ রূপে প্রতিকার কর, এবং পাপ যে কেমন ঘৃণিত বস্তু তাহা আমাকে বুঝাইয়া, প্রভু যীশু খ্রীষ্টের শ্রীচরণ সন্দর্শন করাও, যেন তাহাতে তাঁহার প্রতি একান্ত প্রেমভক্তির উদয় হওয়াতে আমার মোহময় নিদ্রা ভঙ্গ হইলে পূর্ব্বাপেক্ষা অধিক চেতনাযুক্ত হই; এবং ধর্ম্ম কর্ম্মেতে সুশিক্ষিত হইয়া ধর্ম্মাচরণ করিতে এবং করাইতে যেন সর্ব্বক্ষণ সচেষ্ট থাকি। হে বাঞ্ছাকল্পতরু প্রভো, আমার এই মনোবাঞ্ছা পরিপূর্ণ করিবার জন্যে সম্পূর্ণরূপে তোমার পবিত্র আত্মাকে প্রদান কর, যেন তাহাতে আমার মনোরূপ বেদির উপরে তোমার প্রেমরূপ যজ্ঞাগ্নি সর্ব্বদাই প্রজ্বলিত থাকে, খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

---

further delay, that I may keep thy commandments. (Psalm cxix. 59, 60.) Search me, O God, and try me. (Psalm cxxxix. 23.) Go to the first root of this distemper, which spreads itself over my soul; and recover me from it. Represent sin unto me, O Lord, I beseech thee, that I may see it with abhorrence. And represent the Lord Jesus Christ to me in such a light, that I may 'look upon him and mourn,' (Zech. xii. 10.) that I may look upon him and love. May I awake from this stupid lethargy, into which I am sinking; and may Christ give me more abundant degrees of spiritual life and activity, than I have ever yet received. And may I be so quickened and instructed by him, that I may always in future be diligent in every good word and work. Send down upon me, O Lord, in a more rich and abundant effusion, thy good Spirit. May he dwell in me as in a temple, (1 Cor. iii. 16.) and from the altar of my heart may holy and acceptable sacrifices be continually offered. (Rom. xii. 1.) May the incense be constant, and may the sacred fire burn and blaze perpetually. (Lev. 6. 13.) Amen."

১৭ অধ্যায়।

পরমেশ্বরেতে সর্ব্বস্ব সমর্পণ করিয়া কএক বৎসর ধর্ম্ম পথের পথিক হইলেও যে জ্ঞান পূর্ব্বক পাপ করে তাহারি কথা।

হে পাঠক, পূর্ব্ব লিখিত ঈশ্বরের সেবাতে যে ক্রমে২ ভক্তির লাঘব হওয়া তাহা তো খেদের বিষয় বটে কিন্তু ধর্ম্ম পথে চলিতে২ যে জ্ঞানপূর্ব্বক পাপেতে মগ্ন হওয়া ইহা আরো অধিক খেদের বিষয় হয়। অতএব তাহা যদি তোমাতে না ঘটে তবে তোমার বড় সৌভাগ্য করিয়া মানিতে হইবে কেননা সেটা সম্ভাবিত, ঘটিলেও ঘটিতে পারে। কিন্তু তোমার এখন এমন বোধ হইতেছে যে জ্ঞানপূর্ব্বক ঈশ্বরের নিষিদ্ধ কর্ম্ম করা কোন লোভেতে কিম্বা কাহারো কুপ্রবৃত্তি দানেতে কখন হইতে পারে না বরং তাহা হওয়া অপেক্ষা মরণ ভাল। ভাল এমন যে বিবেচনা সে সুপ্রকৃত বটে কিন্তু স্মরণে রাখিতে পারিলে হয় কেননা পিতর নামে খ্রীষ্টের একজন শিষ্য সে ব্যক্তি পূর্ব্বে এমন বুঝিয়াছিল

CHAPTER XVII.

THE SAD CASE OF A RELAPSE INTO KNOWN AND DELIBERATE SIN, AFTER SOLEMN ACTS OF DEDICATION TO GOD, AND SOME PROGRESS MADE IN RELIGION.

THE declensions which I have described in the foregoing chapter, must be acknowledged worthy of deep lamentation: but happy will you be, my dear reader, if you never know, by experience, *a circumstance yet more melancholy than this.* Perhaps, you imagine that no considerations can ever bribe you, to act contrary to the present dictates of your conscience, and of the Spirit of God as setting it on work. No: you think it would be better for you to die. And you think rightly, but Peter thought, and said so too: "Though I should die with thee, yet will I not deny thee;" (Matt. xxvi. 35.) and yet, after all, he fell, and therefore "be not high-minded, but fear." (Rom. xi. 20.) It is not impossible, but you may fall into that very sin, of which you

এবং কহিয়াও ছিল যদ্যপি তোমার সহিত থাকাতে মরণ হয় তথাচ তোমাকে অস্বীকার করিব না। এরূপ কহিলেও সে পুনশ্চ পাপ কূপেতে ডুবিল; অতএব সর্ব্বদা সচেতন হইয়া সাবধানে থাক কেননা তুমি পূর্ব্বে যে পাপ করাতে মর্ম্মান্তিক খেদ করিয়াছিলা তাহা যে আর বার কখন করিবা না এখন এমন বোধ করিলেও হয় তো আরবার সেই পাপেতে মগ্ন হইবা। ইহা যে একবার এমন তো নয় শত২ বার ডুবিলেও ডুবিতে পার। হে পাঠক, এখন তুমি যদি একবার মাত্র পাপ কর্ম্ম কর তবে তোমার যে কতবড় প্রমাদ ঘটিবে তাহা এখন মনে করিতে গেলে আমার বুক বিদরিয়া যায়; ফলতঃ পাপ কর্ম্ম করাতে তৎকালে কিঞ্চিৎ সুখ বোধ হইবে বটে। কিন্তু অবশেষে সেই সুখের পরীবর্ত্তে যে কতশতগুণ দুঃখ উপস্থিত হইবে তাহা কেবল নয় পরমেশ্বরের সহিতও একেবারে আত্যন্তিক বিচ্ছেদ জন্মিয়া উঠিবে। বিবেচনা করিয়া দেখ, একবার পাপ বিষয়ে সচেতন হইয়া ঈশ্বরের প্রতি ফিরিলে পর অজ্ঞান সময়ের কৃত পূর্ব্ব পাপের নিমিত্তে যে রূপ মনস্তাপ ও মনো দুঃখ ও আত্মদোষজ্ঞান জন্মে তাহা অপেক্ষা চেতনা প্রাপ্ত ব্যক্তির জ্ঞানকৃত পাপ বিষয়ে যে মনস্তাপ ও আত্মদোষ

imagine you are least in danger, and of which you have already most bitterly repented. You may relapse into it again and again. But, O, if you do, nay, if you should deliberately and presumptuously fall but once, how deeply will it pierce your heart! How dearly will you pay for all the pleasure with which the temptation has been baited! How will this separate between God and you! What a desolation, what a dreadful desolation will it spread over your soul! It is grievous to think of it. Perhaps in such a state you may feel more agony and distress in your own conscience, when you come seriously to reflect, than you ever felt when you were first awakened and reclaimed; because the sin will be attended with some very high aggrava-

জ্ঞান ইহা কি অতি বৃহৎ বোধ হয় না? অবশ্য হয়। তুমি যদি এমন কর্ম্ম কর তবে তোমার যে কেমন মর্ম্ম বেদনা ঘটিবে তাহা ভাবিতে গেলে এখন আমার হৃদয়েতে দুঃখ বোধ হয়; কেননা চন্দ্র সূর্য্য নক্ষত্রাদির অনুদয়েতে যেমন আকাশ মণ্ডল কেবল অন্ধকারেতে ব্যাপ্ত হয় তেমনি ঈশ্বর প্রাপ্তির প্রত্যাশারূপ সূর্য্যের উদয় না হইলে তোমার অন্তঃকরণ কেবল নিবিড় অন্ধকারেতে পরিপূর্ণ থাকিবে। তদ্ভিন্ন পারমার্থিক সুখের অভাবেতে তোমার ঐহিক বিষয়েতেও বিন্দুমাত্র সুখ জন্মিবে না। আর তোমাকে সচেতন করিবার নিমিত্তে পরমেশ্বর যদি দুঃখ দেন তবে একে সেই দুঃখ তাহার উপরে তুমি আপনাকে দোষী জ্ঞান করিয়া দুঃখ করাতে তোমার আরো দ্বিগুণ দুঃখ বাড়িয়া উঠিবে। বিশেষতঃ তোমার শত্রু যে শয়তান্ সে তোমার পাপ করাতে বলবান ও সাহসিক হইয়া তোমাকে পদতলে দলিবার চেষ্টা করিবে। ফলতঃ এখন যে আর পরিত্রাণের প্রত্যাশা করা কিম্বা চেষ্টা করা সে মিথ্যা বরং এখন ধর্ম্ম পথে ফিরিয়া যাইতে গেলে আরো অধিক

---

tions, beyond those of your unregenerate state. Indeed, it is enough to wound one's heart to think how yours will be wounded: how all your comforts, all your evidences, all your hopes, will be clouded: what thick darkness will spread itself, on every side, so that neither sun, nor moon, nor stars, will appear in your heaven. Your spiritual consolations will be gone; and your temporal enjoyments will also be rendered tasteless and insipid. And if afflictions be sent, as they probably may, in order to reclaim you, a consciousness of guilt will sharpen and envenom the dart. Then will the enemy of your soul with all his art and power rise up against you, encouraged by your fall, and labouring to trample you down in utter hopeless ruin. He will persuade you, that you are already undone beyond recovery. He will suggest, that it signifies nothing to attempt it any more;

নরকে ডুবিতে হইবে ইহা তোমার বোধ জন্মাইতে চেষ্টা করিবে।

এই প্রকারে শয়তান তোমার মনেতে ত্রাস জন্মাইয়া তোমার রক্ষার কারণ যে একটি অযর্থ উপায় আছে, তাহা যাহাতে না ধর এই চেষ্টা করিবে; কিন্তু সাবধান কদাচ তাহার সেই পরামর্শেতে কর্ণপাত করিও না। আর তোমার সেই যে নিতান্ত দুর্দ্দশা ঘটিবে তাহারো কিঞ্চিৎ সূত্র তোমাতে এখন দেখিতেছি। এই সময়াবধি যদি তাহার নিবারণের উদ্যোগ কর তবে জগদীশ্বরের প্রসাদাৎ এখনো সে আশা পাইলেও পাইতে পারিবা নতুবা নিশ্চিন্ত থাকিলে ক্রমে২ আরো আপদের বৃদ্ধি হইবে অর্থাৎ তোমার মন ক্রমে২ পাপেতে মগ্ন হইয়া অচৈতন্য হওয়াতে সর্ব্বনাশের হ্রদে ডুবিয়া মরিবা। অতএব পুনঃ২ কহিতেছি যে এখনো উদ্যোগী হও কেননা নিজ বুদ্ধির দোষেতে তোমার মনে যে সকল ক্ষত জন্মিয়াছে তাহা এখনো নিতান্ত অসাধ্য হয় নাই এবং নিকটে এক জন চিকিৎসক ও আছেন; অতএব আশা পাইবার যে পথ নাই, ইহা বলিয়া নিরাশ হইও না; কেননা তাহা হইলে ঐ সূত্র ধরিয়া শয়তান

---

for that every effort, every act of repentance, will but make your case so much the worse and plunge you lower into hell.

sun should be clouded, but that it should go down, and arise no more, but leave your soul in a state of everlasting darkness. And while the shade continues, be not impatient. Fret not yourself in any wise, but rather with a holy calmness and gentleness of soul, wait on the Lord. (Psalm xxxvii. 8, 34.) Be willing to stay his time, willing to bear his frown, in humbl hope that he will at length "return and have compassion o you." (Jer. xii. 15.) He has not utterly forgotten to be gra cious, nor resolved that he will be favourable no more. (Psal lxxvii. 7—9.) "For the Lord will not cast off for ever; bu though he cause grief, yet will he have compassion accordin to the multitude of his mercies." (Lam. iii. 31, 32.) It is com paratively but for a small moment that he hides his face fro you; but you may humbly hope, that with great mercies he wil gather you, and that "with everlasting kindness he will hav mercy on you." (Isaiah liv. 7, 8.) These suitable words are no mine, but his; and they wear this, as in the very front of them. "That a soul under the hidings of God's face, may at last be one whom he will gather, and to whom he will extend everlasting favour."

But while the darkness continues, go on in the way of your duty. Continue the use of means and ordinances; read and

নিযুক্ত থাক, অর্থাৎ ধর্ম্মপুস্তক পাঠ ও তাহার ভাব চিন্তা ও প্রার্থনা ইত্যাদি কর্ম্ম কর, তাহাতে যদি অন্তঃকরণ কঠিন হয় তথাচ পরমেশ্বরের স্তব ও গুণগান করিতে নিবৃত্ত হইও না এইরূপে প্রভু যীশু খ্রীষ্টের মেষপালদিগের প্রত্যেক পাদচিহ্নেতে পাদবিক্ষেপ করিয়া গমন কর কেননা তাহা করিলে অবশ্য তাহাদিগের পালকের সহিত তোমার দেখা হইবে। তাহাতে তিনি যদি তোমার প্রতি প্রসন্ন হইয়া একবার কৃপাবলোকন করেন তবে নিমিষের মধ্যে তোমার ঐ সকল দুঃখরূপ মেঘ ছিন্নভিন্ন হইলে মনোমধ্যে আনন্দের সূর্য্য উদয় পাইবে। তদ্ভিন্ন প্রভু যীশু খ্রীষ্টের ভোজনে গমন করিবার সময়ে যদিও আনন্দপূর্ব্বক যাইতে না পার, তবে আমার পরিত্রাণের নিমিত্তে প্রভু আপনি প্রাণত্যাগ করিলেন, হায় ২ আমি এত পাপ করিয়াছি ইহা বলিয়া অনুতাপ করিতে ২ গমন কর। কেননা তাহা হইলে হয় তো প্রভু দয়া করিয়া তোমার নিকটে আপন পরিচয় দিবেন। আর প্রভু তোমার দূরে আছেন

---

meditate; pray, yes, and sing the praises of God too, though it may be with a heavy heart. Follow the "footsteps of his flock;" (Cant. i. 8.) you may perhaps meet the Shepherd of souls in doing it. Place yourself at least in his way. It is possible, you may by this means get a kind look from Him; and one look, one turn of thought, which may happen in a moment, may, as it were, create a heaven in your soul at once. Go to the table of the Lord. If you cannot rejoice, go and mourn there. Go and mourn that Saviour, whom by your sins you have pierced; (Zech. xii. 10.) go and lament the breaches of that covenant, which you have there so often confirmed. Christ may perhaps make himself known unto you in the breaking of bread, (Luke xxiv. 35) and you may find, to your surprise, that he hath been near you, when you imagined he was at the greatest distance from you, near you, when you thought you were cast out from his presence. Seek your comforts in such employments as these; and not in the vain amusements of the world, and in the pleasures of sense.

এখন এমন বোধ হইতেছে বটে কিন্তু এই বোধ লোপ পাইবে ও সর্ব্বদা তাঁহাকে নিকটস্থ বোধ হইবে। অতএব বলিতেছি সাংসারিক কোন অনিত্য বিষয়দ্বারা সান্ত্বনা পাইবার চেষ্টা না করিয়া পরমেশ্বরের আরাধনাদ্বারা সান্ত্বনা পাইবার চেষ্টা কর।

আর পূর্ব্বকথিত পরামর্শের মধ্যে যে আর এক কথা ছিল তাহাও বলি শুন। যাঁহার রক্তদ্বারা পরমেশ্বরের সহিত তোমার একবার মিলন হইয়াছিল এখন সেই প্রভু যীশু খ্রীষ্টের রুধিরেতে পুনর্ব্বার সম্পূর্ণ বিশ্বাস কর; যেহেতুক তিনি আমাদের মিলন কর্ত্তা। তাহাতে সেই রক্ত প্রভাবেতে আমরাও যে পরমেশ্বরের নিকটস্থ হইয়াছি, তাহা কেবল নয়, তাঁহার অনুগ্রহের মর্য্যাদাতে ঈশ্বর সন্তুষ্ট হইয়া আমাদের প্রতিও প্রসন্ন হইয়াছেন। অতএব কহিতেছি যাও, যিনি নর লোকের নরক নিবারণের নিমিত্তে আপন প্রাণ সমর্পণ করিয়াছেন, অবিলম্বে বিশ্বাসপূর্ব্বক তাঁহার শরণাগত হও। আর তাঁহাকে দয়াময় ও মধ্যস্থ ও যাজক স্বরূপ জ্ঞান করিয়া তাঁহার

I shall add but one advice more, and that is, that you renew your application to the blood of Jesus, through whom the reconciliation between God and your soul has been accomplished. It is he that is our peace, and by his blood it is that we are made nigh: (Eph. ii. 13, 14) it is in him, as the beloved of his soul, that God declares, he is well pleased; (Matt. iii. 17) and it is in him, that we are made accepted, to the glory of his grace. (Eph. i. 6.) Go, therefore, O Christian, and apply by faith to a crucified Saviour: go and apply to him, as to a merciful High-priest, "and pour out thy complaint before him, and shew before him thy trouble," (Psalm cxlii. 2.) Lay open the distress and anguish of thy soul to him, who once knew what it was to say, (O astonishing! That he of all others should ever have said it,) "My God, my God, why hast thou forsaken me?" (Matt. xxvii. 46.) Look up for pity and relief to him, who himself suffered, being not only tempted, but, with regard to sensible manifesta-

কাছে অন্তঃকরণের সমুদয় দুঃখ ভাঙ্গিয়া নিবেদন কর। আর হে ঈশ্বর এই দীনহীন ব্যক্তিকে তুমি কেন পরিত্যাগ করিয়াছ, যিনি এমন আক্ষেপোক্তি করিয়া আপনি পরীক্ষিত হইয়াছিলেন, তাঁহার শ্রীচরণে পড়িয়া এই কথা বল, হে প্রভো এই পরীক্ষিত প্রাণিকে দয়া করিতে এবং সর্ব্বপ্রকারে রক্ষা করিতে সদয় হও, এ কথা বলিতে কহিতেছি। কেননা তিনি তো সামান্য মনুষ্য নন পরমেশ্বর আপনি মনুষ্যদেহেতে আবির্ভূত হইয়াছিলেন একারণ কেবল তাঁহার অনুরোধেতে তাঁহার পিতা আমাদিগকে গ্রহণ করিতে পারেন। অতএব তুমি এখনি গিয়া তাঁহার সহিত মিলন করণপূর্ব্বক একান্তচিত্তে তাঁহার চরিত্র ও মরণের বিবরণ পাঠ কর, আর তাঁহার সমস্ত ক্রিয়ার প্রতি অবলোকন করিয়া তাঁহারি ব্যবস্থাতে ব্যবস্থিত হও; কেননা তাহা করিলে অবশ্য তোমার মনের মধ্যে সুখসান্ত্বনা জন্মিবে এবং তোমার অন্তঃকরণ সুস্থির হওয়াতে অবশ্য অপূর্ব্ব প্রেমভক্তির উদয় হইবে। আর শান্তিকর পরমেশ্বরের যে পবিত্রআত্মা তিনিও ঈষৎ মধুর ধ্বনি শ্রবণ করাইবেন এমন হইলে তুমি যদবধি যতোদুঃখ পাইয়াছ তদনুসারেই সুখ সম্ভোগ করিবা।

---

tions, deserted; that he might thus know how to pity those that are in such a melancholy case, and be ready, as well as able, to succour them. (Heb. ii. 18.) He is "Immanuel, God with us;" (Matt. i. 23) and it is only in and through him that his Father shines forth upon us with the mildest beams of mercy and of love. Let it be therefore your immediate care, to renew your acquaintance with him. Review the records of his life and death: hear his words: behold his actions: and when you do so, surely you will find a sacred sweetness diffusing itself over your soul. You will be brought into a calm, gentle, silent frame, in which faith and love will operate powerfully, and God may probably cause the still small voice of his comforting Spirit to be heard, (1 Kings xix. 12) till your soul bursts out into a song of praise, and you may be "made glad according to the days in which you have been afflicted." (Psalm xc. 15.)

পরমেশ্বর যাহার প্রতি আপন মুখ সম্বরণ করিয়াছেন তাহার এই প্রার্থনা।

ধন্য২ হে পরমেশ্বর তুমি নিজে সুখ ও জীবনের আকর হইয়া যথেচ্ছাক্রমে সমুদয় জীবদিগকে নানাবিধ সুখ বিতরণ করিতেছ, তাহাতে আমি তোমার দীপ্তিতে দীপ্তিমান ও প্রেমেতে প্রেমময় হইয়া কখনো সেই প্রকৃত সুখ প্রাপ্ত হইয়াছিলাম, এ কারণ তোমার সহস্র২ ধন্যবাদ করিতেছি; কিন্তু হে প্রভো আমি এখন সেই সকল সুখেতে বঞ্চিত হওয়াতে ব্যাকুল হইয়া কেবল তাঁহার স্মরণেতে প্রাণধারণ করিতেছি। আর হে প্রভো আমি পূর্ব্বকার মত তোমাকে পিতা জ্ঞান করিয়া তোমার নিকটে গিয়া প্রেমভক্তি পূর্ব্বক আত্ম নিবেদন করিতে বাঞ্ছা করি বটে কিন্তু অন্তঃকরণেতে এমন ভয় ও দোষজ্ঞান উপস্থিত হয় যে তাহা আর করিতে আমার ক্ষমতা থাকে না। আর আমি কায়িক মানসিক ভাবে নিরন্তর তোমার অন্বেষণ করিলেও তোমার উদ্দেশ পাই না; তাহা কেবল নয়, আমি যদি তোমার কাছে প্রার্থনা করিতে উদ্যোগ করি, তবে আমার মুখহইতে বাঙ্‌-নিষ্পত্তি হয় না। আর মুক্তির আশাজনক যে শাস্ত্রীয় বচন

A humble Supplication for one under the hidings of God's Face.

"BLESSED GOD! 'with thee is the fountain of life' (Psalm xxxvi. 9) and of happiness. I adore thy name that I have ever tasted of thy streams; that I have ever felt the peculiar pleasure arising from the light of thy countenance, and the shedding abroad of thy love on my soul. But, alas! these delightful seasons are now to me no more; and the remembrance of them engages me to 'pour out my soul within me.' (Psalm xlii. 4) I would come, as I have formerly done, and call thee, with the same endearment, my Father and my God; but alas! I know not how to do it. Guilt and fear arise, and forbid the delightful language. I seek thee, O Lord, but I seek in vain. I would pray, but my lips are sealed up. I would read thy word, but all the promises of it are veiled from mine eyes. I frequent those ordinances,

তাহা পাঠ করিলেও কিঞ্চিৎমাত্র ভরসা পাইতে পারি না। এবং আমি তোমার ভোজনের নিয়মিত যে সকল নিত্যক্রিয়া তাহাও করি বটে, কিন্তু তাহার কিছু সার প্রাপ্ত হই না ইহার কারণ কি।

হায়২ হে ঈশ্বর তুমি কি সর্ব্ব প্রকারে আমাকে পরিত্যাগ করিয়াছ? তোমার অনুকূলতা কি আমি আর প্রাপ্ত হইব না? হায়২ এত অনন্ত অন্ধকার কূপেতে আমার মন চিরকাল মগ্ন থাকিবে? তুমি কি ইহাই নিরূপণ করিয়াছ? হে প্রভো আমি যে সেই নিবিড়ান্ধকারের ও তোমার সম্মুখহইতে বহির্গত হওনের যোগ্যপাত্র তাহা স্বীকার করিতেছি; কেননা আমি যেরূপ দুষ্কর্ম্ম করিয়াছি তাহাতে যদি আমাকে অন্ধকারময় নরকাগারে বদ্ধ করিয়া রাখ, তথাচ তোমার যে অন্যায় বিচার এমন কথা আমি কহিতে পারি না। কিন্তু হে প্রভো তুমি আমার মত কত সহস্র২ নরক যোগ্য লোকদিগকে রক্ষা করিয়া যেখানে থাকিলে অবিচ্ছেদে তোমার মুখাবলোকন করা যায় এমন স্বর্গেতে তাহাদিগকে স্থান দিয়াছ, ইহা আমি শুনিয়াছি; অতএব হে অনাথের নাথ প্রভো, এই অসীম নরক যোগ্য লোক যে আমি আমার প্রতি কিঞ্চিৎ করুণাব-

---

which have been formerly most nourishing and comfortable to my soul; but, alas! they are only the shadows of ordinances: the substance is gone: the animating spirit is fled, and leaves them now at best but the image of what I once knew them.

"But, Lord, hast 'thou cast off for ever, and wilt thou be favourable no more?' (Psalm lxxvii. 7.) Hast thou in awful judgment determined, that my soul must be left to a perpetual winter, the sad emblem of eternal darkness? Indeed, I deserve it should be so. I acknowledge, O Lord, I deserve to be cast away from thy presence with disdain, to be sunk lower than I am, much lower: I deserve to have 'the shadow of death upon my eyelids, (Job xvi. 16.) and even to be surrounded with the thick gloom of the infernal prison. But hast thou not raised multitudes who have deserved like me to be delivered into chains of darkness, (2 Peter ii. 4) to the visions of thy glory above

লোকন কর। তুমি যে পাপ কর্ম্মের নিমিত্তে আমাহইতে মুখ লুকাইয়াছ, ইহা অতি যথার্থ বিচার হইলেও আমি বিনতি করিতেছি, কেবল দীনহীন দেখিয়া কৃপাবলোকন পূর্ব্বক তোমার শাস্ত্রীয় বচনানুসারে আমার সমস্ত অপ-রাধ মার্জ্জনা কর। হে দীনদয়াল তুমি পুনর্ব্বার আমার প্রতি প্রসন্ন হইয়া তুমি যে আমার ত্রাণকর্ত্তা হইয়াছ, এই হর্ষ-জনক বাক্য শুনাইয়া আমার হৃৎপদ্ম প্রফুল্ল কর।

হে দয়াময় প্রভো যাহারা নিজ অপরাধ স্মরণ করিয়া মনস্তাপিত ও মনঃক্ষুণ্ণ হয় তাহাদের প্রতি তুমি যেন সদয় হও, এবং তাহারাও যেন তোমাকে পিতা জ্ঞান করিয়া তোমার নিকটে গিয়া আত্ম নিবেদন করিতে পায়, এই অভিপ্রায়েতে তোমার প্রিয়পুত্র প্রভু যীশুখ্রীষ্ট তোমাতে প্রাণ সমর্পণ করিয়া এই কথা কহিলেন, হে দয়াময় ঈশ্বর তুমি কেন আমাকে পরিত্যাগ করিয়াছ, এইরূপ খেদ করণপূর্ব্বক আমাতে অর্শিতেছে যে দুঃখ সেই অসীম দুঃখভোগ করিলেন। অতএব হে তারকনাথ যীশু, তুমি যে ভস্মের পরীবর্ত্তে স্বর্ণ-মুকুট ও দুঃখের পরীবর্ত্তে আনন্দরূপ তৈল এবং ভারাক্রান্ত

---

where no cloud can ever interpose between thee and their rejoicing spirits? 'Have mercy upon me, O Lord, have mercy upon me.' (Psalm cxxiii. 3) And though mine iniquities have now justly caused thee to hide thy face from me, (Isaiah lix. 2) yet be thou rather pleased, agreeably to the gracious language of thy word, 'to hide thy face from my sins, and to blot out all mine inquities.' (Psalm li. 9.) Cheer my heart with the tokens of thy returning favour, and 'say unto my soul, I am thy salvation.' (Psalm xxxv. 3.)

"Remember, O Lord God, remember that dreadful day, in which Jesus thy dear Son endured what my sins have deserved. Remember that agony in which he poured out his soul before thee, and said, 'My God. My God, why hast thou forsaken me?' (Matt. xxvii. 46.) Did he not, O Lord, endure all this that humble penitents might through him be brought near unto thee, and might behold thee with pleasure, as their Father and their God?

মনের পরীবর্ত্তে স্তবরূপ বস্ত্র ইত্যাদি প্রদানের নিমিত্তে এই প্রধান পদেতে নিযুক্ত হইয়াছ, তাহা জানিয়া আমি সেই রূপে তোমার নিকটে আসিতে বাঞ্ছা করিতেছি। এখন হে প্রভো আমাকে আনন্দরূপ তৈলেতে অভিষিক্ত করিয়া আমার অশ্রুপাত মুছিয়া দেও।

হায় ২ হে জগদীশ্বর আমি কিসে তোমার উদ্দেশ পাইতে পারি, এমন উপায় যদি জানিতাম; আর তুমি কিসের নিমিত্তে আমাকে পরিত্যাগ করিয়াছ, তাহার কারণ যদি জানিতাম, আঃ তবে আমার এমন দুর্গতি ঘটিত না। হায়২ আমার সমস্ত ক্রিয়া কেবল বিষয়ের প্রতি হইতেছে, অতএব হে ঈশ্বর আমার অন্তঃকরণ পরীক্ষা করিয়া অনুসন্ধানপূর্ব্বক আমার মনের যে সংকল্প তাহা ভাল কি মন্দ ইহা ব্যক্ত করিয়া আমাকে স্বর্গপথেতে গমন করাও।

হে প্রভো জগৎ সৃষ্টিকালে তুমি, দীপ্তি হউক, বলিবামাত্রেতে যেমন সমস্ত অন্ধকার ঘুচিয়া সমুদয় জগৎ টা আলোকাকীর্ণ হইল, তেমনি হে প্রভো এখন আজ্ঞা কর যেন তাহাতে তৎক্ষণাৎ আমার মনের মালিন্য দূর হইয়া দীপ্তি প্রকাশ পায়।

Thus do I desire to come unto thee. Blessed Saviour, art thou not appointed to give unto them that mourn in Zion, beauty for ashes, the oil of joy for mourning and the garment of praise for the spirit of heaviness! (Isaiah lxi. 3.) O wash away my tears, anoint my head with the oil of gladness, and clothe me with the garments of salvation. (Isaiah lxi. 10.)

"'O that I knew where I might find thee!' (Job xxiii. 3.) O that I knew what it is, that hath engaged thee to depart from me! I am searching and trying my ways: (Lam. iii, 40.) O that thou wouldst search me, and know my heart, try me, and know my thoughts; and if there be any wicked way in me, discover it, and lead me in the way everlasting:" (Psalm cxxx[illegible]23, 24.)

"O God, 'who didst command the light to shine out of darkness,' (2 Cor. iv. 6) speak but the word, and light shall dart into my soul at once. 'Open thou my lips, and my mouth shall

আর আমার মুখের জড়তা খুলিয়া দেও, যেন তাহাতে অনর্গল তোমার স্তব করিতে পারি, এবং তোমার সেবা করাতে যে মাহুষের কি পর্য্যন্ত সুখোৎপত্তি হয়, তাহা যেন সমস্ত লোকের সাক্ষাতে প্রকাশ করিতে পারি।

এখন এইরূপ প্রার্থনা করিতেছি বটে, কিন্তু হে প্রভো যদ্যপি আমার বিশ্বাস পরীক্ষার নিমিত্তে বহুকাল পর্য্যন্ত আমাকে অন্ধকারে গমনাগমন করাইতে তোমার অভিমত থাকে, তবে তাহাতে আমি স্বীকৃত আছি, বরং শীঘ্র২ তোমার ঐ অভিমত যেন সম্পূর্ণ হয় এমন প্রার্থনা করিতেছি। আর পরমেশ্বর যদি আমার প্রতি একান্ত সদয় না হন তথাচ তুমি যে আমার অদ্বিতীয় ত্রাণকর্ত্তা ইহা জানিয়া নিরন্তর তোমার স্তব করিব, এবং তোমার নামেতে দৃঢভক্তি করিয়া ঈশ্বরের উপরে নির্ভর দিয়া তাবৎ কর্ম্ম করিব। ইহাতে যদি প্রাণসংশয় হয় তথাচ তোমার প্রতি অন্যায় করিব না, বরং প্রভাত অপেক্ষাকারি লোক অপেক্ষাও অধিক যত্নবান হইয়া তোমার অপেক্ষা করিব। কিন্তু সন্ধ্যাকালে দীপ্তি প্রকাশ

---

shew forth thy praise,' (Psalm li. 15) shall burst out into a cheerful song, which shall display before those whom my present dejections may have discouraged, the pleasures and supports of religion.

"Yet, Lord, on the whole, I submit to thy will. If it is thus that my faith must be exercised, by walking in darkness for days, and months, and years to come, how long soever they may seem, how long soever they may be, I will submit. Still will I adore thee, as the God of Israel and the Saviour, though thou art a God that hidest thyself: (Isaiah xlv. 15) still will I trust in the name of the Lord, and stay myself upon my God; (Isaiah l. 10) 'trusting in thee, though thou slay me:' (Job xiii. 15,) and 'waiting for thee, more than they that watch for the morning, yea, more than they that watch for the morning.' (Psalm cxxx. 6.) Peradventure 'in the evening time it may be light.' (Zech. xiv. 7.) *I know that thou hast sometimes manifested thy compassion to thy dying servants, and given them, in the lowest ebb*

হইলেও হইতে পারে যেহেতুক কখন ২ ইহাও হইতেছে, মরণ সময়ে কাহারো ২ স্বাভাবিক উৎসাহ ও বলের হ্রাসতা হইলেও তাহাদের মনকে অন্ধকার হইতে তুলিয়া পারমার্থিক বল ও আনন্দ সাগরেতে মগ্ন করিতেছ। হে প্রভো আমাকে যখন মরণরূপ তলীদিয়া গমন করিতে হইবে তখন তুমি আমার নিকটবর্ত্তী থাকাতে যেন তোমার দীপ্তিতে সেইস্থান আলোকময় হয়, এবং তোমার রাজদণ্ড দ্বারা যেন বিশেষ সান্ত্বনা প্রাপ্ত হই। হে প্রভো অন্তিমকালে যখন আমার নাড়ীর অসংস্থান হইবে, কেবল নিশ্বাসমাত্র বহিতে থাকিবে এমন সময় পর্য্যন্ত যদি এইরূপ অন্ধকারাবৃত করিয়া রাখিতে তোমার অভিপ্রায় থাকে, তবে হে প্রভো আমার বিনতি এই, আমার সেই নিশ্বাসদ্বারা সমস্ত অন্ধকার ঘুচিলে পর পুণ্য-বান এবং সরলান্তঃকরণ লোকের নিমিত্তে যে আনন্দ ও দীপ্তির স্থান প্রস্তুত করিয়াছ সেই স্থানেতে আমাকে আনয়ন কর। যে স্থানে থাকিলে তোমার সত্য সেবকেরা পবিত্র আত্মাতে অভিষিক্ত হইয়া অবিচ্ছেদে তোমার সহিত বাস করে এমন স্থানেতে যেন প্রবিষ্ট হই।

---

of their natural spirits, a full tide of thy divine glory, thus turning darkness into light before them. (Isaiah xlii. 16.) So may it please thee to gild the valley of the shadow of death with the light of thy presence, when I am passing through it, and to stretch forth thy rod and thy staff to comfort me, (Psalm xxiii. 4) that my tremblings may cease, and the gloom may echo with songs of praise. But if it be thy sovereign pleasure, that distress and darkness should still continue to the last motion of my pulse, and the last gasp of my breath, O let it cease with the parting struggle, and bring me to that light which is sown for the righteous, and to that gladness which is reserved for the upright in heart; (Psalm xcvii. 11) to the unclouded regions of everlasting splendour and joy, where the full anointings of thy Spirit shall be poured out on all thy people, and thou wilt no more hide thy face from any of them. (Ezek. xxxix. 29.)

হে পরমেশ্বর তুমি জগজ্জনের মনোবাঞ্ছা পূরক ও মুক্তি-দাতা হইয়াছ, ইহা জানিয়া আমি যে এইরূপ মুক্তিপাই-বার কেবল বাঞ্ছা করিতেছি এমন নয়, তাহার অপেক্ষাতেও আছি অতএব আমি যে পরিত্রাণ পাইব না এমন নিরাশ হইতে পারি না। হে দয়াময়, আমার এই বাঞ্ছা যেন দিনে২ বৃদ্ধি পাইয়া অবশেষে সর্ব্বপ্রকারে তোমাহইতে পরিপূর্ণ হয় খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই প্রার্থনা করিতেছি।

১৯ অধ্যায়।

উৎকট দুঃখেতে দুঃখিত কোন খ্রীষ্টসেবকের কথা।

উৎপত্তিমাত্রে যেমন স্বভাবতঃ অগ্নিকণার ঊর্দ্ধগতি হয় তেমনি মনুষ্যদিগেরও জন্মগ্রহণ করিবামাত্রে দুঃখগ্রস্ত হইতে হয়; আর আদিপুরুষের পতনাবধি তাঁহার সন্তান সন্ততি ক্রমে; তাবৎ মনুষ্যদিগেরই পরলোক গমনে নানা ক্লেশ প্রাপ্ত হইতে হয় ইহা দেখিয়া পরীক্ষা এবং দুঃখ পাইবার নিমিত্তে সকলেরি

"This, Lord, is 'thy salvation for which I am waiting;' (Gen. xlix. 18) and whilst I feel the desires of my soul drawn out after it, I will never despair of obtaining it. Continue and increase those desires, and at length satisfy and exceed them all, through the riches of thy grace in Christ Jesus. Amen."

CHAPTER XIX.

THE CHRISTIAN STRUGGLING UNDER GREAT AND HEAVY AFFLICTIONS.

Since "man is born unto trouble, as the sparks fly upward;" (Job v. 7) and Adam has entailed on all his race the sad inheritance of calamity in their way to death, it will certainly be prudent and necessary, that we should all expect to meet with trials and afflictions; and that you, reader, whoever you are,

প্রস্তুত থাকা উচিত; অতএব হেপাঠক স্বর্গপথে গমনে যে ২ দুঃখ ঘটে তাহা সহ্য করণের নিমিত্তে প্রথমে খ্রীষ্টের রণসজ্জাতে খড়্গহস্ত হও। যদ্যপি সেই দুঃখ আসিয়া উপস্থিত হয় তবে প্রকৃত খ্রীষ্টীয়ানদিগের ন্যায় তাহা সহ্য করিতে যত্নবান হও। আর অন্যান্য লোকদিগকে দুঃখগ্রস্ত দেখিলে কিজানি হয়তো অল্প দিনের মধ্যে আমাকেও এমনি দুঃখভোগ করিতে হইবে ইহা চিন্তা কর; কেননা দুঃখবিষয়ে অগ্রে সাবধান হইলে মঙ্গল হইতে পারে। তাহাদিগের প্রাণের স্থানেতে আপনার প্রাণ রাখিয়া তাহাদের যে গুরুতর দুঃখ তাহা আপনি সহ্য করিতে পারিব কিনা ইহা বিবেচনা পূর্ব্বক তাহাদের প্রবোধ দিতে এবং আপনার মনকে প্রস্তুত রাখিতে সচেষ্টিত হও, বরং ইহার নিমিত্তে পরমেশ্বরের নিকটে প্রার্থনা কর। আর সামান্য সুখলোভেতে মনুষ্যেরা যে চারি-দিগহইতে মর্ম্মভেদকারি অসংখ্য দুঃখরূপ বাণেতে বিদ্ধ হইতেছে ইহা দেখিয়া কখন যে বিষয় সুখসম্ভোগ করিব এমন আশাকে ক্রমে ২ পরিত্যাগ করিয়া বরং অখণ্ডিত পারমার্থিক সুখের আশারূপ লতা রোপণ করিয়া যেন ঐ লতা শীঘ্র ২

---

should be endeavouring to gird on your armour, and put yourself into a posture to encounter those trials, which will fall to your lot, as a man and Christian. Prepare yourself to receive your afflictions, and to endure them in a manner agreeable to both those characters. In this view, when you see others under the burden, consider how possible it is that you may be called out to the very same difficulties, or to others equal to them. Put your soul, as in the place of theirs. Think, how you could endure the load, under which they lie: and endeavour at once to comfort them, and to strengthen your own heart; or rather pray, that God would do it. And observing how liable mortal life is to such sorrows, moderate your expectations from it; raise your thoughts above it; and form your schemes of happiness, only for that world, where they cannot be disappointed: in the mean time, blessing God that your prosperity is lengthened out thus far, and ascribing it to his special providence, that you continue so

ফলবতী হয় এই জন্যে ঈশ্বরের নিকটে প্রার্থনা কর; আর সেই সকল দুঃখ যে অদ্যাপি তোমাকে সম্পূর্ণরূপে ঘটে নাই ইহা বিবেচনা পূর্ব্বক আপনাতে ঈশ্বরের সম্পূর্ণ অনুগ্রহ মানিয়া তাঁহার ধন্যবাদ কর।

তদ্ভিন্ন আরো একটি কথা বলি শুন। যখন ঐ অবশ্য সম্ভব্য দুঃখ আসিয়া উপস্থিত হইবে তখন তাহার গৌণ কারণের প্রতি দৃষ্টি না করিয়া অর্থাৎ বাহ্য দৃষ্টিতে যাহাকে কারণ বোধ হইবে তাহার প্রতি দৃষ্টি না করিয়া মূল কারণ হইয়াছে যে ঈশ্বরের হস্ত তাহার প্রতি দৃষ্টি কর। এই রূপে তাঁহাকে সমস্ত কর্ম্মের মূলী ভূত মানিয়া যোগ্য সময়ে যে তোমাকে উন্নত করিবেন তাহার নিমিত্তে তাঁহার সাক্ষাতে নম্র হও। আর তিনি যে তোমার অপ-রাধের উপযুক্ত উচ্চ দণ্ড না দিয়া বরং অল্পদণ্ড দেন ইহা স্বীকার পূর্ব্বক সুস্থির মনে ঐ দণ্ড সহ্য করিতে এবং যাহাতে ঐ দণ্ড দেওনের অভিপ্রায় সিদ্ধ হয় তন্নিমিত্তে আর তাঁহার ইচ্ছার বশীভূত হইয়া তাঁহার নামের মাহাত্ম্য প্রকাশ করিতে সর্ব্বদা চেষ্টান্বিত থাক।

---

long unwounded, when so many showers of arrows are flying around you, and so many are falling by them, on the right hand and on the left.

When at length your turn comes, as it certainly will, from the first hour in which an affliction seizes you, realize to yourself the hand of God in it, and lose not the view of him in any second cause, which may have proved the immediate occasion. Let it be your first care, to "humble yourself under the mighty hand of God, that he may exalt you in due time." (1 Peter v. 6.) Own that "he is just in all that is brought upon you," (Neh. ix. 33,) and that in all these things "he punishes you less than your iniquities deserve." (Ezra ix. 13.) Compose yourself to bear his hand with patience, to glorify his name by a submission to his will, and to fall in with the gracious design of this visitation, as well as to wait the issue of it quietly, whatsoever the event may be.

আর ঐ দুঃখ সহ্য করিবার নিমিত্তে একটি উপায় বলি শুন। তুমি পরমেশ্বরের সাক্ষাতে যে নিতান্ত দোষী ও সর্ব্ব প্রকারে দণ্ড যোগ্য এবং অনুগ্রহের অপাত্র তাহা স্মরণ কর। আর তুমি দণ্ডার্হ হইলেও তিনি যে এপর্য্যন্ত তোমাকে দণ্ড না দিয়া এখনো ধৈর্য্যাবলম্বন করিতেছেন ইহা কেবল নয় দয়া ও দাতৃত্ব প্রভৃতি অনেক২ গুণ তোমাকে দিতেছেন। আর তুমি যে এখন দুঃখভোগ করিতেছ সে সত্যবটে কিন্তু বিবেচনা করিতে গেলে ঈশ্বর যে তোমার প্রতি নানা প্রকারে কৃপা করিতেছেন ইহাও স্বীকার করিতে হইবে; কেননা তিনি যদি সেই কৃপার হ্রস্বতা করেন তবে তোমার এই যে একগুণ দুঃখ ইহা সহস্র গুণ হইতে পারে। দেখ এখন যদি তোমার কেবল শারীরিক ব্যামোহ থাকে তবে তদ্ভিন্ন তিনি তোমার সর্ব্বস্ব ধনও হরণ করিতে পারেন; কিম্বা তোমার একটি সন্তান মরিয়াছে বলিয়া কি আর একটি সন্তানের প্রাণ হরণ করিতে পারেন না? এমন নয় একেবারে সর্ব্বনাশও করিতে পারেন; এমন হইলে তোমার কত বড় দুঃখের বৃদ্ধি হইবে। অতএব এখন যে তাহা করেন নাই ইহাতে তোমার প্রতি যথেষ্ট অনুগ্রহ প্রকাশ মানিতে হইবে কিন্তু দেখ কোন প্রকারে যেন তোমার অকৃতজ্ঞতা

Now, that "patience may have its perfect work," (James i. 4) reflect frequently, and deeply, upon your own meanness and sinfulness. Consider, how often every mercy has been forfeited, and every judgment deserved. And consider too, how long the patience of God has borne with you, and how wonderfully it is still exerted towards you; and indeed, not only his patience, but his bounty too. Afflicted as you are, for I speak to you now as actually under the pressure, look round and survey your remaining mercies, and be gratefully sensible of them. Make the supposition of their being removed: what if God should stretch out his hand against you, and add poverty to pain, or pain to poverty, or the loss of friends to both: or the death of surviving friends to that of those whom you are now mourning over; would not the wound be more grievous? Adore his goodness, that this

দেখিয়া তিনি ক্রুদ্ধ হইয়া আরো দুঃখ না দেন এতদ্বিষয়ে সাবধান থাক আর ঈশ্বরহইতে শাসিত হওয়াতে যে তোমার নিতান্ত প্রয়োজন ইহাও মনে রাখ যেহেতুক তাহাতে তোমার সর্ব্ব প্রকারে মঙ্গল জন্মিতে পারে। অতএব তোমাকে শাসন করাতে যে পরমেশ্বরের কেমন আশ্চর্য্য অভিপ্রায় তাহা বিবেচনা কর।

অতএব কহিতেছি যে সকলেরি দুঃখভোগ করিতে হইবে কেহ এড়াইতে পারিবে না কিন্তু ইহা বলিয়া যে তুমি বিরক্ত হইয়া তাহা সহ্য করিবা এমন নয় ইচ্ছা পূর্ব্বক সুস্থির মনেতে সহ্য করিতে হইবে। আর এতোদুঃখ পাইলাম ইহা বলিয়া যে ঈশ্বরের প্রতি দোষারোপণ করিবা এমন ও যেন মনে উদয় না-পায় বরং সর্ব্বপ্রকারে পরমেশ্বরের ধন্যবাদ করিতে হইবে। দুঃখ পাইয়া যে ঈশ্বরের ধন্যবাদ করা ইহা অসঙ্গত কর্ম্ম এমন কথা বলিও না কেননা দুঃখ পাও আর যাহা পাও পাইলেই কৃতজ্ঞতা স্বীকার করিতে হইবেক।

এ কথা ঈশ্বর আপনি কহিয়াছেন যে সকল বিষয়ের

---

is not the case; and take heed, lest your unthankfulness should provoke him to multiply your sorrows. Consider also, the need you have of discipline: how wholesome it may prove to your soul, and what merciful designs our heavenly Father has, in all the corrections he sends upon his children.

Nay, I will add, that in consequence of all these considerations, it may well be expected, not only that you should submit to your afflictions as what you cannot avoid, but that you should sweetly acquiesce in them, and approve them; that you should not only justify, but glorify God in sending them; that you should glorify him with your heart, and with your lips too. Think not praise unsuitable on such an occasion; nor that praise alone to be suitable, which takes its rise from remaining comforts: but know that it is your duty, not only to be thankful in your afflictions, but to be thankful on account of them.

God himself has said, "In every thing give thanks;" (1 Thess.

নিমিত্তেই তাঁহার ধন্যবাদ করিতে হইবে; আর দুঃখ পাইলেও তোমরা খেদিত না হইয়া বরং দর্প করিবা এরূপ কথা তিনি আপন দাসদিগকে শিক্ষা দিয়াছিলেন। আর খ্রীষ্টেতে বিশ্বাস করাতে যে দুঃখ উপস্থিত হয় তাহা যে ঈশ্বরানুগ্রহের একটি বিশেষ চিহ্ন এ কথাও সত্য বটে; কেননা ধর্ম্মপুস্তকে লিখিত আছে ঈশ্বর যাহাকে পুত্র-বৎ স্নেহ করিয়া গ্রহণ করেণ তাহাকে অবশ্য শাস্তিদেন অতএব ঈশ্বর তোমাকে প্রেম করিয়া দুঃখ দিতেছেন এমন যদি হয় তবে বল দেখি এবিষয়ে ঈশ্বরের ধন্যবাদ দেওয়া যায় কি না? যাহা হউক আরো একটি বিষয় মনে রাখিতে হইবে আমি যাহাতে খ্রীষ্টসদৃশ হই অর্থাৎ প্রভু যীশু খ্রীষ্ট যে রূপ লোক ছিলেন তেমনি হই এবং যাহাতে স্বর্গপ্রাপ্তির উপযুক্ত মন পাই তিনি এরূপ কর্ম্ম সাধন করিতেছেন এবং এই প্রকার করিয়া কুমতি হরণ পূর্ব্বক আমাকে সুমতি প্রদান করি-তেছেন। আর আমার প্রতি যে রূপ মঙ্গল করিবেন এই দুঃখ যে তাহার কেমন প্রয়োজনার্হ তাহাও তিনি জানেন যেহেতুক দুঃখ হইতে সহিষ্ণুতা জন্মে ও সহিষ্ণুতাহইতে অনুভব জন্মে ও

---

v. 18.) and he has taught his servants to say, "Yea, also we glory in tribulation." (Rom. v. 3.) And most certain it is, that to true believers they are instances of divine mercy; for whom the Lord loveth he chasteneth, and scourgeth every son whom he receiveth with peculiar and distinguished endearment. (Heb. xii. 6.) View your present afflictions in this light, as chastisements of love; and then let your own heart say, whether love does not demand praise. Think with yourself, "It is thus that God is making me conformable to his own Son. It is thus that he is training me up for complete glory. Thus he kills my corruptions; thus he strengthens my graces; thus he is wisely contriving to bring me nearer to himself, and to ripen me for the honors of his heavenly kingdom. He surely knows what that need is, better than I can pretend to teach him; and knows what peculiar propriety there is in this affliction, to answer my present necessity, and to do me that peculiar good which he is graciously intending me by it. This

অনুভব হইতে প্রত্যাশা জন্মে ও প্রত্যাশা হইতে লজ্জা জন্মে না যেহেতুক আমাদের প্রতি দত্তপবিত্রাত্মা দ্বারা আমাদের অন্তঃকরণ ঈশ্বরের প্রেমে প্রফুল্ল হয়; এবং সূর্য্যকিরণেতে যেমন মেঘাচ্ছন্ন আকাশ বিদ্ধ হইয়া দেশ সকল ফলবান করে তেমনি সেই প্রত্যাশা রূপ যে সূর্য্য তাহার কিরণেতে দুঃখ রূপ মেঘবিদ্ধ হইয়া আমার মনকে ফলবান করে।

এই প্রকারে যতকিছু দুঃখ পাইবা সকলি যে পরমেশ্বর দিতেছেন ইহা জানিয়া তাহার অভিপ্রায় সিদ্ধির নিমিত্তে সর্ব্বদা যত্ন কর এবং সেই অভিপ্রায় যে কি২ প্রথমে তাহাও জানিতে চেষ্টা কর। আর সেই দণ্ডের ও দণ্ডনিরূপণ কর্ত্তার বাক্য শুনিতে যে মনোযোগ করিবা তাহা কেবল নয় তাহার তাৎপর্য্য বুঝিবার জন্যেও প্রার্থনা কর। তদ্ভিন্ন আপনার কায়িক মানসিক ক্রিয়া ও বাক্যের উপরে দৃষ্টি করিয়া সদসৎ বিবেচনা কর এবং তোমাকে দুঃখ দিতেছেন যে ঈশ্বর তাঁহার প্রতি চিত্তার্পণ করিবার নিমিত্তে তাঁহারি কাছে প্রার্থনা কর। আর এই সকল কর্ম্ম যেন সিদ্ধ হয় ইহার নিমিত্তে ধার্ম্মিক লোকদিগের নিকটে বিশে-

---

tribulation shall work patience, and patience experience, and experience a more assured hope; even a hope which shall not make ashamed, while "the love of God is shed abroad in my heart," (Rom. v. 3—5) and shines through my affliction, like the sun through a gentle descending cloud, darting in light upon the shade, and mingling fruitfulness with weeping.

Let it be then your earnest care, while you thus look on your affliction, whatever it may be, as coming from the hand of God, to improve it to the purposes for which it was sent. And that you may so improve it, let it be your first concern to know what those purposes are. Summon up all the attention of your soul, to "hear the rod, and him who hath appointed it;" (Micah vi. 9.) and pray earnestly, that you may understand its voice. Examine your life, your words, and your heart; and pray, that God would so guide your inquiries, that you may "return unto the Lord that smiteth you." (Isaiah ix. 13.) To assist you in this, call in

যতঃ খ্রীষ্ট ধর্ম্মোপদেশকদিগের কাছে গিয়া সদুপদেশ লও তাহাতে তাহারা যেন মন খুলিয়া পরামর্শ দেয় এনিমিত্তে তাহাদের কাছে নিবেদন কর। তাহারা যদি তোমার চরিত্রের কোন অংশ মন্দ দেখিয়া দোষ উল্লেখ করে তবে তাহাতে যেন তুমি বিরক্ত না হও বরং মঙ্গলার্থে পরমাত্মীয়তা প্রকাশ করিল ইহা জ্ঞান করিয়া কৃতজ্ঞতা স্বীকার কর; কেননা অনুযোগেতে কিম্বা প্রবোধ বাক্যেতে যে খ্রীষ্টীয়ান লোকের ক্ষোভ জন্মান ইহা কোন সময়েই উচিত হয় না এবং ভালও দেখায় না বিশেষতঃ দণ্ডপ্রাপ্তি সময়ে অতি অকর্ত্তব্য।

আরো একটি নিগূঢ় কথা বলি শুন। পরমেশ্বর যে তোমাকে কিসের নিমিত্তে এতো নিগ্রহ দিতেছেন এখন যদি তাহার যৎ কিঞ্চিৎ তাৎপর্য্য বুঝিতে পার তবে দেখ সাবধান যেন কোন প্রকারে ঈশ্বর বিরুদ্ধ কর্ম্ম করিয়া অন্তঃকরণে কঠিন না হও। কেননা এরূপ জানিলেও কোন একগুঁয়া লোক যদি তাহার বিপরীত ব্যবহার করে তবে সেব্যক্তি নিতান্ত জগদীশ্বরের ক্রোধের পাত্র হয়। অতএব বার-

---

the help of pious friends, and particularly of your ministers: intreat, not only their prayers, but their advice too, as to the probable design of Providence: and encourage them freely to tell you any thing which occurs to their minds upon this head. And if such an occasion should lead them to touch upon some of the imperfections of your character and conduct, look upon it as a great token of their friendship, and take it, not only patiently, but thankfully. It does but ill become a Christian, at any time, to resent reproofs and admonitions; and least of all does it become him, when the rebukes of his heavenly Father are upon him.

And when by one means or another, you have got a ray of light to direct you in the meaning and language of such dispensations, take heed that you do not, in any degree, "harden yourself against God, and walk contrary to him." (Lev. xxvi. 27.) Obstinate reluctance to the apprehended design of any providential stroke, is inexpressibly provoking to him. Set yourself

বার বলিতেছি যে যাহাতে দোষ দেখাযায় এমন আচরণ শুদ্ধ করিতে ত্বরায় প্রবৃত্ত হও। এবং ঈশ্বরের আজ্ঞা বশেতে থাকিয়া তাঁহার সহিত আলাপ করা ও পারমার্থিক বিষয় চিন্তা এবং সংসারের প্রতি ঔদাস্য ইত্যাদি ঈশ্বর সেবকদিগের সাধারণ শিক্ষাতে মন নিবিষ্ট কর। আর পূর্ব্বে তুমি যে২ দুষ্কৃত কর্ম্মাদি করিয়াছ তাহার সহিত তোমার এই প্রতিফলের সম্বন্ধ থাকিবে তোমার যদি এমন বোধ হয় তবে পরামর্শ এই যে ঐ দুষ্কর্ম্ম বিষয়ে বিশেষ রূপে সাবধান থাকা উচিত। তাহা হইলে এই দুঃখ ভোগ যে তোমার পরম মঙ্গলের বিষয় ইহা তুমি অল্পদিনের পরেতেই বুঝিতে পারিবা এবং কহিবা যে আমি যে এতো কঠিন ক্লেশ পাইয়াছি সে আমার সমস্ত পরমায়ুর পরমভাগ্যের বিষয় ইহা অন্যান্য সহস্র ২ লোকের ন্যায় তুমিও স্বীকার করিবা।

অত্যন্ত দুঃখ গ্রস্ত ব্যক্তির প্রার্থনা।

হে জগন্নাথ ঈশ্বর, তুমি বিশ্বের একাধিপতি হইয়া ন্যায় ও দয়া পূর্ব্বক সকলের উপরে কর্তৃত্ব করিতেছ কিন্তু তোমার দৃষ্টিতে

---

therefore to an immediate reformation of whatever you discover amiss; and labour to learn the *general lessons* of greater submission to God's will, of a more calm indifference to the world, and of a closer attachment to divine converse, and to the views of an approaching invisible state. And whatever particular proportion or correspondence you may observe, between this or that *circumstance in your affliction, and your former transgressions*, be especially careful to act according to that more peculiar and express voice of the rod. Then you may perhaps have speedy and remarkable reason to say, that "it hath been good for you that you have been afflicted;" (Psalm cxix. 71) and with a multitude of others, may learn to number the times of your sharpest trials, among the sweetest and the most exalted moments of your life.

A humble ADDRESS *to* GOD, *under the pressure of heavy Affliction.*

O THOU supreme, yet all-righteous and gracious Governor of the whole universe! Mean and inconsiderable as this little pro-

এই জগৎ তৃণবৎ তুচ্ছীকৃত হইলেও তুমি যে কাহারো অপেক্ষা না করিয়া আপন ইচ্ছানুসারে সেই জগতের প্রতি এবং তন্মধ্যস্থ প্রত্যেক লোকের প্রতি সমান দৃষ্টি ও সমান দয়া পূর্ব্বক সর্ব্বদা তত্ত্বাবধারণ করিতেছ। আর সকলেই যে তোমার বশীভূত আছে ইহা আমার দৃঢ় বিশ্বাস হওয়াতে আমি পরমানন্দ সাগরে ভাষিতেছি; কেননা তুমি অখিল ব্রহ্মাণ্ডের কর্ত্তা হইয়া যে স্বহস্তে আমাদিগের প্রত্যেক কর্ম্ম চালাইতেছ ইহার পর আর আহ্লাদের বিষয় কি আছে? অতএব যে কোন কারণে আমার মঙ্গলামঙ্গল হইলে আমি সেই গৌণ কারণের প্রতি দৃষ্টি না করিয়া দীপ্তি ও অন্ধকারের স্রষ্টা এবং সর্ব্বমঙ্গলা মঙ্গলদাতা মুখ্য কারণ যে তুমি তোমার প্রতি দৃষ্টিপাত করিতেছি; যে হেতুক ইচ্ছা হইলে তুমি সকলি পরীবর্ত্তন করিতে পার অর্থাৎ মধ্যাহ্ন কালকে অন্ধকার ময় করিতে পার এবং ঘোরতর অন্ধকারকে মধ্যাহ্নকাল করিতে পার

হে প্রেমময় বিশ্বেশ্বর, তোমার অভিপ্রায় সম্পূর্ণ হউক এ কথা আমি বার২ কহিতেছি কিন্তু যদ্যপি ঐ অভিপ্রায় আমার পক্ষে সম্প্রতি দুঃখ দায়ক হয় তথাচ তাহার বিপ-

---

vince of thy spacious empire may appear, thou dost not disregard the earth and its inhabitants; but attendest to its concerns with the most condescending and gracious regards. Thou reignest, and I rejoice in it, as it is indeed matter of universal joy. (Psalm xcvii. 1.) I believe thy universal providence and care; and I firmly believe thy wise, holy, and kind interposition in every thing which relates to me, and to the circumstnaces of my abode in this world. I would look through all inferior causes unto thee, whose eyes are upon all thy creatures; to thee, who formest light, and createst darkness; who makest peace, and createst evil; (Isaiah xlv. 7.) to thee, Lord, who at thy pleasure canst exchange the one for the other, canst turn the brightest noon into midnight, and the darkest midnight into noon.

"O thou wise and merciful Governor of the world! I have often said, Thy will be done: and now, thy will is painful to me. But shall I upon that account unsay what I have so often said?

রীত কহিতে পারিব না বরং তুমি যে ২ কর্ম্ম করিতেছ এবং করিবা তাহাতে আমার সম্পূর্ণ সম্মতি আছে ইহা তোমার শ্রীচরণে নত হইয়া কহিতেছি। আর তুমি আমাকে যে রূপ দণ্ড দিতেছ আমি যে তাহার সহস্র গুণ অধিক দণ্ডের উপযুক্ত লোক তাহাও স্বীকার করিতেছি; কেননা আমার যে একদিনের পাপ তাহারি উপযুক্ত এই দণ্ড হইয়াছে কিন্তু আমি যে এক দিন পাপ করিয়াছি এমনতো নয় কতো অসংখ্য ২ দিন করিয়াছি। অতএব তাহার প্রতিফল দ্বারা ভয়ানক অনন্তনরকে না ডুবিয়া যে এমত দুঃখ পাইতেছি সে কেবল তোমারি কৃপাতে এজন্যে তোমার সহস্র ২ ধন্যবাদ করিতেছি।

আর হে ঈশ্বর, তোমাকে বিচারকর্ত্তা বলিয়া সম্বোধন করিতে তুমি আমাকে যেমন শিক্ষা দিয়াছ তেমনি পিতৃসম্বোধন করিতেও শিক্ষা দিয়াছ একারণ আমাকে যে দুঃখ দিতেছ ইহা যে তোমার প্রেমের একটি চিহ্ন তাহাও শিক্ষা দিয়াছ। অতএব যাহা আমার প্রতি তোমার বাৎসল্যের চিহ্ন এবং তোমার পোষ্যপুত্র হওনের চিহ্ন সেই দুঃখ কি আমি গ্রহণ

God forbid. I come rather to lay myself down at thy feet, and to declare my full and free submission to all thy sacred pleasure. O Lord, thou art just and righteous in all. I acknowledge in thy venerable and awful presence, that I have deserved this, and ten thousand times more; (Ezra ix. 13) I acknowledge, that it is of thy mercy that I am not utterly consumed, (Lamen. iii. 22.) and that any the least degree of comfort yet remains. O Lord, I most readily confess that the sins of one day of my life have merited all these chastisements; and that every day of my life has been more or less sinful. Smite, therefore, O thou righteous Judge! and I will still adore thee, that instead of the scourge, thou hast not given a commission to the sword to do all the dreadful work of justice, and to pour out my blood in thy presence.

"But shall I speak unto thee only as my Judge? O Lord, thou hast taught me a tenderer name; thou condescendest to call thyself my Father, and to speak of correction as the effect of thy love. O welcome, welcome, those afflictions, which are the tokens of thy parental affection, the marks of my adoption into thy

করিব না? অবশ্য গ্রহণ করিব; কিন্তু হে ঈশ্বর আমার অন্তঃ-করণের রাশি ২ অজ্ঞানতা দূর করিবার জন্যে কিপ্রকার কতদণ্ড বিহিত হয় তাহাতো আমি জানি না তুমি সকলি জ্ঞাত আছ। অতএব হে পিতঃ যথোচিত মতে আমাকে দণ্ড দেও তাহাতে বালকেরা যেমন পিতাকর্তৃক প্রহারিত হইলেও সেই পিতার বশীভূত হইয়া থাকে তেমনি আমিও যেন তোমার দণ্ডসহ্য করিয়া তোমারি বশেতে থাকি। কোন প্রকারে তোমার হাত এড়াইতে পারিব না ইহা ভাবিয়া যে দণ্ড ভোগ করিতেছি এমন নয় তবে কি? না কেবল তোমার প্রতি অত্যন্ত ভক্তি শ্রদ্ধা প্রযুক্ত তোমার মতের বশতাপন্ন থাকিতে হইবে, তাহা কেবল নয় তোমার মতেতেই আমারো মত হইতেছে। অতএব যেঁ ২ কর্ম্ম তুমি করিতেছ তাহা যে অতি উত্তম মনের সহিত এমন কথা কহিতে আমার বাঞ্ছা হইতেছে। এই রূপে তুমি যে আমার কুস্বভাব দূর করিতে এবং স্বর্গ প্রাপ্তির উপযুক্ত নির্ম্মল মন দিবার জন্যে এত চেষ্টা করিতেছ একারণ তোমার সহস্র ২ ধন্যবাদ করিতেছি। আর এই প্রকারে যে যথেষ্ট দুঃখভোগ করিতে হইবে তাহাতে আমি কোন আপত্তি করি না

---

family! Thou knowest what discipline I need. Thou seest, O Lord, how much folly there is in the heart of thy poor froward and thoughtless child; and knowest what rods and what strokes are needful to drive it away. I would therefore be in humble subjection to the Father of spirits, who chasteneth me for my profit; would "be in subjection to him, and live." (Heb. xii. 9, 10.) I would bear thy strokes, not merely because I cannot resist them, but because I love and trust in thee. I would sweetly acquiesce and rest in thy will, as well as stoop to it: and would say, Good is the word of the Lord: and I desire that not only my lips, but my soul may acquiesce. Yea, Lord, I would praise thee, that thou wilt shew so much regard to me, as to apply such remedies as these to the diseases of my mind, and art thus kindly careful to train me up for glory. I have no objection against being afflicted, against being afflicted in this particular way: "The cup which my Father

কেননা পিতা যে পানপাত্র দেন তাহা কি গ্রহণ করিব না? বরং যাহাতে গ্রহণ করিতে পারি, এমন শক্তি জগদীশ্বরের কাছে প্রার্থনা করি। অতএব হে দীনবন্ধো ঈশ্বর দীনহীন দরিদ্র দেখিয়া আমার প্রতি সুপ্রসন্ন হও দুঃখের সময়ে প্রবোধ বাক্য কহিয়া আমার প্রাণকে সবল কর, তাহা হইলে নিত্য ২ তোমার স্তব করিব। হে প্রভো, দুঃখভোগের সময়ে মনের শান্তি যে বাহুল্য হয়, তোমার অনেক ২ সেবকদিগের এমন অনুভব হইয়াছে। পূর্ব্বাপেক্ষা এখনতো তোমার দয়ার ও ক্ষমতার কিছু ন্যূনতা হয় নাই, তবে হে প্রভো এই অকিঞ্চনের প্রতি কেন তদ্রূপ সান্ত্বনা দিতে সক্ষম হও না।

অন্যান্য লোকের মন অপেক্ষা তোমার মন বড় কঠিন, এমন কথা যদি বল, তবে তুমি যে সেই দোষের প্রতি-কার করিতে পার না, এমনতো নয়, মনে করিলে এই দুঃখ ভোগ দ্বারাতেই তাহার শান্তি করিতে পার। অতএব হে প্রভো তোমার বিবেচনাতে যখন যে প্রকারে রক্ষা করা উচিত হয়, তখন সে প্রকারে আমাকে রক্ষা কর। হে অধম তারণ ঈশ্বর,

---

puts into mine hand, shall I not drink it?" (John xviii. 11.) By thine assistance and support, I will. Only be pleased, O Lord, to stand by me, and sometimes to *grant me a favourable look* in the midst of my sufferings, Support my soul, I beseech thee, by thy consolations mingled with my tribulations; and I shall glory in those tribulations, that are thus allayed. It has been the experience of many, who have reflected on afflicted days with pleasure, and have acknowledged that their comforts have swallowed up their sorrows. And after all that thou hast done, "*are thy mercies restrained?*" (*Isa.* lxiii. 15.) "Is thy hand waxed short?" (Num. xi. 22.) Or canst thou not still do the same for me?

"If my heart be less tender, less sensible, thou canst cure that disorder, and canst make this affliction the means of curing it. Thus let it be; and at length in thine own due time, and in the way which thou shalt choose, work out deliverance *for me*, for I well know, that how dark soever this night of affliction may seem, if thou sayest, Let there be light, there

আমার মনেতে দুঃখরূপ ঘোরতর অন্ধকার থাকিলেও তুমি যদি এক বার আজ্ঞা কর যে দীপ্তি হউক তবে এখনি সে দীপ্তি-ময় হইতে পারে ইহা আমি শুনিয়াছি। সেই অন্ধ-কার ছেদনে তোমার যখন বিহিত সময় হইবে তখন আমারো যেন বিহিত সময় বোধ হয় আর আমার এই দুঃখ হইতে মুক্তির নিমিত্তে যেমন বাঞ্ছা, এমনি ধর্ম্মার্থ সাধন করিতেও অধিক বাঞ্ছা হইতেছে; অতএব দুঃখ প্রদান দ্বারা যে সকল লোকদিগকে পারমার্থিক শিক্ষা দিতেছ, তাহাদের মধ্যে আমিও যেন একজন গণ্য হই। হে প্রভো কোন্ ২ কার্য্যের নিমিত্তে আমাকে দুঃখ দিতেছ তাহা দেখাইয়া দেও। আর দুঃখরূপ অগ্নিতে আমার অন্তঃকরণকে দগ্ধ করিয়া পরিষ্কার কর। হে প্রভো এই দীন হীনের একটি নিবেদন এই, যেমন স্যাপরের অগ্নিতে সুবর্ণকে দগ্ধ করিয়া তাহার খাইদ নির্গত করে, তেমনি তোমার অগ্নিতে দগ্ধ হইয়া আমার মন যেন তোমারি মত নির্ম্মল ও পবিত্র হয়, ইহা কেবল আমারি আন্তরিক বাসনা তাহা নয়, তোমারো দুঃখ দেওনের এই অভিপ্রায় বটে; অতএব সেই অভিপ্রায় সিদ্ধি নিমিত্তে নিত্য ২ তোমার দান ভোগী হইয়া তোমার জ্ঞানদায়ক

---

shall be light. But I would urge nothing, before the time thy wisdom and goodness shall appoint. I am much more concerned that my afflictions may be sanctified than that they may be removed. Number me, O God, among the happy persons, whom, whilst thou chastenest, thou "teachest out of thy law." (Psalm xciv. 12.) Shew me, I beseech thee, "wherefore thou contendest with me;" (Job x. 2) and purify me by the fire, which is so painful to me, while I am passing through it. Dost thou not chasten thy children for this very end, "that they may be partakers of thy holiness?" (Heb. xii 10.) Thou knowest, O God, it is this my soul is breathing after. I am partaker of thy bounty, every day and moment of my life: I am partaker of thy gospel, and I hope, in some measure too, a partaker of the grace of it operating on my heart: O may it operate more and more, that I may largely partake of thine holiness

শাস্ত্রীয় বচন সকল যে শ্রবণ করিতেছি, তাহা কেবল নয়, শক্ত্যনুসারে মনের সহিত গ্রহণও করিতেছি। এই রূপে আমার মনোরূপ সুবর্ণ যদি তোমার তাপরের প্রচণ্ডাগ্নিতে গলিয়া তোমার মঙ্গল সমাচার রূপ ছাঁচেতে ঢালিবার এবং তোমার সদৃশ আকৃতি ধারণ করিবার যোগ্য হয়, তবে দিবারাত্রি তোমার ধন্যবাদ করিব।

হে জগদীশ্বর, তোমার নিমিত্তে আমার অন্তঃকরণ এমনি ব্যাকুল হইতেছে যে দিবারাত্রি হাহাকার করিতেছে, অতএব তুমি সন্নিকটস্থ থাকিলে যে সকল দুঃখকে তুচ্ছ বোধ করিয়া সহ্য করিতে পারি, তাহাই ভোগ করিলে যদি তোমার প্রিয় হওয়া যায়, তবে হে প্রভো, সেই দুঃখ ভোগ হউক, ইহাতে আমি স্বীকৃত আছি। আর ঐ দুঃখতো চিরকাল স্থায়ী নয়, তুমি যখন আমার নেত্রজল মুছিয়া দিবা, তখন তাহা থাকিবে না। অতএব কহিতেছি ঐ মুক্তি যদি এখন না আসিয়া কিছু দিন বিলম্বে আইসে তথাচ তাহার অপেক্ষা করিয়া থাকিব। আমার এমনি কদর্য্য মন যে হাজার ২ দুঃখ পাইলেও সংসারের প্রতি মমত্ব ত্যাগ করিতে পারে না; কিন্তু হে প্রভো এমন

---

too; that I may come nearer and nearer in the temper of my mind to thee, O blessed God, the supreme model of perfection. Let my soul be, as it were, melted, though with the intensest heat of the furnace, if I may but thereby be made fit for being delivered into the mould of thy gospel, and bearing thy bright and amiable image.

"O Lord, my soul longeth for thee; it "crieth out for the living God!" (Psalm lxxxiv. 2.) In thy presence, and under the support of that love, I can bear any thing; and am willing to bear it, if I may grow more lovely in thine eyes, and more meet for thy kingdom. The days of my affliction will have an end; the hour will at length come, "when thou wilt wipe away all my tears." (Rev. xxi. 4.) Though it tarry, I would wait for it." (Hab. ii. 3.) My foolish heart, in the midst of all its trials, is ready to grow fond of this earth, disappointing and grievous as it is: and graciously, O God, dost thou deal with me, in

হইলেও তুমি যে ক্রমে২ আমার মায়াময় বন্ধন শ্লথ করিতেছ, ইহা আমার প্রতি বড় অনুগ্রহ প্রকাশ। হে আমার মনোরূপ বিহঙ্গ তুমি পক্ষবিস্তার করিয়া যে দণ্ডেতে তোমার তাবৎ দুঃখ মোচন হইবে, এমন দণ্ডের অপেক্ষা করিয়া প্রভু যীশু খ্রীষ্টের পথেতে উড্ডীয়মান হও।

২০ অধ্যায়।

কি পর্য্যন্ত ধর্ম্মের বৃদ্ধি হইয়াছে, তাহারি বিবেচনার কথা।

হে পাঠক এখন পরমেশ্বরের অনুগ্রহেতে, অর্থাৎ ঈশ্বরের নিত্য সফল বাক্য দ্বারাতে, যদি তোমার পুনর্জ্জন্ম হইতেছে, তবে ক্রমে২ বৃদ্ধির নিমিত্তে ঈশ্বর বাক্য স্বরূপ যে স্তন্যদুগ্ধ তাহা পান কর। আর ধর্ম্ম সাধনাতে এক প্রকার সিদ্ধ হইলেও যে স্বর্গ প্রাপ্ত হইয়া প্রভু যীশু খ্রীষ্টের সদৃশ সম্পূর্ণ পরিমাণে সিদ্ধ হওয়া তাহা পৃথিবীতে থাকিয়া হয় না একথা সত্য বটে; তথাপি ইহলোকে থাকিতে যেন উত্তরোত্তর ধর্ম্ম বৃদ্ধি হয়,

---

breaking these bonds that would tie me faster to it. O let my soul be girding itself up, and, as it were, stretching its wings in expectation of that blessed hour, when it shall drop all its sorrows and incumbrances at once, and soar away to expatiate with infinite delight in the regions of liberty, peace, and joy. Amen."

CHAPTER XX.

THE CHRISTIAN ASSISTED IN EXAMINING INTO HIS GROWTH IN GRACE.

If by divine grace you have been "born again, not of corruptible seed, but of incorruptible, (1 Pet. i. 23) even by that word of God which liveth and abideth for ever," not only in the world and the church, but in particular souls in which it is sown; you will "as new-born babes desire the sincere milk of the word, that you may grow thereby." (1 Pet. ii. 2.) And

আমাদিগের এমন চেষ্টা করা অতি আবশ্যক। হে পাঠক, এখন তুমি নিতান্ত ঈশ্বরানুগ্রহের আশ্রয়ী হওয়াতে তোমার ধর্ম্ম বিষয়ের উন্নতি হইতেছে কি না, ইহা যদি জানিতে স্পৃহা কর, তবে হে ভ্রাতঃ, আমার বোধানুসারে তোমাকে জ্ঞাত করাইতে প্রস্তুত আছি। তাহার অপ্রকৃত লক্ষণ পূর্ব্বক প্রকৃত লক্ষণ কিছু বলি শুন। প্রথমে এই একটি কথা স্মরণে রাখিতে হয়, কেবল জ্ঞান বৃদ্ধি হইলে কিম্বা ধর্ম্ম বিষয়ে শুদ্ধ মনের ব্যাকুলতা জন্মিলে অথবা ধর্ম্ম সাধনে বিশেষ আবিষ্টতা জন্মিলেই যে ধর্ম্ম বৃদ্ধি হইতেছে, এমনটি বোধ হয়, তাহা নয়, তবে কি? না ঈশ্বরের বশীভূত থাকিয়া যে কায়মনোবাক্যে তাঁহার আজ্ঞা প্রতিপালন এই হইয়াছে তাহার প্রকৃত চিহ্ন। অতএব ঈশ্বর সাক্ষাৎ আছেন ইহা মানিয়া যে কতক গুলীন প্রশ্ন আপন মনকে জিজ্ঞাসা করা উচিত তাহাই লেখা যাইতেছে।

---

though in the most advanced state of religion on earth we are but infants, in comparison of what we hope to be, when in the heavenly world, we arrive "unto a perfect man, unto the measure of the stature of the fulness of Christ;" (Eph. iv. 13) yet as we have some exercise of a sanctified reason, we shall be solicitous that we may be growing and thriving infants. And you, my reader, "if so be you have tasted that the Lord is gracious" (1 Pet. ii. 3) will, I doubt not, feel this solicitude. I would, therefore, endeavour to assist you in making the inquiry, whether religion be on the advance in your soul. And here I shall warn you against some false marks of growth; and then shall endeavour to lay down others on which you may depend as more solid. In this view I would observe, that you *are not to measure your growth in grace, only or chiefly by* your advances in knowledge, or in zeal, or any other passionate impression of the mind; no, nor by the fervour of devotion alone; but by the habitual determination of the will for GOD, and by your prevailing disposition to obey his commands, to submit to his disposal, and to subserve his schemes in the world. I would therefore entreat you to bring your own heart to answer, as in the presence of God, to such inquiries as these.

হে পাঠক, তোমার মনেতে যে পরমেশ্বরের প্রেম ভক্তির বীজ রোপণ করা গিয়াছে, এখন তাহা অঙ্কুরিত হইয়া শাখা-পল্লবিত হইয়াছে কি না? এবং পরমেশ্বর যে সাক্ষাতে আছেন, তোমার এমন জ্ঞান হয় কি না? আর যদি হয়, তবে তাহাতে কি পূর্ব্বাপেক্ষা তোমার মনের সন্তোষ হইতেছে না? তাহাও যদি হয়, তবে যখন তোমার স্বাভাবিক বল ও তেজের হ্রাসতা হয় তখন শ্রান্ত মন প্রযুক্ত তুমি হর্ষপূর্ব্বক ঈশ্বরারাধনাতে অক্ষম হইলেও পরমেশ্বর যে তোমার সাক্ষাতে থাকিয়া তাবৎ গুপ্তমন্ত্রণা নিরীক্ষণ করিতেছেন ইহা সুস্থির মনেতে স্মরণ করিলে তোমার মনের সান্ত্বনা জন্মে কি না? আর যদি জন্মে তবে হে ঈশ্বর, আমার কোনো বিষয়ই তোমার অগোচর নাই; দায়ূদের ন্যায় এই রূপ কথা কহিয়া তাঁহার সাক্ষাতে অন্তঃকরণের তাবৎ কথা ভাঙ্গিয়া বলিতে তোমার আহ্লাদ জন্মে কি না? আর ঈশ্বরের সমস্ত বিধি ব্যবস্থার প্রতি ক্রমে ২ তোমার শ্রদ্ধাভক্তি ও অনুরাগ জন্মিতেছে কি না? এখন তাহা যদি হইয়া থাকে তবে বাহ্যে কি অন্তরে সরলরূপে তাঁহার আজ্ঞা

Do you find divine love, on the whole, advancing in your soul? Do you feel yourself more and more sensible of the presence of God? and does that sense grow more delightful to you, than it formerly was? Can you, even when your natural spirits are weak and low, and you are not in any frame for the ardours and ecstasies of devotion, nevertheless find a pleasing rest, a calm repose of heart, in the thought that God is near you, and that he sees the secret sentiments of your soul, while you are, as it were, labouring up the hill, and casting a longing eye towards him, though you cannot say you enjoy any sensible communications from him? Is it agreeable to you to open your heart to his inspection and regard, to present it to him laid bare of every disguise, and to say with David "Thou Lord, knowest thy servant!" (2 Sam. vii. 20.) Do you find a growing esteem and approbation of the sacred law of God, which is the transcript of his moral perfections? Do you inwardly "esteem all his precepts concerning all things to be right?" (Psalm cxix. 128.) Do you discern, not only the necessity, but the rea-

সকল প্রামাণ্য করিতেছ কি না? কিন্তু তাঁহার আজ্ঞার বশীভূত হইতে হয়, ইহা বলিয়া যে আজ্ঞাবহ হইবা এমন নয়, তাঁহার আজ্ঞাকারী হওয়া যে কিপর্য্যন্ত যুক্তি সিদ্ধ ও সুখ দায়ক এবং সদৃশ্য তাহা তোমার উপলব্ধি হয় কি না? যদি হয় তবে ঈশ্বর সেবা হইতে ক্ষান্ত করিবার নিমিত্তে শয়তান যে সকল লোভ জনক দ্রব্য দেখায় তাহা তুচ্ছ করিতে তোমার ক্ষমতা ক্রমে ক্রমে বৃদ্ধি পাইতেছে কি না? আর যাহাতে জগদীশ্বর সন্তুষ্ট হন এমন কর্ম্ম করিতে সচেষ্টিত আছ কি না? এবং তিনি যাহা ঘটান কিম্বা আজ্ঞা দেন, তাহা সর্ব প্রকারে সহ্য করিতে ও প্রতিপালন করিতে প্রস্তুত আছ কি না? আর ঈশ্বর যদি তোমাকে শাসন করেন; তবে এখন তাহা পূর্ব্বাপেক্ষা ইচ্ছা পূর্বক গ্রহণ করিতে এবং প্রাণকে সুস্থির রাখিয়া ধৈর্য্যাবলম্বন করিতে পারক হও কি না? আর পরমেশ্বর তোমার কতকগুলিন অভিলষিত দ্রব্য হরণ করিলে পরে এরূপ ক্ষতির সময়ে তুমি পূর্ব্বাপেক্ষা অক্ষুব্ধ মনেতে তাঁহার বশীভূত হইয়া থাকিতে পার কি না? ইহা যদি

---

sonableness, the beauty, the pleasure, of obedience; and feel a growing scorn and contempt of those things, which may be offered as the price of your innocence, and would tempt you to sacrifice or to hazard your interest in the divine favour and friendship? Do you find an ingenuous desire to please God; not only, because he is so powerful, and has so many good and so many evil things entirely at his command; but from a veneration of his most amiable nature and character? and do you find your heart habitually reconciled to a most humble subjection, both to his commanding and to his disposing will? Do you perceive, that your own will is now more ready and disposed, in every circumstance, to bear the yoke, and to submit to the divine determination, whatever he appoints to be borne or forborne? Can you "in patience possess your soul?" (Luke xxi. 19.) Can you maintain a more steady calmness and serenity, when God is striking at your dearest enjoyments in this world, and acting most directly contrary to your present interests, to your natural passions and desires? If you can, it is a most cer-

পার তবে এই সকল লক্ষণ দ্বারা তোমার মনেতে যে ধর্ম্ম বৃদ্ধি হইয়াছে তাহা জানা যাইতে পারে।

তদ্ভিন্ন তোমার প্রতিবাসিলোকদের কিম্বা সমুদয় সাধারণ লোকদের প্রতি তোমার অকপট ভাবে হিতেচ্ছা ও পরস্পর বন্ধুত্ব আছে কি না তাহা বিবেচনা করিয়া দেখ। বিশেষতঃ খ্রীষ্টীয়ান লোকদিগের যে পরস্পর বন্ধুত্ব রাখা অতি কর্ত্তব্য এবিষয় পূর্ব্ব হইতে এখন তোমার সুস্পষ্ট বোধ হইতেছে কিনা? আর তোমার মনের পরহিংসাভাব একেবারে লুপ্ত হইয়া পরস্নেহভাবেতে তোমার মন পরিপূর্ণ হইতেছে কি না? আর খ্রীষ্টকে জানিয়াছ অবধি তোমার যে স্বার্থপরত্ব নাই সে সত্য বটে, কিন্তু সেই ভাব এখন ক্রমে ২ বৃদ্ধ হইতেছে কি না? ফলতঃ পৃথিবীস্থ সমুদয় লোককে আত্মপরিবারের ন্যায় জ্ঞান করিয়া সর্ব্বসাধারণের লাভের নিমিত্তে যদি আপনার লাভ কিছু অল্প হয় সেও ভাল এমন বিবেচনা করিতেছ কি না?

---

tain and noble sign, that grace is grown up in you to a very vigorous state.

Examine also, what affections you find in your heart towards those who are round about you, and towards the rest of mankind in general. Do you find your heart overflow with undissembled and unrestrained benevolence? Are you more sensible than you once were, of those most endearing bonds which unite all men, and especially all Christians, into one community; which make them brethren and fellow-citizens? Do all the unfriendly passions die and wither in your soul, while the kind social affections grow and strengthen? And though self-love was never the reigning passion since you became a true Christian; yet as some remainders of it are still too ready to work inwardly, and to shew themselves, especially as sudden occasions arise, do you perceive that you get ground of them? Do you think of yourself as one of a great number, whose particular interests and concerns are of little importance when compared with those of the community, and ought by all means, on all occasions, to be sacrificed to them?

আর তুমি যে রীতিক্রমে ঈশ্বরের আরাধনা করিতেছ, তাহার কোন২ অংশের বিপরীত ধারাতে যদি কেহ বিহিত বুঝিয়া ঈশ্বর সাধনা করে, তবে তাহাকে খ্রীষ্টের এক জন সেবক জ্ঞান করিয়া ভ্রাতৃ সম্বোধনে গ্রহণ করিতে পার কি না? এবং আত্মমন শ্রেষ্ঠমানিলোকেরা যদি তোমাকে পরমতাবলম্বী বলিয়া অবজ্ঞা ও দুঃখ করে, তবে তাহাদের সেই দোষকে গণ্য না করিয়া বরং তাহাদের যে কিছু গুণ থাকে, তাহা দ্বারা প্রশংসা পূর্ব্বক তাহাদের সমাদর করিতে পার কি না? তদ্ভিন্ন ধর্ম্ম বিষয়ে ব্যাকুলচিত্ত ও উৎসাহসিক লোকেরা যদি কোন ভুল ভ্রান্তি ক্রমে তুমি যে এক জন প্রকৃত খ্রীষ্টীয়ান এমন চিনিতে না পারিয়া অস্বীকার করে তবে তাহাদিগকে খ্রীষ্টের সেবক ভাবিয়া স্নেহ করিতে পার কি না?

বিশেষতঃ আরো একটি কথা জিজ্ঞাসা করি। কেহ যদি অবিচার করিয়া তোমার অপকার করে, তবে তুমি তাহা সুস্থির মনেতে সহ্য করিতে পার কি না? কিন্তু সহ্য করিলেও যদি

Reflect especially on the temper of your mind towards those, whom an unsanctified heart might be ready to imagine, it had some just excuse for excepting out of the list of those it loves, and towards whom you are ready to feel a secret aversion, or at least an alienation from them. How does your mind stand affected towards those who differ from you in their religious sentiments and practices? Nay, farther, can you love and honour that which is truly amiable and excellent in those, in whom much is defective; in those, in whom there is a mixture of bigotry and narrowness of spirit, which may lead them perhaps to slight, or even to censure you? Can you love them, as the disciples and servants of Christ, who through a mistaken zeal may be ready to "cast out your name as evil," (Luke vi. 22) and to warn others against you as a dangerous person? This is none of the least triumphs of charity, nor any despicable evidence of an advance in religion?

And, on this head, reflect farther, how can you bear injuries? There is a certain hardiness of soul in this respect, which argues a confirmed state in piety and virtue. Does every thing of this kind hurry and ruffle you, so as to put you on contrivan-

এবিষয়ে কাহারো মন টলে, অর্থাৎ প্রত্যপকার করিতে একবার ইচ্ছা হয়,তবে তাহাকে খ্রীষ্টের প্রকৃত সেবক বলা যায় না। অতএব হে পাঠক, এখন কি বল? কেহ যদি তোমার অপকার করে,তবে যাহাতে তাহার তদ্রূপ অপকার এবং অপমান করিতে পার এমন আকুঞ্চন কর কি সুস্থির সুধীর হইয়া তদ্বিষয় মনেও না করিয়া কেবল আত্মকার্য্য সাধনে প্রবৃত্ত থাক? আর যদি স্মরণ হয় তবে ঐ অপকারকারি ব্যক্তির প্রতি জগদীশ্বর দয়া করিয়া যেন তাহার সুমতি দেন এমন প্রার্থনা করিয়া থাক কি না? এই রূপে তাহার প্রত্যপকার না-করিয়া যদি উপকার দ্বারা তাহার পরিশোধ লইয়া থাক, তবে পরমেশ্বর আপনার ন্যায় তোমার সুস্বভাব দেখিয়া তোমাকে এক জন প্রকৃত খ্রীষ্টীয়ানের মধ্যে গণনা করিবেন। অতএব কাহাহইতে অপকার পাইলে পর তোমার মনের ভাব ও মুখের ভাব কি রূপ হয়? তাহা বিবেচনা করিয়া দেখ; ফলতঃ সেই অপকার মনেং আন্দোলন করিতেং ক্রোধের সহিত মিলিত হইয়া ইচ্ছামত দোষ প্রকাশ করিতে তোমার চেষ্টা হয়; কি ন্যায় পূর্ব্বক লোকের কাছে তাহার দোষ ক্ষালনের কথা কহিতে যত্ন হয়? আর

---

ces, how you may recompense, or at least, how you may disgrace and expose him, who has done you the wrong? Or can you stand the shock calmly, and easily divert your mind to other objects, only (when you recollect these things) pitying and praying for those, who with the worst tempers and views are assaulting you? This is a Christ-like temper indeed, and he will own it as such; will own you as one of his soldiers, as one of his heroes; especially if it rises so far, as instead of being overcome of evil, to "overcome evil with good." (Rom. xii. 21.) Watch over your spirit and your tongue, when injuries are offered; and see whether you be ready to meditate upon them, to aggravate them to yourself, to complain of them to others, and to lay on all the load of blame that you in justice can: or whether you be ready to put the kindest construction upon the offence, to excuse it as far as reason will allow, and (where after all, it will wear a black and odious aspect) to for-

ক্ষমা প্রার্থনা না করিলেও তাহাকে ক্ষমা করিতে প্রস্তুত আছ কি না? আর যদি আছ, তবে মনের সহিত যে ক্ষমা করিতেছ ইহার প্রমাণ দিবার জন্যে এবং তোমার উপদেশ পাইয়া যেন পরমেশ্বরের প্রতি তাহার মতি ফিরে একারণ কোন কর্ম্ম করিতে কল্পনা করিতেছ কি না?

তদ্ভিন্ন আরো বলি শুন, এই পৃথীবীতে বাস করাতে কোনো বিপদ ঘটিলে তোমার মনের ভাব কেমন হয়? এবং কি প্রকারেই বা তাহা সহ্য কর? সেটা বিবেচনা করিয়া দেখ। পূর্ব্বাপেক্ষা এখন দুঃখ ক্লেশ সহিষ্ণুতা করিতে তোমার মনের ক্ষমতা অধিক বৃদ্ধি হইয়াছে কি না? এবং পরমেশ্বর কর্ত্তা হইয়া আমাদের তাবৎ কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন এবং করিবেন ইহা জানিয়া তাঁহার অনুগ্রহের উপরে নির্ভর দিয়া তোমার ভাবি দুর্ঘটনা বিষয়ে নিশ্চিন্ত ও সুস্থির হইতে পার কি না? আর তিনি অদ্য আমাকে কোন্ কর্ম্মে নিযুক্ত করিবেন, ইহা তো কেহই জানিতে পারে না; অতএব চতুর্দ্দিগস্থ বর্ত্তমান তাবৎ কর্ম্মের প্রতি নিরীক্ষণ করিয়া ঈশ্বরাভিমতে কোন্ কর্ম্ম কর্ত্তব্য ইহা বিবেচনা করিতে পূর্ব্বাপেক্ষা নিপুণ হইয়াছ কি না? এখন যদি হইয়া

---

give it, heartily to forgive it, and that even before any submission is made, or pardon asked; and in token of the sincerity of that forgiveness, to be contriving what can be done, by some benefit or other towards the injurious person, to teach him a better temper.

*Examine farther, with regard to the other evils and calamities of life, and even with regard to its uncertainties, how can you bear them? Do you find your soul is in this respect gathering strength? Have you fewer foreboding fears and disquieting alarms, than you once had, as to what may happen in life? Can you trust the wisdom and goodness of God, to order your affairs for you, with more complacency and cheerfulness than formerly? Do you find you are able to unite your thoughts more in surveying present circumstances, that you may collect immediate duty from them, though you know not what God will next appoint or call you to? And when you feel the smart of

থাক, তবে এই বর্ত্তমান দুঃখের বিচ্ছেদ হয় কি না? এই ক্লেশ জনক ভাবনাতে হতবুদ্ধি না হইয়া যেন ঈশ্বরের প্রতি আরো অধিক মনের বেগ হয় এতদ্বিষয়ে সচেষ্টিত হইয়া অনায়াসে ঈশ্বরের প্রতি মনো নিবেশ করিতে পার কি না?

আর খ্রীষ্টীয়ান লোকদিগের নম্রতা যে একটি বিশেষ গুণ আছে, তাহা মনুষ্যদিগের বোধে অল্প হইলেও শ্রেষ্ঠ গুণ বলিয়া গণনা করা যাইতেছে; যেহেতুক অন্যান্য গুণ অপেক্ষা ঐ গুণযুক্ত হইলে সে ব্যক্তি ঈশ্বর দৃষ্টিতে শ্রেষ্ঠ হয়; তাহা কেবল নয় পরমেশ্বর প্রসন্ন হইয়া তাহার সহিত অধিক আলাপও করিবেন। অতএব জিজ্ঞাসা করিতেছি. এখন ঐ গুণেতে গুণবান হইতেছ কি না? অর্থাৎ মদ মাৎসর্য্যাদি কাঠিন্য গুণকে মন হইতে দূরীকরণ করিতেছ কি না? আর আজন্মাবধি পূর্ব্বকৃত সৎকর্ম্মের চিন্তাদি পুনঃ২ মনেতে উত্তোলন না করিয়া পরেতে কি কর্ত্তব্য এবং ধর্ম্ম বিষয়ে মনেরই বা কেমন ভাব এ সকল বিষয়ে মনোযোগ করিতেছ কি না? যদি তাহা করিতেছ, তবে পূর্ব্বকালে যে সকল দোষকে অল্প জ্ঞানে

---

affliction, do you make a less matter of it? Can you transfer your heart more easily to heavenly and divine objects, without an anxious solicitude whether this or that burden be removed, so it may but be sanctified to promote your communion with God and your ripeness for glory.

Examine also, whether you advance in humility. This is a silent, but most excellent grace; and they who are most eminent in it, are dearest to God, and most fit for the communications of his presence to them. Do you feel your mind more emptied of proud and haughty imaginations; not prone so much to look back upon past services which it has performed, as forward to those which are yet before you, and inward upon the remaining imperfections of your heart? Do you more tenderly observe your daily slips and miscarriages, and find yourself disposed to mourn over those things before the Lord, that once passed with you as slight matters: though when you come to survey them, as in the presence of God, you find they were not wholly involuntary, or free from guilt? *Do you feel in*

গণনার মধ্যে আনিতা না, এখন নিত্যক্রিয়াতে তদ্রূপ ত্রুটি হইলে তাহার নিমিত্তে অকপট ভাবে খেদ করিতেছ কি না? যদি করিয়া থাক, তবে আরো একটা কথা জিজ্ঞাসি পরমেশ্বরের গুণ ও মহিমা যখন তোমার মনের মধ্যে উদয় পায় তখন তাহা যে অতি অনির্ব্বচনীয় ও গম্ভীর এমন তোমার জ্ঞান হয় কি না? কিন্তু যদি হয় তবে পরমেশ্বর অনুকূল হইয়া অবশ্য তোমার প্রতি বিশেষ অনুগ্রহ প্রকাশ করিবেন।

তদ্ভিন্ন ঐ নম্রতাজ্ঞানের যে সকল চিহ্ন আছে তাহাও লিখিতে হয়, একারণ জিজ্ঞাসা করি ঈশ্বরের দৃষ্টিতে আপনাকে নিতান্ত অপরাধী জ্ঞান করিয়া প্রত্যহ সেই প্রভু যীশু খ্রীষ্টের সঞ্চিত পুণ্য ও রক্তপাত অবলম্বন করিতেছ কি না? যদি এখন বাহ্য ব্যাপারে কোন দোষ না থাকে তথাচ আন্তরিক দোষ থাকিলে তাহার নিমিত্তে পরমেশ্বরের কাছে নিত্য২ খেদ ও মনস্তাপ করিতেছ কি না? আর পবিত্রআত্মা প্রাপ্তির নিমিত্তে যত্ন ও আকুঞ্চন করিতেছ কি না? এবং কোন কার্য্য করিতে হইলে আপনাকে দুর্ব্বল ও অক্ষম জানিয়া পরমেশ্বরের নিকটে তাহার ক্ষমতা প্রার্থনা করিয়া লও কি না? আর ধর্ম্মবিষয়ে তোমার

---

your breast a deeper apprehension of the infinite majesty of the blessed God, and of the glory of his natural and moral perfections; so as, in consequence of these views, to perceive yourself, as it were, annihilated in his presence, and to shrink into "less than nothing and vanity?" (Isaiah xl. 17.) If this be your temper, God will look upon you with peculiar favour, and will visit you more and more with the distinguishing blessings of his grace.

But there is another great branch and effect of Christian humility, which it would be an unpardonable negligence to omit. Let me therefore farther inquire: are you more frequently renewing your application, your sincere, steady, determinate application, to the righteousness and blood of Christ, as being sensible how unworthy you are to appear before God, otherwise than in him? And do the remaining corruptions of your heart humble you before him, though the disorders of your life are in a great measure cured? Are you more earnest to

প্রগাঢ় উদ্যোগ ও উৎসাহ দেখিয়া যখন লোক সাধারণ তোমার প্রশংসা করে তখন তুমি সে বিষয়ে আপনার নিতান্ত ত্রুটি জানিয়া ঈশ্বরের নিকটে লজ্জিত হও কি না? এবং সৎকর্ম্ম করাতে যে প্রশংসা হয় তাহা সৎকর্ম্মের শক্তিদাতা যে ঈশ্বর তাঁহাতে সমর্পণ করিয়া সেই সকল ক্রিয়ার অসম্পূর্ণতাজন্য দোষের মার্জ্জনার নিমিত্তে প্রত্যহ প্রভু যীশু খ্রীষ্টের মরণা-বলম্বন করিতেছ কি না? আর নিত্য ২ যখন যে বস্তু পাও তাহা পরমেশ্বর দিয়াছেন ইহা জানিয়া তাঁহার কাছে যে কৃতজ্ঞতা স্বীকার করা, তাহা কেবল নয়, আমি যে এ বস্তু পাইবার অযোগ্য তাহাও অঙ্গীকার করিতেছ কি না? আর তোমার প্রতিবাসিলোকেরা লোকদৃষ্টিতে তোমা অপেক্ষা বড় ২ অপরাধী হইলেও যদি তাহারা তোমাহইতে শ্রীমান্ হয় তথাপি ঈশ্বরের প্রতি দোষারোপণ না করিয়া বরং তিনি যে তোমার পক্ষে ন্যায় করিতেছেন ইহা স্বীকার করিতেছ কি না?

আরো বলি শুন, যাহাতে সর্ব্বশক্তিমান্ ঈশ্বরের মহিমা জগতে

---

obtain the quickening influences of the Holy Spirit; and have you *such a sense of your own weakness, as to engage you to* depend, in all the duties you perform, upon the communications of his grace "to help your infirmities?" (Rom. viii. 26.) Can you, at the close of your most religious, exemplary, and useful days, blush before God for the deficiencies of them, while others perhaps may be ready to admire and extol your conduct? And while you give the glory of all that has been right to him, from whom the strength and grace have been derived, are you coming to the blood of sprinkling, to free you from the guilt which mingles itself even with the best of your services? Do you learn to receive the bounties of Providence, not only with thankfulness as coming from God, but with a mixture of shame and confusion too, under a consciousness that you do not deserve them, and are continually forfeiting them? And do you justify Providence in your afflictions and disappointments, even while many are flourishing around you, full in the bloom of prosperity, whose offences have been more visible at least, and more notorious, than yours?

Do you also advance in zeal and activity, for the service of

প্রকাশ পায় অথচ লোক সাধারণের মঙ্গল হয় এমন চেষ্টাতে তোমার অধিক প্রবৃত্তি হইতেছে কি না? এবং অকপটভাবে চিরকাল সৎকর্ম্ম করণ দ্বারা ঈশ্বরের প্রতি যে দৃঢ়ভক্তি তাহার প্রত্যক্ষ প্রমাণ দিতেছ কি না? আর পরদুঃখদর্শনে কাতর ও করুণাযুক্ত হইয়া কি প্রকারে সে দুঃখ দূর করিব মনে২ এমন সংকল্প করিতেছ কি না? এখন যদি করিতেছ তবে তদ্বিষয়ে আত্ম লাভের কি আত্ম সুখের প্রত্যাশা না করিয়া বরং ক্লেশ করিয়াও যদি সে দুঃখ মোচন করিতে পার তবে তাহাতে মনোযোগ করিতেছ কি না? ইহা যে ঐহিক মঙ্গলের নিমিত্তে কহিতেছি তাহা কেবল নয় যাহাতে সকলের পরকালেতেও মঙ্গল হইতে পারে অথচ খ্রীষ্টের মঙ্গল সমাচার প্রচারেরদ্বারা সর্ব্বত্রেতে তাঁহার রাজ্য স্থাপিত হয় নিত্য২ এমন উদ্যোগেতে মনোযোগ করিতেছ কি না? আর যদি কর তথাচ মনোযোগেতে তো কিছু হয় না এবিষয়ে প্রবৃত্ত হওয়া চাহি এবং কর্ম্মসম্পূর্ণ হইবার নিমিত্তে প্রার্থনাও করিতে হয়: অতএব এবিষয়ের ক্ষমতা থাকিতেও যদ্যপি অনেকে না করে তথাপি তুমি সাধ্যানুসারে তাহা করিতেছ কি না?

God, and the happiness of mankind?—Does your love shew itself solid and sincere, by a continual flow of good works from it? Can you view the sorrows of others with tender compassion, and with projects and contrivances what you may do to relieve them? Do you feel in your breast, that you are more frequently "devising liberal things," (Isaiah xxxii. 8) and ready to waive your own advantage or pleasure that you may accomplish them? Do you find your imagination teeming, as it were, with conceptions and schemes, for the advancement of the cause, and interest of Christ in the world, for the propagation of his gospel, and for the happiness of your fellow-creatures? And do you not only pray, but act for it; act in such a manner, as to shew that you pray in earnest, and feel a readiness to do what little you can in this cause, even though others, who might, if they pleased, very conveniently do a vast deal more, will do nothing?

আরো জিজ্ঞাসা করি, এখন তোমার অন্তঃকরণের আসক্তি কিসের প্রতি, ঐহিক বিষয়ের প্রতি কি পারমার্থিক বিষয়ের প্রতি? তাহা বিবেচনা করিয়া দেখ। চর্ম্ম চক্ষুর গ্রাহ্য যে সকল বস্তু তাহা কি পর্য্যন্ত অসার ও অতৃপ্তি জনক তাহা পূর্ব্বাপেক্ষা তোমার বোধ হইতেছে কি না? যদি হইয়া থাকে তবে পূর্ব্বে যেমন তোমার বিষয়ের প্রতি আসক্তি ও লোভ ছিল তাহা কি অদ্যাপি সম্বরণ করিতে পার নাই, পরমেশ্বর যত দিন বিহিত বুঝেন ততদিন তুমি যে এই জগতে বাস করিতে তুষ্ট আছ, ভাল এ উত্তম কল্প বটে কিন্তু আর একটা কথা জিজ্ঞাসা করি এখন তুমি মায়া বন্ধন হইতে কি এমনি মুক্ত হইয়াছ যে পরমেশ্বর হঠাৎ যখন আজ্ঞা করিবেন তখনি তুমি অম্লান বদনে সংসার বিষয় আশয় প্রভৃতি সমস্ত পরিত্যাগ করিয়া যাইতে পারিবা? সে সময়ে এমন প্রার্থনা না করিয়া অর্থাৎ হে ঈশ্বর আর কিছু আমোদ প্রমোদ করিবার জন্যে কিম্বা আমার অমুক কল্পনাটা সিদ্ধকরিবার জন্যে যেন আর কিছু দিন পৃথিবীতে থাকি এমন কথা না বলিয়া যখন নানা প্রকার আশা করিয়া কর্ম্মনির্ব্বাহ করিতে ব্যস্ত হও এমন

And, not to enlarge upon this copious head, reflect once more how your affections stand with regard to this world, and another?—Are you more deeply and practically convinced of the vanity of these things which are seen, and are temporal? (2 Cor. iv. 18.) Do you perceive your expectations from them, and your attachments to them, to diminish? You are willing to stay in this world as long as your Father pleases; and it is right and well: but do you find your bonds so loosened to it, that you are willing, heartily willing, to leave it at the shortest warning, so that if God should see fit to summon you away on a sudden, though it should be in the midst of your enjoyments, pursuits, expectations, and hopes, you would cordially consent to that remove; without saying, Lord, let me stay a little while longer, to enjoy this or that agreeable entertainment, to finish this or that scheme? Can you think with an habitual calmness and hearty approbation, if such be the divine pleasure, of waking no more when you lie down on your bed, of re-

সময়ে যদি পরমেশ্বরের আজ্ঞাতে তোমার মৃত্যু আসিয়া উপস্থিত হয় তবে তৎক্ষণাৎ যাইতে প্রস্তুত আছ কি না? কিম্বা যদি এমন হয় যে রাত্রিকালে শয্যাতে শয়ন করিয়া নিদ্রাগত হইলে পর সেই নিদ্রাতে একেবারে মহানিদ্রা হয় অথবা গৃহ হইতে বহির্গত হইলে আর সে গৃহেতে পুনরাগমন না হয় পরমেশ্বরের যদি এমন ইচ্ছা হয় তবে তুমি তাহাতে সম্মত আছ এমন কথা কি বলিতে পার? কিম্বা বহু কালাবধি তোমাকে নানা প্রকার দুঃখভোগ করাইতে যদি পরমেশ্বরের বাঞ্ছা হয় তবে তাহাতেও সম্মত আছ কি না? আর সম্পূর্ণ প্রেমেতে সুস্থির মন হইয়া কি এমন কথা বলিতে পার, হে পিতঃ হে ঈশ্বর তোমার সেবক শিশু আমি তোমার বশীভূত থাকাতে আমার বিষয়ে তোমার যাহা ইচ্ছা তাহাই সফল হউক, তাহাতে আমাকে উঠিতে কি বসিতে ও গৃহে থাকিতে কি বহির্গমন করিতে ও জীবিত থাকিতে কি মরিতে তোমার যেমন অভিমত আমারো তেমনি অভিমত, এমন কথা বলিতে পার কি না?

হে পাঠক, এখন এই সকল ধর্ম্ম বৃদ্ধির লক্ষণ তোমাতে আছে কি না তাহা মনের মধ্যে অনুসন্ধান করিয়া দেখ, তাহাতে যদ্যপি

---

turning home no more when you go out of your house? And yet, on the other hand, how great soever the burdens of life are, do you find a willingness to bear them, in submission to the will of your heavenly Father, though it should be to many future years; and though they should be years of far greater affliction than you have ever yet seen? Can you say calmly and steadily, if not with such overflowings of tender affection as you could desire, Behold, thy servant, thy child is in thine hand, "do with me as seemeth good in thy sight!" (2 Sam. xv. 26.) My will is melted into thine; to be lifted up or laid down, to be carried out or brought in, to be here or there, in this or that circumstance, just as thou pleasest.

These, if I understand matters aright, are some of the most substantial evidences of growth and establishment in religion. Search after them: bless God for them, so far as you discover

কোন২ লক্ষণ পাওয়া যায় তবে পরমেশ্বরের ধন্যবাদ পূর্বক তাঁহার অনুগ্রহের উপরে নির্ভর দিয়া যাহাতে নিত্য২ ধর্মবৃদ্ধি হয় এমন চেষ্টা কর।

'যে ব্যক্তি খ্রীষ্টের অনুগ্রহ দ্বারা ধর্মবৃদ্ধি করিতে সচেষ্টিত হয় তাহারি প্রার্থনা।

ধন্য২ হে পরমেশ্বর তুমি জীবদিগের শারীরিক ও পারমার্থিক জীবনদাতা আমি তোমার অনুগ্রহেতে অদ্যাপি জীবৎ থাকিয়া ধর্মপথাবলম্বী হওনেতে মনুষ্যদিগের যে কি পর্য্যন্ত মঙ্গল, তাহা স্পষ্ট জানিতেছি তাহা কেবল নয় পাপদ্বারা এক প্রকার মৃত ছিলাম যে আমি আমি এখন তোমার অন্যান্য সেবকদিগের ন্যায় মৃত্যুদেহে জীবন পাইয়াছি অতএব কৃতজ্ঞতা স্বীকার পূর্বক তোমার ধন্যবাদ ও স্তব করিতেছি হে কৃপাময় কৃপা করিয়া যদি প্রাণদান দিয়াছ তবে এখন যে প্রকারে ধর্মেতে ও প্রভু যীশু খ্রীষ্টের জ্ঞানেতে ক্রমে২ বৃদ্ধি পাই এমন অনুগ্রহ প্রকাশ কর যে হেতুক খ্রীষ্ট জ্ঞানেতে আমার যত বৃদ্ধি ধর্মেতেও তেমনি বৃদ্ধি হইতে

---

them in yourself, and study to advance in them daily, under the influence of divine grace, to which I heartily recommend you, and to which I entreat you frequently to recommend yourself.

The CHRISTIAN *breathing earnestly after Growth in Grace.*

"O THOU ever-blessed Fountain of natural and spiritual life! I thank thee, that I live, and know the exercises and pleasures of a religious life. I bless thee, that thou hast infused into me thine own vital breath, though I was once "dead in trespasses and sins;" (Ephes. ii. 1) so that I am become, in a sense peculiar to thine own children, "a living soul." (Gen. ii. 7.) But it is mine earnest desire, that I may not only live, but grow; grow in grace, and in the knowledge of my Lord and Saviour Jesus Christ," (2 Pet. iii. 18) upon an acquaintance with whom my progress in it so evidently depends. In this view I humbly entreat thee, that thou wilt form my mind to

পারে। অতএব হে পিতঃ তোমার শ্রীচরণেতে আমার নিবেদন এই যেন ধর্ম্ম বিষয়ে আমার প্রকৃত জ্ঞান জন্মে আর ধর্ম্ম বৃদ্ধি হইতেছে কি না ইহা অনুসন্ধান করিতে গেলে যেন মিথ্যা লক্ষণ অগ্রাহ্য করিয়া প্রকৃত লক্ষণের অন্বেষণ করি।

আর হে প্রভো আমি যেন শয়তানের বশীভূত না হইয়া খ্রীষ্টেতে তোমার যে প্রেম এবং জ্ঞানদায়ি ধর্ম্মময় যে তোমার অভিমত তাহার বশীভূত হইয়া কালক্ষেপ করি। আর মনুষ্য-দিগের হিতকারী হইয়া ধৈর্য্যাবলম্বন ও সহিষ্ণুতা ও নম্রতা ও উৎসাহ ইত্যাদি গুণযুক্ত হইয়া জীবৎ থাকি কি মরি উভয়েতেই যেন তোমার কাছে গ্রাহ্য হই; এরূপে ক্রমে২ আমার অভিলাষের বৃদ্ধি হওয়াতে যেন তোমার মহিমা আমাতে প্রকাশ পায়, ফলতঃ ধর্ম্মের প্রতি আমার ক্ষুধা তৃষ্ণা হওয়াতে যেন আমি এমন মানুষ হইয়া উঠি যে আমার চরিত্র দেখিয়া আমাতে তোমার তুষ্টি জন্মে। আর হে স্বর্গস্থপিতঃ তোমার পবিত্র আত্মাদ্বারা আমার মনকে আকর্ষণ করিয়া তোমার ন্যায় আকৃতি প্রকৃতি সৃষ্টি কর।

---

right notions in religion, that I may not judge of grace by any wrong conceptions of it, nor measure my advances in it by those things which are merely the effect of nature, and possibly its corrupt effect.

"May I be seeking after an increase of divine love to thee, my God and Father in Christ, of unreserved resignation to thy wise and holy will, and of extensive benevolence to my fellow-creatures. May I grow in patience and fortitude of soul, in humility and zeal, in spirituality and a heavenly disposition of mind, and in a concern 'that whether present or absent I may be accepted of the Lord,' (2 Cor. v. 9.) that 'whether I live or die' it may be for his glory. In a word, as thou knowest I hunger and thirst after righteousness, make me whatever thou wouldst delight to see me. Draw on my soul, by the gentle influences of thy gracious Spirit, every trace, and every feature, which thine eye, O heavenly Father, may survey with pleasure, and which thou mayest acknowledge as thine own image.

হে প্রভো তুমি আমাকে অনুগ্রহ করিলেও আমি যে অদ্যাপি সাধনা করিয়া সিদ্ধ হইতে পারি নাই ইহা জ্ঞাত হওয়াতে বড় লজ্জিত হইয়া তোমার প্রিয় প্রেরিত পৌল নামক ব্যক্তির ন্যায় এখন এই স্থির করিতেছি গত বিষয়ের প্রতি দৃষ্টি না করিয়া অদ্যাবধি বর্ত্তমান ও আগামি বিষয়ের বিবেচনা করিব। হে দীনবন্ধো প্রভো তোমার পবিত্র আত্মা এবং বাক্যদ্বারাতে আমার মনকে পুনঃ২ আপ্যায়িত কর যেন তাহাদ্বারা আমি উত্তরোত্তর বর্দ্ধিত হই। শিশুর বৃদ্ধির নিমিত্তে যেমন তাহার মাতা তাহাকে দুগ্ধপান করায় তেমনি হে প্রভো আমার বৃদ্ধির জন্যে তোমার বাক্য রূপ নির্ম্মল দুগ্ধ আমাকে পান করাও। এমত হইলে চন্দ্র কলার ন্যায় দিনে২ বৃদ্ধি পাইয়া অবশেষে যেন খ্রীষ্ট সদৃশ হইয়া উঠি। এইরূপে কিছুদিন পৃথিবী রূপ উদ্যানেতে স্থাপিত যে সকল ফলবান বৃক্ষ স্বরূপ তোমার পুণ্যবন্তলোক তাহাদের সুখেতে সুখী হইয়া অবশেষে যেন স্বর্গরূপ মহা উদ্যানে গিয়া বাসকরি। যাহার কৃপাতে আমরা এইপদ

' I am sensible, O Lord, I have not as yet attained : yea, my soul is utterly confounded to think how far I am from being already perfect: but this one thing, after the great example of thine apostle, and the much greater of his Lord, I would endeavour to do; 'forgetting the things which are behind, I would press forward to those which are before.' (Phil. iii. 12, 13.) O that thou wouldst feed my soul by thy word, and Spirit! Having been, as I humbly hope and trust regenerated by it, 'being born again, not of corruptible seed, but of incorruptible, even thy word which liveth and abideth for ever;' (1 Peter i. 23) 'as a new-born babe I desire the sincere milk of the word, that I may grow thereby.' (1 Peter ii. 2.) And may 'my profiting appear unto all men,' (1 Tim. iv. 15) till at length 'I come unto a perfect man, unto the measure of the stature of the fulness of Christ;' (Eph. iv. 13) and after having enjoyed the pleasures of those that flourish eminently in thy courts below, be fixed in the paradise above. I ask and hope it through

প্রাপ্ত হইয়াছি সেই প্রভু যীশু খ্রীষ্টের নাম লইয়া তোমার কাছে এই বর প্রার্থনা করিতেছি।

২১ অধ্যায়।

বহু দিনাবধি ধর্ম্ম পথে প্রবিষ্ট ব্যক্তির প্রতি যে পরমেশ্বরের অনুগ্রহ প্রকাশ তাহা তাহার মনোগত করণ পূর্ব্বক সে যেন নিত্য২ ঈশ্বরেতে প্রেম ও আনন্দ করে ইহারি প্রবোধ বাক্য।

হে পাঠক, তোমার মনের এই সকল লক্ষণালক্ষণ বিচার করিলে তোমার ধর্ম্ম বৃদ্ধি হইতেছে বটে এমন বোধ হইতেছে অতএব এখন যদি তোমার আরো ধর্ম্ম বৃদ্ধি করিতে বাঞ্ছা হয় তবে ধর্ম্ম বিষয়ে সিদ্ধ যে সকল খ্রীষ্টের সেবক তাহাদিগের বিহিত মত ঈশ্বরেতে আনন্দ করা ও অকপট ভাবে প্রেম করা এ সকল বিষয়ের পরামর্শ বলি শুন। এখন পরমেশ্বর বিষয়ক আনন্দ করাতে তোমার যে অধিকার হইয়াছে তাহা কেবল নয় ইহা অবশ্য কর্ত্তব্য কর্ম্ম; কেননা প্রকৃত সেবার মূল হইয়াছে

---

him, 'of whose fulness we have all received, even grace for grace;' (John i. 16) 'to him be glory, both now and for ever. Amen.' (2 Peter iii. 18.)"

CHAPTER XXI.

THE ADVANCED CHRISTIAN REMINDED OF THE MERCIES OF GOD, AND EXHORTED TO THE EXERCISE OF HABITUAL LOVE TO HIM, AND JOY IN HIM.

I WOULD now suppose my reader to find on an examination of his spiritual state, that he is growing in grace. And if you desire that this growth may at once be acknowledged and promoted, let me call your soul to that more affectionate exercise of love to GOD and joy in him, which suits, and strengthens, and exalts the character of the advanced Christian; and which I beseech you to regard, not only as your privilege, but as your duty too.

প্রেম এখন সেই প্রেমপ্রাপ্ত হইয়া যে ব্যক্তি পুনঃ২ প্রেম করে তাহার অবশ্য আনন্দ জন্মে। এমন অপূর্ব্ব প্রেম ভক্তি পাইলেও যে অধিক আনন্দ না করা ইহা অবশ্য খেদের বিষয় হয়; অতএব ধার্ম্মিকবর্গের প্রতি লেখা যাইতেছে যে আরাধনার সময়ে কেবল পাপস্বীকার ও বরপ্রার্থনা ইত্যাদি কর্ম্মেতে অনর্থক কাল ব্যয় না করিয়া বরঞ্চ স্বর্গ নিবাসি লোকদিগের কর্ম্মের ন্যায় কর্ম্ম করিয়া সময় সার্থক কর ফলতঃ তোমরা জগদীশ্বরের অসীমগুণ ও মহিমা ও পবিত্রতা স্মরণ করিয়া সর্ব্বদা প্রেমানন্দে ও তাঁহার স্তব করণেতে নিযুক্ত হও আর তাহাতে এমনি মনোনিবেশ কর যে তোমার অন্তঃকরণ একেবারে প্রেমেতে ও কৃতজ্ঞতাতে উথলিয়া উঠে।

প্রেম ও দীপ্তির আকর স্বরূপ যে জগদীশ্বর তিনি কি মনের মধ্যে সহস্র কিরণ উৎপন্ন করিবেন না? অবশ্য করিবেন. অতএব আইস ভাই খ্রীষ্টীয়ান আমাদিগের স্বর্গস্থ পিতা

Love is the most sublime and generous principle of all true and acceptable obedience; and with love, when so wisely and happily fixed, when so certainly returned, joy, proportionable joy, must naturally be connected. It may justly grieve a man that enters into the spirit of Christianity, to see how low a life the generality even of sincere Christians commonly live in this respect. "Rejoice then in the Lord, ye righteous, and give thanks at the remembrance of his holiness," (Psalm xcvii. 12) and of all those other perfections and glories, which are included in that *majestic*, that wonderful, that delightful *name*, The Lord, thy God. Spend not your sacred moments merely in confession, or in petition, though each must have its daily share; but give a part, a considerable part, to the celestial and angelic work of praise. Yea, labour to carry about with you continully a heart overflowing with such sentiments, warmed and inflamed with such affections.

Are there not continually rays enough diffused from the great Father of light and love, to animate our bosoms? Come, my Christian friend and brother, come and survey with me the goodness of our heavenly Father. And O that he would give me such a sense of it, that I might represent it in a suitable manner; that while I am musing, the fire may burn in my own

যে পরমেশ্বর তাঁহার কেমন আশ্চর্য্য মহিমা তাহা আমরা একবার বিবেচনা করিয়া দেখি এবং লোকদের কাছেও যেন ব্যাখ্যা করিতে পারি। কিন্তু হায় ২ পরমেশ্বর যদি আমার হৃৎ পদ্মের মধ্যে এমন অপূর্ব্ব বিষয় উৎপন্ন করেন তবে তাহা চিন্তা করিতে২ আমার মনের অগ্নি প্রজ্বলিত হইয়া যেন তোমার মনেতে গিয়া লাগে।

হে পাঠক, এখন দেখদেখি পরমেশ্বর আজন্মাবধি তোমার প্রতি কত বড় কতসংখ্যা অনুগ্রহ প্রকাশ করিয়াছেন যে তাহা গণনা করিতে গেলে সমুদ্রের বালি অপেক্ষাও অধিক সংখ্যা বোধ হয়। অতএব তাহা স্মরণ করিয়া কৃতজ্ঞতা স্বীকার পূর্ব্বক তুমি কি এমন কথা বলিবা না, হে ঈশ্বর আমার অঙ্গ প্রত্যঙ্গ হওনের পূর্ব্বে আমার দেহের বিষয় তোমার পুস্তকে লিখিত ছিল পরে তাহা হইলে জন্মগ্রহণ করিলে পর তুমি আমার প্রতি এমনি অনুগ্রহ প্রকাশ করিয়াছ যে আমার একখানি অস্থিও ভঙ্গ হয় নাই বরং সমুদয় অঙ্গ প্রত্যঙ্গকে উত্তমরূপে রক্ষা করিয়া যত্নপূর্ব্বক আমার প্রাণকে হস্তে গ্রহণ করিয়াছ, ইহা অবশ্য স্বীকার করিতে হইবেক। তদ্ভিন্ন তুমি আজন্মাবধি

---

heart, (Psalm xxxix. 3) and be comunicated to yours. And O that it might pass, with the lines I write, from soul to soul: awakening in the breast of every Christian that reads them, sentiments more worthy of the children of God, and the heirs of glory; who are to spend an eternity in those sacred exercises, to which I am now endeavouring to excite you.

Have you not reason to adopt the words of David, and say, "How many are thy gracious thoughts unto me, O Lord! How great is the sum of them! When I would count them, they are more in number than the sand." (Psalm cxxxix. 17, 18.) You indeed, know, where to begin the survey; for the favours of God to you begin with your being. Commemorate it therefore with a grateful heart, that the eyes which saw your substance, being yet imperfect, beheld you with a friendly care, when you were made in secret, and have watched over you ever since; and that the hand, which "drew the plan of your

পশ্চাৎদৃষ্টি করিয়া যে পথে গমন করিতেছ সেইপথে যে পরমেশ্বরের অনুগ্রহ রূপ চিহ্ন ঘন২ হইতেছে এবং যে২ স্থানে যে২ লোকের সহিত তোমার আলাপ পরিচয় হইয়াছে ঈশ্বরের ইচ্ছাতে যে সেই২ স্থান ও সেই২ লোকহইতে মঙ্গল প্রাপ্ত হইয়াছ তাহা পুনঃ২ স্মরণ কর। আর তোমাকে বিপদগ্রস্ত দেখিয়া অতিযত্ন পূর্ব্বক পরমেশ্বর কতবার কত২ উপায় স্থির করিয়াছেন তাহার প্রতি দৃষ্টি কর। আর তোমার আসন্নবিপদ জানিতে না পারিলেও তোমাকে বার২ চেতনা দিয়া যে কতবার রক্ষা করিয়াছেন তাহা কেবল নয় তোমার আসন্ন মৃত্যু হইতেও রক্ষা করিয়াছেন ইহা স্মরণ কর। আর তুমি যখন রোগেতে জীর্ণতম হইয়া চলৎশক্তি রহিত হইয়াছ তখন গৃহমধ্যে শয্যাতে শয়ন করিয়া ভাবিতা যে এইবার মরিলাম আর বাহিরে যাইতে পারিব না কিন্তু ঈশ্বর কৃপাতে তুমি যে সুস্থ হইয়া এখনো বাঁচিয়া আছ তাহা কেবল নয় পরমেশ্বরের কত২ অনুগ্রহ পাইতে পারিবা এমন অনেক২ বৎসর তোমার আয়ু অবশিষ্ট রহিয়াছে তাহাতে অভিলাষ হয় তো কতলো-

---

members, when as yet there was none of them," (Psalm cxxxix. 15, 16) not only fashioned them at first, but from that time has been concerned in keeping all your bones, so that "not one of them is broken." (Psalm xxxiv. 20) and that, indeed, it is to this you owe it, that you live. Look back upon the path you have trod, from the day that God brought you out of the womb, and say, whether you do not, as it were, see all the road thick set with the marks and memorials of the divine goodness. Recollect the places where you have lived, and the persons with whom you have most intimately conversed; and call to mind the mercies you have received in those places, and from those persons, as the instruments of the divine care and goodness. Recollect the difficulties and dangers, with which you have been surrounded; and reflect attentively on what God has done to defend you from them, or to carry you through them. Think, how often there has been but a step between you and death; and how suddenly God has sometimes interposed to set you in safety, even before you apprehended

কের মঙ্গল করিতে পারিবা। যেহেতুক পরমেশ্বর তোমার অবস্থা দেখিয়া ঐহিক বিষয়েতেও মঙ্গল করিয়াছেন এবং চতুর্দ্দিগেতে তোমার হিতচেষ্টক বন্ধুবান্ধবদিগের সহিত পরমেশ্বর যে কি প্রকারে এমন আত্মীয়তা ঘটাইয়াছেন, আর বার২ তাহাদিগকে প্রাণ শঙ্কটহইতে রক্ষা করিয়া তোমার সহিত আত্মীয়তার বৃদ্ধি করিয়াছেন, তাহাও বিবেচনা কর। আরো বলি, তাহাদের মধ্যে পরলোকগামি লোকদিগের মরণকালে ঈশ্বর প্রসন্ন হওয়াতে তাহারা এমন আনন্দপূর্ব্বক দেহত্যাগ করিয়াছে যে তাহা শুনিলে তাহাদের বিয়োগজন্য শোক দূরে পলায়ন করে।

আর পরমেশ্বর তোমাকে যে পরমার্থঘটিত বরপ্রদান করিয়াছেন, এবং তুমি পূর্ব্বে ঈশ্বরানুগ্রহ অপ্রাপ্তি সময়ে যে কি পর্য্যন্ত অশুচি ও দোষী ও দণ্ড্য ও আপদ্গ্রস্ত ছিলা, এবং

---

your danger. Think of those chambers of illness, in which you have been confined, and from whence, perhaps, you once thought you should go forth no more. God has, it may be, since that time, added many years to your life; and you know not how many may be in reserve, or how much usefulness and happiness may attend each. Survey your circumstances in relative life; how many kind friends are surrounding you daily, and studying how they may contribute to your comfort. And forget not, in how many instances, when these dear lives have been threatened, lives perhaps more sensibly dear than your own, God has given them back from the borders of the grave, and so added new endearments, arising from that tender circumstance, to all your after converse with them. Nor forget, in how gracious a manner he has supported some others in their last moments, and enabled them to leave behind a sweet odour of piety, which has embalmed their memories, revived you when ready to faint under the sorrows of the first separation, and, on the whole, made even the recollection of their death delightful.

But it is more than time, that I lead on your thoughts to the many spiritual mercies which God has bestowed upon you.

পরলোকে গিয়াই বা কেমন দুঃখগ্রস্ত হইতা, এসকল স্মরণ কর। আর পূর্ব্বে তুমি যখন সাংসারিক মায়াময় অন্ধকারেতে অন্ধের ন্যায় হইয়া মৃত্যুরূপ নদীর পাড়ের ধারে থাকিলেও কোন আপদের ভয় করিতা না তখন অন্যান্য ব্যক্তিদের ন্যায় অর্থাৎ যাহারা এই গত মুহূর্ত্তের মধ্যে প্রাণত্যাগ করিয়া অকস্মাৎ ঘটিত অনপেক্ষিত ঘোরতর নরকসাগরেতে মগ্ন হইয়া নানাপ্রকার যন্ত্রণা ভোগ করিতেছে তাহাদের ন্যায় তুমিও আশ্রয়হীন ও নিরাশ হইয়া অনিবার্য্য অশেষদায়গ্রস্ত হইতা, ইহা দেখিয়া দয়াময় সর্ব্বজ্ঞ পরমেশ্বর তোমার প্রতি কৃপাদৃষ্টি করিলেন; আর অনন্তকালাবধি তোমার মঙ্গলাকাঙ্ক্ষী হইয়া আপন প্রিয়পুত্র ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্টকে প্রেরণপূর্ব্বক তাঁহার রক্তপাতদ্বারা তোমার পরিত্রাণের একটি সুগম পথ প্রস্তুত করিলেন। তোমার ত্রাণের নিমিত্তে তিনি যে রূপ মূল্য দিয়াছেন তুমি যে তাহার কেমন অযোগ্য ও অপাত্র তাহা যদি মনে বিবে-

---

Reflect seriously on the state wherein divine grace found you: under how much guilt, under how much pollution! in what danger, in what ruin! Think what was, and O think with yet deeper reflection, what would have been the case! The eye of God, which penetrates into eternity, saw what your mind, amused with the trifles of present time and sensual gratification, was utterly ignorant and regardless of: it saw you on the borders of eternity, and pitied you: saw, that you would in a little time have been such a helpless, wretched creature, as the sinner that is just now dead, and has, to his infinite surprise and everlasting terror, met his unexpected doom, and would like him stand thunderstruck in astonishment and despair. This God saw, and he pitied you; and being merciful to you, he provided, in the counsels of his eternal love and grace, a Redeemer for you, and purchased you to himself with the blood of his Son; a price, which if you will pause upon it, and think seriously what it was, must surely affect you to such a degree, as to make you fall down before God in wonder and shame, to think that it should ever

চনা করিয়া দেখ, তবে বোধ হয় তুমি তাঁহার পদতলে পড়িয়া আশ্চর্য্য জ্ঞানেতে অবাক্ হইয়া থাকিবা। এই রূপে তোমার পরিত্রাণের নিমিত্তে তিনি যে তোমার হৃদয়েতে অনুগ্রহ প্রদান করিয়া মনের তাবৎ অন্ধকার দূর করিয়া নিজদীপ্তিতে মনকে দীপ্তিময় করিয়াছেন, তাহা কেবল নয়, মনের মধ্যে পবিত্রআত্মা প্রেরণ করিয়াও তোমার শুভদশা ঘটাইয়াছেন। আর এই সকল বিবরণ শ্রবণ করিলে যে প্রেম উথলিয়া তরঙ্গ বহিতে থাকে এমন প্রেম তোমার মনের মধ্যে স্থাপিত করিলেন। অতএব তুমি যে আজিপর্য্যন্ত বর্ত্তমান থাকিয়া বল-বান্ হইয়া ধর্ম্ম পথে এতদূর পর্য্যন্ত আসিয়াছ সে কেবল তাঁহার অনুগ্রহের সাহায্যেতে। আর তিনি যে তোমার প্রতি আশীর্ব্বাদ করিয়াছেন তাহা কেবল নয় পরের প্রতি একটি আশীর্ব্বাদস্বরূপ তোমাকে নিরূপণ করিয়াছেন; তাহাতে তোমার অন্তঃকরণ স্বচ্ছলতাতে এমনি পরিপূর্ণ হইয়াছে যে তুমি যদ্যপি আপনহইতে সকল উপকার করিতে না পার তথাচ পরতঃ লোকের মঙ্গল করিয়া থাক। আর তোমার ফলবান্ চেষ্টাদ্বারা ঈশ্বরানুগ্রহেতে পাপিষ্ঠ দুর্ম্মতি দুঃখি লোকদিগকে ও

---

have been given for you. To accomplish these blessed purposes, he sent his grace into your heart; so that, though you were once darkness, you are now light in the Lord. (Eph. v. 8.) He made that happy change which you now feel in your soul, and by his holy Spirit which is given to you, he shed abroad that principle of love, (Rom. v. 5) which is enkindled by this review, and now flames with greater ardour than before. Thus far he has supported you in your Christian course; and having obtained help from him, it is, that you continue even to this day. (Acts xxvi. 22.) He has not only blessed you, but made you a blessing: (Gen. xii. 2) and though you have not been so useful, as that holy generosity of heart which he has excited, would have engaged you to desire; yet some good you have done in the station in which he has fixed you. Some of your brethren of mankind have been relieved, perhaps too some thoughtless creature re-

তুমি স্বর্গ পথে গমন করাইতেছ এবং ঈশ্বর তাহাদিগকে আপন পথে লইয়া প্রাহ্য করিতেছেন। অতএব তাহারা এই মহামঙ্গল প্রাপ্ত হওয়াতে তোমার কাছে উপযুক্ত রূপে কৃতজ্ঞতা স্বীকার করিবার জন্যে সেস্থানে তোমার গমনের অপেক্ষা করিতেছে।

হে বন্ধো এখন এই যে সকল ঐহিক পারমার্থিক বিষয় প্রাপ্ত হইয়াছ ও দেহত্যাগানন্তর যে২ বিষয় পাইবা সে সকলের প্রতি দৃষ্টি কর। আর অজ্ঞেয় অনন্ত সুখ প্রাপ্তির নিমিত্তে খ্রীষ্টের অনুরোধে যাঁহার আশ্রয় পাইয়া তোমার জীবাত্মা তাবৎ দুঃখ হইতে মুক্ত হইয়া পরমানন্দ ও পবিত্র-আত্মাতে পরিপূর্ণ হইয়া এই সকল মঙ্গল প্রাপ্ত হইয়াছে সেই সচ্চিদানন্দ পরমেশ্বরের নিকটে যাইবা, তাহা কেবল নয়, তোমার উত্থান দিবসে যখন তিনি মহামহৈশ্বর্য্য যুক্ত ও জয়যুক্ত হইয়া আসিবেন, তখন তুমি অনিত্যশরীর পরিত্যাগ করিয়া খ্রীষ্টের সদৃশ অক্ষয় ও তেজস্কর দেহ ধারণ

---

claimed to virtue and happiness by his blessing on your endeavours. Some, in the way to heaven, are praising God for you; and some perhaps already there, are longing for your arrival, that they may thank you in noble and more expressive forms for benefits, the importance of which they now sufficiently understand, though while here they could never conceive it.

Christian, look round on the numberless blessings of one kind, and of another, with which you are already encompassed; and advance your prospect still farther, to what faith yet discovers within the veil. Think of those now unknown transports with which thou shalt drop every burden in the grave, and thine immortal spirit shall mount, light and joyful, holy and happy, to God, its original, its support, and its hope; to God, the source of being, of holiness, and of pleasure; to Jesus, through whom all these blessings are derived to thee, and who will appoint thee a throne near his own, to be for ever the spectator and partaker of his glory. Think of the rapture with which thou shalt attend this triumph in the resurrection-day, and receive this poor mouldering corruptible body transformed into his glorious image; and then think, " These hopes are not mine alone, but the hopes of

পূর্ব্বক তাঁহার এক জন সঙ্গী হইবা, এ সকল কথা স্মরণ কর। কিন্তু তুমি যে একাকী এমত সুখ সম্ভোগ করিবা তাহা নয়, যেখানে যত খ্রীষ্টের সেবক আছে তাহার মধ্যে কেহ অগ্রগত হউক আর বর্ত্তমানই বা থাকুক সকলেরি যে এরূপ সুখ সম্ভোগের প্রত্যাশা আছে ইহাও মনে২ চিন্তা কর; কেননা এই সকল বিষয়ের কথা বার্ত্তার উল্লেখ শুনিলে অন্তঃকরণ গলিয়া হৃদিমধ্যে যে কেমন আনন্দের তরঙ্গ খেলে তাহা বলিয়া জানাইতে হয় না, অশ্রুপাতদ্বারাই প্রকাশ পায়, কিন্তু সেই তরঙ্গে নির্লিত যে পরমেশ্বরের সিংহাসনস্থ অমৃতনদী তাহার অমৃত সে সকলেই নিত্য২ পান করিবে।

আর যাহারা দেহত্যাগ করিয়া স্বর্গ লোক প্রাপ্ত হইয়াছে তাহাদের সহিত এখনও তোমার সম্বন্ধ আছে, যে হেতুক খ্রীষ্টের নিত্য প্রেমরজ্জুতে যে আত্মীয়তারূপ বন্ধন দেওয়া গিয়াছে তাহাতো কস্মিন কালে খুলিবার নয় মৃত্যুদ্বারাতেও সে বন্ধনের ছেদন হইতে পারে না। অতএব যাহাদিগের সহিত তোমার এত প্রেম তাহারা যে এমন সুখ সম্ভোগ করিতেছে এখন

---

thousands and millions. Multitudes, whom I number among the *dearest of my friends upon the earth, are rejoicing with me in* these apprehensions and views; and God gives me sometimes to see the smiles on their cheeks, the sweet humble hope that sparkles in their eyes, and shines through the tears of tender gratitude; and to hear that little of their inward complacency and joy, which language can express. Yea, and multitudes more, who were once equally dear to me with those, though I have laid them in the grave, and wept over the dust, are living to God, living in the possession of inconceivable delights, and drinking large draughts of the water of life, which flows in perpetual streams at his right hand."

O Christian, thou art still intimately united and allied to them. Death cannot break a friendship thus cemented, and it ought not to render thee insensible to the happiness of those friends, for whose memory thou retainest so just an honour. They live to God, and are his servants; they "serve him, and see his face;" (Rev. xxii. 3, 4) and they make but a small part of that glori-

কি সে বিষয় স্মরণ করা উচিত হয়না। দেখ তাহারা জগদীশ্বরের শ্রীমুখ সন্দর্শন করিতেছে, তাহা কেবল নয়, তাঁহার সেবক হইয়া অবিচ্ছেদে তাঁহার সহিত বাস করিতেছে; আর ইহা কিছু দুই এক জন এমন নয়, তোমার প্রেমের যোগ্য কত লক্ষ২ লোক সেস্থানে আছে, তুমি কি তাহাদিগের মত আনন্দেতে আনন্দিত হইবা না? আর যে ধর্ম্মরূপ সাগর হইতে আনন্দ ও পবিত্রতা ইত্যাদি স্রোতঃ জন্মে সেই ধর্ম্ম সমুদ্রকে অর্থাৎ ঈশ্বরকে তুমি কি ধন্যবাদ করিবা না? আর অনন্ত ঐশ্বর্য্য ও সুখেতে সুখী যে সকল দূতগণ তাহারা মনুষ্যদিগের প্রতি বিশেষতঃ তোমার প্রতি যে এত অনুকূল হইয়া ঈশ্বর সেবার্থে তোমাকে এক জন স্বর্গের অধিকারী জানিয়া ক্রোড়ে করিতেছে, তাহা দেখিয়া তুমি কি তাহাদের আনন্দেতে আনন্দিত হইবা না? এবং তাহাদিগকে স্বর্গেতে বাসস্থান দিয়া যে ঈশ্বর এত পর্য্যন্ত সুখ যোগাইতেছেন তাঁহার ধন্যবাদ কি তুমি করিবা না?

যাহারা স্বর্গ পুরীমধ্যে অনন্ত সুখ সম্ভোগে থাকিয়া ঈশ্বর সিংহাসনের চতুর্দ্দিগেতে দণ্ডায়মান পূর্ব্বক সর্ব্বদা তাঁহার ধন্য-

---

ous assembly. Millions, equally worthy of thine esteem and affection with themselves, inhabit those blissful regions; and wilt thou not rejoice in their joy? And wilt thou not adore that everlasting spring of holiness and happiness, from whence each of these streams is derived? Yea, I will add, while the blessed angels are so kindly regarding us, while they are ministering to thee, O Christian, and bearing thee in their arms, as an heir of salvation, (Heb. i. 14) wilt thou not rejoice in their felicity too? And wilt thou not adore that God, who gives them all the superior glory of their more exalted nature, and gives them a heaven, which fills them with blessedness, even while they seem to withdraw from it, that they may attend on thee.

This, and infinitely more than this, the blessed God is, and was, and shall ever be. The felicities of the blessed spirits that surround his throne, and thy felicities, O Christian, are immortal. These heavenly luminaries shall glow with an undecaying flame, and thou shalt shine and burn among them, when the sun

বাদ করিতেছে, তাহাদের সদৃশ সুখ সম্ভোগ ও চিরজীবিত্ব তোমাতেও হইবে। অতএব স্বর্গস্থ ছুতরূপ দীপ শিখা যেমন উত্তরোত্তর প্রজ্বলিত হইতেছে তদ্রূপ চন্দ্র সূর্য্য নক্ষত্রাদি নষ্ট হইলেও তুমি নষ্ট হইবা না। তেজোময় পিতা তোমাকে তেজঃস্বী করিলে সেই তেজে নিত্য২ তোমার সুখবৃদ্ধি হইবে। অতএব হে পরমেশ্বরের সন্তান এই বিভবের উত্তরাধিকারী যে তুমি এখন হাঁটুপাতিয়া কায়মনোবাক্যে ঈশ্বরের প্রতি ভক্তি কর এবং বর্ত্তমান ও ভবিষ্যৎ সুখের নিমিত্তে আনন্দ কর। এই রূপে ঈশ্বরকে প্রণাম করিয়া হৃদয় মধ্যে তাঁহার অনুগ্রহ প্রাপ্ত হইয়া ধূপের ন্যায় মুখে তাঁহার প্রশংসা করিয়া স্বর্গের ন্যায় পৃথিবীতেও কর্ম্ম করিতে আরম্ভ কর।

সাংসারিক ও পারমার্থিক আশীর্ব্বাদের নিমিত্তে মন কৃতজ্ঞ ও আনন্দিত হইয়া ঈশ্বরের সাক্ষাতে বিস্তারিত-রূপে ভক্তি ও প্রশংসা করিয়া প্রার্থনা করিতেছে।

হে আমার ঈশ্বর, আমি তোমার ধ্যান করিয়া দীপ্তিমান্

---

and the stars are gone out. Still shall the unchanging Father of lights pour forth his beams upon them ; and the lustre they reflect from him, and their happiness in him, shall be everlasting, shall be ever growing. Bow down, O thou child of God, thou heir of glory, bow down, and let all that is within thee unite in one act of grateful love ; and let all that is around thee, all that is before thee in the prospects of an unbounded eternity, concur to elevate and transport thy soul ; that thou mayest, as far as possible, begin the work and blessedness of heaven, in falling down before the God of it, in opening thine heart to his gracious influences, and in breathing out before him that incense of praise, which these warm beams of his presence and love have so great a tendency to produce, and to ennoble with a fragrancy resembling that of his paradise above.

The grateful Soul rejoicing in the Blessings of Providence and Grace and pouring out itself before God *in vigorous and affectionate Exercises of Love and Praise.*

"O my God, it is enough! I have mused, and 'the fire burneth!'

হওয়াতে বড় সুখী হইয়াছি। কিন্তু এখন কিপ্রকারে বাক্যরূপ শিখা নির্গত হইবে। আমি তোমার গুণ ও আশ্চর্য্য ক্রিয়া ও ভক্তি ও প্রশংসা করিতেছি তদ্ভিন্ন আর কি করিব। আমার মনোরূপ পাত্র পরিপূর্ণ আছে তাহা ঢালিয়া পুনর্বার পরিপূর্ণ করিতে পারি। হে পরমেশ্বর তুমিই আমার আশ্রয়, ও আমার উপকারক ও গৌরব স্বরূপ এবং আমার উচ্চপদদাত, আমি তোমার কৃত পরিত্রাণেতে বড় আনন্দিত হই এবং তোমার পবিত্রআত্মার অনুগ্রহে তোমার সঙ্গে যখন আলাপ করি তৎকালে আমার অন্তঃকরণে নানাপ্রকার সুখোদয় হয়। সহস্র ২ উনইয়ের জলস্রোতের ন্যায় আনন্দ আসিয়া আমার মনকে পরিপূর্ণ করে। তাহাতে আমি সপ্তাহের কিম্বা একমা-সের সুখ একনিমিষের মধ্যে পাই।

হে পরমেশ্বর তুমি আমার মনকে সৃষ্টি করিয়াছ, ইহাতেই তোমার ধন্যবাদ করিতেছি এবং আমার সৃষ্টিকর্ত্তা ঈশ্বরের অন্বেষণ কি প্রকারে করিতে হয় তাহা আমাকে উত্তম রূপে শিক্ষা দিয়াছ। তদ্ভিন্ন আমার মনকে বিদ্যারূপ অলঙ্কারে অলঙ্কৃত করিয়াছ, এবং উত্তম ভূমিতে উত্তম বৃক্ষের ন্যায়

O Christian, although your heart trembles at that day, yet your spirit may rejoice in it as the day of the Lord? He justly expects, that your thoughts should be greatly elevated and impressed with the views of his triumph; but at the same time he permits you to remember your own personal share in the joy and glory of that blessed day: and even now he has the view before him, of what his power and love shall then accomplish for your salvation. And what shall it not accomplish? He shall come to break the bars of the grave, and to re-animate your sleeping clay Your bodies must indeed be laid in dust, and be lodged there as a testimony of God's displeasure against sin; against the first sin that man ever committed, from the sad consequences of which the dearest of God's children cannot be exempted. But you shall then have an ear to hear the voice of the Son of God, and an eye to behold the lustre of his appearance; and shall shine forth like the sun (Matt. xiii. 43) arising in the clear heaven, "which is as a bridegroom coming out of his chamber." (Psa. xix. 5.) Your soul shall be new dressed, to grace this high solemnity; and be

ঈশ্বরের পুত্রের রব শুনিয়া এবং সূর্য্যের ন্যায় তাঁহার তেজোময় মূর্ত্তি দর্শন করিয়া তোমরাও নির্ম্মল আকাশে তেজোময় হইবা। তৎকালে তোমাদের আত্মা নূতন বেশ ধারণ করিবে অর্থাৎ শারীরিক পরিচ্ছদান্বিত না হইয়া বিভবরূপ পরিচ্ছদ বিশিষ্ট হইবে। কেননা তিনি আপন শরীরের সদৃশ তোমাদের তেজোময় শরীর নির্ম্মাণ করিবেন। এক্ষণে তোমাদের নিন্দা ও কলঙ্ক হইতেছে এবং শত্রুগণ তোমাদের প্রতি নানা দোষ আরোপ করিতেছে; কিন্তু তৎকালে খ্রীষ্ট দীপ্তির ন্যায় তোমাদের ধর্ম্ম ও উজ্জ্বল প্রদীপের ন্যায় তোমাদের পরিত্রাণ প্রকাশ করিবেন। এবং তাবৎ পাপিকে মলের ন্যায় পরিত্যাগ করিয়া সকলের সাক্ষাতে তোমাদিগকে ধার্ম্মিকরূপে স্বীকার করিবেন। তখন তোমরা প্রভুর পুণ্যে পুণ্যবান্ হইয়া কেবল অনুগ্রহে নয় কিন্তু ন্যায়েতে জীবনরূপ মুকুট পাইবা। এবং

---

clothed, not with the rags of mortality, but with the robes of glory; for he "shall change this vile body, to fashion it like his own glorious body." (Phil. iii. 21.) And when you are thus royally arrayed, he shall confer public honours on you, and on all his people, before the assembled world. You may now perhaps be loaded with infamy, called by reproachful names, and charged with crimes or with views which your very soul abhors: but he will then "bring forth your righteousness as the light," (Psalm xxxvii. 6) "and your salvation as a lamp that burneth." (Isa. lxii. i.) Though you have been dishonoured by men, you shall be acknowledged by God; and though treated as the filth of the world, and the off-scouring of all things, (1 Cor. iv. 13) he will shew you that he regards you, "as his treasure in the day that he makes up his jewels." (Mal. iii. 17.) When he shall "put away all the wicked of the earth like dross," (Psa. cxix. 119) you shall be pronounced righteous in that full assembly; and though indeed you have broken the divine law, and might in strict justice have been condemned, yet being clothed with the righteousness of the great Redeemer, even "that righteousness which is of God by faith," (Phil. iii. 9) justice itself shall acquit you, and join with mercy in "bestowing upon you a crown of life." (2 Tim. iv. 8.) Christ will "confess you before men and angels,"

খ্রীষ্ট দূতগণের সাক্ষাতে তোমাদিগকে উত্তম ভৃত্য রূপে স্বীকার করিয়া আপন আনন্দময় স্থানে প্রবেশ করিতে দিবেন। এবং ভ্রাতৃতুল্য জ্ঞান করিয়া তোমাদের সহিত সদালাপ করিবেন, এবং আপন লোকদ্বারা যে২ কর্ম্ম সম্পন্ন হইয়াছে তাহা আপন কৃত বলিয়া স্বীকার করিবেন। অতএব যদ্যপি এই সংসারে তোমরা সভামধ্যে নীচের ন্যায় নীচস্থানে বৈস তথাপি তৎকালে ঈশ্বরের সিংহাসনে প্রভুর সহিত একত্র বসিবা।

একদিনে জয় ও আনন্দ ঘটিবে, তাহা কেবল নয়, বিচার কর্ত্তা উপস্থিত হইলে পর তোমরা তাঁহার সহিত স্বর্গারোহণ করিয়া তাঁহার ও তোমাদের পিতার এবং তাঁহার ও তোমাদের ঈশ্বরের সহিত এক সিংহাসনে বসতি করিবা। এবং তেজোময় শরীর বিশিষ্ট হইয়া স্বর্গারোহণ করিয়া সম্পূর্ণ আনন্দে আনন্দিত ও ঈশ্বরের সাক্ষাতে সম্পূর্ণ সুখে সুখী ও তৃপ্ত হইবা। এবং পরলোকগামিরা যে২ সুখের অপেক্ষা করিতেছে তাহা

(Luke xii. 8) will pronounce you good and faithful servants, and call you to enter the joy of your Lord: (Matt. xxv. 21) he will speak of you with endearment as his brethren, and will acknowledge the kindnesses which have been shewn to you, as if he had received them in his own person, (Matt. xxv. 40.) Yea, then shall you, O Christian, who may perhaps have sat in some of the lowest places, *in our assemblies, though (it may be) none of the* rich and great of the earth would condescend to look upon or to speak to you, be called to be assessors with Christ on his judgment-seat, and to join with him in the sentence he shall pass on wicked men, and rebellious angels.

Nor is it merely one day of glory and triumph. But when the Judge arises, and ascends to his Father's court, all the blessed shall ascend with him, and you among the rest: you shall ascend together with your Saviour, to his Father and your Father, to his God and your God. (John xx. 17.) You shall go to make your appearance in the New Jerusalem, in those new shining forms that you have received, which will no doubt be attended with a correspondent improvement of mind; and take up your perpetual abode in that fulness of joy, with which you shall be filled and satisfied in the presence of God, (Psalm xvi. 11) upon the con-

সম্পূর্ণরূপে পাইবা। এবং যেস্থানে নূতন স্বর্গ ও নূতন পৃথিবী এবং কেবল ধর্ম্ম আছে সেইদেশে প্রবেশ করিবা। সেস্থানে পরমেশ্বরের মনোনীত লোকসকল একত্রীকৃত হইলে প্রত্যেকের মনের আনন্দ পরিপূর্ণ হইবে। এবং মণ্ডলী সকল ঈশ্বরের সাক্ষাতে কন্যার ন্যায় ও খ্রীষ্ট বরের ন্যায় হইবেন তাহাতে কোন দোষ দৃষ্ট হইবে না। তিনি আপন রক্তদিয়া যে প্রকার পরিষ্কৃত করিতে চাহিবেন তদ্রূপই করিবেন। তাহাতে তোমিরা যুগযুগান্ত পর্য্যন্ত নির্ব্বিকার হইয়া প্রভুর সহিত বাস করিবা। তাহাতে তোমাদের সুখের ন্যূনতা না হইয়া বরং বৃদ্ধি হইবে। এবং যিনি তাবৎ সুখের উনুইস্বরূপ তিনি তোমাদের নিকটবর্ত্তী থাকিবেন।

এখন বিবেচনা করিয়া দেখ, পৃথিবী ও তন্মধ্যস্থ বস্তুর মধ্যে এমত কি আছে যে তাহার নিমিত্তে, হে প্রভো আর কিছু কাল বিলম্ব কর, এমত কহিতে পার? বরং বিবেচনা

---

summation of that happiness, which the saints in the intermediate state have been wishing and waiting for. You shall go, from the ruins of a dissolving world, to the new heavens and new earth, wherein righteousness for ever dwells. (2 Peter iii. 13.) There all the number of God's elect shall be accomplished, and the happiness of each shall be completed. The whole society shall be presented before God, as the bride, the Lamb's wife, (Rev. xxi. 9) whom the eye of its celestial bridegroom shall survey with unutterable delight, and confess to be without spot or wrinkle, or any such thing; (Eph. v. 27) its character and state being just what he *originally* designed it to be, when he first engaged to give himself for it, to redeem it to God by his blood. (Rev. v. 9.) So shall you ever be with each other, and with the Lord; (1 Thess. iv. 17) and immortal ages shall roll away, and find you still unchanged: your happiness always the same, and your relish for it the same; or rather ever growing, as your souls are approaching nearer and nearer to him, who is the source of happiness, and the centre of infinite perfection.

And now, look round about upon earth, and single out if you can, the enjoyment or the hopes, for the sake of which you would say, Lord, delay thy coming; or for the sake of which you any more

করিয়া সেই সুখের প্রত্যাশাতে হে প্রভো শীঘ্র আইস এ কথা কহিতে পার।

স্বর্গীয় সুখের বিবেচনাতে খ্রীষ্টীয়ানের সুখ ও প্রার্থনা।

হে প্রভো আমার মন স্বর্গীয় সুখের বিবেচনাতে অগ্নিশিখার ন্যায় প্রজ্বলিত হইতেছে, কিন্তু আমি ত্বরায় আসিতেছি ইহা তুমি আপনি কহিয়াছ। অতএব হে প্রভো এখন ত্বরায় আইস, কেননা এই নীচ ও পাপিষ্ঠ সংসার পরিত্যাগ এবং তদ্বিষয়ক পরিশ্রম ও ক্লেশ ও ফাঁদ হইতে পলায়ন করিতে আমার একান্ত ইচ্ছা। এবং তুমি আইলে তোমার সাক্ষাতে স্বর্গারোহণ ও রাজধানী দর্শন করিতেও আমার বাঞ্ছা হইতেছে।

হে প্রভো যীশু তোমার অনুগ্রহেতে আমার শত্রু যে মৃত্যু সেও মিত্র হইয়াছে। আমি স্বর্গীয় রাজাকে দেখিয়া ভয়ানক মৃত্যুরূপ রাজাকে আর ভয় করি না। হে প্রভো আমি তোমার পদাপণের ধ্বনি শুনিতেছি তুমি আমার নিকটবর্ত্তী হইয়াছ। অতএব আমার কারাগারের দ্বার মুক্ত কর, তাহাতে আমার আত্মা দ্রুত গিয়া তোমার চরণে ধরিবে। হে প্রভো আমি

---

should hesitate to express your longing for it, and to cry, Even so come, Lord Jesus, come quickly!

The MEDITATION *and* PRAYER *of a* CHRISTIAN *whose heart is warmed with these Prospects.*

"O BLESSED LORD! My soul is enkindled in these views, and rises to thee in the flame. (Judg. xiii. 20.) Thou hast testified, thou comest quickly: and I repeat my joyful assent, 'Amen, even so, come, Lord Jesus.' (Rev. xxii. 20.) Come, for I long to have done with this low life; to have done with its burdens, its sorrows, and its snares! Come, for I long to ascend into thy presence, and to see the court thou art holding above!

"Blessed Jesus! death is transformed, when I view it in this light. The king of terrors is seen no more as such, so near the King of glory, and of grace. I hear with pleasure the sound of thy feet, approaching still nearer and nearer: draw aside the veil, whenever thou pleasest: open the bars of my prison, that my

তোমাকে না দেখিলেও তোমাতে বিশ্বাস করিয়া অনির্ব্বচনীয় স্বর্গের তুল্য আনন্দে আনন্দিত হইতেছি। তুমি আমাকে জীবনের পথ দেখাইয়া তোমার সম্পূর্ণ আনন্দ ও সুখময় ধামে লইয়া যাও। এবং যাহাদের শরীর ধুলাতে মিশ্রিত হইলেও আত্মা তোমার সহিত জীবৎ থাকে তোমার সেই দাসগণের সহিত আমাকে স্থান দেও। তাহাদের মধ্যে অনেক মিত্রতা করিয়া আমার নিমিত্তে তোমার প্রতি অনেক পরিশ্রম করিয়াছে ও তোমার রাজ্যে অনেক ক্লেশ সহ্য করিয়াছে। অতএব হে প্রভো আমার সেই প্রিয়তম সখা ও ভ্রাতৃগণকে তুমি কেমন তেজস্বী ও সুখী করিয়াছ তাহা আমাকে দেখাও। আমরা যাহাদিগকে মৃত বলিয়া থাকি তাহারা কিপ্রকার জীবৎ থাকিয়া আরাধনাদি সৎকর্ম্ম করিতেছে তাহা আমাকে দেখাও। তাহাতে আমি তোমার এমত অনুগ্রহ পাইয়া তোমার প্রশংসা করিব। হে প্রভো এখন আমাকে তাহাদের সহিত তাহাদের মত সুখ সম্ভোগ ও সৎকর্ম্ম ও নিত্য২ প্রেমের গান করিতে দেও।

---

eager soul may spring forth to thee, and cast itself at thy feet; at the feet of that Jesus, 'whom having not seen I love; and in whom, though now I see thee not, yet believing, I rejoice with joy unspeakable, and full of glory!' (1 Peter i. 8.) Thou, Lord, shalt shew me the path of life: thine hand shall guide me to thy blissful abode, where there is fulness of joy, and rivers of everlasting pleasure. (Psalm xvi. 11.) Thou shalt assign me a habitation with thy faithful servants, whose separate spirits are now living with thee, while their bodies sleep in the dust. Many of them have been my companions in thy laborious work, and in the patience and tribulation of thy kingdom; (Rev. i. 9.) my dear companions, and my brethren. O shew me, blessed Saviour, how glorious and how happy thou hast made them! Shew me to what new forms of better life thou hast conducted them, whom we call the dead! In what nobler and more extensive services thou hast employed them; that I may praise thee better than I now can, for thy goodness to them! And O give me to share with them in their blessings and their services, and to raise a song of grateful love, like that which they are breathing forth before thee!

হে প্রভো আমি পরলোকে গিয়া এমত সুখ পাইলে আরো উত্তম ২ সুখের অপেক্ষা করিব। এবং তোমার আগমনে যে সুখ হইবে তাহারো অপেক্ষা করিব এবং যে দিনে তোমার তাবৎ কর্ম্ম যাথার্থিক ও তোমার জয় সম্পূর্ণ হইবে এবং তোমার দাস গণের কবরহইতে উত্থান ও পরাজিত মৃত্যুর নাশ হইবে সেই বিচারের দিবসে আমি এই সকল কর্ম্ম দেখিব। এবং আমার নিমিত্তে যে সম্ভ্রম ও অন্যান্য লোকদের জন্যে যে সুখ প্রস্তুত করিয়াছ তাহার দর্শনাকাঙ্ক্ষী হইব। আর হে প্রভো আইস ত্বরায় আইস এ কথা তোমার অনুগ্রহেতে রক্ষিত লক্ষ ২ পবিত্র লোক • উচ্চৈঃস্বরে গান করিবে।

হে আমার স্বর্গীয় প্রভো তুমি আমার অন্তঃকরণে প্রত্যাশা জন্মাইয়াছ তন্নিমিত্তে আমি যে কৃতজ্ঞতা ও ধন্যবাদ করিতেছি তাহা গ্রহণ কর। তুমি আমার মনে আনন্দ ও স্বর্গ প্রাপ্তির অভিলাষ জন্মাইয়াছ কিন্তু যদ্যপি না জন্মাইতা তবে আমার মন এই সাংসারিক সুখভোগে মগ্ন হইয়া মর্ত্ত্য ও

"Yet, O my blessed Redeemer, even there will my soul be aspiring to a yet nobler and more glorious hope; and from this as yet unknown splendour and felicity, shall I be drawing new arguments to look and long for the day of thy final appearance. There shall I long more ardently than I now do, to see thy conduct vindicated, and thy triumph displayed; to see the dust of thy servants re-animated, and death, the last of their enemies and of thine, 'swallowed up in victory.' (1 Cor. xv. 26, 54.) I shall long for that superior honour that thou intendest me, and that complete bliss to which the whole body of thy people shall be conducted. Come, Lord Jesus, come quickly, will mingle itself with the songs of paradise, and sound from the tongues of all the millions of thy saints, whom thy grace has transplanted thither.

"In the mean time, O my Divine Master, accept the homage which a grateful heart now pays thee, in a sense of the gloriou hopes with which thou hast inspired it! It is thou who hast pu this joy into it, and hast raised my soul to this glorious ambition whereas I might otherwise have now been grovelling in the lowes

মহাবিচারের দিনে বড় ভীত হইত। কিন্তু তোমার অনুগ্রহে এখন আনন্দিত হইয়া সেই দিনের অপেক্ষা করিতেছি।

হে প্রভো অন্তিম কাল পর্য্যন্ত আমার নিকটস্থ হও এবং যাবৎ তোমার পরিত্রাণের অপেক্ষা করি তাবৎ যেন তোমার আজ্ঞা পালন করিতে পারি এই উপকার কর। এবং চিরকাল যেন আমার কটি বদ্ধ থাকে ও আমার প্রদীপ প্রজ্বলিত থাকে ও আমার কর্ণ তোমার আগমনের প্রথম লক্ষণ গ্রহণ করিতে উদ্যোগী থাকে ও আমার মন তোমার দর্শনে সুখি হয় এবং এই দুর্ব্বল পাপিষ্ঠ শরীর নষ্ট হইলে স্বর্গীয় ঐশ্বর্য্য ও তেজ ধারণ করিতে আমার মন যেন শক্তিমান্ হয় এই আমার প্রার্থনা।

২৪ অধ্যায়।

মরণ সময়ে খ্রীষ্টীয়ান লোক কেমন ব্যবহার দ্বারা ঈশ্বরের মহিমা প্রকাশ করে তাহার বিবরণ।

হে আমার প্রিয় পাঠক খ্রীষ্টীয়ানদের ধর্ম্ম পথে যে২ ঘটনা তাহার অনেক আমি প্রকাশ করিয়াছি অর্থাৎ

---

trifles of time and sense, and have been looking with horror on that hour, which is now the object of my most ardent wishes.

"O be with me always, even to the end of this mortal life. And give me, while waiting for thy salvation, to be doing thy commandments. May 'my loins be girded about, and my lamp burning;' (Luke xii. 35) and mine ears be still watchful for the blessed signal of thine arrival: that my glowing soul may with pleasure spring to meet thee, and be strengthened by death to bear those visions of glory, under the ecstasies of which feeble mortality would now expire!"

CHAPTER XXIV.

THE CHRISTIAN HONOURING GOD BY HIS DYING BEHAVIOUR.

Thus, my dear reader, I have endeavoured to lead you through a variety of circumstances; and those not fancied or imaginary,

যে পথে আপনি গমন করিয়াছি ও করিতেছি এবং মৃত্যুপর্য্যন্ত করিতে উদ্যোগী আছি তাহাই তোমাকে দেখাইয়াছি ইহা আমি যথার্থ কহিতে পারি। এবং যে ভীতের উপরে আপনি ভার দিয়াছি সেই ভীতরূপ খ্রীষ্টের উপরে নির্ভর দিতে তোমাকেও কহিয়াছি। আর যে সুখের জন্যে তোমার উপকারে রত হইয়াছি তাহারও চেষ্টা করিতে তোমাকে বিনয় করিয়াছি। আমি যাবজ্জীবন সেই সুখভোগের চেষ্টাতে আছি। কেননা ঈশ্বরের প্রতি প্রেম ও নিত্য২ তাঁহার সেবা ও পর কালীয় অনন্ত সুখের অপেক্ষা এই সকল সাংসারিক তাবৎ সুখ হইতেও শ্রেষ্ঠ। অতএব আমি যদি এই মত লক্ষ২ জগতের অধিকার পাই তথাপি এই সুখের নিমিত্তে সে সমস্ত দিতে পারি এবং যাবজ্জীবন সেই সুখভোগ করিতে সে সকল পরিত্যাগ করিতে পারি।

এই সকল কথা পাঠ করিয়া যদি খেদ করিয়া থাক

---

but such as do indeed occur in the human and christian life. And I can truly and cheerfully say, that I have marked out to you the path which I myself have trod, and in which it is my desire still to go on. I have ventured my own everlasting interests on that foundation, on which I have directed you to adventure yours. What I have recommended, as the grand business of your life, I desire to make the business of my own: and the most considerable enjoyments which I expect or desire in the remaining days of my pilgrimage on earth, are such as I have directed you to seek, and endeavoured to assist you in attaining. Such love to God, such constant activity in his service, such pleasurable views of what lies beyond the grave, appear to me, (God is my witness,) a felicity incomparably beyond any thing else which can offer itself to our affection and pursuit: and I would not for ten thousand worlds resign my share in them, or consent even to the suspension of the delights which they afford, during the remainder of my abode here.

I would humbly hope, through the divine blessing, that the

তবে সে খেদ বৃথা হইবে না; ফলতঃ জীবন ও শান্তি পথে যদি প্রবেশ না করিয়া থাক তবে প্রবেশ করিবা কিম্বা যদি প্রবেশ করিয়া থাক তবে শীঘ্র গমন করিবা, আমি সর্ব্বদা এই প্রত্যাশা করিতেছি। যাবজ্জীবন তোমার উপকার করিতে আমি বড় আনন্দিত হই; তদ্ভিন্ন মৃত্যু বিষয়ে এক গুরুতর কথা আছে বলি শুন। ভয়ানক মৃত্যুচ্ছায়ার নিকটে গমন করিতে হইবে অতএব তদ্বিষয়ে কিছু উপকার করিতে বাঞ্ছা করি। তুমি খ্রীষ্ট নামের সুখ্যাতির নিমিত্তে ও তোমার মনের সুখের জন্যে এবং বন্ধুবান্ধবের আনন্দ ও ধর্ম্মবৃদ্ধির নিমিত্তে মৃত্যু কালে নির্ভয় হও। তাহা কেবল নয় খ্রীষ্টীয়ান ধর্ম্মের গুণ ও ক্ষমতা প্রকাশ কর এই আমার প্রার্থনা। এই নিমিত্তে আমি উপদেশ দিতেছি। কিন্তু ঈশ্বরের ইচ্ছাতে হয়তো তোমার মৃত্যু সময়ে কোন বাধা প্রযুক্ত আমার এই সকল উক্ত কথা পালন করিতে পারিবা না ইহা আমি জানি। কেননা হয়তো হঠাৎ তোমার মৃত্যু উপস্থিত হইবে। কোন ঘটনাদ্বারা এত শীঘ্র তোমার স্বর্গারোহণ হইবে যে

---

hours you have spent in the review of these plain things, may have turned to some profitable account; and that in consequence of what you have read, you have been either brought into the way of life and peace, or been induced to quicken your pace in it. Most heartily should I rejoice in being further useful to you, and that even to the last. Now there is one scene remaining; a scene, through which you must infallibly pass; which has something in it so awful, that I cannot but attempt doing a little to assist you in it: I mean the dark valley of the shadow of death. I could earnestly wish, that for the credit of your profession, the comfort of your own soul, and the joy and edification of your surviving friends, you might die, not only safely, but honourably too: and therefore I would offer you some parting advice. I am sensible, indeed, that Providence may determine the circumstances of your death in such a manner, as that you may have no opportunity of acting upon the hints I now give you. Some unexpected accident from without or from within, may as it were whirl you

মৃত্যুভোগ না করিয়া সশরীরে স্বর্গে আইলাম তোমার এমত বোধ হইবে। যদ্যপি তাহা না হয় তবে কোন রোগ দ্বারা তোমার বাহ্যজ্ঞান লুপ্ত হইলে মৃত্যুর ক্লেশ কিছুই জানিতে পারিবা না। তাহাতে যদ্যপি রোগদ্বারা তোমার মৃত্যু হইল ইহা অন্য লোকেরা সাক্ষাৎ দেখিতে পায় তথাপি মৃত্যুর পর তোমার এমত বোধ হইবে যে আমি বিনা রোগেতে মরিলাম।

আর মৃত্যুকালে জ্ঞান থাকে এমনও হইতে পারে। অতএব যদ্যপি তাহা ঘটে তবে যাহাতে সদাচরণ ও আপনার ও পরের হিত করিতে পার এমত কিছু উপদেশ কথা লিখি ইহা স্মরণে রাখিবা। মরিতে প্রস্তুত হইবার জন্যে আপনার পারমার্থিক বিষয়ের চিন্তা কর এবং ঈশ্বরের সহিত সাক্ষাৎ করণার্থে আপনার মনকে প্রস্তুত কর। কেননা ঈশ্বরের সহিত সাক্ষাৎ করা অতি মহৎ কর্ম্ম। তুমি যাবজ্জীবন ঈশ্বরের সেবা করিতে প্রবৃত্ত হইয়াছ বটে তথাপি তোমার অনেক ত্রুটি আছে এই নিমিত্তে নম্র হও। এবং খ্রীষ্টের

---

to heaven before you are aware; and you may find yourself so suddenly there, that it may seem a translation, rather than a death. Or, it is possible the force of a distemper may affect your understanding in such a manner, that you may be quite insensible of the circumstances in which you are; and so your dissolution (though others may see it visibly and certainly approaching), may be as great a surprise to you, as if you had died in full health.

But as it is on the whole probable you may have a more sensible passage out of time into eternity; and as much may, in various respects, depend on your dying behaviour; give me leave to propose some plain directions with relation to it, to be practised, if God give you opportunity, and remind you of them. Enter into some serious review of your own state, and endeavour to put your soul into as fit a posture as possible, for your solemn appearance before God. For a solemn thing indeed it is, to go into his immediate presence; to stand before him,

রক্তদ্বারা প্রতিজ্ঞাত যে আশীর্ব্বাদ তাহা প্রাপ্তির নিমিত্তে প্রার্থনা কর এবং ঈশ্বরের উপরে আপনার তাবৎ বিষয়ের ভার দেও এবং তোমার মরণে যদি তাঁহার ইচ্ছা হয় তবে তাহাও স্বীকার কর কিম্বা তোমাকে চিরকাল জীবিত রাখিতে যদি তাঁহার ইচ্ছা হয় তবে তাহাও স্বীকার কর। এবং আপনার প্রতি তাঁহার অসীম জ্ঞান ও অনুগ্রহ আছে ইহা জানিয়া মহান্ ও উত্তম যে তাবৎ প্রাণির পিতা তাঁহার বশীভূত হইলে যদি রোগদ্বারা ক্লেশ উপস্থিত হয় তবে ধৈর্য্যাবলম্বন করিয়া তাহা সহ্য কর।

আর দুঃখ সহিষ্ণুতা করিয়া সহিষ্ণুতার উদাহরণ স্বরূপ হও। এবং তোমার মুখহইতে যেন কোন বিবাদের কথা উপস্থিত না হয়। যদ্যপি হয় তবে বিশ্বাসদ্বারা খ্রীষ্টের মরণের দুঃখ স্মরণ করিয়া ইহা বল হে আমার মন আমার এই শয্যাগত হওনের দুঃখ হইতে কি তাঁহার ক্রুশীয় দুঃখ

---

not as a supplicant at the throne of his grace, but at his bar as a separate spirit, whose time of probation is over, and whose eternal state is to be immediately determined. Renew your humiliation before God for the imperfections of your life, though it has in the main been devoted to his service. Renew your application to the mercies of God as promised in the covenant of grace, and to the blood of Christ as the blessed channel in which they flow. Resign yourself entirely to the divine disposal and conduct, as willing to serve God, either in this world or the other, as he shall see fit. And sensible of your sinfulness on the one hand, and of the divine wisdom and goodness on the other, summon up all the fortitude of your soul to bear as well as you can whatever his afflicting hand may further lay upon you, and to receive the last stroke of it, as one who would maintain the most entire subjection to the great and good Father of spirits.

Whatever you suffer, endeavour to shew yourself an example of patience. Let there not be a murmuring word; and that there may not, watch against every repining thought. And when you feel any thing of that kind arising, look by faith upon a dying Saviour, and ask your own heart, "Was not his cross much more painful, than the bed on which I lie? Was not his situa-

বড় নয়। এবং আমার এই দুর্দ্দশা অপেক্ষা বিনাশক শত্রু গণের মধ্যে তাঁহার দুর্দ্দশা কি ভয়ানক নয়। এবং তিনি আমার পাপের যে বোঝা বহন করিলেন তাহা কি আমার এই পীড়ার বোঝা হইতে ভারী নয়। তথাপি হত্যার নিমিত্তে আনীত মেষ শাবকের ন্যায় তিনি সকলি সহ্য করিলেন। অতএব খ্রীষ্টের দুঃখ স্মরণ করিলে আপনার দুঃখ সহ্য করিতে পারিবা তাহা কেবল নয় আনন্দ করিতেও পারিবা। মৃত্যুকালে ধৈর্য্যাবলম্বনদ্বারা ঈশ্বরের মহিমা প্রকাশ কর। কিন্তু তাহার পর তোমার আর দুঃখ থাকিবে না বরং অল্প ক্ষণের মধ্যে অনন্ত সুখেতে সুখী হইবা ইহা মনে করিয়া আনন্দ কর। এই বিবেচনাদ্বারা আপনার মনকে বশীভূত রাখিতে পারিবা তাহা কেবল নয় ঈশ্বরের প্রশংসা করিতেও পারিবা এবং মনের আহ্লাদ অন্যের নিকটে প্রকাশ করিয়া পাউলের কথার সাক্ষাৎ প্রমাণ দিতেও পারিবা। দেখ আমরা ক্লেশ পাইলেও

---

tion among blood-thirsty enemies infinitely more terrible, than mine amidst the tenderness and care of so many affectionate friends? Did not the heavy load of my sins press him in a much more overwhelming manner, than I am pressed by the load of these afflictions? And yet he bore all as a lamb brought to the slaughter." (Isaiah liii. 7.) Let the remembrance of his sufferings be a means to sweeten yours; yea, let it cause you to rejoice, when you are called to bear the cross for a little while, before you wear the crown. Count it all joy, that you have an opportunity yet once more of honouring God by your patience, which is now acting its last part, and will in a few days, perhaps in a few hours, be superseded by complete and everlasting blessedness. And I am willing to hope, that in these views you will not only suppress all passionate complaints, but that your mouth will be filled with the praises of God: and that you will be speaking to those who are about you, not only of his justice, but of his goodness too. So that you will be enabled to communicate your inward joy in such a manner as may be a lively and edifying comment upon those words of the apostle, "Tribulation worketh patience; and patience, experience; and experience, hope; even

আনন্দ করিতেছি। কেননা ক্লেশ হইতে সহিষ্ণুতা জন্মে ও সহিষ্ণুতা হইতে অনুভব জন্মে ও অনুভব হইতে প্রত্যাশা জন্মে কিন্তু সে প্রত্যাশা কদাচ আমাদের লজ্জা দিবে না।

খ্রীষ্টের ধর্ম্ম সত্য ও আদরণীয় ইহা মৃত্যুকালে প্রমাণ দেওয়া তোমাদের উচিত। অতএব তোমার কিপ্রকার শান্তি ও উপকার হইয়াছে তাহা ধর্ম্ম কথা দ্বারা নিকটস্থ লোকদিগের কাছে প্রকাশ কর। এবং বিপদ সময়ে তাহাদ্বারা কিপ্রকার সান্ত্বনা ও সুখোৎপত্তি হইয়াছে এবং মৃত্যুর অপেক্ষাতে কেমন স্থিরতা জন্মিয়াছে ইহাও বল, তাহাতে তোমার কথা বড় মান্য ও ফলবান হইবে। এবং দুর্ব্বলতা ও পীড়ার সহিত যুদ্ধ করিয়া যে কথা প্রকাশ করা যায় তাহার মধ্যে যে বিশেষ রূপ কর্ত্তব্য আছে তাহা শুনিলে তাবৎ লোক বিশ্বাস করিবে। এই সংসার অতি অসার ইহার উপরে কোন ভার না দিয়া অতি সার যে খ্রীষ্টের সুসমাচার তাঁহারই উপরে নির্ভর করিতে হয় এই কথা তাবৎ লোককে বল।

এবং তোমার নিকটস্থ লোকদিগকে সত্য ধর্ম্মের হৃদয়গ্রাহ্য-

---

a hope which maketh not ashamed, while the love of God is shed abroad in our hearts, by the Holy Ghost which is given unto us." (Rom. v. 3, 4, 5.)

Now is the time, when it is especially expected from you, that you bear an honourable testimony to religion. Tell those that are about you, as well as you can, (for you will never be able fully to express it,) what comfort and support you have found in it. Tell them how it has brightened the darkest circumstances of your life: tell them, how it now reconciles you to the near views of death. Your words will carry with them a peculiar weight at such a season: there will be a kind of eloquence, even in the infirmities with which you are struggling, while you give them utterance; and you will be heard with attention, with tenderness, with credit. Tell them, what you feel of the vanity of the world; and they may learn to regard it less. Tell them what you feel of the substantial supports of the gospel; and they may learn to value it more.

And to enforce the conviction the more, give a solemn charge

সারে ঈশ্বরের সেবা করিয়া কাল যাপন করিতে বিনয় কর। যিশুয়া ও দাউদ ও অন্যান্য সাধু লোকেরা অন্তিম কালে এই প্রকার করিয়াছে ইহা স্মরণ কর। কেননা পূর্ব্বে যাহারা ধর্ম্ম কথা অগ্রাহ্য করিত তাহারা বন্ধু বান্ধব ও পিতা মাতার মৃত্যু সময়ের উপদেশ মান্য করিয়া কুপথ ত্যাগ করিয়া সুপথ গ্রহণ করে এমনও হইতে পারে।

অন্তকালে ত্রাণকর্ত্তা খ্রীষ্টের উপরে ও তাঁহার দুঃখ ভোগাদি তাবৎ কর্ম্মের উপরে সকল ভার সমর্পণ কর বন্ধু লোকদের সহিত এই শেষ আলাপ বিস্মৃত হইও না। এবং খ্রীষ্টে বিশ্বাস না করাতে তোমার মৃত্যু ঘটিতেছে ইহা উপদেশ দ্বারা তাহাদের শিক্ষা দেও। তাহাতে তোমার শান্তি ও তাহাদের ধর্ম্মবৃদ্ধি হইবে। তোমার শরীরস্থ আত্মার খ্রীষ্টে বিশ্বাস করণ এই শেষ কর্ম্ম হউক; এবং তাঁহাদ্বারা ঈশ্বরের নিকটস্থ হও এবং তাঁহার রক্তে বিশ্বাস করিয়া স্বর্গের নিমিত্তে প্রস্তুত হও।

---

to those that are about you, that they spend their lives in the service of God, and govern themselves by the principles of real religion. You may remember, that Joshua, and David, and other *good men*, did so, when they perceived that the days drew near in which they should die. And you know not, how the admonitions of a dying friend, or (as it may be with respect to some) of a dying parent, may impress those who may have disregarded what you and others may have said to them before.

Be sure that you fix your hopes and dependence in this season of the last extremity not upon your own merits and obedience, but on what the great Redeemer has done and has suffered for sinners. *Let them see, that you die as it were at the foot of the cross*: nothing will be so comfortable to yourselves, nothing so edifying to them. Let the name of Jesus, therefore, be in your mouth, while you are able to speak, and when you can speak no longer, let it be in your heart, and endeavour that the last act of your soul, while it continues in the body, may be an act of humble faith in Christ. Come unto God by him, and relying on his blood be prepared for heaven.

শেষ কথা যথা, তুমি মৃত্যুকালে সান্ত্বনা পাইতে ও মনঃস্থির করিতে যষ্টির ন্যায় ধর্ম্মপুস্তক হস্তে গ্রহণ করিয়া পুস্তক ও বন্ধু বান্ধব হইতে শেষ উপকার গ্রহণ কর। এবং ঈশ্বরের বাক্যদ্বারা দৃঢ়ন মন প্রাপ্ত কোন সাধক ব্যক্তি যদি নিকটে থাকে তবে তাহাকে আহ্বান করিয়া ভক্ষ্য দ্রব্যের ন্যায় মনের পোষণকারি যে ধর্ম্মপুস্তকের মহামূল্য প্রতিজ্ঞা তাহা তোমার কর্ণ গোচরে পাঠ করিতে তাহাকে বল। আমি সেই প্রতিজ্ঞা সংগ্রহ করিয়া এই স্থানে লিখি। অর্থাৎ এই প্রতিজ্ঞা আমার বোধে কেমন মহামূল্য তাহা জ্ঞাত করিতে প্রকাশ করি। আমার মৃত্যুশয্যাগত হওন সময়ে যদি অবকাশ হয় তবে ঐ সকল প্রতিজ্ঞা আমার কর্ণ কুহরে শ্রবণ করাইতে কোন বন্ধুকে বিনয় করিব। এবং তাহা পাঠ সাঙ্গ হইলে প্রত্যেক প্রতিজ্ঞা মনের মধ্যে চিন্তা করিব; তাহাতে জীবদ্দশাতে যে সুখ পাইয়াছি তাহা আসন্ন কালেও পাইব।

আমার উপকার ও সান্ত্বনার নিমিত্তে এই সকল প্রতিজ্ঞা

Once more: To give you comfort in a dying hour, and to support your feeble steps while you are travelling through this dark and painful way, take the word of God as a staff in your hand. Let books, and mortal friends, now do their last office for you. Call, if you can, some experienced Christian, who has felt the power of the word of God upon his own heart; and let him bring the scripture, and turn you to some of those precious promises, which have been the food and rejoicing of his own soul. It is with this view, that I may carry the good office I am now engaged in as far as possible, I shall here give you a collection of a few such admirable scriptures, each of them infinitely more valuable than thousands of gold and silver. (Psalm cxix. 72.) And to convince you of the degree in which I esteem them, I will take the freedom to add, that I desire they may (if God give an opportunity), be read over to me, as I lie on my dying bed, with short intervals between them, that I may pause upon each, and renew something of that delightful relish, which, I bless God, I have often found in them.

Can any more encouragement be wanting, when he says,

আছে যথা, তুমি ভয় করিও না, আমি তোমার সঙ্গে আছি। ভীত হইও না, কেননা আমি তোমার ঈশ্বর, তোমাকে বল দিয়াছি, ও তোমার উপকার করিয়াছি, এবং আপনার বিশ্বাস্থ দক্ষিণ হস্ত দিয়া তোমাকে গ্রহণ করিয়াছি। ঈশ্বর মনুষ্যের ন্যায় নহেন যে মিথ্যা কহিবেন, এবং মনুষ্য সন্তানের ন্যায়ও নহেন যে পরামনন করিবেন। তিনি যাহা বলিয়াছেন তাহা কি করিবেন না? এবং যাহা কহিয়াছেন তাহা কি সিদ্ধ করিবেন না? পরমেশ্বর আমার দীপ্তি ও পরিত্রাণকর্ত্তা অতএব আমি কাহাকে ভয় করিব? পরমেশ্বর আমার জীবনের বলস্বরূপ, আমি কাহাকে ভয় করিব? ঈশ্বর সর্ব্বদা আমার ঈশ্বর, তিনি মৃত্যুকাল পর্য্যন্ত আমাকে পথদর্শন করাইবেন। অতএব যদ্যপি আমি মৃত্যুচ্ছায়ার উপান্তের মধ্যদিয়া গমন করি তথাপি কোন আপদ ভয় করিব না। যেহেতুক তুমি আমার সঙ্গে আছ, তোমার রাজদণ্ড ও পাচনী সর্ব্বদা আমাকে সান্ত্বনা করিতেছে। হে ঈশ্বর তোমাকে জ্ঞাত লোকদের প্রতি অনুগ্রহ ও সরলান্তঃকরণ লোকদের প্রতি নিজধর্ম্ম চিরস্থায়ী কর। যেহেতুক তোমার কাছে জীবনের উনুই আছে; আমরা তোমার

" Fear not, for I am with thee; be not dismayed, for I am thy God; I will strengthen thee, yea I will help thee, yea I will uphold thee, with the right hand of my righteousness." (Isaiah xli. 10.) And " he is not a man that he should lie, or the son of man, that he should repent: hath he said, and shall he not do it? or hath he spoken, and shall he not make it good?" (Numbers xxiii. 19.) " The Lord is my light and my salvation, whom shall I fear? The Lord is the strength of my life, of whom shall I be afraid?" (Psa. xxvii. 1.) " This God is our God for ever and ever: He will be our guide even unto death." (Psa. xlviii. 14.) Therefore, " though I walk through the valley of the shadow of death, I will fear no evil; for thou art with me, thy rod and thy staff they comfort me." (Psa. xxiii. 4.) " I have waited for thy salvation, O Lord." (Gen. xlix. 18.) " O continue thy loving-kindness unto them that know thee, and thy righteousness to the upright in heart! For with thee is the fountain of life; in thy light shall we see light." (Psa. xxxvi.

দীপ্তিতে সর্ব্বদা দীপ্তি দেখিতে পাই। তুমি আমাকে জীবনের পথ জ্ঞাত কর। তোমার সম্মুখে পূর্ণানন্দ ও তোমার দক্ষিণে পরমসুখ সর্ব্বদা বর্ত্তমান আছে। আমি ধর্ম্মদ্বারা সেই মুখ দর্শন করিব, ও তোমার সদৃশ জাগ্রত হইয়া সন্তুষ্ট হইব। আমি যাঁহার শরণাগত ও যাঁহার হস্তে তাবৎ সমর্পণ করিয়াছি তিনি শেষদিন পর্য্যন্ত রক্ষা করিতে পারেন ইহা আমি জানি। অতএব আমার মন আনন্দিত ও আমার গৌরব প্রফুল্ল আছে, এবং প্রত্যাশাতে আমার শরীর শয়ন করিবে। আর যীশু মরিলেন ও কবরহইতে পুনর্ব্বার উঠিলেন ইহাতে যদি আমরা প্রত্যয় করি তবে আমরা যে কেহ যীশুতে নিদ্রিত আছি সকলকে ঈশ্বর তাঁহার সঙ্গে লইয়া যাইবেন। আর আমার প্রেরণ কর্ত্তার প্রতিজ্ঞা এই, যে আমি তাহাদিগকে অনন্ত পরমায়ু দিব, তাহারা কখন নষ্ট হইবে না, আমার হস্তহইতে তাহাদিগকে কেহ হরণ করিতে পারিবে না। বিশেষতঃ যেকেহ মনুষ্য পুত্রকে দেখিয়া বিশ্বাস করে সে শেষ দিনে আমাকর্ত্তৃক উত্থাপিত হইয়া অনন্ত পরমায়ু পাইবে এই আমার প্রেরণ কর্ত্তার অভিমত জানিবা।

9, 10.) "Thou wilt shew me the path of life; in thy presence is fulness of joy, at thy right hand there are pleasures for evermore." (Psa. xvi. 11.) "As for me, I shall behold thy face in righteousness: I shall be satisfied when I awake with thy likeness." (Psa. xvii. 15.) "For I know in whom I have believed, and am persuaded that he is able to keep what I have committed to him until that day." (2 Tim. i. 12.) "Therefore my heart is glad, and my glory rejoiceth; my flesh also shall rest in hope." (Psa. xvi. 9.) "For if we believe that Jesus died, and rose again; those also that sleep in Jesus, will God bring with him." (1 Thess. iv. 14.) "I give unto my sheep eternal life," said Jesus, the good shepherd, "and they shall never perish, neither shall any pluck them out of my hand." (John x. 28.) "This is the will of him that sent me, that every one that believeth on me should have everlasting life; and I will raise him up at the last day." (John vi. 40.) Let not your heart be troubled; ye believe in God, believe also in me. In my

মনোদুঃখী হইও না; যেমন ঈশ্বরেতে প্রত্যয় করিতেছ তদ্রূপ আমাতেও প্রত্যয় কর। আমার পিতার মন্দিরে অনেক বাসস্থান আছে, নতুবা তোমাদিগকে অগ্রে জানাইতাম। আমি তোমাদের নিমিত্তে স্থানপ্রস্তুত করিতে গমন করি; তাহাতে যদি স্থান প্রস্তুত করা হয় তবে আমি পুনরায় আসিয়া তোমাদিগকে লইয়া যাইব; কেননা আমি যেখানে থাকি তোমরাও যেন সেই স্থানে থাক। এক্ষণে আমি আপনার ও তোমাদের পিতা, এবং আপনার ও তোমাদের ঈশ্বর যে পরমেশ্বর তাঁহার নিকটে ঊর্দ্ধ গমন করিতে উদ্যত হইয়াছি। হে পিতঃ, তুমি যাঁহাদিগকে আমাকে দিয়াছ আমি যেখানে থাকি তাহারাও যেন সেই খানে থাকে এই আমার মনোবাঞ্ছা, তাহাতে জগৎ পত্তনের পূর্ব্বে আমাকে যে মহিমা দিয়াছ তাহা যেন সকলে দেখিতে পায়। যিনি এই কথার প্রমাণ দিলেন তিনিই কহিলেন, আমি ত্বরায় আসিতেছি। হে প্রভো, তথাস্তু এখন ত্বরায় আইস। হে মৃত্যু তোমার হুল কোথায়, হে পরলোক তোমার জয় কোথায়; মৃত্যুর হুল পাপ ও পাপের হুল ব্যবস্থা, কিন্তু যে ঈশ্বর প্রভু যীশু খ্রীষ্টদ্বারা আমাদিগকে জয়যুক্ত করেন তিনিই ধন্য।

Father's house are many mansions; if it were not so, I would have told you: I go to prepare a place for you: and if I go and prepare a place for you, I will come again, and receive you to myself; that where I am, there ye may be also." (John xiv. 1, 2, 3.) "Go, tell my brethren, I ascend unto my Father and your Father, and to my God and your God." (John xx. 17.) "Father, I will that those whom thou hast given me be with me where I am, that they may behold my glory which thou hast given me; that the love wherewith thou hast loved me, may be in them, and I in them." (John xvii. 24, 26.)—"He that testifieth these things, saith, Surely, I come quickly, Amen: Even so come, Lord Jesus!" (Rev. xxii. 20.) "O death, where is thy sting? O grave, where is thy victory? Thanks be to God, who giveth us the victory through our Lord Jesus Christ." (1 Cor. xv 55, 57.)

যাঁহার সাক্ষাতে আপন লোকদের মৃত্যু মহামূল্য সেই ঈশ্বর এই প্রতিজ্ঞা দ্বারা মরণ সময়ে তোমাদের ও আমাদের মনের সান্ত্বনা করিবেন। হে ঈশ্বর, যাহারা মৃত্যুকে, জয় করিয়াছে তাহাদের মধ্যে আমাদিগকে গণনা কর, এবং আমার বক্ষ্যমাণ বাক্যানুসারে যেন প্রাণত্যাগ করি এই উপকার কর। আর যেসময়ে বাক্য উচ্চারণ ও কর্ণেতে বাক্য শ্রবণ করিতে অসমর্থ হইব তৎকালে এই প্রতিজ্ঞাদ্বারা আমার মন স্থির কর। এই সকল স্মরণে রাখিয়া মরণ কালের নিমিত্তে আর এই এক প্রার্থনা শিখি, এবং আপনাদের হিতের নিমিত্তে যাহা কহিয়াছি তাহা ও এই প্রার্থনা ঈশ্বর সফল করুন।

ম্রিয়মাণ খ্রীষ্টীয়ানের প্রার্থনা।

হে পরমেশ্বর, তুমি দৃশ্যাদৃশ্য তাবজ্জগতের কর্ত্তা ও জীবন মৃত্যুর কর্ত্তা এবং স্বর্গমর্ত্ত্যের কর্ত্তা। আমি তোমার অনুগ্রহ চেষ্টা করিতে শিক্ষিত হওয়াতে তোমার ধন্যবাদ করি। আমি

Thus may that God who knows the souls of his children in all their adversities, (Psa. xxxi. 7) and in "whose sight the death of his saints is precious," (Psa. cxvi. 15) cheer and support you and me, in these last extremities of nature! May he add us to the happy number of those who have been more than conquerors in death! And may he give us those supplies of his Spirit, which may enable us to pour out our departing souls in such sentiments, as those I would now suggest; though we should be no longer able to utter words, or to understand them if they were to be read to us! Let us at least review them with all proper affections now, and lay up one prayer more for that awful moment! O that this, and all we have ever offered with regard to it, may then "come in remembrance before God." (Acts x. 4, 31.)

A Meditation *and* Prayer, *suited to the Case of a dying* Christian.

"O thou supreme Ruler of the visible and invisible worlds! Thou Sovereign of life and of death; of earth, and of heaven! Blessed be thy name, I have often been taught to seek thee.

এখন অন্তিম কালে প্রার্থনা করিয়া তোমার হস্তে আপনার প্রাণ সমর্পণ করিতে বাঞ্ছা করি। হে পরমেশ্বর, আমার নিবেদন গ্রাহ্য কর।

হে ঈশ্বর, যেসময়ে তুমি আমাকে এই জগৎহইতে অন্য অজ্ঞাত জগতে লইয়া যাইবা তৎকাল উপস্থিত হইলে দয়া করিয়া স্বর্গীয়রাজ্য দিতে পিতার অভিমত আছে ইহা জ্ঞাত ঈশ্বরের সন্তানের ন্যায় স্থানান্তরে যাইতে বিহিত রূপে আমার মনকে প্রস্তুত কর।

হে দয়াময় পিতঃ, আমি এই জগতে যে সমস্ত অনুগ্রহ পাইয়াছি তন্নিমিত্তে কৃতজ্ঞতা করিয়া এই পৃথিবী ও শরীর পরিত্যাগ করিতে বাঞ্ছা করি। তুমি যেমন বিশ্বাস্য ও দয়ালু তাহা এই মরণ সময়েও সাক্ষ্য দিতেছি। আমার কোন মঙ্গলের অকুলান নাই। আমি অনেক দিন পর্য্যন্ত দিবারাত্রি তোমার আশীর্বাদ পাইয়াছি, এই জন্যে তোমার ধন্যবাদ করি। আমার জীবৎ কালে প্রতিদিন যে মঙ্গল ও দয়া আমার পশ্চাদ্বর্ত্তী হইয়াছে ও এই সংসারে যেং প্রকার সুখসম্ভোগ করিয়াছি, তাবৎ পরিত্যাগ করিয়া এখন তোমার প্রশংসা

And now once more do I pour out my soul, my departing soul, unto thee. Bow down thy gracious ear, O God, and let my cry come before thee with acceptance!

The hour is come, when thou wilt separate me from this world, with which I have been so long and so familiarly acquainted, and lead me to another, as yet unknown. Enable me, I beseech thee, to make the exchange, as becomes a child of God, who knows, that through sovereign grace, "it is his Father's good pleasure to give him the kingdom." (Luke xii. 32.)

"Gracious Father, I would *not* quit this earth of thine, and this house of clay in which I have sojourned during my abode upon the face of it, without my grateful acknowledgments to thee, for all that abundant goodness which thou hast caused to pass before me here. (Exod. xxxiii. 19.) With my dying breath, I bear witness to thy faithful care. I have 'wanted no good thing.' (Psa. xxxiv 10) I thank thee, O my God, that this guilty, forfeited, unprofitable life, was so long spared: that it hath still been main-

করিতেছি। সেসমস্ত পরিত্যাগ করিতে আমার শোক কি দুঃখ কিছুই হয় না। হে আমার ঈশ্বর, তোমার অনুগ্রহেতে আমার কিছুই অকুলান নাই ইহা আমি জানি; কিন্তু এই জগৎ পরিত্যাগ করাতে তাবৎসুখ পরিত্যাগ করিলাম এমন কথা বলি না, কেননা তাহা কহিলে তোমার অনুগ্রহ ও দয়ার নিন্দা হইবে। আমি প্রভু যীশু খ্রীষ্টদ্বারা যথেষ্ট পারমার্থিক সুখের অপেক্ষা করিতেছি, এই জন্যে তোমার দয়ার প্রশংসা করি। এবং খ্রীষ্টের নামও মরণের কথা শুনিয়াছি তন্নিমিত্তে ও সমস্ত অন্তঃকরণে তোমার ধন্যবাদ করিতেছি। তোমার অনুগ্রহ রূপ ধনের ও প্রভু যীশু খ্রীষ্টের উপদেশ ও দৃষ্টান্ত ও রক্ত ও ধর্ম্মের নিমিত্তে, এবং দুরন্তমনকে আপনার প্রতি ফিরাইতে ও আপন নিয়মের ফল দিতেও পবিত্র আত্মার নিমিত্তে, এবং যে নিয়ম সকল বিষয়ে মঙ্গলদায়ক ও দৃঢ় হয় এবং যাহা এই শরীর বিনাশকারি মৃত্যু জয় করিতে পারে না এই সকলের নিমিত্তে আমি দুর্ব্বলতাতে অশক্ত হইলেও উচ্চৈঃস্বরে তোমার ধন্যবাদ করিতে ইচ্ছা করি।

---

tained by such a rich variety of thy bounty. Nor shall I have reason to repine, or to grieve at quitting them: for, O my God, are thy bounties exhausted? I know, that they are not. I will not wrong thy goodness and thy faithfulness so much as to imagine, that because I am going from this earth I am going from happiness. I adore thy mercy that thou hast taught me to entertain nobler views through Jesus thy Son. I bless thee with all the powers of my nature, that I ever heard of his name, and heard of his death: and would fain exert a more vigorous act of thankful adoration, than in this broken state I am capable of, while I am extolling thee, for the riches of thy grace manifested in him; for his instructions and his example, for his blood and his righteousness, and for that blessed Spirit of thine which thou hast given me, to turn my sinful heart unto thyself, and to bring me into the bonds of thy covenant; of that covenant which 'is ordered in all things and sure,' (2 Sam. xxiii. 5) and which this death, though now separating my soul from my body, shall never be able to dissolve.

হে পরমেশ্বর, আমি এমত পাপিষ্ঠ ও কঠিনমর্ম্মবিশিষ্ট হইলেও মৃত্যুগ্রস্ত হইলাম না, বরং তুমি অনুগ্রহ করিয়া আমাকে সচেতন ও জাগৃত করিলা, এবং আমার মনকে নূতনীকৃত ও পবিত্র করিলা, এবং পবিত্র আত্মাদ্বারা আমার অন্তঃকরণে সন্তাপেদ ও প্রত্যয় জন্মাইয়া ধর্ম্মস্থাপন করিলা এই জন্যে তোমার ধন্যবাদ করি। এবং প্রচারকদের দ্বারা তোমার সত্যবাক্য শ্রবণে অবকাশ দিয়াছ এই কারণ তোমার ধন্যবাদ করি। এবং প্রভুর দিনের ও ভোজনের জন্যে প্রতি-সপ্তাহে ও প্রতিমাসে ভোজ হয় তন্নিমিত্তে তোমার ধন্যবাদ করি। এবং কনান দেশীয় যেফল অরণ্যের মধ্যে আমার কাছে প্রেরিত হইল ও যর্দ্দন নদীর তীরে আম ... কটে এখন প্রেরিত হইতেছে তাহার জন্যে তোমার ধন্যবাদ করি। এবং তোমার বাক্য ও বাক্যের মধ্যে যে মহামূল্য প্রতিজ্ঞা আছে তাহার নিমিত্তে তোমার ধন্যবাদ করি; কেননা এই ক্লেশের সময়ে ও তোমার সেই প্রতিজ্ঞাদ্বারা মৃত্যুহইতে নির্ভয়তা ও স্বর্গীয় অনন্ত বৈভব ও শরীরের উত্থানের অপেক্ষাতে আমার মন সুশীতল আছে। হে আমার ঈশ্বর, যদ্যপি এই প্রতিজ্ঞা

I bless thee, O Lord, that I am not dying in an unregenerate and impenitent state; but that thou didst graciously awake and convince me; that thou didst renew and sanctify my heart, and didst by thy good Spirit work in it an unfeigned faith, a real repentance, and the beginning of a divine life. I thank thee for ministers and ordinances: I thank thee for my sabbaths, and my sacrament days; for the weekly and monthly refreshments which they gave me: I thank thee for the fruits of Canaan, which were sent me in the wilderness, and are now sent me on the brink of Jordan. I thank thee for thy blessed word, and for those exceeding great and precious promises of it, which now lie as a cordial warm at my heart in this chilling hour; promises of support in death, and of glory beyond it, and of the resurrection of my body to everlasting life. O my God, I firmly believe them all, great and wonderful as they are, and am waiting for the accomplishment of them through Jesus Christ; 'in whom

অতি আশ্চর্য্য তথাপি আমি বিশ্বাস করিতেছি, ও প্রভু যীশু খ্রীষ্টদ্বারা প্রতিজ্ঞার ফলের অপেক্ষা করিতেছি। আর খ্রীষ্টের রক্তদ্বারা স্থিরীকৃত যে প্রতিজ্ঞা তাহার উপরে আ.র প্রত্যাশা আছে ইহা স্মরণ কর। কেননা আমি ঐহিক সুখের নিমিত্তে তোমার সহিত নিয়ম স্থির না করিয়া প্রভু যীশু খ্রীষ্টদ্বারা অনুগ্রহদানস্বরূপ অনন্ত পরমায়ুর নিমিত্তে স্থির করিয়াছি। অতএব সেই স্থিরীকৃত নিয়মের ফল যেন পাই এই আমার প্রার্থনা। হে সত্য ঈশ্বর, তুমি আমাকে পরিত্রাণ করিবা এই নিমিত্তে আমি তোমার হস্তে আপনার প্রাণ সমর্পণ করি।—আমি তোমার, অতএব ত্রাণ করিয়া এখন আমাকে সুখী কর।

আমি তোমার, একথা যদি সত্য তথাপি হে ঈশ্বর আমি মৃত্যুর নিকটস্থ হইয়া ও পরলোকগামির ন্যায় বিবেচনা করিয়া দিব্যদূতও পবিত্র লোকদের সহিত একত্র বৈভবে তোমার সাক্ষাতে বসতি করিতে আপনাকে নিতান্ত অযোগ্য জ্ঞান করি। বরং গত কল্পের কর্ম্মকে কেবল নিরর্থক ও পাপময় বিবেচনা করিয়া নরকে নিক্ষিপ্ত হওয়াই আমার

---

they are all yea and amen.' (2 Cor. i. 20.) 'Remember thy word unto thy servant, on which thou hast caused me to hope.' (Psa. cxix. 49) I covenanted with thee *not for* worldly enjoyments, which thy love taught me comparatively to despise; but for 'eternal life as the gift of thy free grace through Jesus Christ my Lord;' (Rom. vi. 23) and now permit me in his name to enter *my humble claim to it.* Permit me to *consign this departing.* spirit to thine hand; for 'thou hast redeemed it, O Lord God of truth.' (Psa. xxxi. 5.) 'I am thine: save me.' (Psa. cxix. 94) and make me happy!

But may I indeed presume to say, I am thine? O God, *now* I am standing on the borders of both worlds, now I view things as in the light of thy presence and of eternity, how unworthy do I appear, that I should be taken to dwell with thy angels and saints *in glory!* Alas! *I have reason to look back with deep* humiliation on a poor unprofitable sinful life, in which I have